



প্রভাব মূল্যায়ন সমীক্ষা প্রতিবেদন  
১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন (৩য় সংশোধিত)



মূল্যায়ন সেক্টর

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)

পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০১৬

# প্রভাব মূল্যায়ন সমীক্ষা প্রতিবেদন

## ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন (৩য় সংশোধিত)

### সমীক্ষক

ড. মোঃ আলী নেছার খাঁন  
টীম লিডার

জনাব মনোরঞ্জন মজুমদার  
সোসিও-ইকোনোমিস্ট

জনাব মোঃ শামীম আক্তার  
সিভিল ইঞ্জিনিয়ার

রাফিয়া হায়দারী  
পরিসংখ্যানবিদ

### আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ

জনাব খন্দকার আহসান হোসেন  
মহাপরিচালক

জনাব আল মামুন  
পরিচালক (যুগ্ম সচিব)

জনাব মোঃ মোশারফ হোসেন  
উপ-পরিচালক

মূল্যায়ন সেক্টর  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
পরিকল্পনা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০১৬



### এসএ কনসাল্ট ইন্টারন্যাশনাল লিমিটেড

রোকেয়া প্যালেস (এপার্টমেন্ট - ৩এ), বাসা-৬, ব্লক-এফ,

রোড-৮, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২।

ফোনঃ ০১৭১২০৫৬৩২৮, ০১৫৫৮৮৩৩৯২১

ই-মেইলঃ saconsultil@gmail.com

## সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
	নির্বাহী সার-সংক্ষেপ	i-x
	<b>অধ্যায় – ১ ভূমিকা</b>	
১.১	সূচনা	১
১.২	প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি	১
১.৩	সমীক্ষার উদ্দেশ্য	৪
১.৪	সমীক্ষা কার্য পরিধি (Scope of Work)	৫
	<b>অধ্যায় – ২ গবেষণা পদ্ধতি</b>	
২.১	সমীক্ষা পদ্ধতির ধারনাগত বিষয়	৬
২.২	সমীক্ষা পরিচালনা নকশা (Study Design)	৮
২.৩	সমীক্ষার কৌশলগত পন্থা	৯
২.৩.১	SWOT বিশ্লেষণ পদ্ধতি	১২
২.৩.২	নমুনার আকার নির্ণয় ও নমুনা ফ্রেম প্রণয়ন	১২
২.৪	সমীক্ষার করণীয় কর্মকান্ড	১৫
২.৫	সমীক্ষা ব্যবস্থাপনা	১৭
২.৫.১	তথ্য সংগ্রহকারী নিয়োগ, প্রশিক্ষণ ও সাক্ষাৎকার গ্রহণ	১৭
২.৫.২	সমীক্ষা ও উপাত্তের মান নিয়ন্ত্রণ	১৭
২.৫.৩	উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	১৭
২.৫.৪	প্রতিবেদন প্রস্তুতকরণ	১৭
	<b>অধ্যায় -৩ প্রকল্প শুরুর ও প্রকল্প বাস্তবায়ন কর্মকাণ্ডের পর্যালোচনা</b>	
৩.১	বস্ত্র পরিদপ্তরের ভোকেশনাল প্রশিক্ষণ ব্যবস্থা: প্রকল্প শুরুর পূর্বে ও বর্তমানে	১৮
৩.২	বস্ত্র পরিদপ্তর অধিনস্থ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	১৮
৩.৩	“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপন” প্রকল্প	১৯
৩.৪	প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতার কারণ ও প্রভাব	২২
৩.৫	ভাড়া বাড়ি থেকে টিভিআইগুলোর নিজস্ব ভবনে স্থানান্তর	২৭
৩.৬	ভূমি অধিগ্রহণের অবস্থা	২৮
৩.৭	ভৌত কাঠামো নির্মাণ	২৯
৩.৮	যন্ত্রপাতি, আসবাব ও অন্যান্য মালামাল সংগ্রহের বিবরণ	৩১
৩.৯	আসবাবপত্র	৩৬
৩.১০	বই পত্র	৩৭
	<b>অধ্যায়-৪ ক্রয় ও সেবা সংগ্রহে পিপিআর-২০০৮ এর প্রয়োগ</b>	<b>৩৮</b>
	<b>অধ্যায় -৫ মাঠ পর্যায়ের উপাত্ত বিশ্লেষণ</b>	
৫.০	সূচনা	৪১
৫.১	পাশকৃত শিক্ষার্থীগণের অবস্থা পর্যালোচনা	৪১
৫.১.১	পাশকৃত শিক্ষার্থীগণের সাধারণ তথ্য	৪১
৫.১.২	পাশকৃত শিক্ষার্থীগণের বর্তমান পেশা	৪২
৫.১.৩	পেশা সংশ্লিষ্ট বস্ত্র উপখাত সমূহ	৪৩
৫.১.৪	পাশকৃত শিক্ষার্থীগণের পেশাগত পদবী ও আয়	৪৩
৫.১.৫	কর্মসংস্থানের ফলে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন	৪৪
৫.১.৬	চাকুরিলাভ ও পেশাগত ক্ষেত্রে দক্ষতা অর্জনে টিভিআইগুলোর ভূমিকা	৪৫
৫.২	টিভিআইগুলোর বর্তমান অবস্থা ও কার্যক্রমের পর্যালোচনা	৪৫
৫.২.১	টিভিআইগুলোর কার্যক্রম	৪৫
৫.২.২	বর্তমান শিক্ষার্থীগণের সাধারণ তথ্য	৪৮
৫.২.৩	বর্তমান শিক্ষার্থীদের দৃষ্টিকোণ থেকে টিভিআইগুলোর অবস্থা	৪৯
৫.২.৪	শিক্ষক-প্রশিক্ষক সমাচার	৪৯
৫.২.৫	Chain of Education প্রতিষ্ঠায় সুপার ও শিক্ষকগণের অগ্রহ	৫৪
	<b>অধ্যায় -৬ FGD ও Case Study</b>	
৬.১	দশ (১০) টি টিভিআই এলাকায় এফজিডির ফলাফল পর্যালোচনা	৫৫
৬.২	স্থানীয় পর্যায়ে অনুষ্ঠিত ওয়ার্কশপের ফলাফল পর্যালোচনা	৫৭
৬.৩	বস্ত্র খাত সংশ্লিষ্ট সমিতি/এ্যাসোসিয়েশন (বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ) ও	৫৯

	বিটিএমসি-এর সাথে মত বিনিময়	
৬.৪	বেসরকারী ডিপ্লোমা/প্রশিক্ষণ সেন্টার এর উপর কেস-স্টাডি	৬০
৬.৫	শিক্ষার গুণগত মান রক্ষার উপায়	৬২
	<b>অধ্যায় -৭ প্রকল্পের SWOT বিশ্লেষণ</b>	
৭.০	সমীক্ষার মাঠ পর্যায়ের তথ্য	৬৩
৭.১	প্রকল্পের সবল দিকসমূহ (Strengths)	৬৩
৭.২	প্রকল্পের দুর্বল দিকসমূহ (Weaknesses)	৬৩
৭.৩	প্রকল্পের সম্ভাবনাসমূহ(Opportunities)	৬৩
৭.৪	প্রকল্পের ঝুঁকিসমূহ (Threats)	৬৩
	<b>অধ্যায় - ৮ প্রকল্পের সার্বিক প্রভাব মূল্যায়ন</b>	
৮.১	দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু	৬৪
৮.২	বস্ত্র বা তৈরী পোশাক শিল্পে দক্ষ জনবলের যোগানে প্রকল্পের ভূমিকা	৬৪
৮.৩	গ্রামীণ ও স্বল্পমোত অঞ্চলের যুবশক্তির আয় বৃদ্ধি এবং দারিদ্র বিমোচনে প্রকল্পের ভূমিকা	৬৫
৮.৪	স্থানীয় পর্যায়ে আর্থ-সামাজিক উন্নয়নে ও ব্যবসা প্রসারে প্রকল্পের ভূমিকা	৬৫
৮.৫	জাতীয় পর্যায়ে বস্ত্র শিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যের গুণগত মান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্পের ভূমিকা	৬৬
৮.৬	স্থায়ীভাবে দশটি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপন	৬৭
	<b>অধ্যায় -৯ ফলাফল আলোচনা</b>	
৯.১	প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফল ও কারণ	৭০
৯.২	ভাড়া বাড়িতে টিভিআইএর কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য অর্জন ব্যাহত করেছিল	৭০
৯.৩	প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নের চিত্র	৭০
৯.৪	ক্রয় ও সেবা সংগ্রহে পিপিআর-২০০৮ এর প্রয়োগ	৭১
৯.৫	প্রকল্পের কার্যকলাপ সংক্রান্ত বর্তমান অবস্থা	৭১
৯.৬	টিভিআই হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণের বর্তমান পেশা ও অবস্থা	৭২
৯.৭	বর্তমান শিক্ষার্থীগণের অবস্থা	৭৩
৯.৮	শিক্ষক-প্রশিক্ষকগণের বক্তব্য ও অবস্থার পর্যালোচনা	৭৩
৯.৯	১০ টি এফজিডি ও স্থানীয় পর্যায়ের ওয়ার্কশপের ফলাফল আলোচনা	৭৪
৯.১০	বস্ত্র খাত সংশ্লিষ্ট সমিতি/এ্যাসোসিয়েশন (বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ) ও বিটিএমসি-এর পরামর্শ ও সহযোগিতা	৭৫
৯.১১	সরকারী খাতে পরিচালিত টিভিআইগুলোর তুলনামূলক উপযুক্ততা (কেস-স্টাডি এর ফলাফল)	৭৫
৯.১২	দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালুর অবস্থা	৭৫
৯.১৩	বস্ত্র বা তৈরী পোশাক শিল্পে দক্ষ জনবলের যোগানে প্রকল্পের ভূমিকা	৭৬
৯.১৪	গ্রামীণ ও স্বল্পমোত অঞ্চলের যুবশক্তির আয় বৃদ্ধি, দারিদ্র্য বিমোচনে ও আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্পের ভূমিকা	৭৬
৯.১৫	জাতীয় পর্যায়ে বস্ত্রশিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যের গুণগতমান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্পের ভূমিকা	৭৬
৯.১৬	SWOT বিশ্লেষণে প্রকল্পের সম্ভাবনা	৭৭
৯.১৭	টিভিআইগুলোর টেকসই/স্থায়ীত্বের জন্য করণীয় বিষয়	৭৭
	<b>অধ্যায় - ১০ সুপারিশমালা</b>	৭৯
	<b>অধ্যায় - ১১ উপসংহার</b>	৮২

### সংযুক্তি

সংযুক্তি-১:	প্রশ্নমালা-১ পাশকৃত শিক্ষার্থীদের জন্য
সংযুক্তি-২:	প্রশ্নমালা-২ বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য
সংযুক্তি-৩:	চেকলিস্ট-১ ক্রয় সংক্রান্ত
সংযুক্তি-৪:	চেকলিস্ট-২ ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন সংক্রান্ত
সংযুক্তি-৫:	চেকলিস্ট-৩ পর্যবেক্ষণ সংক্রান্ত
সংযুক্তি-৬:	চেকলিস্ট-৪ ভোকেশনাল সুপার, শিক্ষক ও প্রশিক্ষকের জন্য
সংযুক্তি-৭:	চেকলিস্ট-৫ বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও বস্ত্র পরিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য
সংযুক্তি-৮:	চেকলিস্ট-৬ শিল্প ও ব্যবসার মালিক/প্রতিনিধিগণের জন্য
সংযুক্তি-৯:	চেকলিস্ট-৭ ফোকাস গ্রুপ ডিসকাশন



## ACRONYMS

<b>BANBAIS</b>	:	Bangladesh Bureau of Educational Information & Statistics
<b>BUTEX</b>	:	Bangladesh University of Textile
<b>BUET</b>	:	Bangladesh University of Engineering and Technology
<b>BTMC</b>	:	Bangladesh Textile Mills Corporation
<b>BTMA</b>	:	Bangladesh Textile Mills Association
<b>BGMEA</b>	:	Bangladesh Garments Manufacturers and Exporters Association
<b>BKMEA</b>	:	Bangladesh Knitwear Manufacturers and Exporters Association
<b>CAGR</b>	:	Compound Average Growth Rate
<b>CPM</b>	:	Critical Path Method
<b>DPP</b>	:	Development Project Proposal
<b>EPB</b>	:	Export Promotion Bureau
<b>ETP</b>	:	Effluent Treatment Plant
<b>FGD</b>	:	Focus Group Discussion
<b>GSP</b>	:	<b>Generalized Scheme of Preferences</b>
<b>ITET</b>	:	Institute of Textile Engineering and Technology
<b>KII</b>	:	Key Informant Interview
<b>OTM</b>	:	Open Tendering Method
<b>PCR</b>	:	Project Completion Report
<b>PER</b>	:	Project Evaluation Report
<b>PPR</b>	:	Public Procurement Rules
<b>PTI</b>	:	Primary Textile Industry
<b>RTM</b>	:	Restricted Tendering Method
<b>SWOT</b>	:	Strength, Weakness, Opportunity and Threat
<b>TVI</b>	:	Textile Vocational Institute
<b>WTO</b>	:	World Trade Organization

## নির্বাহী সার-সংক্ষেপ

বাংলাদেশের শিল্পায়ন, বাণিজ্য ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বস্ত্রখাত অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বস্ত্র শিল্প বিশেষত তৈরী পোশাক শিল্পের অনবদ্য ভূমিকা সুবিদিত। তবে এই খাতের ধারাবাহিক ও গতিশীল উন্নয়নের জন্য প্রশিক্ষিত দক্ষ জনবলের পর্যাপ্ত সরবরাহ প্রয়োজন। বিষয়টি বিবেচনায় রেখে বস্ত্র পরিদপ্তর দেশে ৩০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট রাজস্ব খাতের অধীনে পরিচালনা করছে।

সমীক্ষাধীন প্রকল্পটির উদ্দেশ্য ছিল দশটি জেলাতে টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু করার মাধ্যমে বস্ত্র শিল্প বিশেষ করে তৈরী পোশাক শিল্পের ফ্লোর লেভেল-এর জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল তৈরী করা, দেশের গ্রামীণ ও স্বল্পম্নোত অঞ্চলের যুবশক্তির জন্য কর্মসংস্থান সৃষ্টি করে তাদের দারিদ্র্য হ্রাস ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করা এবং ১০টি জেলায় ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট (টিভিআই) স্থায়ীভাবে স্থাপন করা।

প্রকল্পভুক্ত টিভিআইগুলোর অবস্থান ৪টি বিভাগের বিভিন্ন উপজেলার গ্রামীণ অঞ্চলে; ৪টি ঢাকায় (মানিকগঞ্জ সদর, কিশোরগঞ্জ সদর, ফরিদপুর সদর, কালিহাতি-টাংগাইল), ৩টি রাজশাহীতে (শাহজাদপুর-সিরাজগঞ্জ, নওগাঁ সদর, চাঁপাইনবাবগঞ্জ সদর), ২টি চট্টগ্রামে (নোয়াখালী সদর ও রামু-কক্সবাজার) এবং ১টি রংপুর বিভাগে (গাইবান্ধা সদর)।

এ সমীক্ষায় গুণগত ও সংখ্যাগত পদ্ধতিতে তথ্য সংগৃহীত হয়েছে। ডিপিপি, পিসিআরসহ প্রকল্প সংশ্লিষ্ট প্রতিবেদন/ডকুমেন্ট পর্যালোচনা ও মাঠ পর্যায়ে বাস্তব পর্যবেক্ষণ ছাড়াও ১০টি টিভিআই হতে ৪১০ জন উত্তীর্ণ শিক্ষার্থী, ৪০ জন অধ্যয়নরত শিক্ষার্থী, ৩০ জন প্রশিক্ষক, অভিভাবক, সাধারণ শিক্ষায় শিক্ষিত বেকার যুবকগণ, এলাকার গণ্যমান্য ব্যক্তিগণ, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বস্ত্র পরিদপ্তরের কর্মকর্তাগণ, বস্ত্র শিল্প ও ব্যবসার মালিক, বস্ত্র খাতের সমিতির মুখপাত্র ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণের নিকট থেকে তথ্য সংগৃহীত হয়েছে।

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” প্রকল্পটি ২০০৬ সালের জানুয়ারীতে শুরু হয়ে ২০০৮ সনের জুন মাসে সমাপ্ত হওয়ার কথা থাকলেও ৩ বার ডিপিপি সংশোধনের কারণে প্রকল্পটি শেষ হয় ২০১৪ সালের জুন মাসে। তৃতীয় সংশোধনী অনুযায়ী সমাপ্ত হওয়ায় মূল ডিপিপি’র তুলনায় Cost Overrun হয়েছে ১৮৪% আর Time Overrun হয়েছে প্রায় ৬ বছর (২৪০%)। যে কারণে সরকারকে অতিরিক্ত প্রায় ৪৫.১২ কোটি টাকা ব্যয় করতে হয়েছে এবং লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম জনবল তৈরী করা হয়েছে। ত্রুটিপূর্ণ ডিপিপি, প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের সমন্বয়হীনতা, তত্ত্বাবধানগত দুর্বলতা, পরিবীক্ষণ স্বল্পতা, ইত্যাদি প্রকল্প বাস্তবায়নে বিলম্বের মূল কারণ।

প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ড বিশেষ করে ভূমি অধিগ্রহণ ও নির্মাণ কাজ দীর্ঘায়িত হওয়ার কারণে ২০০৬ থেকে ২০১৪ সাল পর্যন্ত বিভিন্ন টিভিআইগুলো ভাড়া বাড়ীতে কার্যক্রম চালিয়েছিল, যেখানে প্রতিষ্ঠানের প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের সুযোগ ছিলনা। ফলে শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মান যথাযথ না থাকায় শুরুর দিকে শিক্ষার্থী ভর্তি ও পাশের পরিমাণ কম ছিল।

বস্ত্র পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত “ক্রয় কার্যক্রমের তথ্য” পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, বর্ণিত যন্ত্রপাতি ও মালামাল ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর প্রধান নিয়মাবলী বহুলাংশে অনুসরণ করা হলেও যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ বিধিমালা যথাযথভাবে অনুসরিত হয়নি। পিপিআর যেহেতু একটি আইন কাজেই এটা পরিপূর্ণ ভাবে অনুসরণ করা উচিত। কিছু অসাবধানতা ও অনভিজ্ঞতাজনিত ত্রুটিও লক্ষ্য করা

গেছে যার প্রেক্ষিতে কিছু অডিট আপত্তিও রয়েছে। তবে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট জনবলের পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ থাকলে ও এ বিষয়ে যথেষ্ট নিষ্ঠা থাকলে এ ধরনের ত্রুটি বিচ্যুতি এড়ানো সম্ভব হত।

প্রকল্পের টিভিআইগুলো নিয়মিত শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বস্ত্র পরিদপ্তরের তত্ত্বাবধানে ও কারিগরি বোর্ডের নির্দেশনা অনুসারে ক্লাস এবং বছর-বছর ভর্তি ও পরীক্ষা চলছে। শিক্ষক-শিক্ষার্থীগণের হাজিরা স্বাভাবিক। ক্লাসের পরিমাণ, শৃংখলা, শিক্ষার্থীগণের সফলতা ইত্যাদি বিবেচনায় প্রতিষ্ঠানগুলোর কার্যকলাপ মোটের উপর সন্তোষজনক।

২০০৮ থেকে ২০১৫ সাল পর্যন্ত টিভিআই কোর্স সফলতার সঙ্গে সমাপ্ত করেছেন এরূপ সর্বমোট ৪১০ জন শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হয়, তাঁদের ৭৮% ছিল পুরুষ আর মাত্র ২২% ছিল নারী। উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫২% এসএসসি ভোকেশনাল পাশ করে উচ্চ শিক্ষায় অংশ নেয়। তাঁদের এক-চতুর্থাংশ (২৫%) উচ্চ বেতনের চাকুরির জন্য পুনরায় এইচএসসি ভোকেশনাল/ডিপ্লোমা শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানে ভর্তি হয় যার মধ্যে বস্ত্র পরিদপ্তরের শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও নিম্নমানের বেসরকারি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

উত্তীর্ণ শিক্ষার্থীগণের মাত্র ১৫% বর্তমানে বস্ত্র খাতের বিভিন্ন উপখাতে চাকুরিতে নিয়োজিত এবং ৬% নিজ উদ্যোগে প্রতিষ্ঠিত বস্ত্র খাত সংশ্লিষ্ট ব্যবসা/আত্মকর্মসংস্থানে নিয়োজিত। যারা চাকুরিতে নিয়োজিত তাঁদের সর্বাধিক সংখ্যক (৩২%) বস্ত্র খাতের বিভিন্ন মিল ফ্যাক্টরীতে কর্মরত আছেন। তৈরী পোশাক শিল্পে জড়িত আছেন ২৯% এবং ২৫% অন্যান্য উপখাতে (যেমন হ্যান্ডলুম, বায়িং হাউস, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) কর্মরত আছেন। ১৪% নিজ এলাকার টেইলারিং, তাঁত শিল্প ও বস্ত্র খাত সংশ্লিষ্ট অন্যান্য উপখাতে নিয়োজিত আছেন।

টিভিআই থেকে পাশ করে যারা চাকুরিতে আছেন তাদের বর্তমান গড় মাসিক বেতন ১২,০৪৮ টাকা; সর্বনিম্ন বেতন ৫,৬০০ টাকা পর্যন্ত এবং সর্বোচ্চ বেতন ২৫,০০০ টাকা। এখানে উল্লেখ্য, যারা ঢাকা বা আশেপাশের এলাকায় মিল কারখানায় চাকুরিরত তাদের সর্বনিম্ন মাসিক বেতন ৯,৭০০ টাকার কম নয়; কিন্তু গ্রামীণ এলাকায় (যেমন তালগাছি-সিরাজগঞ্জ, কালিহাতি, চাঁপাইনবাবগঞ্জ) এই বেতন মাসে ৫,৬০০ টাকা পর্যন্ত দেখা গেছে। সাধারণত সদ্য পাশকৃত ও অল্প অভিজ্ঞতা সম্পন্ন টিভিআই পাশকৃত শিক্ষার্থীগণ এরূপ কম বেতন পাচ্ছেন।

প্রকল্পের জন্মলগ্ন থেকে অদ্যাবধি টিভিআইগুলোর পরিষ্কারী সংখ্যা ও উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। বিগত ৯ বছরে পরিষ্কারী বৃদ্ধির গড় ক্রমযোজিত বাৎসরিক হার (CAGR) ২৩.৬০%; পাশকৃত শিক্ষার্থীদের ক্রমযোজিত বাৎসরিক হার ২৭.৭৪%। প্রকল্পের ১০টি টিভিআই হতে যেখানে ২০১৫ সালে গড়ে ৮২ জন উত্তীর্ণ হয়েছে সেখানে রাজস্ব খাতের ৩০টি টিভিআই থেকে গড়ে উত্তীর্ণ মাত্র ৬২ জন। বর্তমানে ১০ টি টিভিআই এ ২,২৫৮ জন শিক্ষার্থী লেখাপড়া করছে। এদের মধ্যে ১,৩৩৩ জন ৯ম শ্রেণীতে এবং ৯২৫ জন ১০ম শ্রেণীতে অধ্যয়নরত আছে। টিভিআই গুলোতে গড় শিক্ষার্থী ভর্তির সংখ্যা ১৩৩ জন, যার প্রায় ৮০% ছেলে এবং ২০% মেয়ে। বর্তমানে টিভিআই প্রতি ১২০ জন করে মোট ১,২০০ জন পর্যন্ত ভর্তি নেয়া যেতে পারে।

প্রকল্পের ডিপিপি অনুযায়ী অনুমোদিত ১৫২ জনবলের বিপরীতে বাস্তবে এই সংখ্যা ছিল ১৫১ জন (২০১৪ তে প্রকল্প সমাপ্তির পর প্রকল্প পরিচালকের পদটি আর নেই)। বর্তমান শিক্ষার্থী ভর্তির উর্ধ্বমুখী প্রবণতার কারণে টিভিআইগুলোর অবকাঠামো নিয়ে দ্বিতীয় সিফট চালু করা যেতে পারে এমন মতামত রেখেছেন কিছু সুপার, শিক্ষক ও অভিভাবকগণ; তবে সবকয়টি টিভিআই এর সুপার, শিক্ষকগণ এবং এফজিডি'র আলোচকগণ Chain of Education প্রতিষ্ঠার লক্ষ্যে নিজ প্রতিষ্ঠানে এইচএসসি ভোকেশনাল বা ডিপ্লোমা ইন টেক্সটাইল কোর্স খোলার ব্যাপারে দারুণ আগ্রহ প্রকাশ করেন।

ফ্লোর লেভেল-এ এসএসসি পাশ জনবলের ভবিষ্যৎ চাহিদার বিপরীতে মোট সরবরাহ থেকে দেখা যায় যে, ২০১৫ সনে যে চাহিদা-সরবরাহ গ্যাপের পরিমাণ ৯০,২৬৪ জন তা ২০২১ সনে বেড়ে দাঁড়াবে ১,৬৩,৭১৬ জনে। এরূপ তথ্য অনুরূপ আরো অনেক টিভিআই প্রকল্প গ্রহণে উৎসাহ প্রদান করে। আবার এ কথা সত্য যে বস্ত্র পরিদপ্তর অধীনস্থ ডিপ্লোমা কোর্সে আসন সীমিত। কিন্তু শিক্ষা নীতিতে কারিগরি শিক্ষার দ্বার উন্মুক্ত রাখার কথা বলা হয়েছে। এমতাবস্থায় টিভিআইগুলোর বর্তমান অবকাঠামো ব্যবহার করেই ২য় সিফটে এসএসসি ভোকেশনাল বা এইচএসসি ভোকেশনাল অথবা ডিপ্লোমা কোর্স চালু করা যায়; এর ফলে স্বল্প ব্যয়, নতুন ভবন তৈরী না করে অতি কম সময়ের মধ্যে capacity বৃদ্ধি বা Chain of Education সৃষ্টি সম্ভব।

বস্ত্র ও পোশাক শিল্পে পাশকৃত শিক্ষার্থীগণের ভূমিকা, চাকুরিতে বা ব্যবসায় সংশ্লিষ্ট থেকে নিজেদের ভরণপোষণ ছাড়াও পরিবারকে সাহায্য, এলাকায় শিক্ষিত ও জীবিকা অর্জনকারী যুবশক্তির বিকাশ, এলাকার ব্যবসা-বাণিজ্যে তাদের আয়ের একটি বড় অংশের পরোক্ষ ভূমিকা ইত্যাদি ছাড়াও ফ্লোর লেভেল-এ এসএসসি পাশ জনবলের ভবিষ্যৎ চাহিদার বিপরীতে মোট সরবরাহ চিত্র বিবেচনার প্রেক্ষিতে অনগ্রসর জেলা সমূহের অগ্রাধিকার ভিত্তিতে ৬৪টি জেলার প্রতিটিতে একটি করে টিভিআই প্রতিষ্ঠার লক্ষ্যে আরো প্রকল্প গ্রহণ করা যেতে পারে, উপরন্তু যে সকল স্থানে চাহিদা বেশি (বিশেষ করে শিল্পঘন এলাকার সন্নিকটে) সে সকল এলাকায়/জেলায় একাধিক টিভিআই স্থাপন করা যেতে পারে।

ভাড়া বাড়িতে প্রতিষ্ঠানের প্রয়োজনীয় যন্ত্রপাতি যথাযথ ভাবে স্থাপন করা যায় না। তাই প্রশিক্ষণের গুণগতমান অক্ষুণ্ণ রাখার স্বার্থে ও আস্থা সংকট এড়ানোর জন্য ভবিষ্যতে ভাড়া বাড়ির পরিবর্তে নিজস্ব ভবন তৈরী করা প্রয়োজন। পাশাপাশি বর্তমানে রাজস্ব খাতের অধীনে ভাড়া বাড়িতে পরিচালিত ২১টি টিভিআই এর জন্য নিজস্ব ভবন তৈরী করা যেতে পারে।

টিভিআইগুলোতে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা বেশ কম (প্রায় ক্ষেত্রে ২০-২২%)। সুতরাং মেয়ে শিক্ষার্থীসহ মোট শিক্ষার্থী বৃদ্ধির জন্য সুপারগণকে স্থানীয় প্রশাসন, শিক্ষা অফিস ও গণ্যমান্যদের সহযোগিতায় অভিভাবকগণকে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তদুপ প্রত্যন্ত অঞ্চলের মেধাবী শিক্ষার্থীগণকে টিভিআইগুলোতে কিভাবে এই শিক্ষায় উদ্বুদ্ধ করা যায় সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

সমীক্ষায় দেখা গেছে উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫২% এসএসসি ভোকেশনাল পাশ করে উচ্চ শিক্ষায় অংশ নেয়। তাদের ২৮% বস্ত্র শিল্প সংশ্লিষ্ট ডিপ্লোমা ও বিএসসি কোর্সে এবং ২৪% অন্যান্য বিষয়ে উচ্চ শিক্ষার কোর্সে ভর্তি হয়েছে। একটি বৃহৎ অংশের পাশ করে চাকুরিতে না যাওয়ার পিছনে কারণ হিসেবে উচ্চ শিক্ষা ও উচ্চ বেতনে সম্মান জনক পদে কাজ করার ইচ্ছার কথা তাঁরা জানিয়েছেন। জাতীয় শিক্ষানীতি অনুযায়ী কারিগরি শিক্ষার দ্বার উন্মুক্ত রেখে ভোকেশনাল কোর্স সমাপ্তকারীগণের জন্য উচ্চ শিক্ষার সুযোগ দেয়ার প্রয়োজন।

বস্ত্র খাতের জনবল ও শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা কাজে লাগিয়ে যত্রতত্র বস্ত্র বিষয়ক নিম্নমানের শিক্ষা প্রতিষ্ঠানগুলো গড়ে উঠেছে ফলে শিক্ষার গুণগত অবনয়ন ঘটছে। এসকল বেসরকারী প্রতিষ্ঠান হতে অধিক সংখক শিক্ষার্থী বের হচ্ছে তবে গুণগত দিক থেকে তারা টিভিআই পাশকৃত শিক্ষার্থীগণের চেয়ে নিম্নমানের। এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে প্রকৃত জ্ঞান অর্জনকারী শিক্ষার্থী ও শিল্পখাতের ব্যবসা। মানসম্পন্ন শিক্ষাকে রক্ষা করার জন্য শক্তিশালী শিক্ষা প্রতিষ্ঠান (যেমন BUTEX) এর নেতৃত্বে এরূপ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জন্য একটি কার্যকরী Compliance আরোপ করা যেতে পারে। Compliance এর নীতিমালা প্রণয়নে ও পরিবীক্ষণে একটি কমিটি গঠন করা যেতে পারে যেখানে BUET ও BUTEX থেকে একজন করে সিনিয়র শিক্ষক, বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমসি এর প্রতিনিধিগণ, ITET- এর সভাপতি, একজন পরামর্শক,

ইত্যাদিসহ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিবকে সভাপতি হিসেবে রাখা যেতে পারে। এরূপ কমিটির সুপারিশকৃত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সার্টিফিকেট-ই কেবল কমিটি কর্তৃক Accreditation পায় যা সংশ্লিষ্ট সমিতি ও তাদের সদস্যগণের নিকট গ্রহণযোগ্যতা পাবে।

বর্তমান বিশ্বে 'Industry-academia Linkage' কর্মসূচি শিক্ষাকে আরো অধিক মাত্রায় প্রায়োগিক ও কার্যকরী করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখছে। অতএব নিকটবর্তী এলাকার বস্ত্র/পোশাক শিল্পের সাথে সম-লাভজনক পরিস্থিতি সৃষ্টি করে অনুরূপ লিংকেজ কর্মসূচি চালু করার জন্য টিভিআইগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য বস্ত্র পরিদপ্তর থেকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

বস্ত্র ও পোশাক শিল্পের চাহিদা সরবরাহের বিশাল গ্যাপ এর কথা বিবেচনায় রেখে আরও জনবল তৈরীর জন্য প্রয়োজনীয় সংখ্যক টিভিআই স্থাপন করা যেতে পারে। এরূপ টিভিআই থেকে পাশকৃত শিক্ষার্থীগণ দেশের চাহিদা মিটানোর পাশাপাশি বিদেশেও কর্মরত হয়ে দেশের জন্য রেমিটেন্স বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

## অধ্যায়-১

### ভূমিকা

#### ১.১ সূচনা

দেশের শিল্পায়ন, বাণিজ্য ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বস্ত্রখাতের অনবদ্য ভূমিকা সুবিদিত। কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বস্ত্র শিল্প বিশেষত তৈরী পোশাক শিল্পের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। তবে এই খাতের ধারাবাহিক ও গতিশীল উন্নয়নের জন্য প্রশিক্ষিত দক্ষ জনবলের পর্যাপ্ত সরবরাহ প্রয়োজন। বিষয়টি বিবেচনায় রেখে বস্ত্র পরিদপ্তর দেশে ৩০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট রাজস্বখাতে পরিচালনা করছে এবং বস্ত্র খাতের উৎপাদনস্থলের ফ্লোর লেভেল এর জন্য দক্ষ কারিগরি জনবল তৈরী করে আসছে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয় সংশ্লিষ্ট সংসদীয় স্থায়ী কমিটির ২৭তম সভায় (১৯ মার্চ, ১৯৯৪) সিদ্ধান্ত গৃহীত হয়েছিল যে ৬৪ জেলায় প্রতিটিতেই একটি করে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট প্রতিষ্ঠা করতে হবে। উক্ত কমিটির সিদ্ধান্তের আলোকে বস্ত্র পরিদপ্তর ১ম পর্বে (1<sup>st</sup> phase) ২০ টি জেলায় ২০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপনের সিদ্ধান্ত নিয়েছিল। এ প্রেক্ষিতে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি নির্দেশনা প্রদান করেন যে, ঐ ইনস্টিটিউটগুলো পর্যায়ক্রমে স্থাপন করতে হবে। সে অনুযায়ী বস্ত্র পরিদপ্তর ১ম পর্যায়ে ১০ টি জেলায় ১০টি ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপনের জন্য সংশোধিত প্রকল্প প্রস্তাবনা পেশ করে এবং ৭৩.০৬ কোটি টাকার অনুমোদিত বাজেটে জানুয়ারী ২০০৬ থেকে জুন ২০১৪ মেয়াদে “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পটি সর্বমোট ৬৯.৬২ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়ন করে।

#### ১.২ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি

০১. প্রকল্পের নাম : ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন
০২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয়
০৩. বাস্তবায়নকারী সংস্থা : বস্ত্র পরিদপ্তর
০৪. প্রকল্পের অবস্থান :

ঢাকা বিভাগ	চট্টগ্রাম বিভাগ	রাজশাহী বিভাগ	রংপুর বিভাগ
-মানিকগঞ্জ সদর -কিশোরগঞ্জ সদর -ফরিদপুর সদর -কালিহাতি (টাংগাইল)	-নোয়াখালী সদর -রামু (কক্সবাজার)	-শাহজাদপুর (সিরাজগঞ্জ) -নওগাঁ সদর -চাঁপাইনবাবগঞ্জ সদর	-গাইবান্ধা সদর

০৫. প্রকল্প বাস্তবায়ন সময়:

	আরম্ভ	সমাপ্তি
(ক) মূল	জানুয়ারী ২০০৬	জুন ২০০৮
(খ) প্রকৃত	জানুয়ারী ২০০৬	জুন ২০১৪


০৬. প্রাক্কলিত ব্যয়:

(কোটি টাকায়)

	মূল	সর্বশেষ সংশোধিত	প্রকৃত খরচ
(ক) মোট :	২৪.৫০	৭৩.০৬	৬৯.৬২
(খ) টাকা (জিওবি) :	২৪.৫০	৭৩.০৬	৬৯.৬২

০৭. উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):

- ১। দশটি জেলাতে টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু করা।
- ২। বস্ত্র শিল্প বিশেষ করে তৈরী পোশাক শিল্পের ফ্লোর লেভেল-এর জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল তৈরী করা।
- ৩। দেশের গ্রামীণ ও স্বল্পম্নোত অঞ্চলের বেকার যুবশক্তির জন্য কর্মসংস্থান সৃষ্টি করা।
- ৪। কর্মহীন যুবশক্তির দারিদ্র্য হ্রাস ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন।
- ৫। উপরে বর্ণিত উদ্দেশ্য পূরণের নিমিত্তে স্থায়ী ভাবে ১০ টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করা।



★ প্রকল্পের জেলাওয়ারী অবস্থান

### ১.৩ সমীক্ষার উদ্দেশ্য

TOR অনুযায়ী সমীক্ষার উদ্দেশ্যগুলো নিম্নে উল্লেখ করা হলঃ

- ক) নমুনা অঞ্চলে প্রকল্পের বিভিন্ন অঙ্গ/কর্মকান্ড সংশ্লিষ্ট নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে কিনা তা পর্যালোচনা করা।
- খ) প্রকল্প অধীন বিষয়সমূহের মুখ্য আউটপুট সংক্রান্ত কার্যকলাপ (Functional Status) এর বর্তমান অবস্থার পর্যালোচনা এবং এতদ্বিষয়ে যদি কোন বিচ্যুতি ঘটে বা প্রতিবন্ধকতা তৈরী হয়ে থাকে তবে তার কারণ উদঘাটন করা।
- গ) সকল প্রকার যন্ত্রপাতি, সরঞ্জাম ও মালামাল ক্রয় এবং প্রতিস্থাপন নমুনা স্পেসিফিকেশন অনুযায়ী হয়েছে কিনা তা পর্যালোচনা করা।
- ঘ) দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপনের প্রভাব নির্ণয় করা।
- ঙ) মালামাল, কাজ ও সেবাসমূহ সংগ্রহ প্রক্রিয়া (দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, অনুমোদন প্রক্রিয়া, চুক্তি প্রদান ইত্যাদি) পিপিআর ২০০৮ অনুযায়ী সম্পন্ন হয়েছিল কিনা তা পরীক্ষা করা। পূর্ব নির্ধারিত নির্দেশকের সাহায্যে পরামর্শক প্রতিষ্ঠান এই ক্রয়/সংগ্রহ সংক্রান্ত কর্মকান্ড বিশ্লেষণ করবে।
- চ) প্রকল্প সংশ্লিষ্ট কর্মকান্ড বাস্তবায়নের ক্ষেত্রে In-built শক্তি ও সম্ভাব্য সুযোগ, অভ্যন্তরীণ দুর্বলতা ও বহিস্থ ঝুঁকি বা ভীতি SWOT বিশ্লেষণের মাধ্যমে নির্ণয় করা।
- ছ) ভবিষ্যতে অনুরূপ প্রকল্পের কর্মকান্ডকে অধিক স্থায়িত্ব প্রদান, অধিক কার্যকর এবং আরো বেশি সেবামূলক করে তোলার জন্য পরামর্শ প্রদান করা।

এ ছাড়াও ২০/০৩/২০১৬ তারিখে বিবেচ্য সমীক্ষার প্রারম্ভিক প্রতিবেদনের উপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ সমীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়েছেঃ

- (ক) প্রকল্প বাস্তবায়নকালে ভোকেশনাল ইনস্টিটিউট কি অবস্থায় ছিল, ইনস্টিটিউটগুলো নিজস্ব জায়গায়, নিজস্ব ভবনে ছিল না ভাড়া বাড়িতে ছিল তা সঠিকভাবে দেখতে হবে;
- (খ) প্রকল্পটি কতবার সংশোধন করা হয়েছে এবং কতবার ব্যয় বৃদ্ধি পেয়েছে তা প্রতিবেদনে তুলে ধরতে হবে;
- (গ) প্রকল্প শুরুর পূর্বে ভোকেশনাল প্রশিক্ষণ কিভাবে দেওয়া হতো এবং বর্তমানে কিভাবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তা সঠিকভাবে প্রতিবেদনে উল্লেখ করতে হবে;
- (ঘ) বিভিন্ন স্থানে গড়ে উঠা Private diploma /Training Centre এর উপর একটি Case Study করতে হবে;
- (ঙ) যত্রতত্র গড়ে উঠা নিম্নমানের Private Textile Education/Training Centre কিভাবে কমানো যায় এ ব্যাপারে National Technical Educational Plan অনুযায়ী দেখতে হবে;
- (চ) প্রকল্পের Relevance ও Potentiality, টেক্সটাইল ভোকেশনাল থেকে শুরু করে ডিপ্লোমা, গ্র্যাজুয়েট, পোস্টগ্র্যাজুয়েট ইত্যাদি লেভেল বিবেচনায় রেখে টেক্সটাইল সেক্টরের জন্য কিভাবে Chain of Education প্রতিষ্ঠা করা যায় তার ব্যাখ্যা দিতে হবে।

(ছ) প্রকল্প থেকে ভোকেশনাল প্রশিক্ষণপ্রাপ্তরা বর্তমানে কে কোথায় ও কিভাবে অবস্থান করছে তা প্রতিবেদনে সঠিকভাবে উপস্থাপন করতে হবে;

(জ) প্রকল্পটি নির্ধারিত তারিখের মধ্যে শেষ না হওয়ার কারণ ব্যাখ্যাসহ উপস্থাপন এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার দুর্বলতা থাকলে তা সঠিকভাবে উপস্থাপন করতে হবে;

### ১.৪ সমীক্ষা কার্যপরিধি (Scope of Work)

প্রকল্প-অঙ্গসমূহ বিবেচনায় রেখে পরামর্শক প্রতিষ্ঠান এই মূল্যায়ন সমীক্ষার নকশা ও মাঠ পর্যায়ে কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন করেছে এবং নিম্নে উল্লেখিত কার্যসীমা/পরিধির ভিত্তিতে নমুনার আকার নির্ণয় করা হয়েছে।

কাজের পরিধি	এলাকা
ক) সরাসরি সুবিধাভোগি, টেক্সটাইল শিক্ষার্থী এবং শিল্প কারখানার কার্যাবলীর সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের সাক্ষাৎকার গ্রহণ	বর্ণিত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট প্রকল্প অধীনস্থ
খ) টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের শিক্ষার্থী, শিক্ষক, সুপার ও টেক্সটাইল সংক্রান্ত মূখ্য তথ্য /উপাত্ত প্রদানকারীগণের সঙ্গে নিবিড় সাক্ষাৎকার/মিটিং	শতভাগ (১০০%) এলাকায় কাজ করতে হবে।
গ) স্থানীয় বস্ত্র ও পাট শিল্পের প্রতিনিধিগণের সঙ্গে ফোকাস গ্রুপ আলোচনা (FGD) সভা।	

## অধ্যায়-২

### গবেষণা পদ্ধতি

#### ২.১ সমীক্ষা পদ্ধতির ধারণাগত বিষয়

প্রকল্পের ডিপিপিতে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের মান/বিবরণের বিপরীতে বর্তমান অবস্থার তুলনার মাধ্যমে প্রকল্পের প্রভাব মূল্যায়ন করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য ও সমীক্ষার শর্তাবলী (TOR) পর্যালোচনা করলে দেখা যায় যে তিন ধরনের বিষয় মূল্যায়ন করার প্রয়োজন রয়েছে। এগুলো হচ্ছে:

- ক) প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকাণ্ডের মূল্যায়ন;
- খ) টিভিআইগুলোর বর্তমান অবস্থা, ভূমিকা ও পরিচালনের মূল্যায়ন; এবং
- গ) দক্ষ জনবলের সরবরাহ সহ আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্পের সার্বিক প্রভাব মূল্যায়ন।

মূল্যায়নের ধরন	পরীক্ষণীয় নির্দেশক/চলক সংক্রান্ত বিষয় (Subject of Verifiable Indicator/Variables)
প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকাণ্ডের মূল্যায়ন	<ol style="list-style-type: none"><li>ক) প্রকল্পের প্রারম্ভিক কালের বর্ণনাসহ প্রধান অঙ্গসমূহ বাস্তবায়নের অবস্থা</li><li>খ) আসবাবপত্র, যন্ত্রপাতি, জনবল, সেবাসহ অন্যান্য মালামাল পরিকল্পনা অনুযায়ী সময়মত সংগৃহীত হয়েছে কিনা</li><li>গ) যন্ত্রপাতি, অন্যান্য ইকুইপমেন্ট, আসবাবপত্র, বইপত্র, নির্মাণ সামগ্রী ইত্যাদি ক্রয়ে বা সংগ্রহে পিপিআর ২০০৮ এর নিয়মাবলী/প্রক্রিয়া অনুসরিত হয়েছে কিনা</li><li>ঘ) উইভিং, ডাইং-প্রিন্টিং, নিটিং, গার্মেন্টস, বিজ্ঞান ও কম্পিউটার সেকশনের যন্ত্রপাতির সঠিক সংস্থাপন হয়েছে কিনা</li><li>ঙ) প্রকল্পের ভূমি অধিগ্রহণ নিয়ম অনুযায়ী সম্পন্ন হয়েছে কিনা</li><li>চ) ভবন ও অন্যান্য ভৌত কাঠামোর পরিমাণ, ত্রুটি এবং গুণগত বিষয়</li><li>ছ) প্রকল্প বাস্তবায়নে অন্যান্য অসম্পূর্ণতা/ত্রুটি/বিচ্যুতি, বাধা-বিপত্তি, অভিনবত্ব ও অনুসরণযোগ্য উপাদান।</li></ol>
টিভিআইগুলোর বর্তমান অবস্থা, ভূমিকা ও পরিচালনের মূল্যায়ন	<ol style="list-style-type: none"><li>ক) শিক্ষার পরিবেশ, ছাত্র-ছাত্রীর পরিমাণ ও সফলতার হার</li><li>খ) ল্যাব, লাইব্রেরী, ক্লাসরুম ও অন্যান্য শিক্ষা উপকরণের অবস্থা</li><li>গ) পেশাগত চাহিদার বিপরীতে বর্তমান শিক্ষা/প্রশিক্ষণ প্রদানের মান এবং প্রচলিত কোর্স চাকুরি/জীবিকা অর্জনে কতটুকু সহায়ক</li><li>ঘ) শিক্ষক প্রশিক্ষকের যোগ্যতা/দক্ষতা, প্রতুলতা ও তাদের প্রশিক্ষণ চাহিদা</li><li>ঙ) প্রকল্পের সবল ও দুর্বল দিক, ঝুঁকি, সুযোগ ও সম্ভাবনা বিশ্লেষণ।</li></ol>


মূল্যায়নের ধরন	পরীক্ষণীয় নির্দেশক/চলক সংক্রান্ত বিষয় (Subject of Verifiable Indicator/Variables)
	চ) প্রকল্প পরিচালনায় অভিনবত্ব ও অনুসরণযোগ্য বিষয়সমূহ।
প্রকল্পের সার্বিক প্রভাব মূল্যায়ন	ক) নমুনা অঞ্চলে (দশটি জেলাতে) টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালুর অবস্থা খ) দক্ষ জনবল তৈরীর মাধ্যমে যুবশক্তির কর্মসংস্থানে প্রকল্পের ভূমিকা গ) বস্ত্র বা তৈরি পোশাক শিল্পে দক্ষ জনবল যোগানে প্রকল্পের ভূমিকা ঘ) গ্রামীণ ও স্বল্পম্নোত অঞ্চলের যুবশক্তির আয় বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচনে প্রকল্পের ভূমিকা ঙ) স্থানীয় পর্যায়ে আর্থ-সামাজিক উন্নয়নে ও ব্যবসা প্রসারে প্রকল্পের ভূমিকা চ) জাতীয় পর্যায়ে বস্ত্রশিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যের গুণগতমান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্পের ভূমিকা।

**এ ছাড়াও সমীক্ষার প্রারম্ভিক প্রতিবেদনের উপর স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক মূল্যায়ন সংশ্লিষ্ট TOR-এর অতিরিক্ত বিষয়সমূহও সমীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়েছে।**

প্রকল্পের ডিপিপি ও সংশ্লিষ্ট অন্যান্য ডকুমেন্টে যেখানে চলক বা নির্দেশকের প্রত্যাশিত পরিমাণ বা মাত্রা বর্ণিত আছে, সেক্ষেত্রে সরাসরি পরিমাণগত মূল্যায়ন করা হয়েছে। তবে মাত্রা বা পরিমাণ উল্লেখিত নয়, অথচ বিষয়টি গুরুত্বপূর্ণ- এরূপ ক্ষেত্রে সমীক্ষা দল গুণগত মূল্যায়ন করেছে। এই মূল্যায়নের মাধ্যমে বাস্তব প্রেক্ষাপটের আলোকে সুপারিশ প্রণয়ন করা হয়েছে, যা ভবিষ্যতে একই ধরনের আরো প্রকল্প গ্রহণ করা যায় কিনা সেই ব্যাপারে সরকারকে সঠিক নীতি নির্ধারণে সহায়তা করতে পারে বলে সমীক্ষা দল মনে করে।

## ২.২ সমীক্ষা পরিচালনার ছক (Flow chart of the Study)

সমীক্ষাটি মোট তিনটি পর্বে সম্পন্ন হয়েছে। নিম্নে একটি চার্টের মাধ্যমে প্রতিটি পর্ব অধীনস্থ ধাপগুলো দেখানো হলঃ



## ২.৩ সমীক্ষার কৌশলগত পন্থা

মোট দাগের ৯টি ধাপে সমীক্ষাটি সম্পন্ন করা হয়েছে। প্রতিটি ধাপের করণীয় ও তদনুযায়ী সমীক্ষা তথ্য সংগ্রহ পদ্ধতি ও নির্দেশক সংক্রান্ত ফলাফলের একটি সারণি নিম্নে দেয়া হলঃ

### সারণি-২.১: সমীক্ষা পরিচালনার ধাপ, করণীয় ও ফলাফল

ধাপ	করণীয় (পদক্ষেপ ও কর্মকান্ড)	পদ্ধতিগত কৌশল ও তথ্য/উপাত্ত আহরণ উপকরণ/যন্ত্র	সমীক্ষা সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্তি/ফলাফল
ধাপ-১: পরোক্ষ গবেষণা বা ডেস্ক রিভিউ করা।	ক) প্রকল্পের ডিপিপি, আরডিপিপি, পিসিআর, পিইআর, ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত ডকুমেন্টস, সংশ্লিষ্ট নির্বাহী আদেশ/নির্দেশ, সাকুলার, রিপোর্ট/নিবন্ধ ইত্যাদি সংগ্রহ ও পর্যালোচনা খ) National Technical Education Plan ও বস্ত্রখাতের জনবল ও শিক্ষা/প্রশিক্ষণ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন পর্যালোচনা গ) প্রকল্প ও টিভিআই সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সংজ্ঞা আলোচনা ঘ) তথ্য আহরণের কৌশল ও পরিকল্পনা প্রণয়ন।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে আলোচনা ও তাঁদের প্রত্যাশ ও পরোক্ষ সহায়তায় সংশ্লিষ্ট দলিল, প্রতিবেদন, প্রকাশনা, সাকুলার, ছবি, তালিকা ইত্যাদি সংগ্রহ ও অধ্যয়ন।	<ul style="list-style-type: none"> <li>প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, স্থায়ী ও অস্থায়ী অবস্থান, বাজেট ও ব্যয় এবং বাস্তবায়ন সম্পর্কে ধারণা অর্জন</li> <li>প্রকল্পের লক্ষ্যভিত্তিক নির্দেশক/চলক সংক্রান্ত ধারণা লাভ</li> <li>তথ্যদাতাগণের প্রকার সনাক্তকরণ ও ঠিকানা সংগ্রহ।</li> </ul>
ধাপ-২: নমুনার আকার নির্ণয়	নমুনার আকার নির্ণয় পদ্ধতি অধ্যায় ২.৩.২ অনুচ্ছেদে বর্ণিত হল।	যৌক্তিক পরিসংখ্যানিক নিয়মাবলী ও ব্যবহৃত সূত্র।	<ul style="list-style-type: none"> <li>নমুনা আকার ও নমুনা ফ্রেম প্রণীত।</li> </ul>
ধাপ-৩: উপাত্ত সংগ্রাহক ইন্সট্রুমেন্ট/ প্রশ্নপত্র প্রণয়ন ও চূড়ান্তকরণ।	ক) সাক্ষাৎকার প্রদানকারীগণের ধরন অনুসারে খসড়া প্রশ্নপত্র প্রণয়ন করা। খ) প্রশ্নপত্রের ত্রুটি বিচ্যুতি পর্যালোচনা করে এবং আইএমইডি-র সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে আলোচনা করে প্রশ্নপত্রগুলোকে চূড়ান্ত করা।	কাঠামোগত প্রশ্নপত্র (structured Questionnaire) ও চেক লিস্ট।	<ul style="list-style-type: none"> <li>প্রশ্নপত্র (১ ও ২) এবং চেকলিস্ট (১-৭) প্রণীত</li> <li>মাঠ পর্যায়ে কাজের জন্য নিয়োজিত তথ্য সংগ্রহকারী জনবলের নিয়োগ ও প্রশিক্ষণ সম্পন্ন</li> <li>সমীক্ষার প্রশ্নপত্র চূড়ান্তকৃত।</li> </ul>
ধাপ-৪: প্রত্যক্ষ গবেষণা: সরেজমিনে সমীক্ষাস্থান পরিদর্শন ও মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ করা।	ক) টিভিআই সমূহ সরেজমিনে পর্যবেক্ষণ করে ডিপিপি অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন যাচাই, সঠিক যন্ত্রপাতি ও মালামাল ক্রয় হয়েছে কিনা এবং যন্ত্রপাতিগুলোর যথাযথ প্রতিস্থাপন সুসম্পন্ন হয়েছে কিনা তা যাচাইকরণ।	ডিপিপিতে বর্ণিত ভূমি, মালামাল, যন্ত্রপাতি, আসবাবপত্র, ভৌতকাঠামো ও সেবা সংক্রান্ত নির্দেশক সম্বলিত উন্মুক্ত সারণি বিশিষ্ট চেকলিস্ট - ২ ও ৩ ব্যবহৃত।	<ul style="list-style-type: none"> <li>ভূমিসহ প্রকল্পের বাস্তবায়িত অঙ্গ বা অংশের তথ্য লাভ</li> <li>ডিপিপি অনুযায়ী প্রকল্প উপকরণ যেমন, যাবতীয় যন্ত্রপাতি, জনবল, আসবাব, বইসহ মালামাল ক্রয়/সংগ্রহের তথ্য</li> <li>যন্ত্রপাতির প্রকার, পরিমাণ, গুণগত বিষয়, স্থাপন সংক্রান্ত তথ্য</li> </ul>

ধাপ	করণীয় (পদক্ষেপ ও কর্মকান্ড)	পদ্ধতিগত কৌশল ও তথ্য/উপাত্ত আহরণ উপকরণ/যন্ত্র	সমীক্ষা সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্তি/ফলাফল
			<ul style="list-style-type: none"> <li>ভবনসহ অন্যান্য ভৌত কাঠামো স্পেসিফিকেশন অনুযায়ী নির্মিত হয়েছে কিনা তা মূল্যায়ন।</li> </ul>
	খ) ডিপিপি অনুসারে মালামাল, কার্যাদি ও সেবা সংগ্রহের প্রক্রিয়ায় পিপিআর '০৮ এ বর্ণিত নিয়মাবলী মানা হয়েছে কিনা তা পরামর্শকদল কর্তৃক পরীক্ষা করা।	পিপিআর ২০০৮-এ বর্ণিত নিয়মাবলী সম্পর্কিত নির্দেশক সম্বলিত উন্মুক্ত সারণি বিশিষ্ট চেকলিস্ট-১ ব্যবহার করা হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>ক্রয় বা সংগ্রহ সংক্রান্ত নিয়মাবলীর ব্যত্যয় (যদি থাকে) চিহ্নিতকরণ</li> <li>ব্যত্যয়ের পরিমাণ ও কারণ নির্ধারণ</li> <li>সংগ্রহ পদ্ধতিতে কোন বিশেষত্ব, অভিনবত্ব ও পারঙ্গমতা চিহ্নিতকরণ।</li> </ul>
	গ) সুপার সহ ভোকেশনাল ইনস্টিটিউটের শিক্ষকগণের সঙ্গে নিবিড় ভাবে দীর্ঘ আলাপচারিতা (In-depth discussion)।	প্রকল্পের ভূমিকা ও কার্যকারিতা, টিভিআইগুলোর অবস্থা, সমস্যা, বাধা, দুর্বলতা, সম্ভাবনা ইত্যাদি জানার জন্য উন্মুক্ত সারণি বিশিষ্ট চেকলিস্ট-৪ ব্যবহার করা হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>প্রকল্পের সার্বিক প্রভাব ও বর্তমান শিক্ষা/প্রশিক্ষণ কার্যক্রম ও পরিবেশের তথ্য লাভ</li> <li>পেশাগত চাহিদা অনুযায়ী বর্তমানে শিক্ষা/প্রশিক্ষণ প্রদানে সীমাবদ্ধতা চিহ্নিতকরণ</li> <li>প্রকল্পের বা টিভিআইগুলোর সবল ও দুর্বল দিক, ভীতি সুযোগ/সম্ভাবনা ইত্যাদি চিহ্নিতকরণ</li> <li>প্রশিক্ষকের প্রশিক্ষণসহ টিভিআইগুলোর অধিক কার্যকর ভূমিকার জন্য পরামর্শ লাভ।</li> </ul>
	ঘ) পাশকৃত শিক্ষার্থীগণের সাক্ষাৎকার গ্রহণ।	কাঠামোগত প্রশ্নপত্র-১ ব্যবহার করা হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>পাশকৃত শিক্ষার্থীগণের বর্তমান জীবিকা, পেশা, পদবি, আয় ইত্যাদি সংক্রান্ত তথ্য</li> <li>কর্মসংস্থানে বা জীবিকা অর্জনে বিশেষ করে বস্ত্র/গার্মেন্টস শিল্পে চাকুরি লাভের ক্ষেত্রে প্রকল্প অধীন টেক্সটাইল ভোকেশনাল কোর্স কতটুকু ফলপ্রসূ</li> <li>পেশাগত চাহিদার তুলনায় টিভিআইগুলোর শিক্ষাব্যবস্থা কতটুকু উপযোগী</li> <li>কোর্সের শক্তি, দুর্বলতা ও সম্ভাবনা</li> <li>টিভিআই কোর্স অধিকতর যুগোপযোগী ও ফলপ্রসূ করার জন্য কী করণীয়।</li> </ul>
	ঙ) বর্তমানে অধ্যয়নরত নমুনা শিক্ষার্থীগণের সাক্ষাৎকার গ্রহণ	কাঠামোগত প্রশ্নপত্র-২ ব্যবহৃত।	<ul style="list-style-type: none"> <li>শিক্ষা লাভের ক্ষেত্রে শিক্ষার্থীগণের চাহিদা এবং এর বিপরীত প্রাপ্তি ও ব্যবধানের মাত্রা সংক্রান্ত তথ্য</li> <li>শিক্ষা ও সার্বিক শিক্ষা পরিবেশের</li> </ul>

ধাপ	করণীয় (পদক্ষেপ ও কর্মকান্ড)	পদ্ধতিগত কৌশল ও তথ্য/উপাত্ত আহরণ উপকরণ/যন্ত্র	সমীক্ষা সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্তি/ফলাফল
			উন্নয়নে ছাত্র/ছাত্রীদের দৃষ্টিভঙ্গি, ইত্যাদি।
	<p>চ) - বঙ্গ ও পাট মন্ত্রণালয় ও বঙ্গ পরিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে KII/FGD বা নিবিড় আলোচনা</p> <p>- বঙ্গখাতের চাকুরিদাতা ও বিশেষজ্ঞ, বঙ্গখাত সংশ্লিষ্ট সমিতির মুখপাত্রগণের সাথে পৃথকভাবে KII/FGD বা নিবিড় আলোচনা/ পরামর্শ বৈঠক।</p>	<p>চেকলিস্ট-৫ ব্যবহৃত।</p> <p>চেকলিস্ট-৬ ব্যবহৃত।</p>	<ul style="list-style-type: none"> <li>• প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন তথ্য।</li> <li>• বাধা-বিপত্তি, চ্যালেঞ্জ, বটলনেক সুযোগ ও সম্ভাবনা ইত্যাদি।</li> <li>• শিল্প কারখানায় টিভিআইগুলোর পরিচিতি ও সেখান থেকে উত্তীর্ণ দক্ষ জনবলের যোগান ও বঙ্গখাতে তাদের ভূমিকা।</li> <li>• টিভিআইগুলোর করণীয় সংক্রান্ত পরামর্শ লাভ।</li> </ul>
	<p>ছ) স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, স্থানীয় মিলকারখানার মালিক, ব্যবসায়ী/বণিক সমিতির প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, কন্স্ট্রোল গুপের প্রতিনিধি, সাংবাদিক, স্থানীয় জ্ঞানী এবং সম্মানী ব্যক্তিবর্গকে নিয়ে FGD পরিচালনা।</p>	চেকলিস্ট-৭ ব্যবহৃত।	<p>স্থানীয়/গ্রামীণ বেকারত্ব লাঘবে, স্থানীয় উৎপাদন ও ব্যবসা বাণিজ্যে প্রকল্পের প্রভাব, শিক্ষা ও আর্থ-সামাজিক উন্নয়নে টিভিআই কোর্সের ভূমিকা, টিভিআইগুলোকে আরও বহুমুখি ব্যবহারের পরামর্শসহ ভবিষ্যৎ দিক নির্দেশনা লাভ।</p>
ধাপ-৫: স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন।	১০ টি ভোকেশনাল ইনস্টিটিউট হতে একটি ভেনু স্থির করে স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন।	চেকলিস্ট-৭ সহ উন্মুক্ত আলোচনা।	ভোকেশনাল কোর্সের ভূমিকা ও প্রকল্পের প্রভাব বিষয়ে সম্মিলিত প্রতিক্রিয়া গ্রহণ এবং এতদসংক্রান্ত পরামর্শ ও ভবিষ্যৎ নির্দেশনা লাভ।
ধাপ-৬: বঙ্গখাতের শিক্ষা/প্রশিক্ষণ বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ে ব্যাপক আলোচনা।	<ul style="list-style-type: none"> <li>• ব্যক্তিগত পরিচালিত যত্রতত্র গড়ে ওঠা শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন ও মূল্যায়ন।</li> <li>• বঙ্গখাতের মালিক, সমিতি ও বিশেষজ্ঞগণের সাথে মতবিনিময়।</li> <li>• বঙ্গখাতের শিক্ষা/প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিবেদন পর্যালোচনা।</li> </ul>	Case Study, নিবিড় আলোচনা, প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা ও Brain Storming।	<ul style="list-style-type: none"> <li>• বঙ্গখাতের শিক্ষা/প্রশিক্ষণ ব্যবস্থা, গুণগতমান ও চাহিদা সম্পর্কে ধারণা লাভ।</li> <li>• Chain of Education স্থাপনের উপায় উদ্ভাবন।</li> <li>• নিম্নমানের শিক্ষা/প্রশিক্ষণ মোকাবেলা করার উপায় উদ্ভাবন।</li> </ul>
ধাপ-৭: উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ।	তথ্য/উপাত্ত এর এন্ট্রি প্রদান, নিরীক্ষণ, সংশোধন ও প্রক্রিয়াকরণ	SPSS Version-20 ব্যবহার করে উপাত্ত বিশ্লেষণ করা হয়েছে।	পূর্ণাঙ্গ টেবুলেশনসহ টেবিল, গ্রাফ, গবেষণা মন্তব্য ইত্যাদি লাভ যা প্রতিবেদন প্রণয়নে সহায়ক।
ধাপ-৮: খসড়া প্রতিবেদন	প্রক্রিয়াকৃত তথ্যের আলোকে পূর্ণাঙ্গ প্রতিবেদনের খসড়া প্রণয়ন।	ব্রেনস্টর্মিং ও যৌথ আলোচনা।	প্রাথমিক ভাবে পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণীত।
ধাপ-৯: জাতীয় সেমিনার আয়োজন	খসড়া প্রতিবেদনে বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রণীত সারসংক্ষেপ জাতীয় পর্যায়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের উপস্থিতিতে উপস্থাপন।	প্রতিবেদন ভিত্তিক পর্যবেক্ষণ, অনুসিদ্ধান্ত ও সুপারিশ সম্বলিত পাওয়ার পয়েন্ট উপস্থাপনা, প্রশ্ন-উত্তর ও আলোচনাপর্ব এবং মন্তব্য গ্রহণ।	জাতীয় পর্যায়ে কর্মশালায় মতামত গ্রহণ এবং তা খসড়া প্রতিবেদনে অন্তর্ভুক্ত করণের মাধ্যমে অধিকতর সমৃদ্ধ ও কার্যকরী প্রতিবেদন প্রণয়ন।

### ২.৩.১ SWOT বিশ্লেষণ পদ্ধতি

আধুনিক মূল্যায়ন পদ্ধতিতে SWOT একটি বহুল ব্যবহৃত পন্থা যা কোন প্রকল্পের শক্তি (Strength), দুর্বলতা (Weakness), সুযোগ (Opportunity) ও ভীতি বা নাজুকতা (Threat) চিহ্নিত করতে এবং বিশ্লেষণে সাহায্য করে। এটি মূল্যায়নকে অধিকতর অর্থবহ করে এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। বর্তমান সমীক্ষার জন্য নিম্নলিখিত কৌশলে SWOT বিশ্লেষণ করা হয়েছেঃ

সবলতা (Strength)	প্রকল্পের বৈশিষ্ট্যজনিত ইতিবাচক দিক যা উপকার/সুবিধা প্রদানে সক্ষম এবং যার বাস্তবভিত্তিক প্রয়োজনীয়তা বা চাহিদা আছে এবং স্থায়িত্ব সম্ভাবনা রয়েছে।
দুর্বলতা (Weakness)	প্রকল্পের দুর্বলদিকসমূহ যা আশানুরূপ ফলাফল/সুবিধা প্রদানে বাধা বা সংকট সৃষ্টি করে।
সুযোগ (Opportunity)	প্রকল্পের সম্ভাবনাময় দিক/বিষয় যা সঠিক ভাবে ব্যবহার নিয়ন্ত্রণ বা চালনা করতে পারলে দীর্ঘমুদী ফলাফল থেকেও বেশী সুবিধা বা উপকার পাওয়া যায়।
ঝুঁকি (Threat)	প্রকল্পের অভ্যন্তরীণ বা বহিঃস্থ কোন উপাদান অথবা ফ্যাক্টর যা প্রকল্পের বৈশিষ্ট্য/ উদ্দেশ্য অথবা প্রকল্পের জন্য সার্বিক ভাবে হুমকি সৃষ্টি করতে পারে।

### ২.৩.২ নমুনার আকার নির্ণয় ও নমুনা ফ্রেম প্রণয়ন

**পাশকৃত শিক্ষার্থীদের নমুনা আকার নির্ধারণঃ** পাশকৃত শিক্ষার্থীদের নমুনা চয়নের ক্ষেত্রে ২০০৮ হতে ২০১৫ সময় পর্যন্ত সকল ছাত্র-ছাত্রীর সংখ্যা বিবেচনায় নেয়া হয়েছে। নিম্নে প্রকল্প এলাকা ও ২০০৮-২০১৫ পর্যন্ত প্রকল্পের অন্তর্ভুক্ত টিভিআইসমূহ হতে পাশকৃত শিক্ষার্থীদের তথ্য দেয়া হলঃ

#### সারণি-২.২: প্রকল্পের পরিচিতি ও বিগত বছরসমূহে কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা

ক্র: নং	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	বছরওয়ারী কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা								মোট
		২০০৮	২০০৯	২০১০	২০১১	২০১২	২০১৩	২০১৪	২০১৫	
১	টিভিআই, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ	১২	১৫	৩৫	৩৩	৪১	০*	২৪	৭৭	২৩৭
২	টিভিআই, কালিহাতি, টাঙ্গাইল	২৮	২১	৬৩	৮৬	৯৩	১০৪	১০২	৯৮	৫৯৫
৩	টিভিআই, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ	১৫	১৯	৫৫	৩৭	৪৪	৪৪	৭০	৮২	৩৬৬
৪	টিভিআই, ফরিদপুর সদর, ফরিদপুর	১৯	৩০	৪৬	২৮	২৭	৪০	৪৬	৬৪	৩০০
৫	টিভিআই, নোয়াখালী সদর, নোয়াখালী	১৪	১৭	৪৪	৪২	৫০	৫৫	৫৪	৬২	৩৩৮
৬	টিভিআই, রামু, কক্সবাজার	০৮	০৬	৩৮	৩১	৪৯	৪৪	৫০	৭৭	৩০৩
৭	টিভিআই, শাহজাদপুর, সিরাজগঞ্জ	২৫	৩৬	৮৪	৭৫	৯১	৯৭	৬৯	১৮৬	৬৬৩
৮	টিভিআই, গাইবান্ধা সদর, গাইবান্ধা	২১	৩৯	৭৪	৫৯	৭৩	৫৭	৬৭	৬৪	৪৫৪
৯	টিভিআই, নওগাঁ সদর, নওগাঁ	০৪	১৩	২০	১৪	৩২	৩৪	৩৮	৬২	২১৭
১০	টিভিআই, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ	০৪	১১	২৯	১৮	২০	৩৬	৭৫	৪৪	২৩৭
	মোট	১৫০	২০৭	৪৮৮	৪২৩	৫২০	৫১১	৫৯৫	৮১৬	৩৭১০

সূত্র: বঙ্গ পরিদপ্তর (টিভিআই- টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট)

\* বঙ্গ পরিদপ্তর এর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা কালে জানা যায় যে, মানিকগঞ্জে স্থাপিত টিভিআইটি প্রকল্পের শুরুতে কেরানিগঞ্জে স্থাপনের জন্য নির্ধারিত ছিল। কিন্তু জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতার কারণে ২০১১ সালে তা মানিকগঞ্জে স্থানান্তর করা হয়। এই কারণে ২০১১তে কোন শিক্ষার্থী ভর্তি করা হয়নি, ফলে ২০১৩ সালে পাশকৃত শিক্ষার্থীর কোন তথ্য নেই।

সমীক্ষার অধীন ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় যে, ১০টি উপজেলার প্রতিটিতে ১টি করে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহে একই

সিলেবাস ও শিক্ষাপোষণ ব্যবহার করে পাঠদান করা হয়েছে, একই ধরনের যন্ত্রপাতিও ব্যবহার করা হয়েছে এবং সকল ইনস্টিটিউটের শিক্ষকগণ সমযোগ্যতাসম্পন্ন ও একই উদ্দেশ্যে নিয়োজিত। অতএব দেখা যাচ্ছে যে, ইনস্টিটিউটসমূহ ও শিক্ষার্থীগণ সমসত্ত্ব বৈশিষ্ট্য মন্ডিত। তদুপরি সমীক্ষার টার্গেট পপুলেশন সুনির্দিষ্ট এবং বছরওয়ারী প্রতিটি ইনস্টিটিউট থেকে পাশকৃত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট ইনস্টিটিউট থেকে পাওয়া যাবে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে পাশকৃত শিক্ষার্থীদের নমুনা আকার নির্ধারণের জন্য নিম্নলিখিত পরিসংখ্যানিক সূত্র ব্যবহার করা হয়েছেঃ

$$n = \frac{Z^2 p(1-p)}{d^2}$$

যেখানে,

n = Sample Size

Z = 1.96 at 95% Confidence Level

P = Estimated Proportion = 50%

d = Margin of error = 5%

উপরোক্ত সূত্রানুসারে নমুনা আকার, n = ৩৮৪

সমীক্ষার প্রারম্ভিক প্রতিবেদনের উপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রফেসর ডঃ এম কবির এর পরামর্শক্রমে নমুনার আকার ৪০০ নির্ধারণ করা হয়। এখানে উল্লেখ্য যে, এই শিক্ষার্থীগণ ১০টি পৃথক জেলার টিভিআই থেকে উত্তীর্ণ হয়েছেন। অতএব প্রতিটি ইনস্টিটিউটের উত্তরদাতাগণ থেকে প্রতিনিধিত্বকারী নমুনা চয়নের উদ্দেশ্যে প্রাপ্ত সর্বমোট নমুনার আকারকে (৪০০) প্রতিটি টিভিআইতে আনুপাতিক হারে ভাগ করে দেয়া হয়েছে। এই পদ্ধতিতে প্রাপ্ত নমুনার আকারকে নিম্নে প্রদর্শিত নমুনা ফ্রেমে দেখানো হলঃ

**সারণি-২.৩: ২০০৮ হতে ২০১৫ইং পর্যন্ত পাশকৃত শিক্ষার্থীগণের উপর জরিপের জন্য নমুনা ফ্রেম**

ক্রঃ নং	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	পাশকৃত শিক্ষার্থীর সংখ্যা (n <sub>i</sub> )	নমুনার আকার (n <sub>i</sub> X ৪০০)/৩৭১০
১.	টিভিআই, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ	২৩৭	২৬
২.	টিভিআই, কালিহাতি, টাঙ্গাইল	৫৯৫	৬৫
৩.	টিভিআই, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ	৩৬৬	৩৯
৪.	টিভিআই, ফরিদপুর সদর, ফরিদপুর	৩০০	৩২
৫.	টিভিআই, নোয়াখালী সদর, নোয়াখালী	৩৩৮	৩৬
৬.	টিভিআই, রামু, কক্সবাজার	৩০৩	৩২
৭.	টিভিআই, শাহজাদপুর, সিরাজগঞ্জ	৬৬৩	৭১
৮.	টিভিআই, গাইবান্ধা সদর, গাইবান্ধা	৪৫৪	৪৯
৯.	টিভিআই, নওগাঁ সদর, নওগাঁ	২১৭	২৪
১০.	টিভিআই, চাঁপাইনবাবগঞ্জ সদর,	২৩৭	২৬
	মোট	৩৭১০	৪০০

উপরোক্ত নমুনা ফ্রেম ব্যবহার করে Systematic Sampling-এর মাধ্যমে প্রতিটি টিভিআই থেকে নমুনা চয়ন করা হয়েছে। সমীক্ষায় শেষ পর্যন্ত নমুনার আকার দাঁড়ায় ৪১০-এ।

## বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের নমুনার আকার নির্ধারণ

প্রকল্প সমাপ্তির পর থেকে (জুন ২০১৪) টিভিআইগুলো কর্তৃক কতটুকু দক্ষতার সাথে কোর্সসমূহ পরিচালিত হচ্ছে, শিক্ষাপোষণের পর্যাপ্ততা, শিক্ষকগণের সক্ষমতা, শিক্ষা পদ্ধতি ইত্যাদি মূল্যায়নের জন্য বর্তমানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীগণের সাক্ষাৎকার আবশ্যিক। এই সাক্ষাৎকার বিষয়ের চলকগুলো যেহেতু গুণগত বৈশিষ্ট্য সম্পন্ন, তাই উদ্দেশ্যমূলক নমুনা (Purposive Sample) সংগ্রহ করা হয়েছে। এজন্য প্রতিটি টিভিআই থেকে প্রতি শ্রেণী (নবম ও দশম)-র দুজন করে শিক্ষার্থীকে দৈব চয়নের ভিত্তিতে সাক্ষাৎকারের জন্য নির্বাচন করায় এ ক্ষেত্রে মোট নমুনার আকার  $8 \times 10 = 80$  জন।

## এফজিডি (Focus Group Discussion)

প্রকল্পের অধীন ১০টি উপজেলায় প্রত্যন্ত অঞ্চলে এফজিডি পরিচালনার মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষিতে যেমন, গ্রামীণ ও স্বল্পম্নোত অঞ্চলের যুবশক্তির কর্মসংস্থান ও আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্পের ভূমিকা, সফলতা, ব্যর্থতা ও এ বিষয়ে ভবিষ্যৎ দিক নির্দেশনার ব্যাপারে তথ্য সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে অভিভাবক, স্থানীয় বন্দ্র/গার্মেন্টস শিল্পের প্রতিনিধি বা সংশ্লিষ্ট ব্যবসায়ী, স্থানীয় বণিক সমিতি / ব্যাংকের প্রতিনিধি, স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, প্রকল্প থেকে সরাসরি সুবিধা পায়নি এরূপ কন্ট্রোল গ্রুপের প্রতিনিধি (সাধারণ শিক্ষায় শিক্ষিত যুবক), স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও এনজিও কর্মী অন্তর্ভুক্ত ছিলেন।

## নিবিড় আলোচনা / পরামর্শমূলক বৈঠক (KII)

প্রকল্পের সার্বিক মূল্যায়নের জন্য প্রকল্প বাস্তবায়নকালে পূর্ণ বা আংশিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, বন্দ্র পরিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, ভোকেশনাল ইনস্টিটিউটের শিক্ষক/প্রশিক্ষক এবং বন্দ্র/গার্মেন্টস শিল্পের স্টেকহোল্ডারগণের সাথে নিবিড় আলোচনার মাধ্যমে তথ্য অনুসন্ধান করা হয়েছে। এ লক্ষ্যে প্রতিটি ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট-এর সুপার ও ২ জন শিক্ষক (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) এর সাক্ষাৎকার নেয়া হয়েছে। বন্দ্র ও পাট মন্ত্রণালয় এবং বন্দ্র পরিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার সাক্ষাৎকার নেয়া হয়েছে। এছাড়াও টিভিআই থেকে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বন্দ্রখাতের দক্ষ জনবলের যোগানসহ কি ভূমিকা রেখেছে তা জানার জন্য এবং বন্দ্রখাতের চাহিদা নিরূপণের জন্য সংশ্লিষ্ট চাকুরিদাতা প্রতিষ্ঠান (বন্দ্র শিল্প, গার্মেন্টস, বাইং হাউস ইত্যাদি) এবং পেশাজীবী সংগঠন (যেমন, বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ) এবং বিটিএমসি ইত্যাদি এর প্রতিনিধিদের মতামত নেয়া হয়েছে। অনুরূপভাবে সংশ্লিষ্ট ক্ষেত্রের ব্যবসায়ী ও অভিজ্ঞ ব্যক্তির মতামত গ্রহণ করা হয়েছে।

নমুনার আকার অনুযায়ী তথ্যদাতার প্রকার, তাদের সংখ্যা ও তথ্যসংগ্রহের উপকরণ নিম্নে প্রদান করা হলঃ

সারণি-২.৪: প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা ও তথ্য সংগ্রহ উপকরণ

ক্রঃ নং	তথ্যদাতার প্রকার	তথ্যদাতার সংখ্যা	তথ্য সংগ্রহ উপকরণ (Data Instrument)
১।	উত্তীর্ণ শিক্ষার্থী	৪১০ জন	কাঠামোগত প্রশ্নপত্র
২।	বর্তমান শিক্ষার্থী	৪০ জন	কাঠামোগত প্রশ্নপত্র
৩।	প্রকল্প সংশ্লিষ্ট সুপার ও শিক্ষক	৩০ জন	চেকলিস্ট সহ KII
৪।	বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বস্ত্র পরিদপ্তরের কর্মকর্তাগণ	৬ জন	চেকলিস্ট সহ KII
৫।	শিল্পঘন এলাকার বস্ত্রশিল্প ও ব্যবসার মালিক, বস্ত্রখাতের সমিতির মুখপাত্র ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞ	২৪ জন	চেকলিস্ট সহ KII
৬।	স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, স্থানীয় মিলকারখানার মালিক, অভিভাবক, ব্যবসায়ী/বণিক সমিতির প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, সাধারণ শিক্ষায় শিক্ষিত যুবক, সাংবাদিক, স্থানীয় জ্ঞানী এবং সম্মানী ব্যক্তিবর্গকে নিয়ে ১০ টি এলাকায় এফজিডি	৮-১০ জন (প্রতি এফজিডিতে)	চেকলিস্ট সহ এফজিডি
৭।	স্থানীয় পর্যায়ে কর্মশালা (স্টেকহোল্ডার ও উপকারভোগীগণের সমন্বয়ে)	১টি	সমীক্ষার বিষয়বস্তু উপস্থাপনাসহ মুক্ত আলোচনা
৮।	জাতীয় পর্যায়ে সেমিনার	১টি	

২.৪ সমীক্ষার করণীয় কর্মকান্ড

প্রারম্ভিক প্রতিবেদন পেশ করার পর কারিগরি ও স্টিয়ারিং কমিটির অনুমোদনক্রমে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ শুরু হয়। প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের পর যে সমস্ত কাজ করা হয়েছে সেগুলোর কর্মপরিকল্পনা (Work plan) অপর পৃষ্ঠায় প্রদত্ত হতে দেখানো হল:

## করণীয় কর্মসূচির ছক

ক্রমিক নম্বর	কাজের বিবরণ	কার্যক্রমের সময় (মাসভিত্তিক)			
		মার্চ	এপ্রিল	মে	জুন
১	প্রশ্নমালার প্রাক সার্ভে যাচাইকরণ	■			
২	প্রশ্নমালা চূড়ান্তকরণ	■			
৩	টেকনিক্যাল কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্টের উপর সুপারিশ প্রদান		■		
৪	স্টিয়ারিং কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্ট অনুমোদন		■		
৫	প্রশিক্ষণ, সরেজমিন পর্যবেক্ষণ ও মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহ		■		
৬	উপাত্ত সংগ্রহ কার্যক্রমের তদারকী		■		
৭	FGD পরিচালনা করা		■		
৮	স্থানীয় পর্যায়ে কর্মশালা পরিচালনা করা		■		
৯	সংগৃহীত উপাত্তকে পরিচ্ছন্নকরণ		■		
১০	ডাটা এন্ট্রি ও যাচাইকরণ		■		
১১	টেবুলেশন সম্পন্ন		■		
১২	ডাটা বিশ্লেষণ		■		
১৩	খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল		■		
১৪	খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি কর্তৃক পর্যালোচনা			■	
১৫	টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে খসড়া প্রতিবেদন সংশোধন ও চূড়ান্ত খসড়া প্রতিবেদন দাখিল			■	
১৬	জাতীয় পর্যায়ের সেমিনারে চূড়ান্ত খসড়া প্রতিবেদন উপস্থাপন ও মতামত সংগ্রহ				■
১৭	সেমিনারের মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ ও চূড়ান্ত প্রতিবেদন দাখিল				■

সংকেত:

সম্পন্ন : ■

## ২.৫ সমীক্ষা ব্যবস্থাপনা

### ২.৫.১ তথ্য সংগ্রহকারী নিয়োগ, প্রশিক্ষণ ও সাক্ষাৎকার গ্রহণ

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহে অভিজ্ঞ ১৬ জন তথ্য সংগ্রহকারী ও ৪ জন সুপারভাইজার নিয়োগ প্রদান করা হয়েছে। তাদেরকে সমীক্ষার বিষয় বস্তুর সঙ্গে পরিচিতকরণ ও প্রশিক্ষণ দিয়ে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য প্রেরণ করা হয়েছিল।

নির্ধারিত প্রশ্নপত্র অথবা চেকলিস্ট সহকারে তথ্য সংগ্রহকারীগণ উত্তরদাতাগণের সাক্ষাৎকার গ্রহণ করেছেন। তারা প্রশ্নপত্রেই উত্তর লিপিবদ্ধ করেছেন এবং প্রয়োজনে পৃথক কাগজেও নোট নিয়েছেন। প্রকল্পের খুঁটিনাটি সরেজমিনে পরিদর্শন, তথ্য যাচাই, নিবিড় আলোচনা, এফজিডি ইত্যাদির জন্য চেকলিস্ট সম্বলিত ফরম ব্যবহার করা হয়েছে।

### ২.৫.২ সমীক্ষা ও উপাত্তের মান নিয়ন্ত্রণ

মাঠ পর্যায়ে কাজের মান নিয়ন্ত্রণের জন্য ৪ জন সুপারভাইজার নিয়োজিত ছিলেন। সুপারভাইজারগণ প্রতিটি প্রশ্নপত্র ও চেকলিস্ট ঠিকমত পূরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখেন। তা ছাড়াও মূল পরামর্শকগণ দৈবচয়নের মাধ্যমে ৫% পূরণকৃত প্রশ্নপত্র ও চেকলিস্ট পরীক্ষা করে দেখেছেন এবং যথাযথভাবে মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে প্রশ্নপত্র পূরণ পদ্ধতি পরীক্ষান্তে তাঁরা সমাধানযোগ্য পরামর্শ দিয়েছেন।

### ২.৫.৩ উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

বিশেষজ্ঞগণ কম্পিউটারে উপাত্ত প্রক্রিয়াকরণ সম্পন্ন করেছেন। মাঠ হতে সংগৃহীত উপাত্ত ও বিশ্লেষণ নিয়মতান্ত্রিকভাবে পরিশুদ্ধ করে সেগুলো কম্পিউটারে এন্ট্রির মাধ্যমে রেকর্ড করা হয়েছে। উপাত্ত প্রক্রিয়ার জন্য প্রধানত SPSS (Version 20) এবং ক্ষেত্র বিশেষে Microsoft Access ও Microsoft Excel 2010 ব্যবহার করা হয়েছে। যথাযথ Tabulation-এর সাহায্যে উপাত্ত প্রক্রিয়ার ফলাফল সারণি, গ্রাফ ও চার্ট আকারে উপস্থাপন করা হয়েছে এবং সেগুলো সমীক্ষার বিশ্লেষণ ও ব্যাখ্যার জন্য যথাস্থানে ব্যবহৃত হয়েছে।

### ২.৫.৪ প্রতিবেদন প্রস্তুতকরণ

মাঠ পর্যায়ের সমীক্ষা শুরুর পূর্বেই প্রারম্ভিক প্রতিবেদন কারিগরি কমিটি এবং স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছিল। সমীক্ষা শেষে প্রক্রিয়াকৃত তথ্য-উপাত্ত, পর্যবেক্ষণ, মন্তব্য ও সুপারিশসহকারে সুবিন্যস্তভাবে এবং সহজ বোধগম্য ভাষায় খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছিল। খসড়া প্রতিবেদন-এ উপাত্ত বিশ্লেষণের ফলাফল, ব্যাখ্যা, বিশ্লেষণ, মন্তব্য ও সুপারিশ অন্তর্ভুক্ত ছিল। খসড়া প্রতিবেদনের উপর দেয়া সংশ্লিষ্ট কমিটির মন্তব্যের আলোকে প্রতিবেদনটি সংশোধন করে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। চূড়ান্ত খসড়া প্রতিবেদনের কপি জাতীয় সেমিনারে উপস্থাপন করে সেমিনারে অংশগ্রহণকারীগণের মন্তব্য বিবেচনায় নিয়ে আইএমইডি (IMED)-এর মূল্যায়ন সেক্টরের সাথে আলোচনা করে প্রতিবেদনটি চূড়ান্ত করা হয়েছে।

## অধ্যায়-৩

### প্রকল্প বাস্তবায়ন কর্মকান্ডের পর্যালোচনা

#### ৩.১ বস্ত্র পরিদপ্তরের ভোকেশনাল প্রশিক্ষণ ব্যবস্থাঃ প্রকল্প শুরুর পূর্বে ও বর্তমানে

বস্ত্র পরিদপ্তরের সূত্র অনুসারে ১৯১০ সালে সাবেক বৃটিশ সরকার কর্তৃক কতগুলো ভ্রাম্যমান বয়ন বিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে টেক্সটাইল শিক্ষা বা প্রশিক্ষণের কার্যক্রম শুরু হয়। বস্ত্র পরিদপ্তর অধীনস্থ একটি প্রতিষ্ঠানের প্রকাশনা থেকে জানা যায়, বৃটিশ শাসনামলে তৎকালীন অবিভক্ত বাংলা সরকার কর্তৃক ৩৩টি প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রতিষ্ঠান বর্তমান বাংলাদেশের ভৌগলিক সীমায় স্থাপিত হয়। এ সব প্রতিষ্ঠানে বস্ত্র প্রযুক্তির উপর ১ বছর মেয়াদী আর্টজেন কোর্স চালু ছিল। বস্ত্র পরিদপ্তর স্থাপনের (১৯৭৭) পর ১৯৮০ সালে বরিশালে ১ টি টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন করা হয় এবং পূর্বের ৫ টি সহ মোট ৬ টিতে আর্টজেন কোর্স বিলুপ্ত করে ২ বছর মেয়াদি টেক্সটাইল সার্টিফিকেট কোর্স চালু করা হয়।

১৯৯৪ সালে “২৭টি বয়ন স্কুল রি-অর্গানাইজেশন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২৭ টি ভ্রাম্যমান বয়ন বিদ্যালয় প্রতিষ্ঠানে আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করতঃ আর্টজেন কোর্সকে যুগোপযোগী করা হয়। পরবর্তীতে ১৯৯৬ সালে “এসএসসি ভোকেশনাল টেক্সটাইল কোর্স বাস্তবায়ন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৬ মাস মেয়াদী আর্টজেন কোর্সকে বিলুপ্ত করে এসএসসি বিজ্ঞান সমমানের ২ বছর মেয়াদী এসএসসি টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু করা হয়। প্রতিষ্ঠানগুলোকে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট নামকরণ করা হয়। এছাড়া আরো ১ টি নতুন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়। ফলে প্রতিষ্ঠানের সংখ্যা দাঁড়ায় ২৮ টিতে। ১৯৯৮ সালে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ২ টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট নতুন ভাবে প্রতিষ্ঠিত হয়।

বস্ত্র পরিদপ্তরের অধীনে বর্তমান ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট সহ মোট ৪০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট রয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানে ৪ টি করে ড্রেড কোর্স চালু আছে। ড্রেডগুলি হলোঃ (১) ডেসমেকিং (২) উইভিং (৩) ডাইং, প্রিন্টিং এন্ড ফিনিশিং এবং (৪) নিটিং।

#### ৩.২ বস্ত্র পরিদপ্তর অধীনস্থ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

বস্ত্র পরিদপ্তরের আওতায় বর্তমানে এসএসসি ভোকেশনাল কোর্স ছাড়াও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ও বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালিত হচ্ছে। নিম্নের সারণিতে বস্ত্র পরিদপ্তর পরিচালিত শিক্ষা কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী দেয়া হলঃ

#### সারণি- ৩.১: বস্ত্র পরিদপ্তর পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের বিবরণ

ক্রঃ নং	প্রতিষ্ঠানের ধরন	কোর্সের ধরন ও মেয়াদকাল	সংখ্যা	অনুমোদিত আসন সংখ্যা (প্রতিটিতে)	মোট আসন সংখ্যা	আর্থিক পরিচালন খাত
১.	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	২ বছর মেয়াদী এসএসসি ভোকেশনাল	৩০টি	১২০টি	৩৬০০	২৮টি রাজস্বখাতে পরিচালিত এবং পার্বত্য চট্টগ্রামের ২টি ইনস্টিটিউট রাজস্বখাতে স্থানান্তরের প্রক্রিয়াধীন
২.	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	২ বছর মেয়াদী এসএসসি ভোকেশনাল	১০টি	১২০টি	১২০০	প্রকল্প (রাজস্বখাতে স্থানান্তরের প্রক্রিয়াধীন)
৩.	টেক্সটাইল ইনস্টিটিউট	৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	৩টি	৯০	৩৬০*	রাজস্বখাতে পরিচালিত
৪.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ	৪ বছর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	৫টি	১২০	৬০০	রাজস্বখাতে পরিচালিত

\*টাংগাইল টেক্সটাইল ইনস্টিটিউটে ২য় সিস্টে ডিপ্লোমা ইন জুট টেকনোলজি কোর্স পরিচালনা করা হয়।

**৩.৩ “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” প্রকল্প**


দুই (২) বছর মেয়াদী এসএসসি ভোকেশনালের জন্য “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” প্রকল্পটি ২০০৬ সনের জানুয়ারী মাসে শুরু হয়। প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট অধ্যায়-১ এর ১.১ অনুচ্ছেদে বর্ণিত হয়েছে। প্রকল্পটি ২০০৮ সনের জুন মাসে সমাপ্ত হওয়ার কথা ছিল। কিন্তু নানাবিধ কারণে ডিপিপি ৩ বার সংশোধন করার ফলে প্রকল্পটি শেষ হয় ২০১৪ সনে। ফলে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় যা মূল ডিপিপিতে ছিল ২৪.৫০ কোটি টাকা তা ১ম, ২য় এবং ৩য় সংশোধনীতে বেড়ে গিয়ে দাঁড়ায় যথাক্রমে ২৬.৯০ কোটি, ৬২.১১ কোটি এবং ৭৩.০৬ কোটি টাকায়। নিম্নে মূল ও সংশোধিত ডিপিপি সমূহের প্রাক্কলিত ব্যয়ের বিভাজন দেখান হল।

**সারণি- ৩.২: “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পের মূল, ১ম, ২য় ও ৩য় সংশোধনী অনুযায়ী লক্ষ্যমাত্রা**

(লক্ষ টাকা)										
ক্র: নং	ইকোনমিক কোড	অঙ্গ ভিত্তিক কাজের বিবরণ (ডিপিপি অনুযায়ী)	লক্ষ্যমাত্রা (মূল ডিপিপি)		লক্ষ্যমাত্রা (১ম সংশোধনী)		লক্ষ্যমাত্রা (২য় সংশোধনী)		লক্ষ্যমাত্রা (৩য় সংশোধনী)	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
<b>(ক) রাজস্ব খাত</b>										
১	৪৫০০	জনবল	৩৪৪.০০	১৫২ জন	৩৪৪.০০	১৫২ জন	৮৮০.০০	১৫১ জন	১২৪১.১৪	১৫১ জন
		ট্রেনিং	৮.০০	১৩০ জন	৯.৫০	১৭০ জন	১১.৫০	৩৮০ জন	২১.৩১	৩৮০ জন
		বই ও জার্নাল	২০.০০	-	২০.০০	-	১৮.০০	-	২৩.০০	-
		অফিস ভাড়া	৩৬.০০	-	৪০.০০	-	৮১.৫০	-	৮৯.০০	-
		রিভলভিং ফান্ড	১০.০০	-	১০.০০	-	১০.০০	-	১০.০০	-
		অন্যান্য খরচ	৫০.০০	-	৭০.০০	-	১৩০.০০	-	১৯৯.৭০	-
৩	৪৯০০	মেরামত ও রক্ষণাবেক্ষণ	-	-	-	-	৪.৪১	-	২১.৩২	-
৪	৫৯৬৩	বৃত্তি ও কারখানা ট্রেনিং	৩২.৪০	৩০০০ জন	৪০.৪০	৪৬০০ জন	৮৮.২০	৭৬৫০	১০৮.৭৩	৮৮৫০ জন
		<b>উপ-মোট (ক)</b>	<b>৫০০.৪০</b>		<b>৫৩৩.৯০</b>		<b>১২২৩.৬১</b>		<b>১৭১৪.২০</b>	
<b>(খ) মূলধন খাত</b>										
৫	৬৮২১	যন্ত্রপাতি	৩৩২.৭০	৯৪০ টি	৩৩২.৭০	৯৪০টি	২৭২.০০	৪১০ টি	৩৬০.০০	৪১৭টি
৬	৬৮১৫	আসবাকপত্র	৫৮.০০	১৩৮০ টি	৫৮.০০	১৫০০টি	৯৯.২৫	২১৮৪ টি	১৫৯.০৭	৩৩১২টি
৭	৬০০০	জমি অধিগ্রহণ	২৫০.০০	১২.৫০ একর	৩২৫.০০	১২.৫০ একর	৫৭৩.০০	১২.১৭ একর	৩৮৯.২৫	১২.২৯ একর
৮	৭০০০	পূর্ত	১৩০৮.৯০	১০৫০০ ব:মি:	১৩৯০.৪০	১০৫০০ ব:মি:	৩৭৫৪.৬৩	১৩০১৪ ব:মি:	৪১৪১.৬২	১৪৫৪৫ ব:মি:
৯	৭০০১	ভূমি উন্নয়ন	-	০	৫০.০০	২৭৯২১	২৮৮.৫১	১৪৬৩১৬	২৯৩.২৪	১৪৩০৯৬
		<b>উপ-মোট (খ)</b>	<b>১৯৪৯.৬০</b>		<b>২১৫৬.১০</b>		<b>৪৯৮৭.৩৯</b>		<b>৫৩৪৩.১৮</b>	
১০		ফিজিকাল কনটিনজেন্সী	-		-		-		১৪১.১৪	
১১		প্রাইস কনটিনজেন্সী	-		-		-		১০৭.৪৮	
		<b>সর্বমোট</b>	<b>২৪৫০.০০</b>		<b>২৬৯০.০০</b>		<b>৬২১১.০০</b>		<b>৭৩০৬.০০</b>	
		<b>সর্বমোট (কোটি টাকায়)</b>	<b>২৪.৫০</b>		<b>২৬.৯০</b>		<b>৬২.১১</b>		<b>৭৩.০৬</b>	


সূত্রঃ ডিপিপি ও ভারডিপিপি

চিত্র-৩.১: “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পের মূল, ১ম, ২য় ও ৩য় সংশোধনী  
অনুযায়ী প্রাক্কলিত মোট ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সময়সীমা



নিম্নের লেখচিত্র থেকে দেখা যায় যে, পূর্ত, ভূমি অধিগ্রহণ, জনবল ও আসবাবের ক্ষেত্রে মূল্য অধিক মাত্রায় বেড়ে যাওয়ার কারণে ২য় ও ৩য় সংশোধনীতে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অস্বাভাবিক মাত্রায় বৃদ্ধি পেয়েছে। পূর্ত কাজের ব্যয়ের ক্ষেত্রে মূল ডিপিপি'র তুলনায় ৩য় সংশোধনীতে বৃদ্ধির পরিমাণ ছিল ২৮.৩৩ কোটি টাকা। অনুরূপভাবে ভূমি অধিগ্রহণ ও জনবল ব্যয় বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ১.৩৯ কোটি এবং ৮.৯৭ কোটি টাকা। আসবাবের ক্ষেত্রেও এই ব্যয় বৃদ্ধি পেয়েছে ১.০১ কোটি টাকা। প্রকল্প বারবার সংশোধনের কারণ হিসেবে সময়মত ভূমি অধিগ্রহণে বিফলতা, মাঝপথে প্রকল্পের কলেবর বৃদ্ধি, বাস্তবায়নের পূর্বেই দর বৃদ্ধি ইত্যাদিকে দায়ী করা হয়েছে।

চিত্র-৩.২: সংশোধিত ডিপিপিসমূহে অংগভিত্তিক ব্যয় বৃদ্ধির চিত্র



সারণি-৩.৩: প্রকল্প সংশোধনে বরাদ্দ ও মূল ডিপিপি'র তুলনায় ব্যয় বৃদ্ধির শতকরা হার

ক্রঃ নং	ডিপিপি প্রণয়ন/ সংশোধনী	সময়কাল	বরাদ্দকৃত ব্যয় (লক্ষ টাকা)	বরাদ্দ বৃদ্ধির হার (শতভাগ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	অতিরিক্ত ব্যয় বৃদ্ধির হার (শতভাগ)
১।	মূল ডিপিপি (০২ জানুয়ারী, ২০০৬)	জানুয়ারী ২০০৬ - জুন ২০০৮	২৪৫০.০০		৬৯৬১.৭১ (সারণি ৩.৫ দ্রষ্টব্য)	১৮৪.১৫%
২।	১ম সংশোধনী (২১ এপ্রিল, ২০০৮)	জানুয়ারী ২০০৬- ডিসেম্বর ২০০৯	২৬৯০.০০	৯.৮০%		১৫৮.৮০%
৩।	২য় সংশোধনী (২২ সেপ্টেম্বর, ২০১০)	জানুয়ারী ২০০৬- ডিসেম্বর ২০১২	৬২১১.০০	১৫৩.৫১%		১২.০৯%
৪।	৩য় সংশোধনী (০৭ ফেব্রুয়ারী, ২০১৩)	জানুয়ারী ২০০৬- জুন ২০১৪	৭৩০৬.০০	২৯৭.৬৭%		(৪.৭১%)

সারণি-৩.৪: ডিপিপি সংশোধন ও ব্যয় বৃদ্ধির কারণ

ক্রঃ নং	মূল ডিপিপি/ সংশোধনী (অনুমোদনের সময়)	পূর্বের ডিপিপি'র তুলনায় বৃদ্ধি (লক্ষ টাকা)	পূর্বের ডিপিপি'র তুলনায় উচ্চ মাত্রায় ব্যয় বৃদ্ধির খাতসমূহ	ডিপিপি সংশোধনের কারণ
১।	মূল ডিপিপি	-	-	-
২।	১ম সংশোধনী	২৪০.০০	(ক) ভূমি অধিগ্রহণঃ ২৫০.০০ লক্ষ থেকে ৩২৫.০০ লক্ষ (৭৫.০০ লক্ষ টাকা বৃদ্ধি) (খ) পূর্ত কাজঃ ১৩০৮.৯০ লক্ষ থেকে ১৩৯০.৪০ লক্ষ (৮১.৫০ লক্ষ টাকা বৃদ্ধি)	(ক) ভূমি অধিগ্রহণ ও পূর্তকাজে বিলম্ব (খ) নির্মাণ সামগ্রীর ব্যয় বৃদ্ধি পাওয়ায় PWD'র পরিবর্তিত রেট শিডিউল অনুযায়ী প্রকল্পের ব্যয় মূল ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অপেক্ষা বেশী হওয়ায় ১ম সংশোধন করা হয়।
৩।	২য় সংশোধনী	৩৫২১.০০	(ক) জনবলঃ ৩৪৪.০০ লক্ষ থেকে ৮৮০.০০ লক্ষ টাকা (৫৩৬.০০ লক্ষ টাকা বৃদ্ধি) (খ) ভূমি অধিগ্রহণঃ ৩২৫.০০ লক্ষ থেকে ৫৭৩.০০ লক্ষ (২৪৮.০০ লক্ষ টাকা বৃদ্ধি) (গ) পূর্ত কাজঃ ১৩৯০.৪০ লক্ষ থেকে ৩৭৫৪.৬৩ লক্ষ (২৩৬৪.২৩ লক্ষ টাকা বৃদ্ধি) (ঘ) ভূমি উন্নয়নঃ ৫০.০০ লক্ষ থেকে ২৮৮.৫১ লক্ষ (২৩৮.৫১ লক্ষ টাকা বৃদ্ধি)	- নূতন পে স্কেল ও জনমাস বৃদ্ধির কারণে জনবল খাতে ব্যয় বৃদ্ধি পায়। - বাংলাদেশ কারিগরি বোর্ডের নির্দেশনা অনুযায়ী ৩টি ট্রেডের স্থলে ৪টি ট্রেড (নিটিং) চালু করায় অতিরিক্ত শ্রেণীকক্ষ এবং ল্যাবরেটরীর স্থান সংকুলানের জন্য নির্মাণ কাজের ব্যয় বৃদ্ধি পায়। - ২০০৯ সনে টাংগাইল ও নওগাঁ টিভিআই এর নির্মাণ কাজ চলমান ছিল। গাইবান্ধার নির্মাণ কাজ শুরু হয়নি কারণ স্থানটি তখনো জলাশয় ছিল। নোয়াখালী ও কেরানীগঞ্জে ভূমি অধিগ্রহণ করা যায়নি। কেরানীগঞ্জে জমি অধিগ্রহণে RAJUK এর সম্মতি প্রদানে বিলম্বের কারণে কেরানীগঞ্জের পরিবর্তে মানিকগঞ্জে জমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছিল। - কাঁটাতারের বেড়ার পরিবর্তে ২৯৮৬ আর.এম বাউন্ডারী ওয়াল নির্মাণ

				<p>কাজের প্রস্তাব করা হয়।</p> <ul style="list-style-type: none"> <li>- অভ্যন্তরীণ রাস্তার পরিমাণ ২০০০ বঃমিঃ থেকে বাড়িয়ে ৩১৭৩ বঃমিঃ করার প্রস্তাব করা হয়।</li> <li>- বৃষ্টির পানি সংরক্ষণের জন্য জলাধার, সোলার প্যানেল ও বৃক্ষায়ণ অন্তর্ভুক্ত করা হয়।</li> </ul>
৪।	৩য় সংশোধনী (০৭ ফেব্রুয়ারী, ২০১৩)	১০৯৫.০০	<p>(ক) জনবলঃ ৮৮০.০০ লক্ষ থেকে ১২৪১.১৪ লক্ষ টাকা (৩৬১.১৪ লক্ষ টাকা বৃদ্ধি)</p> <p>(খ) পূর্ত কাজঃ ৩৭৫৪.৬৩ লক্ষ থেকে ৪১৪১.৬২ লক্ষ (৩৮৬.৯৯ লক্ষ টাকা বৃদ্ধি)</p> <p>(ঘ) Physical contingency ও Price contingency বাবদ মোট ২৪৮.৬২ লক্ষ টাকা ৩য় সংশোধনীতে অন্তর্ভুক্ত করা হয়। তবে এ খাতে কোন ব্যয় হয়নি।</p>	<ul style="list-style-type: none"> <li>- ৭টি ইনস্টিটিউটের কাজ সমাপ্ত হয়েছিল কিন্তু ১টি ইনস্টিটিউট (গাইবান্ধা) এর কাজ ৮০% এবং ২টি ইনস্টিটিউটের (নোয়াখালী ও মানিকগঞ্জ) কাজ ২০-২২% শেষ হয়েছিল।</li> <li>- ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী নোয়াখালী ও মানিকগঞ্জ টিভিআই এর একাডেমিক কাম প্রশাসনিক ভবনের আয়তন ছিল প্রতিটি ৭২৩ বঃমিঃ। কিন্তু বাকি ৮টি টিভিআই এর একাডেমিক কাম প্রশাসনিক ভবনের আয়তন ছিল প্রতিটি ১৪৪৬ বঃমিঃ। নোয়াখালী ও মানিকগঞ্জ টিভিআই এর আয়তন অন্যান্যগুলোর সমান করার জন্য প্রকল্পের নির্মাণ কাজ ১৫৩১ বঃমিঃ বৃদ্ধি পেয়েছিল।</li> <li>- ২৯৮৬ আর.এম বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ বাড়িয়ে ৩৫৮৬ আর.এম করা হয়।</li> <li>- অভ্যন্তরীণ রাস্তার পরিমাণ ৩১৭৩ বঃমিঃ থেকে বাড়িয়ে ৪৭৮৪ বঃমিঃ করা হয়।</li> </ul>

সূত্রঃ ডিপিপি, পিইসি প্রতিবেদন ও বস্ত্র পরিদপ্তরের কর্মকর্তাগণের সাথে আলাপচারিতা

### ৩.৪ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতার কারণ ও প্রভাব

পরামর্শকদল লক্ষ্য করেছেন যে, প্রকল্প গ্রহণ বা ডিপিপি প্রণয়নের পূর্বে কোন প্রকার সমীক্ষা নির্ভর সম্ভাব্যতা যাচাই করা বা অনুরূপ কোন বিশ্লেষণও হয়নি। বস্ত্র পরিদপ্তরের বক্তব্য অনুযায়ী দেখা যাচ্ছে যে, প্রকল্পের সাথে জড়িত কর্মকর্তাগণের ডিপিপি প্রণয়ন, পিপিআর ২০০৮, প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কোন প্রশিক্ষণ নেই। অন্যদিকে প্রকল্প সংক্রান্ত কোন ভীতি, নাজুকতা, Sensitivity বিশ্লেষণ এবং সম্ভাব্য নেতিবাচক কারণ নির্ভর কোন cause effect সম্পর্কও বিশ্লেষণ বা অনুরূপ চর্চা হয়নি। ফলে এ ধরনের প্রকল্পের বাস্তবায়ন বাধাগ্রস্ত ও প্রলম্বিত হওয়ার সম্ভাবনা থেকে যায়।

বস্ত্র পরিদপ্তর স্ব-উদ্যোগে প্রকল্পের সময় ও কর্মকালের গুণগত মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে নিজস্ব উদ্যোগে পরিবীক্ষণ ও মধ্যমেয়াদী মূল্যায়নও করেনি। এতদসংক্রান্ত কোন Matrix/Check List বা QC tools ও তাদের ছিল না। এ ধরনের একটি জনবলকে প্রকল্প সম্পর্কে পদ্ধতিগত প্রশিক্ষণ না দিয়ে এরূপ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পরামর্শকদলের দৃষ্টিতে একটি পদ্ধতিগত ও কৌশলগত তুল বলে প্রতীয়মান হয়েছে। তদুপরি প্রকল্পের নেতৃত্বে বারে বারে পরিবর্তন হয়েছে; ২০০৬ থেকে ২০১৪ পর্যন্ত ৯ জন প্রকল্প পরিচালক ছিলেন।

ক্রঃ নং	নাম ও পদবী	তারিখ	
		যোগদান	ট্রান্সফার
১.	শফিকুল আলম মেহেদী, (উপসচিব)	২৪/০১/২০০৬	১৫/০৬/২০০৬
২.	মো : আতাউল হক, (উপসচিব)	১৫/০৬/২০০৬	১০/০৮/২০০৬
৩.	এস,এম মো : আব্দুল বাতেন, (উপসচিব)	১০/০৮/২০০৬	১৭/১০/২০০৭
৪.	মো : আতাউল হক, (উপসচিব)	১৭/১০/২০০৭	১৩/১১/২০০৭
৫.	মো : সিরাজ উদ্দিন মিয়া, যুগ্ম-সচিব	১৩/১১/২০০৭	১৬/০২/২০০৯
৬.	শেখ মো : মোবারক হোসেন, যুগ্ম-সচিব	১৬/০২/২০০৯	০২/০৪/২০০৯
৭.	মো : মোফাজ্জল হোসেন, (অধ্যক্ষ)	২৮/০৪/২০০৯	০৩/০৬/২০০৯
৮.	এ,এইচ,এম শামসুজ্জামান, (উপসচিব)	০৪/০১/২০১০	০৬/০৮/২০১২
৯.	মো : খুরশীদ ইকবাল রেজভী, (উপসচিব)	০৭/০৮/২০১২	৩০/০৬/২০১৪

বস্ত্র পরিদপ্তরে একটি প্রশিক্ষিত প্রকল্প টিমসহ প্রকল্পের ক্ষুদ্রাংশের সময়-ভিত্তিক বাস্তবায়ন, অগ্রগতি, বাধা-বিপত্তি, দায়-দায়িত্ব, প্রতিবন্ধকতা ও তা উত্তরণের পরামর্শ এবং তা মেনে চলার সাক্ষ্যসহ ঘন ঘন (৩ থেকে ৬ মাস অন্তর) পরিবীক্ষণের কাঠামোগত chain of document থাকলে প্রকল্প পরিচালক পরিবর্তনে সম্ভবত এত অসুবিধা হত না।

বস্ত্র পরিদপ্তর, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও পিসিআর অনুসারে প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতার কারণগুলো নিয়ে দেখানো হলঃ

বস্ত্র পরিদপ্তর	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	পিসিআর ও পিইসি সভা
<ul style="list-style-type: none"> <li>ভূমি অধিগ্রহণে বিলম্ব</li> <li>প্রকল্প বাস্তবায়ন শুরুর পরে ড্রেড কোর্সের বৃদ্ধি (যেমন নিটিং)</li> <li>প্রকল্পের নকশা প্রাপ্তিতে বিলম্ব</li> <li>পূর্ত /নির্মাণ কাজের আয়তন ও সময়ের সাথে নির্মাণ কাজের রেট বৃদ্ধি</li> <li>আসবাবের পরিমাণ বৃদ্ধি ইত্যাদি</li> <li>প্রকল্প সময় সীমার মধ্যে অনির্ধারিত পরিবর্তন (কেরানীগঞ্জ হতে মানিকগঞ্জে স্থানান্তর)</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ডিপিপি প্রণয়নের সময় ঝুঁকিগুলো ভালভাবে পর্যালোচনা করা হয়না,</li> <li>ভূমি অধিগ্রহণে জটিলতার কারণে বিলম্ব</li> <li>প্রকল্পের ডিপিপি প্রণয়নে ত্রুটি বিচ্যুতি</li> <li>পদ্ধতিগত নিয়ম মেনে প্রকল্প বাস্তবায়নে অভিজ্ঞতার অভাব</li> <li>প্রকল্প বাস্তবায়ন সিডিউল না মেনে স্ব-নিয়মে কাজ করা</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ভূমি অধিগ্রহণে বিলম্বের কারণে পূর্ত কাজেরও বিলম্ব</li> <li>নকশা সংগ্রহে বিলম্ব।</li> <li>প্রকল্প বাস্তবায়নে ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনা।</li> </ul>

ভূমি অধিগ্রহণের জটিলতা নূতন কোন বিষয় না হলেও এই সমস্যার কারণে বিবেচ্য প্রকল্পসহ অন্যান্য অনেক সরকারি ও বেসরকারি প্রকল্প বিলম্বিত হয়েছে এবং হচ্ছে। এ কথা সত্য, তবে এই জানা বিষয়গুলো আগে থেকে যথাযথ বিবেচনায় না রেখে প্রকল্প প্রণয়নই একটি কৌশলগত ভুল বলে পরামর্শকদল মনে করে। ভূমি অধিগ্রহণে বিলম্ব হওয়ার কারণে নির্মাণ এবং ক্রয় /সংগ্রহের কাজও পিছিয়ে যায়। সময়ের সঙ্গে প্রকল্প ইনপুট (নির্মাণ সামগ্রী, সেবা, যন্ত্রপাতি, আসবাব, বইপত্র ও অন্যান্য মালামাল) এর মূল্য বৃদ্ধি পাওয়ায় প্রকল্প ব্যয় বৃদ্ধি পায় এবং প্রকল্প পুনরায় সংশোধিত হয় যা প্রক্রিয়াগত সময় (Procedural time) ও বাস্তবায়ন সময় উভয়কে প্রলম্বিত করে।

প্রকল্প বাস্তবায়নের আদ্যপান্ত ইতিহাস পর্যালোচনা করে পরামর্শকদল ক্রমানুসারে নিম্নলিখিত কারণগুলোকে দায়ী মনে করেঃ

- ❖ ত্রুটিপূর্ণ ডিপিপি (প্রকল্প সম্পর্কে ধারণা অতি সুস্পষ্ট না করে; এতদ সংক্রান্ত পর্যাপ্ত তথ্য পর্যালোচনা না করে; বাস্তবায়ন সংক্রান্ত ফ্যাক্টর, বটলনেক ও চ্যালেঞ্জগুলো চিহ্নিত ও আলোচনা না করে; CPM বিষয়টি আমলে না নিয়ে এবং রিস্ক পর্যালোচনা ও নিরসন বিষয়ে ব্রেইন-স্টর্মিং না করে ডিপিপি প্রণয়নের কারণে)
- ❖ প্রকল্প বাস্তবায়নে বস্ত্র পরিদপ্তর, মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের সমন্বয়হীনতা
- ❖ প্রকল্প পরিচালকগণের প্রকল্প স্থানে নিয়মিত অবস্থানের মাধ্যমে কর্মকান্ড তত্ত্বাবধান না করা
- ❖ প্রকল্পের নেতৃত্বে ঘনঘন পরিবর্তন
- ❖ প্রকল্প টিমে যথেষ্ট অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারী অন্তর্ভুক্ত না রাখা বা তাদের প্রশিক্ষণের ব্যবস্থা না করা
- ❖ প্রকল্প বাস্তবায়ন সিডিউল না মেনে স্ব-নিয়মে কাজ করা
- ❖ নিজস্ব উদ্যোগে পরিবীক্ষণ ও মধ্যমেয়াদী মূল্যায়ন এবং এতদসংক্রান্ত কোন Matrix/Check List বা QC tools ব্যবহার না করা।
- ❖ প্রকল্প বাস্তবায়নে ত্রুটিপূর্ণ ও দুর্বল ব্যবস্থাপনা।

ভবিষ্যতে প্রকল্প হাতে নেয়ায় সময় উপর উল্লেখিত বিষয়গুলো বিবেচনায় রাখা প্রয়োজন। যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের সঙ্গে জড়িত থাকবেন প্রকল্প সমাপ্ত না হওয়া পর্যন্ত তাঁদেরকে (প্রকল্প পরিচালকসহ) সংশ্লিষ্ট কর্মস্থলে বহাল রাখা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে একজন উপ-প্রকল্প পরিচালক অথবা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিয়োগ দেয়া যেতে পারে-যিনি অবশ্যই একজন বিষয় ভিত্তিক বিশেষজ্ঞ হবেন।

বিবেচ্য প্রকল্পটি ৩ বার সংশোধিত হয়ে তৃতীয় সংশোধনী অনুযায়ী সমাপ্ত হওয়ায় অতিরিক্ত সময় লেগেছে প্রায় ৬ বছর (Time overrun ২৪০%) কেননা ২ বছর ৬ মাসের পরিবর্তে ৮ বছর ৬ মাসে বাস্তবায়িত হয়েছে। আর Cost Overrun হয়েছে ৪৫.১২ কোটি টাকা (১৮৪.১৫%)। উপর বর্ণিত কারণগুলো মিলিতভাবেই বিবেচ্য প্রকল্পের ৬ বছর সময় বেশি ও ৪৫.১২ কোটি টাকা খরচ বেশির জন্য দায়ী। তা ছাড়াও মূল ডিপিপির মেয়াদে প্রকল্প বাস্তবায়ন হলে যেখানে ২০১৫ পর্যন্ত সর্বোচ্চ ৮৪০০ জন ফ্লোর লেভেল-এর দক্ষ জনবল তৈরি করা যেত, সেখানে প্রলম্বিত বাস্তবায়নের ফলে মাত্র ৩৭১০ জন তৈরি সম্ভব হয়েছে।

নিম্নে Cost Overrun এর একটি তুলনামূলক ছক প্রদান করা হলঃ

**সারণি-৩.৫: প্রকল্পের Cost Overrun**

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অংশ ভিত্তিক কাজের বিবরণ (ডিপিপি অনুযায়ী)	প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	Cost Overrun
		মূল ডিপিপি	ওয় সংশোধিত		
(ক)	রাজস্ব খাত				
১	জনবল	৩৪৪.০০	১২৪১.১৪	১২২২.৪৮	২৫৫.৩৭%
২	জনবলের ট্রেনিং (৩৮০ জন)	৮.০০	২১.৩১	২০.৩৯	১৫৪.৮৭%
৩	বই ও জার্নাল	২০.০০	২৩.০০	১৭.১৮	-১৪.১০%
৪	অফিস ভাড়া	৩৬.০০	৮৯.০০	৮৭.০৮	১৪১.৮৯%
৫	রিভলভিং ফান্ড	১০.০০	১০.০০	১০.০০	০.০০%
৬	অন্যান্য খরচ	৫০.০০	১৯৯.৭০	১৯৭.৩৩	২৯৪.৬৬%
৭	মেরামত ও রক্ষণাবেক্ষণ	০.০০	২১.৩২	২১.২৬	-
৮	বৃত্তি ও কারখানা ট্রেনিং (৮৮৫০ জন)	৩২.৪০	১০৮.৭৩	১০৮.৬৯	২৩৫.৪৬%
	<b>উপ-মোট (ক)</b>	<b>৫০০.৪০</b>	<b>১৭১৪.২০</b>	<b>১৬৮৪.৪১</b>	<b>২৩৫.২৭%</b>
(খ)	মূলধন খাত				
৯	জমি অধিগ্রহণ	২৫০.০০	৩৮৯.২৫	৩৮৮.৮০	৫৫.৫২%
১০	পূর্ত (১৪,৫৪৫ sqm)	১৩০৮.৯০	৪৪৩৪.৮৬	৪৪০৯.৮৫	২৩৬.৯১%
১১	আসবাবপত্র (৩৩১২ টি)	৫৮.০০	১৫৯.০৭	১৩৯.২৮৫	১৪০.১৪%
১২	যন্ত্রপাতি (৪১৭ টি)	৩৩২.৭০	৩৬০.০০	৩৩৯.৩৬৫	২.০০%
	<b>উপ-মোট (খ)</b>	<b>১৯৪৯.৬০</b>	<b>৫৩৪৩.১৮</b>	<b>৫২৭৭.৩০</b>	<b>১৭০.৬৯%</b>
১৩	ফিজিক্যাল কন্টিনজেন্সী		১৪১.১৪	০	
১৪	প্রাইস কন্টিনজেন্সী		১০৭.৪৮	০	
	<b>সর্বমোট</b>	<b>২৪৫০.০০</b>	<b>৭৩০৬.০০</b>	<b>৬৯৬১.৭১</b>	<b>১৮৪.১৫%</b>

টাকার অংকে সবচেয়ে বেশি Cost overrun হয়েছে পূর্ত কাজে; মূল ডিপিপিতে বর্ণিত প্রাক্কলিত ব্যয় ১৩.০৯ কোটি টাকার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে প্রায় ৪৪.১০ কোটি টাকা। এই বিস্তার প্রভেদটি ব্যয় উপকরণ মূল্য পরিবর্তনের প্রেক্ষাপটে কতটুকু আনুপাতিক তা বুঝার জন্য এ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট PWD এর একজন ইঞ্জিনিয়ারসহ কতিপয় সিভিল ইঞ্জিনিয়ার (যারা সরকারি প্রকল্পের সাথে জড়িত) এর সাথে আলাপচারিতায় জানা যায় যে, প্রতিবারের রেট সিডিউল পরিবর্তনের কারণে গড় মূল্য বৃদ্ধির শতকরা হার নির্ণয়ের বিষয়টি জটিল। কেননা নির্মাণ উপকরণসমূহের প্রকার, পরিমাণ, নকশা ও পছন্দ (Option) অনুযায়ী ভিন্ন হয়ে থাকে এবং ওগুলোর মূল্য বাজার ভিত্তিক-যা সময়ের সঙ্গে নির্দিষ্ট কোন নিয়ম (Trend) মেনে চলে না; এরূপ বৃদ্ধির সহ-সম্পর্ক (Correlation) তাঁদের জানা নাই। এ ব্যাপারে কোন গবেষণামূলক বিশ্লেষণ হয়েছে কিনা তাও তাঁরা বলতে পারেননি। তবে তাঁদের অভিজ্ঞতা প্রসূত অনুমান নির্ভর (Thumb rule based) মূল্য বৃদ্ধির গড় হিসেব নিম্নরূপঃ

রেট সিডিউলের পরিবর্তন	নির্মাণ উপকরণ ব্যয় পরিবর্তনের হার
২০০৫ থেকে ২০০৮	২০%
২০০৮ থেকে ২০১১	২৫%
২০১১ থেকে ২০১৪	১৫%


বিষয়টি বুঝার জন্য পরামর্শকদল নির্মাণ উপকরণ/কার্য ব্যয় সংক্রান্ত সরকার কর্তৃক প্রকাশিত ৪টি 'Rate Schedule' PWD অফিস থেকে সংগ্রহ করেন। এগুলো হচ্ছে "Schedule Rates for Civil Works-2006", "Short Schedule of Rates 2008", "Schedule of Rates 2011", এবং "Schedule of Rates 2014"। বিবেচ্য প্রকল্পের পূর্ত কাজে ব্যবহৃত মোট আইটেমগুলো হতে অধিক মাত্রায় ব্যবহৃত ৬ টি প্রধান নির্মাণ সামগ্রী/কার্য যেমনঃ RCC, MS Bar, Brick Work, Exposed Brick, Sand filling in trench, Timber,

Cement plaster and lime teracing) এর মূল্যের পরিবর্তন উল্লেখিত ঐ সিডিউলসমূহ মোতাবেক পরীক্ষা করা হয়।

সারণি-৩.৬: প্রকল্পে ব্যবহৃত ৬ টি প্রধান নির্মাণ সামগ্রী/কার্য-এর বছর ভিত্তিক রেট (টাকা)

রেট সিডিউলের সাল	RCC (১:২:৪)/CU M	MS bar (grade ২৫০)/Quintal	Sand filling in trench (FM-০.৮)/CUM	Exposed Brick Work/CUM	Timber/CU-ft	CementPlaster & Lime Teracing
২০১৪	৭৫৮৫.০০	১২৫০০.০০	৬০১৩.০০	৬০২.০০	৪৫০৬.০০	২১৪.০০
২০১১	৬৫৩২.০০	১১৩০০.০০	৫২৬৪.০০	৫৮৮.০০	৩৫৫৩.০০	১৭৫.০০
২০০৮	৫৮৫৫.০০	১১৩৭১.০০	৪১৪৭.০০	৪৭৬.০০	২৯০৬.০০	১৫১.০০
২০০৬	৪৩৭৮.০০	৭৩৫৯.০০	৩০৩৮.০০	৪০৬.০০	২৪৫৩.০০	১২০.০০

চিত্র-৩.৩: ৬ টি প্রধান নির্মাণ সামগ্রী/কার্য-এর বছর ভিত্তিক রেট পরিবর্তনের তুলনামূলক চিত্র



দেখা যাচ্ছে যে, প্রতি সিডিউল পরিবর্তনের কারণে এই বৃদ্ধির হার গড়ে ১৫% থেকে ৩১% পর্যন্ত।

সারণি-৩.৭: রেট সিডিউলের সময়কাল ব্যবধান অনুসারে ৬ টি প্রধান নির্মাণ সামগ্রী/কার্য-এর মূল্য পরিবর্তনের শতকরা হার

রেট সিডিউলের সময়কাল	RCC (১:২:৪)/CUM	MS bar (grade ২৫০)/Quintal	Sand filling in trench (FM-০.৮)/CUM	Exposed Brick Work/CUM	Timber / CUft	Cement Plaster & Lime Teracing	৬টি আইটেমের ক্ষেত্রে গড়
২০১১ থেকে ২০১৪	১৬%	১১%	১৪%	২%	২৭%	২২%	১৫%
২০০৮ থেকে ২০১১	১২%	-১%	২৭%	২৪%	২২%	১৬%	১৭%
২০০৬ থেকে ২০০৮	৩৪%	৫৫%	৩৭%	১৭%	১৮%	২৬%	৩১%

এখানে উল্লেখ্য যে, সিডিউল পরিবর্তনের ফলে নির্মাণ ব্যয় বৃদ্ধি ছাড়াও নির্মাণ কাজের পরিমাণ মূল ডিপিপি'র তুলনায় ৩য় সংশোধনীতে অনেক বেড়েছিল যার বিস্তারিত বিবরণ সারণি ৩.১০এ দেখান হয়েছে।

### ৩.৫ ভাড়া বাড়ি থেকে টিভিআইগুলোর নিজস্ব ভবনে স্থানান্তর

রাজস্বখাতে পরিচালিত ৩০টি টিভিআই এর মধ্যে ২১টি টিভিআই এখনো ভাড়া বাড়িতে কার্যক্রম চালাচ্ছে। পক্ষান্তরে প্রকল্পের শুরুতে (২০০৬ সালে) ভূমি অধিগ্রহণ, নির্মাণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন না হওয়ার কারণে ১০টি ভোকেশনাল ইনস্টিটিউট সংশ্লিষ্ট এলাকায় ভাড়া বাড়িতে পরিচালিত হত। পরবর্তীতে স্থায়ী ভবন নির্মাণের পর নিজ নিজ ভবনে প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম শুরু হয়। তবে মানিকগঞ্জে স্থাপিত টিভিআইটি প্রকল্পের শুরুতে কেরানিগঞ্জে স্থাপনের জন্য নির্ধারিত হলেও জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতার কারণে ২০১১ সালে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মানিকগঞ্জে স্থানান্তর করা হয়। নিম্নের সারণিতে টিভিআইগুলোর ভাড়া বাড়িতে এবং নিজস্ব ভবনে কার্যক্রম চালানোর সময়কাল দেখান হলঃ

### সারণি-৩.৮: টিভিআই গুলোর ভাড়া বাড়িতে এবং নিজস্ব ভবনে কার্যক্রম চালানোর সময়কাল

ক্র: নং	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	ভাড়া বাড়িতে কার্যক্রমের সময়কাল	নিজস্ব ভবনে কার্যক্রম শুরুর তারিখ	ভাড়া বাড়িতে কার্যক্রমের মেয়াদ
১	টিভিআই, মানিকগঞ্জ	০১/০১/২০০৬-২৭/০৩/২০১৪	২৭/০৩/২০১৪	৮ বছর ৩ মাস
২	টিভিআই, কালিহাতি, টাঙ্গাইল	০১/০১/২০০৬-০১/০৭/২০১২	০১/০৭/২০১২	৬ বছর ৬ মাস
৩	টিভিআই, কিশোরগঞ্জ	০১/০১/২০০৬-০১/০৪/২০১৪	০১/০৪/২০১৪	৮ বছর ৩ মাস
৪	টিভিআই, ফরিদপুর	০১/০১/২০০৬-০৯/০৮/২০১২	০৯/০৮/২০১২	৬ বছর ৭ মাস
৫	টিভিআই, নোয়াখালী	০১/০১/২০০৬-২৮/০৪/২০১৪	২৮/০৪/২০১৪	৮ বছর ৩ মাস
৬	টিভিআই, রামু, কক্সবাজার	০১/০১/২০০৬-১৮/০৬/২০১৪	১৮/০৬/২০১৪	৮ বছর ৫ মাস
৭	টিভিআই, শাহজাদপুর, সিরাজগঞ্জ	০১/০১/২০০৬-০১/০৮/২০১১	০১/০৮/২০১১	৫ বছর ৭ মাস
৮	টিভিআই, গাইবান্ধা	০১/০১/২০০৬-০১/০১/২০১৩	০১/০১/২০১৩	৭ বছর
৯	টিভিআই, নওগাঁ	০১/০১/২০০৬-০১/০১/২০১১	০১/০১/২০১১	৫ বছর
১০	টিভিআই, চাঁপাইনবাবগঞ্জ	০১/০১/২০০৬-০১/০৭/২০১০	০১/০৭/২০১০	৪ বছর ৬ মাস

ভাড়া বাড়িতে শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রমের অসুবিধাঃ সমীক্ষা দল বস্ত্র পরিদপ্তর এবং সংশ্লিষ্ট সুপার ও শিক্ষকগণের সঙ্গে একমত যে, তাৎক্ষনিক শিক্ষা কার্যক্রম শুরু ছাড়া ভাড়া বাড়িতে টিভিআই পরিচালনার ক্ষেত্রে কোন সুবিধা নেই। তবে এতে যথেষ্ট অসুবিধা রয়েছে। প্রথমত টিভিআইগুলোর সার্বিক কার্যক্রম চালানোর সঙ্গে সঙ্গতি রেখে কখনো ভাড়া বাড়ি পাওয়া যায় না। একত্রে ১২০ জন শিক্ষার্থী ধারণ ক্ষমতা সম্পন্ন শ্রেণীকক্ষ ভাড়া বাড়িতে পাওয়া দুষ্কর। সারণি ৩.৯ থেকে দেখা যাচ্ছে যে, ২০০৬ থেকে ২০১৪ পর্যন্ত বিভিন্ন টিভিআই ভাড়া বাড়িতে কার্যক্রম চালিয়েছিল। এ ধরনের কার্যক্রম সরকারের প্রচলিত প্রাতিষ্ঠানিক ধরনের সাথে মিল না থাকায় আস্থার সংকট হয়েছিল বলে প্রতীয়মান হয়। যে কারণে শুরুর দিকে (২০০৬ থেকে ২০০৯ পর্যন্ত) শিক্ষার্থী ভর্তি ও পাশের পরিমাণ কম হয়ে থাকতে পারে। ভাড়া বাড়িতে টিভিআইগুলো পরিচালনার ফলে মাসিক ১৬ (ষোল) হাজার টাকা করে ১২ মাসে শুধু বাড়ি ভাড়া বাবদ (১৬০০০x১২=) ১৯২০০০.০০ (একলক্ষ বিরানব্বই হাজার) টাকা প্রতি টিভিআই এর জন্য ব্যয় হয়েছে। তাছাড়া প্রতিষ্ঠানের প্রয়োজনীয় যন্ত্রপাতি ভাড়া বাড়িতে স্থাপনের সুযোগ না থাকায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদানে সমস্যা হয়েছে। ফলে শিক্ষা ও প্রশিক্ষণের গুণগতমান যথাযথ ছিল না বলে যুক্তিসঙ্গতভাবে ধারণা করা যায়।

### ৩.৬ ভূমি অধিগ্রহণের অবস্থা

সমীক্ষা চলাকালে দেখা যায় যে, টিভিআইগুলোর ভূমি অধিগ্রহণ সংক্রান্ত প্রক্রিয়া মোটের উপর সমাপ্ত। ডিপিপি অনুযায়ী প্রকল্পের জন্য মোট অধিগ্রহীত ভূমির পরিমাণ সঠিক আছে। মূল ডিপিপিতে ভূমির অনুমোদিত মূল্য ছিল ২.৫০ কোটি টাকা যা ৩য় সংশোধনীতে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩ কোটি ৮৯ লক্ষ ২৫ হাজার টাকা। সমীক্ষায় দেখা যায় যে, ভূমির বাস্তব ব্যয় মূল্য হয়েছে ৩ কোটি ৮৮ লক্ষ ৮০ হাজার টাকা, যা ৩য় সংশোধিত ডিপিপি'র তুলনায় ০.১২% কম হলেও মূল ডিপিপিতে বর্ণিত মূল্য অপেক্ষা ৫৫.৫২% বেশি (Cost over run ৫৫.৫২%)।

ভূমি সংক্রান্ত বড় কোন জটিলতার কথা টিভিআইগুলো উল্লেখ করেনি। জমির দখল বুঝে পাওয়া গেছে, সীমানা চিহ্নিত করে প্রাচীর নির্মিত হয়েছে এবং ভূমি উন্নয়নও সম্পন্ন হয়েছে। নামজারি ক্ষেত্র বিশেষে এখনও প্রক্রিয়াধীন। কোন টিভিআই এর ভূমি সংক্রান্ত মামলা চলমান নেই, তবে সিরাজগঞ্জ টিভিআই এর জমি সংক্রান্ত একটি আপত্তি জমির মালিক কর্তৃক দাখিল করা হয়েছে বলে মালিক স্বয়ং সমীক্ষা দলকে জানিয়েছেন।

#### সারণি-৩.৯: ভূমি সংক্রান্ত তথ্য

ক্র: নং	টিভিআই এর নাম	সরজমিনে প্রাপ্ত ভূমির পরিমাণ (একর)	অধিগ্রহণ অবস্থা	নামজারি	দখল অবস্থা	দাগ অনুযায়ী সীমানা	ভূমি উন্নয়ন অবস্থা	মামলা
১	টিভিআই, মানিকগঞ্জ	১.২৫	অধিগ্রহীত	প্রক্রিয়াধীন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
২	টিভিআই, টাঙ্গাইল	১.২৫	অধিগ্রহীত	প্রক্রিয়াধীন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
৩	টিভিআই, কিশোরগঞ্জ	১.২৫	অধিগ্রহীত	সম্পন্ন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
৪	টিভিআই, ফরিদপুর	১.২৫	অধিগ্রহীত	সম্পন্ন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
৫	টিভিআই, নোয়াখালী	১.২৫	অধিগ্রহীত	সম্পন্ন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
৬	টিভিআই, কক্সবাজার	০.৯২	অধিগ্রহীত	প্রক্রিয়াধীন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
৭	টিভিআই, সিরাজগঞ্জ	১.২৫	অধিগ্রহীত	প্রক্রিয়াধীন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	মামলা নেই তবে আপত্তি দাখিলকৃত
৮	টিভিআই, গাইবান্ধা	১.৩৭	অধিগ্রহীত	সম্পন্ন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
৯	টিভিআই, নওগাঁ	১.২৫	অধিগ্রহীত	সম্পন্ন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই
১০	টিভিআই, চাঁপাইনবাবগঞ্জ	১.২৫	অধিগ্রহীত	সম্পন্ন	বুঝে নেয়া হয়েছে	চিহ্নিত	সম্পন্ন	নেই

দেশের সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় টিভিআইগুলোর ভূমির পরিমাণ যথেষ্ট বলে পরামর্শক দল মনে করে।

#### ভূমি উন্নয়নঃ

আপাত দৃষ্টিতে বালু মাটি দ্বারা ভূমি ভরাট করা হয়েছে। তবে এর গুণগত দিকের যথাযথ মূল্যায়ন ভূমির স্তর পরীক্ষা ও সয়েল টেস্ট ছাড়া সম্ভব নয়। ভূমি উন্নয়নের ক্ষেত্রে দৃষ্টিগ্রাহ্য ত্রুটিসমূহ নিম্নরূপঃ

- বালু মাটি দ্বারা অসমান ভাবে ভরাট করা হয়েছে, ফলে লেভেল সর্বত্র সমান নয়
- নীচু জায়গায় মাটি ভরাট করার জন্য কিঞ্চিৎ অসম Land settlement পরিলক্ষিত হয়েছে।

এ ছাড়াও ছোটখাট কিছু ব্যতিক্রমী ত্রুটি পরিলক্ষিত হয়েছে যোগুলোর কারণ হল অতিবৃষ্টি ও অনাবৃষ্টির সময় যথাযথ ব্যবস্থা না নেয়া। সময়মত পদক্ষেপ গ্রহণ করলে এ ধরনের ত্রুটি স্বল্প খরচে দূর করা সম্ভব। দ্রুত বৃক্ষায়নের মাধ্যমে ভূমিকে সঠিকভাবে বসানো সম্ভব।

### ৩.৭ ভৌত কাঠামো নির্মাণ

লে আউট প্ল্যান ও এলিভিশন (বস্ত্র পরিদপ্তর হতে সংগৃহীত) অনুযায়ী টিভিআইগুলোর ভৌত স্থাপনাসমূহ সঠিক আছে। তবে নির্মাণ কাজ সমাপ্ত বিধায় Structural Design স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ সংক্রান্ত গুণগতমান পরীক্ষা করা সম্ভব হয় নি; কেননা এরূপ পরীক্ষা ব্যয়বহল ও সময় সাপেক্ষ।

প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রতিটি টিভিআই এর নির্মাণ কাজের পরিমাণ ডিপিপি (৩য় সংশোধনী) অনুযায়ী কাছাকাছি। টিভিআইগুলোর একাডেমিক ভবনের পরিমাণ ডিপিপির বর্ণনার সাথে মিল রয়েছে। প্রতিটি টিভিআই ভবনের পরিমাণ প্রায় ১৪৪৬ বঃ মিঃ (১ম তলা ৭২৩ বঃ মিঃ ও ২য় তলা ৭২৩ বঃ মিঃ)। এভাবে একাডেমিক ভবনগুলোর সর্বমোট নির্মাণ আয়তনের পরিমাণ দাঁড়ায় ১৪৪৬০ বঃ মিঃ, যা ডিপিপিতে বর্ণিত আয়তন অপেক্ষা ৮৫ বঃ মিঃ কম। সম্ভবত এ কারণেই পূর্ত কাজসমূহের নির্মাণ ব্যয় ডিপিপিতে (৩য় সংশোধনী) বর্ণিত প্রাক্কলিত ব্যয়কে অতিক্রম করেনি। মূল ডিপিপিতে পূর্ত কাজের অনুমোদিত মূল্য ছিল ১৩.০৯ কোটি টাকা যা ৩য় সংশোধনীতে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৪৪.৩৫ কোটি টাকা। PCR থেকে দেখা যায় যে, পূর্ত কাজে বাস্তব ব্যয় মূল্য হয়েছে প্রায় ৪৪.১০ কোটি টাকা, যা ৩য় সংশোধিত ডিপিপি'র তুলনায় ৫৬% কম হলেও মূল ডিপিপিতে বর্ণিত মূল্য অপেক্ষা ২৩৬.৯১% বেশি (Cost over run ২৩৬.৯১%)।

### সারণি-৩.১০: নির্মাণ কাজের পরিমাণ

ক্র: নং	বিবরণ	মূল ডিপিপি অনুযায়ী		৩য় সংশোধনী অনুযায়ী		প্রকৃত ব্যয় লক্ষ টাকা
		পরিমাণ	মূল্য (লক্ষ টাকা)	প্রকৃত পরিমাণ	অনুমোদিত মূল্য	
১	একাডেমিক ভবন	৮৫০০ বঃ মিঃ	৯৪০.৩০	১৪৪৬০ বঃ মিঃ	২৮৫১.৭৭	৪৪০৯.৮৫
২	সীমানা প্রাচীর	৬০৭০ আর. এম. (কাঁটাতার)	১০.০০	৯৫৮২ আর. এম. (বাউন্ডারী ওয়াল)	৪৬৬.৪৯	
৩	গেইট	১০ টি	২০.০০	১০টি	১৫.৯৪	
৪	অভ্যন্তরীণ রাস্তা	২০০০ বঃ মিঃ	৫২.২০	৪৭৪৮ বঃ মিঃ	১০২.৩৭	
৫	অভ্যন্তরীণ পানি ও স্যানিটেশন	LS	৮৫.৭০	LS	১৭৬.৩৮	
৬	নর্দমা ও ড্রেন	LS	২০.০০	LS	২৪.৪৪	
৭	বিদ্যুতায়ন	LS	৮০.৭০	LS	২৮১.৫১	
৮	জলাধার	-	-	LS	৬১.২২	
৯	বৃক্ষায়ন	-	-	LS	১০.০০	
১০	সোলার প্যানেল	-	-	১০ সেট	৯০.২০	
১১	কন্সট্রাক্শন	-	-	-	১০৬.৭৮	

সূত্র: প্রকৃত মূল্য PCR থেকে সংগৃহীত

**একাডেমিক ভবনঃ** প্রতিটি একাডেমিক ভবনে ৬টি তত্ত্বীয় ও ৬টি ব্যবহারিক শ্রেণীকক্ষ রয়েছে। ব্যবহারিক শ্রেণীকক্ষগুলো মূলত ল্যাবের অংশবিশেষ। এছাড়াও রয়েছে লাইব্রেরী (১টি) এবং সুপার ও শিক্ষকগণের অফিসকক্ষ (৫টি), উন্মুক্ত ফ্লোর স্পেস (যা কিছু ক্ষেত্রে নামাজের জায়গা, মেয়ে শিক্ষার্থীদের কমন রুম ইত্যাদি হিসেবে ব্যবহৃত হচ্ছে) এবং টয়লেট ফ্যাসিলিটি (৭টি)। বাহ্যিকভাবে এই ভবনগুলোর কোন বড় নির্মাণগত ত্রুটি পরিলক্ষিত হয়নি। ভবনগুলোর দরজা জানালাসহ গেটআপ ঠিক আছে। তবে পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হয়েছে। টয়লেটগুলো নোংরা অবস্থায় পাওয়া গেছে। সিরাজগঞ্জ টিভিআই-এর মূল ভবনে কিঞ্চিৎ ফাটল দেখা গেছে।

**গেইটঃ** প্রতিটি টিভিআই এ একটি করে প্রশস্ত মূল গেইট আছে যার ডিজাইন ডিপিপি মোতাবেক সঠিকভাবে দেখা গেছে।

**সীমানা প্রাচীরঃ** প্রতিটি টিভিআইএর মূল গেইট সহ সীমানা প্রাচীর রয়েছে। ডিপিপিতে বর্ণিত ৯৫৮৬ আর. এম. সীমানা প্রাচীরের বিপরীতে ৯৫৮২ আর. এম. সীমানা প্রাচীর পরিলক্ষিত হয়েছে। প্রাচীরের উচ্চতা ডিপিপি মোতাবেক সঠিকভাবে দেখা গেছে। অধিকাংশ টিভিআই এর সীমানা প্রাচীর ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে কারণ প্রাচীরের বিপরীত পার্শ্বে নিজস্ব জমি না থাকায় প্রাচীর সংলগ্ন স্থানে জমি ভরাট করা সম্ভব হয়নি।

**অভ্যন্তরীণ রাস্তাঃ** ১০টি টিভিআইএর অভ্যন্তরীণ রাস্তার পরিমাণ ডিপিপিতে যেমন বর্ণিত আছে (মোট ৪৭৪৮ বঃ মিঃ) বাস্তবে তাই দেখা গেছে। রাস্তাগুলোর অবস্থা মোটামুটি ভালো।

**ডেনেজ ব্যবস্থাঃ** নর্দমা ও ডেনগুলো কার্যকরী আছে। তবে গাইবান্ধার ডেনেজ ব্যবস্থা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত অবস্থায় দেখা গেছে।

**অন্যান্যঃ** বিদ্যুতায়নেও (অভ্যন্তরীণ ও বহিস্থ) বড় কোন ত্রুটি পরিলক্ষিত হয়নি। জলাধারগুলো সঠিকভাবে নির্মিত হয়েছে তবে পরিদর্শনকালে সেগুলোতে কোন পানি দেখা যায়নি শুষ্ক মৌসুমের কারণে। সোলার প্যানেলগুলো কার্যক্ষম আছে। তবে বৃক্ষায়নের পরিমাণ প্রয়োজনের তুলনায় অনেক কম বলে প্রতীয়মান হয়েছে।



সোলার প্যানেল

সুপারগণ থেকে জানা যায়, প্রকল্প মেয়াদ উত্তীর্ণের পর নিয়মিত বাৎসরিক রক্ষণাবেক্ষণের জন্য কোন বাজেট বরাদ্দ নেই। বাস্তবে পূর্ত কাজ শেষ হওয়ার কিছুকাল পর হতেই বিভিন্ন ধরনের রক্ষণাবেক্ষণ (যেমন, ভবন রঙ/পালিশ করা, দরজা-জানালা মেরামত, ডেনেজ সিস্টেম, স্যুয়ারেজ সিস্টেম, রাস্তা, সীমানা প্রাচীর ইত্যাদি) এর প্রয়োজন দেখা দেয়। সময়মত রক্ষণাবেক্ষণ না করলে দ্রুত এই স্থাপনাগুলো ব্যবহারের অযোগ্য হয়ে পড়ে অথবা বেশি ক্ষতিগ্রস্ত হয়, তখন মেরামতের খরচ অনেক বেশি পড়ে যায়। সেজন্য বাৎসরিক রক্ষণাবেক্ষণের জন্য বাজেট বরাদ্দ আবশ্যিক।

## ৩.৮ যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য মালামাল সংগ্রহের বিবরণ

### যন্ত্রপাতিঃ

মূল ডিপিপিতে যন্ত্রপাতি ক্রয় বাবদ ৩.৩৩ কোটি টাকা বরাদ্দ ছিল যা ৩য় সংশোধনীতে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩.৬০ কোটি টাকা। প্রকল্পের পিসিআর অনুযায়ী যন্ত্রপাতির বাস্তব ব্যয় মূল্য হয়েছে ৩.৩৯ কোটি টাকা, যা ৩য় সংশোধিত ডিপিপি'র তুলনায় ৬.০৮% কম হলেও মূল ডিপিপিতে বর্ণিত মূল্য অপেক্ষা ২% বেশি (Cost over run ২%)। সময়ের সাথে এরূপ স্বল্প পরিবর্তন খুবই স্বাভাবিক।

বাস্তব পর্যবেক্ষণ কালে দেখা যায় যে, টেক্সটাইল ল্যাবের বিভিন্ন সেকশন (যেমন উইভিং, নিটিং, ডাইং ও ডেসমেকিং) এর যন্ত্রের প্রকার অনুযায়ী পরিমাণ ডিপিপি'র বর্ণনা মোতাবেক ঠিক আছে। মেশিনগুলো সংশ্লিষ্ট ল্যাবসমূহে সঠিকভাবেই সংস্থাপিত আছে, তবে ব্যবহারিক প্রশিক্ষণের জন্য পর্যবেক্ষণ পরিসর ও শিক্ষার্থীর পরিমাণ অনুসারে কিছুটা কম। সরেজমিন পরিদর্শন কালে ৯৯% যন্ত্রপাতি সচল অবস্থায় পাওয়া গেছে এবং ১% যন্ত্র বিকল অবস্থায় দেখা গেছে। এই যন্ত্রগুলোর মধ্যে কতকগুলো বর্তমানে রিপায়ারিং এ প্রেরণ করা হয়েছে।

প্রশিক্ষণের জন্য স্থাপিত যন্ত্রপাতিগুলোর অধিকাংশই বর্তমানে নিম্নমানের মিল-কারখানা ও Non-mechanised Unit এ ব্যবহৃত হয়। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায়, বর্তমানে যেখানে আধুনিক ও মাঝারিমানের টেক্সটাইল শিল্পে Airjet loom, Rapier loom ও Projectile loom এর বহুল ব্যবহার রয়েছে, সেখানে এ সকল ল্যাবে স্থান পেয়েছে Obsolite Model এর Power loom। যেখানে Circular Knitting Machine এ বাস্তব প্রশিক্ষণ ছাড়া নিটিং ড্রেড-এ দক্ষ কারিগর হওয়া সম্ভব নয়, সেখানে রয়েছে শুধুমাত্র হস্তচালিত নিটিং মেশিন এবং জোড়া লাগানোর কাজে ব্যবহৃত Dial linking machine। অনুরূপভাবে ডাইং-প্রিন্টিং সেকশনেও যন্ত্রপাতির স্বল্পতা রয়েছে। এখানে Yarn dyeing machine, Squeezing machine, Dryer ও Colour Kitchen থাকলে ভাল হত। এখানে উল্লেখ্য যে, বয়লার ছাড়া ডাইং প্রক্রিয়া সম্ভব নয় বিধায় ল্যাবে এর অন্তর্ভুক্তি আবশ্যিক।

ডেস মেকিং সেকশনে প্রচলিত গার্মেন্টস ফ্যাক্টরীগুলোর উপযোগী যথেষ্ট মেশিন রয়েছে। তবে এখানে ছোট বয়লার সংযোগসহ আয়রণ ও আয়রণ প্যাড থাকলে ডেস মেকিং সেকশনটি অধিকতর প্রশিক্ষণ উপযোগী হয়ে উঠতো।

যেকোন উৎপাদন ব্যবস্থায় উৎপাদিত পনের গুণগত মান একটি গুরুত্বপূর্ণ বিষয়, টেস্টিং ইন্সট্রুমেন্ট/ইকুইপমেন্ট ছাড়া মান নিয়ন্ত্রণের বিষয়ে ব্যবহারিক জ্ঞান অর্জন সম্ভব নয়। তাই ল্যাবগুলোতে কিছু টেস্টিং যন্ত্রপাতি থাকলে ভাল হত। তদুপ কিছু ওয়ার্কসপ যন্ত্রপাতিরও প্রয়োজন রয়েছে।

কম্পিউটার ও বিজ্ঞান সেকশনের ল্যাবের যন্ত্রপাতির পরিমাণ ডিপিপির বর্ণনার সঙ্গে বাস্তবে দৃশ্যমান পরিমাণের মিল রয়েছে। তবে এগুলোর মধ্যে কম্পিউটারগুলোর অবস্থা করুণ, ৫০% কম্পিউটার আসলে সচল

নয়। আর সচলগুলো বর্তমানে ব্যবহৃত Application Software এর জন্য Compatible না। এগুলোর দ্রুত পরিবর্তন প্রয়োজন।

ফিজিক্স ও কেমিস্ট্রি ল্যাবে ব্যবহৃত যন্ত্রপাতি (ব্যালাস ও গ্লাসওয়ারগুলো) অন্য সাধারণ উচ্চ বিদ্যালয়ের মানের এবং এগুলো দিয়ে কাজ চালানো সম্ভব। প্রতিটি টিভিআইতে যন্ত্রপাতির প্রকার ও পরিমাণ সমান পাওয়া গেছে। তবে ডিপিতে এর বিভাজিত পরিমাণ উল্লেখ না থাকলেও বিচ্ছিন্নভাবে প্রাপ্ত চালানোর সাথে মিল আছে বলে আপাতদৃষ্টিতে প্রতীয়মান হয়।



কম্পিউটার ল্যাব



ফিজিক্স ও কেমিস্ট্রি ল্যাব

প্রকল্পাধীন টিভিআইগুলোতে প্রশিক্ষণের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি বাংলাদেশের বর্তমান মিল ফ্যাক্টরীর তুলনায় পশ্চাৎপদ বা নিম্নমানের হলেও বেসরকারিখাতে পরিচালিত ডিপ্লোমা প্রদানকারী ইনস্টিটিউটের তুলনায় তা সংখ্যাগত ও গুণগত উভয়দিক থেকে যথেষ্ট অগ্রসর (অধ্যায় ৬ দ্রঃ)।



উইভিং ল্যাবের যন্ত্রপাতি



ফ্লাট বেড নিটিং মেশিন

ডায়াল লিংকিং মেশিন



ড্রেস মেকিং সেকশন



ডাইং-প্রিন্টিং ল্যাব

সারণি-৩.১১: যন্ত্রপাতি সংক্রান্ত তথ্য

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		ক্রয় মূল্য		পরিমাণ		মন্তব্য (সঠিক বর্তমান অবস্থা ও উপযোগিতা বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত	প্রকৃত	অনুমোদিত	প্রকৃত	
১।	<b>উইভিং সেকশন</b>							
১.১	পাওয়ার লুম	জুন ২০১৩	২০/০৬/২০১৪	৩৬.০০	৩৫.৭৯	১০ সেট	১০ সেট	সচল
১.২	সেমি অটোম্যাটিক লুম*	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১৮.০০	১৭.৮২	১০ সেট	১০ সেট	সচল
১.৩	ফ্রেম লুম	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১৮.৫০	১৮.১৯	১০ সেট	১০ সেট	সচল
১.৪	ওয়ার্পিং ড্রাম	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১৩.০০	১২.৩৯	১০ সেট	১০ সেট	সচল
১.৫	ওয়ার্প রীল মেশিন	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১৭.০০	১৬.৮৯	১০ সেট	১০ সেট	সচল
১.৬	টুইস্ট টেস্টার	জুন ২০১৩	২০/০৬/২০১৪	২৬.৫০	২৬.১৯	১০ সেট	১০ সেট	সচল
১.৭	চরকা	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১.০০	০.৮০	১০ সেট	১০ সেট	সচল
১.৮	স্পেয়ার পার্টস সহ টুল বক্স	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১০.০০	১০.০০	১০ সেট	১০ সেট	সচল
১.৯	ব্যালান্স	জুন ২০১৩	২০/০৬/২০১৪	২.০০	০.৯৭	১০ সেট	১০ সেট	সচল
২।	<b>ডাইং-প্রিন্টিং সেকশন</b>							সচল
২.১	জীগার মেশিন	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	২.৫০	২.৫	১০ সেট	১০ সেট	সচল
২.২	উইঞ্চ ডাইং মেশিন	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	৩৫.০০	৩৫.০০	১০ সেট	১০ সেট	সচল
২.৩	ওয়ার্পিং মেশিন	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	৩.৪০	৩.৪	১০ সেট	১০ সেট	সচল
২.৪	বাটিক ও ব্লক প্রিন্টিং এর যন্ত্রপাতি	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	৩.৯৯	১.০০	১০ সেট	১০ সেট	সচল
৩।	<b>নিটিং সেকশন</b>							সচল
৩.১	ফ্লাট নিটিং মেশিন	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	৯.০০	৪.৫	১০ সেট	১০ সেট	সচল
৩.২	ডায়াল লিংকিং	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	২.৫০	২.৫	১০ সেট	১০ সেট	সচল
৪।	<b>গার্মেন্টস সেকশন</b>							সচল
৪.১	প্যাডেল সুইং মেশিন	জুন ২০১৩	১৮/০৫/২০০৭	১.৮০	১.৭৭	৩০ সেট	৩০ সেট	সচল
৪.২	এম্ব্রয়ডারী সুইং মেশিন	জুন ২০১৩	১৪/০৫/২০০৭	৪.৫০	৪.৪৯	৩০ সেট	৩০ সেট	সচল
৪.৩	হ্যান্ড সুইং মেশিন	জুন ২০১৩	১৪/০৫/২০০৭	১.৫০	১৪.৯৪	৩০ সেট	৩০ সেট	সচল
৪.৪	ওয়ান নীডল লক স্টিচ সুইং মেশিন	জুন ২০১৩	১৪/০৫/২০০৭	২০.৮৮	২০.৮৮	৩০ সেট	৩০ সেট	সচল
৪.৫	বাটন হোল মেশিন	জুন ২০১৩	২০/০৬/২০১৪	২৫.৫০	২৫.২	১০ সেট	১০ সেট	সচল
৪.৬	বাটন স্টিচ মেশিন	জুন ২০১৩	২০/০৬/২০১৪	১৬.০০	১৫.৬৯	১০ সেট	১০ সেট	সচল
৪.৭	ওভারলক মেশিন	জুন ২০১৩	১৪/০৫/২০০৭	৩১.৬৬	৩১.৬৬	৪০ সেট	৪০ সেট	সচল
৪.৮	ইলেক্ট্রিক আয়রণ	জুন ২০১৩	২০/০৩/২০১৪	২.০০	১.৩৫	১০ পিস	১০ পিস	সচল
৪.৯	কাটিং মেশিন	জুন ২০১৩	২০/০৬/২০১৪	৫.০০	৪.৯০	১০ পিস	১০ পিস	সচল
৫।	<b>কম্পিউটার ও বিজ্ঞান সেকশন</b>							সচল
৫.১	কম্পিউটার	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	২৩.৪০	১৯.৪০	৪০ সেট	৪০ সেট	সচল
৫.২	ডট প্রিন্টার	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	৫.৮৭	৫.৮	১০ পিস	১০ পিস	সচল
৫.৩	ডুপ্লিকেটিং মেশিন	ডিসেম্বর ২০০৯	১২/০৫/২০০৭	৭.৯৫	৭.৯৫	১০ পিস	১০ পিস	সচল
৫.৪	ফটোকপি মেশিন	ডিসেম্বর ২০০৯	২০/০৫/২০১৩	২.০০	-	১ পিস	১ পিস	সচল
৫.৫	লেজার প্রিন্টার	ডিসেম্বর ২০০৯	২০/০৫/২০১৩	১.০০	-	১ পিস	১ পিস	সচল
৫.৬	ল্যাপটপ	ডিসেম্বর ২০০৯	২০/০৫/২০১৩	১.০০	-	১ পিস	১ পিস	সচল
৫.৭	ফিজিক্স ও কেমিস্ট্রি সেকশনের যন্ত্রপাতি	ডিসেম্বর ২০০৯	০৪/০৯/২০০৯	৮.১৮	৮.২০	১ সেট	১ সেট	সচল
৫.৮	আইপিএস ও এসি সহ অন্যান্য অফিস ইকুইপমেন্ট	ডিসেম্বর ২০০৯	০৪/০৯/২০০৯	৩.৩৭	-	৩ সেট	৩ সেট	সচল

\*বাস্তবে এটি চিত্তরঞ্জন হ্যান্ডলুম, যা কাঠ ও লোহা দ্বারা নির্মিত; মটরের সাহায্যে ওয়ার্প রোলার ও রুথ বীম যান্ত্রিকভাবে চালানো যায়।

বস্ত্র পরিদপ্তর থেকে দরপত্র সংক্রান্ত সিডিউলের সংশ্লিষ্ট স্পেসিফিকেশন সমীক্ষা দল পায়নি। তবে কয়েকটি টিভিআই থেকে সংগৃহীত ডেলিভারী চালান পত্রের সঙ্গে যন্ত্রপাতির যে স্পেসিফিকেশন পাওয়া গেছে সমীক্ষা

দল তা পরীক্ষা করেছে ও যন্ত্রপাতির সঙ্গে মিলিয়েছে। ঐ স্পেসিফিকেশন প্যারামিটারগুলো তেমন স্পেসিফিক নয় এবং স্পেসিফিকেশনের নির্দেশনাগুলো অনেক ক্ষেত্রেই কম বর্ণনাময় (least descriptive) এবং Abstract বা সুনির্দিষ্ট নয়। অধিকাংশ যন্ত্রের স্পেসিফিকেশনে মেটেরিয়াল সম্পর্কে নির্দেশনা সুস্পষ্ট রূপে বর্ণিত নয়। এরূপ অনেক স্পেসিফিকেশন থেকে নিম্নে দুটোর উদাহরণ দেয়া হলঃ

১) Main Jigar Machine (ডাইং ট্রেডের জন্য প্রতি টিভিআইতে সরবরাহকৃত) এর স্পেসিফিকেশনে লেখা আছে-

- a) Length-2'; width-1.5', Height 1.75'
- b) MS Sheet-18 gauge (Magnetic)
- c) Roller Lower 4M No. MS & Upper-2 Nos Rubber (Aeronite)
- d) Angle 1.5"
- e) Availability of Water taking out and lating
- f) Steam drain & hard drive
- g) Break system will be controlled by take up and let off motion
- h) Fabric roller - 2

প্রথমত এ ধরনের স্পেসিফিকেশন ত্রুটিপূর্ণ ও অস্পষ্ট। Angle বা কোণ 'ডিগ্রী (°)' দ্বারা প্রকাশ করা হয়, কিন্তু এখানে তা ইঞ্চি বা second-এর চিহ্ন ব্যবহার করা হয়েছে; বড় কথা এই Angle किसের বা কোথাকার তাও স্পষ্ট নয়। যন্ত্রটির Capacity ও Use-এর কথা উল্লেখ নেই। উপরের স্পেসিফিকেশন বর্ণনা থেকে এটা প্রতীয়মান হতেই পারে যে, 'Water taking and lating out' এবং 'break system' যান্ত্রিক ভাবে নিয়ন্ত্রিত। কিন্তু ঐ মেশিনে যান্ত্রিকতার লেশ মাত্র নেই। আবার ক্রমিক h)- এ শুধু 'Fabric roller-2' শব্দটি ব্যবহার করায় গুণগত মানের একটি ফেরিক Steel রোলার যার উপর উপযুক্ত রেজিন/পানিরোধক কোটিং থাকার পরিবর্তে Cast Iron বা নিম্নমানের ধাতু এর রোলার দেয়ার সুযোগও থেকে যায়।

২) Dial linking Machine এর স্পেসিফিকেশনে শুধু উল্লেখ আছে

"Seven Gauge with motor, Table & Stand Complete"।

এখানে Capacity, dimension, Motor Type & Power এবং Material সম্পর্কে কিছুই উল্লেখ নেই। ফলে, এ ধরনের Vague Specification সরবরাহকারীকে নিম্নমানের যন্ত্র সরবরাহ করার সুযোগ করে দিতে পারে। ফলে চাহিত আইটেমের বিপরীতে একই ধরনের ভিন্ন কিছু দিলে পরে তা গ্রহণের ক্ষেত্রে দ্বিমত করার সুযোগ সীমিত হয়ে যায়, যা এক্ষেত্রে হয়েছে বলে প্রতীয়মান হওয়ার সম্ভাবনা নাকচ করা যায় না। সম্ভবত, এ কারণেই ক্রয়ভোরকালে টিভিআইগুলোতে প্রেরিত যন্ত্রপাতিগুলোর বিস্তারিত Quality Certify না করে বা চালান অনুযায়ী মালামাল হবহ বুঝে পাওয়ার পরিবর্তে অনেক সুপার বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ডাইং মেশিন সহ বিভিন্ন যন্ত্র বুঝে নেয়ার চালানপত্র গ্রহণের সময় লিখেছেন, “‘বাক্স-বন্ধ’ বা ‘বন্ধ’ বা প্যাকেজ অবস্থায় বুঝিয়া পাইলাম”। এ ধরনের প্রত্যয়ন আসলে গ্রহণকারী বা প্রত্যয়নকারীর এক ধরনের দ্বিধা প্রকাশ করে।

কাজেই বস্ত্র পরিদপ্তর ভবিষ্যতে যেন স্পেসিফিকেশন বা বিনির্দেশ তৈরীর ব্যাপারে সাবধানতা অবলম্বন করে; এ প্রকল্পের ত্রুটি থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে বিনির্দেশনা আরো বিস্তৃত, স্পষ্ট এবং সুনির্দিষ্ট করে যাতে চাহিত মালামালই যেন পাওয়া যায়। স্পেসিফিকেশন তৈরির সময় টেক্সটাইল ইঞ্জিনিয়ার ছাড়াও প্রয়োজনে মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারের সাহায্য নেয়া সমীচীন হবে বলে সমীক্ষা দল মনে করে। প্রস্তুতকৃত

স্পেসিফিকেশনগুলো সংশ্লিষ্ট টিভিআইগুলোতে প্রেরণ করে তাদের মতামত আমলে নিয়ে চূড়ান্ত করারও পরামর্শ দেয়া হল।

### ৩.৯ আসবাবপত্রঃ

প্রকল্পের উদ্দেশ্য, নকশা ও কার্যকলাপের সঙ্গে সমন্বয় রেখেই ডিপিপিতে টিভিআইগুলোর জন্য বিভিন্ন প্রকারের ৩৩১২টি আসবাব ক্রয়ের ব্যবস্থা রাখা হয়েছিল। ৩য় সংশোধিত ডিপিপি অনুসারে এগুলো সংগ্রহের জন্য চুক্তি সম্পাদনের (Completion of Contract) সময়সীমা ২০১৩ এর আগস্ট পর্যন্ত নির্ধারিত ছিল। তবে টিভিআইগুলো থেকে প্রাপ্ত আংশিক কাগজপত্র ও সংশ্লিষ্ট পিসিআর থেকে বুঝা যায় যে আসবাবগুলোর প্রায় সবই প্রকল্পের অনুমোদিত সময়সীমা অর্থাৎ জুন ২০১৪ এর মধ্যেই সংগৃহীত হয়েছে। মূল ডিপিপিতে আসবাব ক্রয় বাবদ ৫৮.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল যা ৩য় সংশোধনীতে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১.৫৯ কোটি টাকা। প্রকল্পের পিসিআর অনুযায়ী এ ক্ষেত্রে বাস্তব ব্যয় মূল্য হয়েছে ১.৩৯ কোটি টাকা, যা ৩য় সংশোধিত ডিপিপি'র তুলনায় ১২.৪৪% কম হলেও মূল ডিপিপিতে বর্ণিত মূল্য অপেক্ষা ১৪০.১৪% বেশি (Cost over run ১৪০.১৪%)।

সমীক্ষাদল সরেজমিন পরিদর্শনকালে প্রতিটি টিভিআইতে আসবাবের পরিমাণ ও প্রকার একইরকম দেখতে পায়। আসবাবগুলো ডিপিপিতে বর্ণিত প্রকার অনুসারে ঠিক আছে। তবে আপাতদৃষ্টিতে ক্ষেত্র বিশেষে নিম্নমানের কাঠ ব্যবহৃত হয়েছে বলে মনে হয়। কতিপয় ভাঙ্গা ও ব্যবহার অনুপযোগী আসবাব ছাড়া বাকীগুলো ভালো অবস্থায় দেখা যায়। কতিপয় আসবাব ব্যবহারের উদ্দেশ্যের সাথে তেমন সজ্জাতিপূর্ণ নয়। যেমন, লাইব্রেরীতে রিডিং টেবিলগুলো অস্বাভাবিক উচ্চতাসম্পন্ন। টেবিলে বই রেখে ওখানে রাখা চেয়ারে বসে পড়া প্রায় অসম্ভব। এ ধরনের অসামঞ্জস্যতা দূর করা এবং ক্ষতিগ্রস্ত আসবাবের মেরামতের জন্য টিভিআইগুলোকে তেমন সচেষ্টিত মনে হয়নি।



লাইব্রেরী

সারণি-৩.১২: আসবাব সংক্রান্ত তথ্য

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		ক্রয় মূল্য (লক্ষ টাকা)		পরিমাণ (সংখ্যা)	
		অনুমোদিত সময়সীমা*	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত	প্রকৃত	অনুমোদিত	প্রকৃত
১।	পূর্ণাঙ্গ সেক্রেটারিয়েট টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.৫৮	২.৫৮	২০	২০
২।	হাফ সেক্রেটারিয়েট টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	১.০৪	১.০৪	১০	১০
৩।	সাধারণ টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.৮২৫	২.৮২৫	৭০	৭০
৪।	রিভল্ভিং চেয়ার	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	১.০০	০.৬২	২০	২০
৫।	লো ব্যাক কুশন চেয়ার	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	০.৯৫	০.৯৫	৫০	৫০
৬।	লো ব্যাক কাঠের চেয়ার	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.০২৮	২.০২৮	১০০	১০০
৭।	কম্পিউটার টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	০.৭৬৫	০.৭৬৫	৩০	৩০
৮।	কম্পিউটার প্রিন্টার টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	০.২৯	০.২৯	১০	১০
৯।	কম্পিউটার হইল চেয়ার	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	০.৪০৫	০.৪০৫	৩০	৩০
১০।	স্টিল আলমিরা	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.৭২	২.৭২	৪০	৪০
১১।	ফাইল কেবিনেট	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.৮২৫	২.৮২৫	৫০	৫০
১২।	কাঠের বুক সেলফ	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.৭০	২.৭০	২০	২০
১৩।	হাই বেঞ্চ ও লো বেঞ্চ	আগস্ট ২০১৩	২১/০৫/২০১৪	৮৩.০০	৮৩.০০	২৩০০	২৩০০
১৪।	শেকেস	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	২.০৭	২.০৭	২০	২০
১৫।	প্রিন্টিং টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	১.৪৯	১.৪৯	১০	১০
১৬।	কাটিং টেবিল	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	১.৩৬	১.৩৬	১০	১০
১৭।	অন্যান্য আসবাব (নোটিস বোর্ড, নাম বোর্ড, ঘড়ি, টুলস, লেটার বক্স ইত্যাদি)	আগস্ট ২০১৩	০৮/০৬/২০০৭	১.৫৭৫	১.৫৭৫	৭০	৭০
১৮।	রসায়ন সেকশনের জন্য ব্যবহারিক টেবিল	আগস্ট ২০১৩	২৮/০৫/২০১৪	৪.০০	৪.০০	২০	২০
১৯।	পদার্থ বিদ্যা সেকশনের জন্য ব্যবহারিক টেবিল	আগস্ট ২০১৩	২৮/০৫/২০১৪	৩.৬০	৩.৬০	২০	২০
২০।	গ্রন্থাগার টেবিল	আগস্ট ২০১৩	২৮/০৫/২০১৪	৪.৫০	৪.৫০	৩০	৩০
২১।	হাতল ছাড়া সাধারণ চেয়ার	আগস্ট ২০১৩	২১/০৫/২০১৪	৬.২৫	৬.২৫	২৫০	২৫০
২২।	কাঠের বুক সেলফ	আগস্ট ২০১৩	২৮/০৫/২০১৪	৫.০০	৭.৭০	২০	২০
২৩।	ওয়াল বোর্ড	আগস্ট ২০১৩	২৮/০৫/২০১৪	১.০০	১.০০	১০	১০
	<b>প্রকল্প পরিচালকের দপ্তরের (বস্ত্র পরিদপ্তর) সাজসজ্জা ও যন্ত্রপাতি ক্রয়</b>	আগস্ট ২০১৩					
২৪।	পূর্ণাঙ্গ সেক্রেটারিয়েট টেবিল	আগস্ট ২০১৩	-	০.৭৭৫	-	২	২
২৫।	হাফ সেক্রেটারিয়েট টেবিল	আগস্ট ২০১৩	-	১.২৫	-	৫	৫
২৬।	হাতলসহ কুশন চেয়ার	আগস্ট ২০১৩	-	৩.২৮৮	-	৪৫	৪৫
২৭।	হাতলসহ কুশন চেয়ার (রিভল্ভিং)	আগস্ট ২০১৩	-	৩.৬৭৫	-	১৫	১৫
২৮।	অফিস ডেকোরেশন	আগস্ট ২০১৩	-	৮.১৪৫	-	০	০
২৮.১	কনফারেন্স টেবিল	আগস্ট ২০১৩	-	০.৬৫	-	১	১
২৮.২	কনফারেন্স চেয়ার	আগস্ট ২০১৩	-	০.৯৪৫	-	২১	২১
২৮.৩	ফাইল কেবিনেট	আগস্ট ২০১৩	-	০.২০	-	১	১
২৮.৪	অফিস আলমিরা	আগস্ট ২০১৩	-	০.৩০	-	১	১
২৮.৫	কম্পিউটার টেবিল	আগস্ট ২০১৩	-	০.১৮	-	০	০
২৮.৬	কম্পিউটার চেয়ার	আগস্ট ২০১৩	-	০.১৮	-	০	০
২৮.৭	রেফ্রিজারেটর	আগস্ট ২০১৩	-	০.৪০	-	১	১
২৮.৮	কাপেট, ভাটিক্যাল ব্লাইন্ড স্ক্রীন ইত্যাদি	আগস্ট ২০১৩	-	১.৩৬	-	২ সেট	২ সেট
২৮.৯	অফিস যন্ত্রপাতি ক্রয় (ফ্যাক্স, কম্পিউটার, লেজার প্রিন্টার, টেলিভিশন, এসি, সোফা সেট ইত্যাদি)	আগস্ট ২০১৩	-	৫.১২৯	-	৯	৯
	<b>মোটঃ</b>			<b>১৫৯.০৭</b>	<b>১৩৯.২৮৫</b>	<b>৩৩১২</b>	<b>৩৩১২</b>

\*ডিপিপিতে বর্ণিত Procurement Plan অনুযায়ী Completion of Contract

৩.১০ বইপত্র

প্রকল্পের মূল ও সংশোধিত ডিপিপিতে বই/জার্নালের পরিমাণ নির্ধারিত ছিল না। মূল ডিপিপিতে এ খাতে ক্রয় বাবদ ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল যা ৩য় সংশোধনীতে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৩.০০ লক্ষ টাকা। প্রকল্পের পিসিআর অনুযায়ী এ ক্ষেত্রে বাস্তব ব্যয় মূল্য হয়েছে ১৭.১৮ লক্ষ টাকা, যা ৩য় সংশোধিত ডিপিপি'র তুলনায় ২৫.৩০% কম এবং মূল ডিপিপিতে বর্ণিত মূল্য অপেক্ষা ১৪.১০% কম, যা Cost over run এর পরিবর্তে সাশ্রয়ের সাক্ষ্য দেয়।

অধ্যায় - ৪

যন্ত্রপাতি ও মালামাল ক্রয়ে পিপিআর-২০০৮ এর প্রয়োগ

৪.০ বস্ত্র পরিদপ্তর থেকে “ক্রয় কার্যক্রমের তথ্য” শীর্ষক পূরণকৃত ছকের অনুলিপি যা ০৬/০৪/১৫ তারিখে স্বাক্ষরিত (সংযুক্তি ১১) প্রদান করা হয়। উক্ত ছকে বর্ণিত ক্রয় কার্যক্রমের সংশ্লিষ্ট নথি পরীক্ষা করতঃ নিম্নের সারসংক্ষেপ প্রস্তুত করা হয়েছেঃ

ক্রঃ নং	কাজের বিবরণ	প্যাকেজ/ লট নং	ক্রয় মূল্য (লক্ষ টাকা)	ক্রয় পদ্ধতি	ক্রয় কার্যক্রমের সময়কাল
১.	গার্মেন্টস শাখার মেশিনপত্র ১৬০টিঃ 1. Paddle Sewing Machine- 30 nos 2. Emdroydery Sewing Machine- 30 nos 3. Hand Sewing Machine- 30 nos 4. One Knedle lockstick Sewing Machine- 30 nos 5. Overlock Machine-40 nos	০১টি	৬০.৩৫	OTM	১০/১১/২০০৬ – ১০/০৬/২০০৭
২.	টেক্সটাইল মেশিনারী (ডাইং ও নিটিং শাখার যন্ত্রপাতি) Dyeing Printing (1) Jigar machine- 10 no. (2) Winch Dyeing Machine- 10 no. (3) Washing Machine- 10 no. Knitting Section (1) Flat Knitting- 20 no. (2) Dial Linking- 10 no.	০২টি	৫৬.৩৯	OTM	২৪/১১/২০০৮ – ১৯/১১/২০০৯
৩.	১৩০টি টেক্সটাইল উইভিং ও গার্মেন্টস মেশিনারী ক্রয় Power loom- 10 no. Semi Automatic Loom- 10 no. Frame Loom-10 no. Warping Drum- 10 no. Warp reel- 10 no. Twist Tester- 10 no. Balance- 10 no. Charka- 10 no. Tool Box with spare parts- 10 no. Button hole machine- 10 no. Button stitch machine- 10 no. Electric iron- 10 no. Cutting machine- 10 no.	-	৭৭.৭৪	সরাসরি ক্রয়	০৪/০৪/২০১৩ – ১৬/০৬/২০১৩
৪.	আসবাবপত্র ক্রয় ১১৯০টি	০১টি	৪৩.৮৮	OTM	১০/১১/২০০৬ – ২৭/০৬/২০০৭
৫.	আসবাবপত্র (৩৫০টি হাই বেঞ্চ ও ৩৫০টি লো-বেঞ্চ সরবরাহ)	-	২০.৯৯	সরাসরি ক্রয়	২০/১২/২০১১- ২০/১২/২০১২
৬.	আসবাবপত্রঃ ৩৫০+৩৫০= ৭০০টি হাই বেঞ্চ ও লো-বেঞ্চ, ২০টি রসায়ন টেবিল, ২০টি পদার্থ বিজ্ঞান শাখার টেবিল, ৩০টি লাইব্রেরী টেবিল, সাধারণ চেয়ার ২৫০টি, ২০টি কাঠের বুক সেলফ ও ১০টি নোটিশ বোর্ড	-	৫৭.১৫	সরাসরি ক্রয়	২০/০৪/২০১৩ – ১৫/০৬/২০১৪
৭.	সাইণ্টিফিক ইকুইপমেন্ট (পদার্থ ও রসায়ন শাখা)	০১টি	৮.১৮	OTM	২৪/১১/২০০৮ – ১৬/০৩/২০১০
৮.	বই ক্রয় ৩০১০টি	০১টি	৭.২৩	OTM	০৪/০৫/২০০৮ – ১৮/০৪/২০১০
৯.	কম্পিউটার যন্ত্রাংশ ৪০টি, ইউপিএস ৪০টি ও প্রিন্টার ১০টি	০১টি	৩৭.২২	OTM	১০/১১/২০০৬ – ১০/০৬/২০০৭

ক্রয় কার্যক্রমের তথ্যসমূহ পর্যবেক্ষণে দেখা যায়, ৯টি আইটেমের মধ্যে ৬টি Open Tender Method এবং অবশিষ্ট ৩টি আইটেম সরাসরি পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। মূল্য বিশ্লেষণে দেখা যায় যে, যন্ত্রপাতি, আসবাবপত্র ও বই ক্রয়ে প্রায় ৫৮% OTM অনুসরণে ও প্রায় ৪২% সরাসরি পদ্ধতিতে ক্রয় করা হয়েছে।

ক্রয় কার্যক্রমের সারসংক্ষেপ থেকে দেখা যায় যে, ক্রঃ নং ১ এর গার্মেন্টস শাখার মেশিনপত্র ১৬০টি, ক্রঃ নং ৪ এর আসবাবপত্র ১১৯০টি এবং ক্রঃ নং ৯ এর কম্পিউটার যন্ত্রাংশ ৪০টি, ইউপিএস ৪০টি ও প্রিন্টার ১০টি এর ক্রয় কার্যক্রম ২০০৬ থেকে ২০০৭ এর মধ্যে সম্পন্ন হয়েছে। ফলে এ সকল ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর নিয়মাবলী প্রযোজ্য নয়।

ক্রঃ নং ২ এর টেক্সটাইল মেশিনারী (ডাইং ও নিটিং শাখার যন্ত্রপাতি), ক্রঃ নং ৭ এর সাইন্টিফিক ইক্যুপমেন্ট (পদার্থ ও রসায়ন শাখা) এবং ক্রঃ নং ৮ এর বই (৩০১০টি) ক্রয় কার্যক্রম ২০০৮ থেকে ২০১০ এর মধ্যে সম্পন্ন করা হয়েছে। এ সকল ক্রয়ের ক্ষেত্রে ছকে প্রদত্ত তথ্যসমূহ (টেন্ডার ইভালুয়েশন কমিটি গঠনের তারিখ, টেন্ডার ওপেনিং কমিটি গঠনের তারিখ, টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ- ২টি পত্রিকার নামসহ, টেন্ডার ওপেনিং ও ইভালুয়েশনের তারিখ, টেন্ডারে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা, টেন্ডারে রেসপনসিভ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা, সর্বনিম্ন/নোটিফিকেশন অব এওয়ার্ড এর মূল্য, নোটিফিকেশন অব এওয়ার্ড জারির তারিখ, চুক্তি সম্পাদনের তারিখ, চূড়ান্ত বিল প্রদানের পরিমাণ ও তারিখ ইত্যাদি) পরীক্ষা করে দেখা যায় যে, পিপিআর-২০০৮ এর অধিকাংশ নিয়মাবলী অনুসরণ করে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তবে নথিপত্র পর্যালোচনায় চূড়ান্ত ক্রয় সম্পাদনের পর মালামাল বুঝে নেয়া সংক্রান্ত কোন প্রতিবেদন চোখে পড়েনি। তাছাড়া চূড়ান্ত টেন্ডার আহবানের পূর্বে Pre-qualification documents বা Request for EOI সংক্রান্ত কাগজপত্র দেখা যায়নি।

**সরাসরি ক্রয়ঃ** ক্রঃ নং ৩ এর ১৩০টি টেক্সটাইল উইভিং ও গার্মেন্টস মেশিনারী বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ থেকে দরপত্র আহবানের মাধ্যমে ক্রয় করা হয়েছে। উল্লেখ্য যে, এই ক্রয় মূল্য ৭৭.৭৪ লক্ষ টাকা (২৫ লক্ষ টাকার বেশি) হলেও বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাসিক প্রকল্প পর্যালোচনা কমিটি ও ০৪/০৯/২০১২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী এই ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে। তবে এখানে উল্লেখ্য যে, পিপিআর একটি আইন যা হুবহু মান্য করা আবশ্যিক। সুতরাং সামগ্রিক দৃষ্টিতে এক্ষেত্রে পিপিআর লঙ্ঘিত হয়েছে।

ক্রঃ নং ৫ এর আসবাবপত্র (৩৫০টি হাই বেঞ্চ ও ৩৫০টি লো-বেঞ্চ সরবরাহ) এবং ক্রঃ নং ৬ এর আসবাব পত্র (৩৫০+৩৫০= ৭০০টি হাই বেঞ্চ ও লো-বেঞ্চ, ২০টি রসায়ন টেবিল, ২০টি পদার্থ বিজ্ঞান শাখার টেবিল, ৩০টি লাইব্রেরী টেবিল, সাধারণ চেয়ার ২৫০টি, ২০টি কাঠের বুক সেলফ ও ১০টি নোটিশ বোর্ড) দুই দফায় সরকারি প্রতিষ্ঠান বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ইন্সটার উড থেকে সরাসরি ক্রয় করা হয়েছে। এ ক্ষেত্রে ক্রঃ নং ৩ এর ন্যায় মন্ত্রণালয়ের বিশেষ নির্দেশনা সম্বলিত কোন কাগজ না থাকলেও ক্রয় কার্যক্রমের জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন নেয়া হয়েছিল।

বস্ত্র পরিদপ্তর হতে বিবেচ্য প্রকল্পের সর্বশেষ অডিট প্রতিবেদনের কপিতে দেখা যায়, ২৪/১২/২০১৪ইং তারিখ হতে ১৯/০১/২০১৫ইং পর্যন্ত বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নিরীক্ষাদল বস্ত্র পরিদপ্তর আওতাধীন প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ২০১০ হতে ২০১৪ পর্যন্ত সময়ের অডিটকার্য সম্পাদন পূর্বক মোট ২২ (বাইশ) টি আপত্তি উত্থাপন

করেন যার মধ্যে মোট ৮টি আপত্তি “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট ” সংক্রান্ত। অডিট রিপোর্টের এই ৮টির কোনটিতেই প্রকল্পের জন্য বড় অংকের মালামাল ও সেবা ক্রয় সংক্রান্ত আপত্তি নেই। তবে নিরীক্ষাদল প্রকল্পের মালামাল ক্রয়ের ক্ষেত্রে যে ৩টি অডিট আপত্তি উত্থাপন করেছেন তা নিম্নে দেয়া হলঃ

(১) “পরিশিষ্ট নং ড” “অনুচ্ছেদ নং ০৯”: অনিয়মিতভাবে পিপিআর আইন লংঘন করে সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে একই প্রতিষ্ঠান হতে খন্ড খন্ড ভাউচারের মাধ্যমে মালামাল ক্রয় করায় প্রতিষ্ঠানের নিয়ম বহির্ভূত পরিশোধ ৪২,৩৪৫.০০ টাকা।

(২) “পরিশিষ্ট নং ড” “অনুচ্ছেদ নং ১৩”: ডিপিতে সংস্থান না থাকা সত্ত্বেও বাই সাইকেল এবং রঞ্জিন টেলিভিশন ক্রয় করায় অনিয়মিত ব্যয় ১৬,০০০.০০ টাকা।

(৩) “পরিশিষ্ট নং ড” “অনুচ্ছেদ নং ১৭”: বিক্রেতার স্বাক্ষর ব্যতীত বিভিন্ন প্রকার মালামাল ক্রয় দেখানোর ফলে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ১,৫৫,১০০.০০ টাকা।

বস্ত্র পরিদপ্তর জানিয়েছে এ সকল অডিট আপত্তির জবাব নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে। এখানে উল্লেখ্য যে ২০১০ এর পূর্বে এ প্রকল্পের ক্রয়/ব্যয় সংক্রান্ত কোন তথ্য উক্ত অডিট প্রতিবেদনে অন্তর্ভুক্ত নয়।

বস্ত্র পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত “ক্রয় কার্যক্রমের তথ্য” পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, বর্ণিত যন্ত্রপাতি ও মালামাল ক্রয়ের ক্ষেত্রে কতিপয় ত্রুটি বিদ্যুতি থাকলেও মোটের উপর পিপিআর ২০০৮ এর নিয়মাবলী অনুসরণ করা হয়েছে। পরামর্শকদলের ধারণা যে পিপিআর এর উপর যথাযথ প্রশিক্ষণ না থাকার কারণে কিছু ত্রুটি-বিদ্যুতি ক্রয় প্রক্রিয়ায় রয়ে গেছে, যেমনঃ

- চূড়ান্ত টেন্ডার আহ্বানের পূর্বে Pre-qualification documents বা Request for EOI না করা;
- চূড়ান্ত ক্রয় সম্পাদনের পর মালামাল বুঝে নেয়া সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন না করা (যদিও চালান পত্র অনুযায়ী মালামাল বুঝে নেয়া হয়েছে);
- একই প্রতিষ্ঠান হতে খন্ড খন্ড ভাউচারের মাধ্যমে মালামাল ক্রয় করা (এ ক্ষেত্রে একটি অডিট আপত্তি রয়েছে);
- বিক্রেতার স্বাক্ষর ব্যতীত মালামাল ক্রয়, তা মূল্য যতই কম/বেশি হোক না কেন (এ ক্ষেত্রে একটি অডিট আপত্তি রয়েছে) ;
- ক্রয় সংক্রান্ত প্রস্তুতিমূলক কাজ থেকে শুরু করে মালামাল বুঝে পাওয়া ও মূল্য পরিশোধ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিল সমূহ অনুযায়ী ছক যথাযথ প্রস্তুত না করা; ও
- পিপিআর-২০০৮ এর তফসিল ৮ (খ) –এর ক্রম অনুযায়ী রেকর্ড ও নথি সংরক্ষণ না করা;

প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট জনবলের পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ থাকলে এ ধরনের ত্রুটি বিদ্যুতি এড়ানো সম্ভব। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প বাস্তবায়নের জন্য পিপিআর এর সর্বশেষ সংস্করণ বিষয়ে প্রশিক্ষণ ব্যবস্থা নেয়া প্রয়োজন।

## অধ্যায়-৫

### মাঠ পর্যায়ের উপাত্ত বিশ্লেষণ

#### ৫.০ সূচনা


“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য দ্বিতীয় পরিচ্ছেদে বর্ণিত সমীক্ষা পদ্ধতি অনুযায়ী মাঠ পর্যায়ে পরামর্শক দল জরিপ চালায়। কাঠামোগত প্রশ্নপত্র সহ শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ ছাড়াও সুপার ও শিক্ষকগণের সাথে চেকলিস্টসহ নিবিড় আলোচনা (KII) করা হয়। সংগৃহীত উপাত্তগুলো প্রক্রিয়া করে বিশ্লেষণ করা হয়েছে। এই বিশ্লেষণে পাশকৃত ও বর্তমান শিক্ষার্থীদের অবস্থা, শিক্ষকগণের মতামত ও টিভিআইগুলোর কার্যক্রমের অবস্থা প্রতিফলিত হয়েছে।

#### ৫.১ পাশকৃত শিক্ষার্থীগণের অবস্থা পর্যালোচনা

##### ৫.১.১ পাশকৃত শিক্ষার্থীগণের সাধারণ তথ্য

সমীক্ষায় সর্বমোট ৪১০ জন পাশকৃত শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হয়, যারা ২০০৮ থেকে ২০১৫ সময় পর্যন্ত টিভিআই কোর্স সফলতার সঙ্গে সমাপ্ত করেছেন। তাদের সিংহ ভাগই (৭৭.৮%) ছিল পুরুষ আর মাত্র ২২.২% ছিল নারী। পাশকৃত এই শিক্ষার্থীরা মোটামুটি নিম্নমধ্যবিত্ত ও নিম্নবিত্ত আয়ের (মাসিক গড় আয় ১১,৬৭১ টাকা) পরিবার থেকে এসে টিভিআইতে শিক্ষা লাভের সুযোগ পেয়েছিল।


চিত্র-৫.১: পাশকৃত শিক্ষার্থীগণের অভিভাবকের মাসিক আয়



#### পাশকৃত শিক্ষার্থীগণের সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার অবস্থা

নমুনা সমীক্ষায় দেখা যায় যে, উত্তীর্ণ শিক্ষার্থীগণের প্রায় অর্ধেক (৪৮%) এসএসসি ভোকেশনাল পাশের পর আর উচ্চতর শিক্ষায় যায়নি। তবে অধিকাংশ শিক্ষার্থী (৫২%) এসএসসি ভোকেশনাল পাশ করে পুনরায় উচ্চ শিক্ষায় অংশ নিয়েছিলেন বা বর্তমানেও নিচ্ছেন; নমুনা সংখ্যক উত্তীর্ণ শিক্ষার্থীর ৩৮% এখনো উচ্চ শিক্ষায় আছেন। এ সকল উত্তরদাতাগণের সাথে আলাপচারিতায় জানা যায় তাদের বেশিরভাগই এসএসসি ভোকেশনাল পাশ করে সাথে সাথেই উচ্চশিক্ষায় ভর্তি হয়েছেন এবং কেউবা সাময়িক বিরতির (১-৩ বছর) পর পুনরায় ভর্তি হয়েছেন। উচ্চাকাঙ্খা বিশেষ করে উচ্চ বেতন ও সামাজিক মর্যাদার আশায় তারা উচ্চ শিক্ষায় ভর্তি হয়েছিলেন বা হচ্ছেন।

চিত্র-৫.২: পাশকৃত শিক্ষার্থীগণের উচ্চ শিক্ষা গ্রহণের অবস্থা




যে শিক্ষার্থীগণ উচ্চশিক্ষায় অংশ নিয়েছিলেন বা বর্তমানেও নিচ্ছেন তাদের এক-চতুর্থাংশ (২৫%) এইচএসসি ভোকেশনাল/ডিপ্লোমা শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানে ভর্তি হয়েছিলেন (১৯% বস্ত্র পরিদপ্তরের শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও ৬% নিম্নমান সম্পন্ন বেসরকারি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠানে)। বস্ত্র পরিদপ্তর অধীনস্থ প্রতিষ্ঠানে ডিপ্লোমার জন্য আসন সংখ্যা সীমিত থাকার কারণেই তারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হন। পাশকৃত শিক্ষার্থীদের ৩% টেক্সটাইলে বিএসসি পর্যায়ে ডিগ্রী অর্জন করেছেন। আবার দেখা যাচ্ছে যে, একটি বড় অংশ সাধারণ ও অন্যান্য কারিগরি কোর্সে ভর্তি হয়েছিলেন, যেমন এইচএসসি (১৩%), অনার্স/ডিগ্রী (৬%), ডিপ্লোমা ইন সিভিল (৩%) এবং ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল (২%)। চাকুরিতে প্রয়োজনীয় রেফারেন্সের অভাব ও টেক্সটাইলে উচ্চতর কারিগরি শিক্ষায় ভর্তি হতে না পেরে তাদের অনেকে পুনরায় নিজ এলাকার সাধারণ ও অন্যান্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন।

#### ৫.১.২ পাশকৃত শিক্ষার্থীগণের বর্তমান পেশা

পাশকৃত শিক্ষার্থীগণের মাত্র ১৫% বর্তমানে বস্ত্রখাতের বিভিন্ন উপখাতে চাকুরিরত আছেন এবং আরও ৬% স্ব-উদ্যোগে প্রতিষ্ঠিত ব্যবসা/আত্মকর্মসংস্থানে (নিজ এলাকার টেইলারিং, তাঁতশিল্প ও বস্ত্রখাত সংশ্লিষ্ট অন্যান্য ব্যবসা/আত্মকর্মসংস্থানে) নিয়োজিত আছেন। বস্ত্রখাত বহির্ভূত ব্যবসা ও চাকুরিতে নিয়োজিত আছেন যথাক্রমে ২০% ও ১৪%। এছাড়া অল্পসংখ্যক বেকার ও গৃহিণী ব্যতিরেকে অন্যদেরকে বর্তমানে লেখাপড়ারত অবস্থায় পাওয়া গেছে।

চিত্র-৫.৩: পাশকৃত শিক্ষার্থীগণের বর্তমান পেশা



উচ্চ শিক্ষায় অংশগ্রহণ ছাড়াও বস্ত্রখাতের চাকুরিতে তাদের সংখ্যা কম কেন, এ প্রশ্নের উত্তরে সংশ্লিষ্টরা জানিয়েছেন যে, তাদের অনেকেই শ্রমিক পদে নিম্ন বেতন ও সামাজিক দৃষ্টিভঙ্গীর কথা বিবেচনা করে ঐ ধরনের কাজ করতে চান না। সমীক্ষা দল এ মর্মেও অবগত হয়েছে যে, তাদের অনেকের ধারণা এসএসসি ভোকেশনাল পাশ করে মিল কারখানায় তেমন কোন চাকুরি পাওয়া যায় না। তারা কোন পদে ও কি বেতনে চাকুরি পেতে পারে এমন ধারণা তারা পায়নি; টিভিআইতে তাদের কোনরূপ Career Counselling দেয়া হয়নি। তাছাড়া চাকুরি সংশ্লিষ্ট যোগাযোগ বিষয়ে তাদের অনভিজ্ঞতা ও এক ধরনের অজানা ভীতি কাজ করেছে। তাদের অনেকেই মনে করে বস্ত্র পরিদপ্তর বা টিভিআই কর্তৃপক্ষ এ ব্যাপারে তাদের সাহায্য এবং প্রেষণা প্রদান করলে পরিস্থিতি অন্যরূপও হতে পারতো।

### ৫.১.৩ পেশা সংশ্লিষ্ট বস্ত্র উপখাতসমূহ

বস্ত্রখাতের বিভিন্ন উপখাতের পেশার সঙ্গে জড়িতগণের সর্বাধিক সংখ্যক (৩২%) বস্ত্র খাতের বিভিন্ন মিল ফ্যাক্টরীতে কর্মরত আছেন। তৈরী পোশাক শিল্পে জড়িত আছেন ২৯% এবং ২৫% অন্যান্য উপখাতে (যেমন হ্যান্ডলুম, বায়িং হাউস, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) কর্মরত আছেন। বিচ্ছিন্নভাবে একজন পাওয়া গেছে যে সৌদি আরবে বিশেষায়িত কাপড়ের দোকানে কর্মরত আছেন।

#### সারণি-৫ .১: কর্মক্ষেত্র অনুসারে উত্তর দাতাগণের বিভাজন

টেবুটাইল	%	গার্মেন্টস	%	অন্যান্য	%
নিটিং	৬%	নিট গার্মেন্টস	১০%	হ্যান্ডলুম	৯%
নিট ডাইং-প্রিন্টিং-ফিনিশিং	১৫%	ওভেন গার্মেন্টস	৫%	বাইং হাউজ	৮%
ওভেন ডাইং-প্রিন্টিং-ফিনিশিং	৭%	সোয়েটার ফ্যাক্টরী	৪%	শিক্ষা প্রতিষ্ঠান (ল্যাব সহকারী, সহকারী শিক্ষক, ডেমোনস্ট্রেটর ইত্যাদি)	৯%
৩ বা ৪ খাপ বিশিষ্ট কম্পোজিট মিলস	৪%	কম্পোজিট নিট গার্মেন্টস	৩%	বস্ত্রখাত সংশ্লিষ্ট অন্যান্য উপখাত	১৪%
		কম্পোজিট ওভেন গার্মেন্টস	৭%		
মোট	৩২%		২৯%		৩৯%

### ৫.১.৪ পাশকৃত শিক্ষার্থীগণের পেশাগত পদবি ও আয়


পাশকৃত শিক্ষার্থীরা যারা বস্ত্রখাত সংশ্লিষ্ট পেশায় নিয়োজিত আছেন তাদের সর্বাধিক (২০.৬%) 'কোয়ালিটি কন্ট্রোলার/ ইন্সপেক্টর' পদে কর্মরত আছেন। সহকারি মান নিয়ন্ত্রণ কর্মকর্তা পদে আছেন ১৭.৫% এবং উৎপাদন ও সমপর্যায়ের কর্মকর্তা পদে আছেন প্রায় ৭.৯%। অন্যান্য পদ সংশ্লিষ্ট তথ্যের জন্য নিম্নের সারণি দ্রষ্টব্যঃ

#### সারণি- ৫.২: বস্ত্রখাতে চাকুরিতে নিয়োজিত শিক্ষার্থীগণের পদবি ভিত্তিক বিভাজন

	পদবী											মোট
	অপারেটর	সুইং অপারেটর	ল্যাব এ্যাসিস্টেন্ট	মেকানিক	সেলসম্যান	সহকারি সুপারভাইজার	কোয়ালিটি কন্ট্রোলার/ ইন্সপেক্টর	সহকারি উৎপাদন কর্মকর্তা	সহকারি মান নিয়ন্ত্রণ কর্মকর্তা	উৎপাদন কর্মকর্তা ও সম-পর্যায়ের কর্মকর্তা	অন্যান্য	
জন	৬	২	৬	২	৩	১	১৩	৪	১১	৫	১০	৬৩
%	৯.৫%	৩.২%	৯.৫%	৩.২%	৪.৮%	১.৬%	২০.৬%	৬.৩%	১৭.৫%	৭.৯%	১৫.৯%	১০০%

অভিজ্ঞ মহলের মতে চাকুরিরত পাশকৃত উত্তরদাতাগণের মাসিক আয় বেশ সন্তোষজনক। সমীক্ষায় দেখা গেছে টিভিআই থেকে পাশ করে যারা চাকুরিতে আছেন তাদের বর্তমান গড় মাসিক বেতন ১২,০৪৮ টাকা; সর্বনিম্ন বেতন ৫,৬০০ টাকা এবং সর্বোচ্চ বেতন ২৫,০০০ টাকা। এখানে উল্লেখ্য যারা টাকা বা আশেপাশের এলাকায় মিল কারখানায় চাকুরিরত তাদের সর্বনিম্ন মাসিক বেতন ৯,৭০০ টাকার কম নয়; কিন্তু গ্রামীণ এলাকায় (যেমন তালগাছি-সিরাজগঞ্জ, কালিহাতি, চাঁপাইনবাবগঞ্জ) এই বেতন মাসে ৫,৬০০ পর্যন্ত দেখা গেছে। সাধারণত সদ্য পাশকৃত ও অল্প অভিজ্ঞতা সম্পন্ন টিভিআই পাশকৃত শিক্ষার্থীগণ এরূপ কম বেতন পাচ্ছেন। প্রায় ৪৮% এর বর্তমান মাসিক আয় ১০,০০০ টাকা বা তার নিচে। যারা অপেক্ষাকৃত অভিজ্ঞ (চাকুরির বয়স ২ বছরের বেশী) তাদের (২৭%) মাসিক আয় ১২,৫০০ টাকা পর্যন্ত। চাকুরিতে নিয়োজিতদের মধ্যে ১৩% এর মাসিক আয় ১২,৫০০ থেকে ১৫,০০০ টাকা। প্রায় ১২% এর মাসিক আয় ১৫,০০০ থেকে ২৫,০০০ টাকা (তবে বিচ্ছিন্ন ক্ষেত্রে এই আয় ৪০,০০০ পর্যন্ত)- যাদের অধিকাংশই ৫-৭ বছর আগে টিভিআই কোর্স সমাপ্ত করেছে এবং কেউবা বন্দ্রখাত সংশ্লিষ্ট ব্যবসায়ের সাথে জড়িত।


চিত্র-৫.৪: চাকুরি হতে বা ব্যবসা থেকে অর্জিত মাসিক আয় (টাকা)



#### ৫.১.৫ কর্মসংস্থানের ফলে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন

উপার্জনকারী উত্তরদাতাগণের ১৯% জানিয়েছেন বর্তমান আয়ে তাঁরা বেশ সন্তুষ্ট। ৫২% জানিয়েছেন তাঁদের শিক্ষাগত যোগ্যতা অনুসারে এই আয় সন্তোষজনক এবং ২৯% জানিয়েছেন তাঁরা উপার্জিত আয়ে সন্তুষ্ট নন। তাঁদের এই আয় পরিবারের আর্থ সামাজিক উন্নয়নে কিছুটা অবদান অবশ্যই রাখছে যার সঠিক মাত্রা যদিও সেভাবে তারা হিসেব করে দেখেননি। তবে উপার্জনকারী উত্তরদাতাগণের উল্লেখযোগ্য অংশ (৭২.৬%) জানিয়েছেন কর্মসংস্থানের ফলে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে।

চিত্র-৫.৫: পাশকৃত শিক্ষার্থীগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন চিত্র



### ৫.১.৬ চাকুরিলাভ ও পেশাগত ক্ষেত্রে দক্ষতা অর্জনে টিভিআইগুলোর ভূমিকা

অধিকাংশ (৬৩%) চাকুরিরত উত্তরদাতাগণের মতে চাকুরি লাভের ক্ষেত্রে অন্যান্যদের তুলনায় টিভিআই এর সার্টিফিকেট জোরালো ভূমিকা রেখেছিল। তারা মনে করে যে, তাদের সার্টিফিকেটে সরকারি সিল ও টিভিআই এর উন্নত প্রশিক্ষণ একধরনের গুণগত প্রভাব সৃষ্টি করে। তদুপ দুই-তৃতীয়াংশ (৬৭%) মনে করে পেশাগত কাজে পারদর্শমতা বা দক্ষতা অর্জনে টিভিআই থেকে লব্ধ জ্ঞান তাদের খুবই উপকারে লেগেছে। তবে তাদের অনেকের মতে বস্ত্র পরিদপ্তর বা টিভিআই কর্তৃক যদি Career Counselling এর ব্যবস্থা নেয়া হত, চাকুরি সংশ্লিষ্ট যোগাযোগ সহায়তা ও অজানা ভীতি দূরীকরণে প্রেষণা প্রদান করা হত, তবে তারা আরও অধিকতর সংখ্যায় ও ভালো পদে/ বেতনে খ্যাতিসম্পন্ন বস্ত্র/পোশাক শিল্পে নিয়োজিত হতে পারতো।

### সারণি- ৫.৩: পেশা ও চাকুরির ক্ষেত্রে টিভিআইগুলোর ভূমিকা

ক্র: নং	বিষয়	ভূমিকা			
		জোরালো	মোটামুটি	তেমন নয়	কোন ভূমিকা নেই
১.	চাকুরি লাভে টিভিআই এর সার্টিফিকেট	৬৩%	১৭%	৬%	১৪%
২.	পেশাগত কাজের ক্ষেত্রে টিভিআই-এর শিক্ষা/প্রশিক্ষণ	৬০%	২৩%	৮%	৬%
৩.	দ্রুত দক্ষতা অর্জনে সহায়ক (বিশেষ করে অন্যান্যদের তুলনায় যারা টেক্সটাইল ভোকেশনালে শিক্ষা লাভ করে নি)	৬৭%	১৫%	৭%	৭%

### ৫.২ টিভিআইগুলোর বর্তমান অবস্থা ও কার্যক্রমের পর্যালোচনা

#### ৫.২.১ টিভিআইগুলোর কার্যক্রম

প্রকল্পাধীন টিভিআইগুলো ২০০৬ এর জানুয়ারী থেকে নিয়মিত শিক্ষা কার্যক্রম শুরু করে এবং ২০০৮ সনে শিক্ষার্থীগণ প্রথম পরীক্ষায় অংশগ্রহণ করে। সমীক্ষা চলাকালে লক্ষ্য করা গেছে যে, ডিপিপিতে (৩য় সংশোধনী) বর্ণিত ভৌত কাঠামো, যন্ত্রপাতি ও অন্যান্য শিক্ষাপোকরণ এবং শিক্ষক-প্রশিক্ষকগণের সমন্বয়ে প্রতিষ্ঠানগুলোতে পূর্ণমাত্রায় শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।

প্রকল্পের জন্মলগ্ন থেকে অদ্যাবধি টিভিআইগুলোর পরীক্ষার্থীর সংখ্যা ও পাশকৃত শিক্ষার্থীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। ২০০৮ সনে টিভিআই প্রতি গড় পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২০ জন যা ২০১৫ সনে বৃদ্ধি পেয়ে ৮৯তে দাঁড়িয়েছে। অর্থাৎ বিগত ৯ বছরে পরীক্ষার্থী বৃদ্ধির গড় ক্রমযোজিত বাৎসরিক হার (CAGR) ২৩.৬০%। অনুরূপভাবে, ২০০৮ সনে টিভিআই প্রতি গড় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ছিল ১৫ জন, যা ২০১৫ সনে হয়েছে ৮২ জন। এক্ষেত্রে পাশকৃত শিক্ষার্থীদের পরিমাণ বৃদ্ধির বাৎসরিক গড় ক্রমযোজিত হার ২৭.৭৪%। পাশের হার বছর ভেদে ৭২% থেকে ৯৬%। ডিপিপিতে প্রকল্প চলাকালীন সময়ে টিভিআইগুলো থেকে সরবরাহকৃত শিক্ষার্থীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল টিভিআই প্রতি ৯০ জন এবং প্রকল্প সমাপ্তির পর এই লক্ষ্যমাত্রা ধরা হয়েছে টিভিআই প্রতি ১২০ জন। প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়, টিভিআইগুলো ক্রমান্বয়ে উক্ত লক্ষ্যমাত্রা পূরণের দিকে এগিয়ে চলেছে।

পাশাপাশি রাজস্বখাতে পরিচালিত ৩০টি টিভিআইএর পরীক্ষার্থী ও উত্তীর্ণ শিক্ষার্থীদের উপাত্ত বিশ্লেষণে দেখা যায় যে, ২০০৬ সনে টিভিআই প্রতি গড় পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫০ জন যা ২০১৫ সনে বৃদ্ধি পেয়ে ৬৯ এ দাঁড়িয়েছে। অর্থাৎ বিগত ১০ বছরে পরীক্ষার্থী বৃদ্ধির বাৎসরিক গড় ক্রমযোজিত হার (CAGR) ৩.৬৪%। এ সকল টিভিআই থেকে ২০০৬ সনে টিভিআই প্রতি গড় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ছিল ৩৭ জন, যা ২০১৫ সনে হয়েছে ৬২ জন। এক্ষেত্রে পাশকৃত শিক্ষার্থীদের ক্রমযোজিত বাৎসরিক হার দাঁড়ায় ৫.৭২%। আর পাশের হার

বছর ভেদে ছিল ৭১% থেকে ৯২%। তবে ২০০৬ থেকে ২০১৫ সনে রাজস্বখাত অধীন নিজস্ব ভবনে পরিচালিত ৯টি টিভিআই-এর প্রতিটিতে গড় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা যেখানে ৪২ থেকে ৮৬ তে দাড়িয়েছে (CAGR - ৮.২৯%) সেখানে ভাড়া বাড়ির ২১টির প্রতিটিতে একই সময় ঐ সংখ্যা ৩৫ থেকে বেড়ে মাত্র ৫১ জন হয়েছে (CAGR - ৪.২৯%)।

**সারণি- ৫.৪ রাজস্বখাত ও প্রকল্পভুক্ত টিভিআইগুলোর পরীক্ষার্থী ও পাশকৃত শিক্ষার্থীদের তথ্য (২০০৬-২০১৫)**


টিভি আই এর প্রকার	শিক্ষা বছর									
	২০০৬	২০০৭	২০০৮	২০০৯	২০১০	২০১১	২০১২	২০১৩	২০১৪	২০১৫
<b>পরীক্ষার্থীর সংখ্যা</b>										
ভাড়া বাড়ি রাজস্ব (২১ টি)	১০২৯	১১১২	১১৯৩	১০০০	১০১৮	৮৭৪	১০৬৬	৯৯৬	১১৭৮	১২৩৪
নিজস্ব ভবন রাজস্ব (৯ টি)	৪৬৫	৫৩২	৬৬২	৬১৯	৬৩৬	৬৬৬	৬৯৮	৬৩৪	৭৮৮	৮২৭
রাজস্ব খাত ভুক্ত ৩০টি টিভিআই	১৪৯৪	১৬২৪	১৮৫৫	১৬১৯	১৬৫৪	১৫৪০	১৭৬৪	১৬৩০	১৯৬৬	২০৬১
প্রকল্পভুক্ত ১০টি টিভিআই	০	০	২০১	২৮৬	৪৮৫	৪৪১	৫৫২	৫৭৭	৭০৫	৮৮৬
<b>পাশের সংখ্যা</b>										
ভাড়া বাড়ি রাজস্ব (২১ টি)	৭৪৩	৭৪০	৮৮৩	৮০৯	৯২৪	৭৯৭	৯৭০	৮৯৭	১০২৩	১০৭৬
পাশের হার	৭২%	৬৭%	৭৪%	৮১%	৯১%	৯১%	৯১%	৯০%	৮৭%	৮৭%
নিজস্ব ভবন রাজস্ব (৯ টি)	৩৭৬	৪১৪	৫২৪	৪৯০	৫৯৩	৬১৩	৬৫৬	৫৫৮	৭০৭	৭৭০
পাশের হার	৮১%	৭৮%	৭৯%	৭৯%	৯৩%	৯২%	৯৪%	৮৮%	৯০%	৯৩%
রাজস্ব খাত ভুক্ত ৩০টি টিভিআই	১১১৯	১১৫৪	১৪০৭	১২৯৯	১৫১৭	১৪১০	১৬২৬	১৪৫৫	১৭৩০	১৮৪৬
পাশের হার	৭৫%	৭১%	৭৬%	৮০%	৯২%	৯২%	৯২%	৮৯%	৮৮%	৯০%
প্রকল্পভুক্ত ১০টি টিভিআই	০	০	১৪৭	২০৭	৪৬৮	৪২৩	৫১৭	৫১১	৬০১	৮১৬
পাশের হার	০	০	৭৩%	৭২%	৯৬%	৯৬%	৯৪%	৮৯%	৮৫%	৯২%
<b>টিভিআই প্রতি গড় পরীক্ষার্থীর সংখ্যা</b>										
রাজস্ব খাত ভুক্ত ৩০টি টিভিআই	৫০	৫৪	৬২	৫৪	৩৫	৫১.৩	৫৯	৫৪	৬৬	৬৯
প্রকল্পভুক্ত ১০টি টিভিআই	০	০	২০	২৮.৬	৩৫	৪৪.১	৫৫	৫৮	৭১	৮৯
<b>টিভিআই প্রতি গড় পাশকৃত শিক্ষার্থীর সংখ্যা</b>										
ভাড়া বাড়ি রাজস্ব (২১ টি টিভিআই)	৩৫	৩৫	৪২	৩৯	৪৪	৩৮	৪৬	৪৩	৪৯	৫১
নিজস্ব ভবন রাজস্ব (৯ টি টিভিআই)	৪২	৪৬	৫৮	৫৪	৬৬	৬৮	৭৩	৬২	৭৯	৮৬
রাজস্ব খাত ভুক্ত ৩০টি টিভিআই	৩৭	৩৮	৪৭	৪৩	৫১	৪৭	৫৪	৪৯	৫৮	৬২
প্রকল্পভুক্ত ১০টি টিভিআই	০	০	১৫	২১	৪৭	৪২	৫২	৫১	৬০	৮২

উপরের সারণির তথ্যানুযায়ী তুলনামূলক বিচারে প্রকল্পাধীন ১০টি টিভিআই এর কার্যক্রম রাজস্বখাতের ৩০টি টিভিআই এর তুলনায় ভাল, বিশেষ করে ভাড়া বাড়িতে পরিচালিত ২১ টি টিভিআই-এর তুলনায় অনেক ভাল। এখানে আরো লক্ষণীয় যে, বিবেচ্য প্রকল্প অধীন ১০টি টিভিআই হতে গড় পাশের পরিমাণ ক্রমেই রাজস্ব খাতের নিজস্ব ভবনে পরিচালিত ৯ টি টিভিআই-এর কাছাকাছি যাচ্ছে। এ থেকে প্রমাণিত হয় যে, নিজস্ব ভবন টিভিআইগুলো পরিচালনায় একটি কার্যকর চলক বা ফ্যাক্টর। প্রাচীর ঘেরা সুদৃশ্য ভবন, প্রশস্ত শ্রেণী কক্ষ, নতুন যন্ত্রপাতিসহ আধুনিক ল্যাব, খোলা মাঠ ইত্যাদি সম্বলিত প্রতিষ্ঠানগুলো সহজেই এলাকার অধিবাসীদের দৃষ্টি আকর্ষণ ও আস্থা অর্জন করে। ফলে এলাকার অধিবাসীগণ তাঁদের সন্তানদের এ সকল প্রতিষ্ঠানে ভর্তি করার জন্য আগ্রহী হন।


অন্যদিকে বস্ত্র পরিদপ্তরের কর্মকর্তাগণের সাথে আলাপচারিতায় জানা যায় যে, ভাড়া বাড়িতে পরিচালিত ২১টি টিভিআই-এর অধিকাংশ যন্ত্রপাতি অনেক পুরানো এবং এগুলো খুব খারাপ অবস্থায় আছে। ভাড়া বাড়ি ও পুরানো /ক্ষতিগ্রস্ত যন্ত্রপাতির কারণে এ সকল প্রতিষ্ঠানগুলো রাজস্বখাতে পরিচালিত হওয়া সত্ত্বেও আশানুরূপ শিক্ষার্থী ভর্তি করতে পারছে না; কারণ জরাজীর্ণ এ টিভিআইগুলো সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ ছায়া (Image) বহন করতে পারছে না। পক্ষান্তরে এ ১০টি টিভিআই উপজেলা পর্যায়ে স্থাপিত, যেখানে এরূপ একটি প্রতিষ্ঠানে বাড়ি থেকে পড়া একটি দুর্লভ সুযোগও বটে। রাজস্বখাতের অধিকাংশ টিভিআই জেলা সদরে অবস্থিত, ঐ সকল স্থানে টিভিআই ছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠানে পড়ার সুযোগ রয়েছে। ফলে ঐ ৩০টি টিভিআইগুলোর ক্ষেত্রে ভর্তির পরিমাণ যেমন কম, তদুপ উত্তীর্ণের সংখ্যাও কম, যদিও পাশের হার কাছাকাছি।

বস্তুত এই ২১ টি টিভিআই এর কারণে রাজস্বখাতের মোট ৩০টি প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম আকর্ষণীয় নয়।


#### চিত্র-৫.৬ রাজস্বখাত ও প্রকল্পভুক্ত টিভিআইপ্রতি গড় পাশকৃত শিক্ষার্থীর পরিমাণের অবস্থা (২০০৬-২০১৫)



#### চিত্র-৫.৭ রাজস্বখাত ও প্রকল্পভুক্ত টিভিআই প্রতি গড় পাশের সংখ্যা (জন)



#### চিত্র-৫.৮ রাজস্বখাত ও প্রকল্পভুক্ত টিভিআই প্রতি পাশের হার



### ৫.২.২ বর্তমান শিক্ষার্থীগণের সাধারণ তথ্য

বর্তমানে ১০টি টিভিআই এ ২২৫৮ জন শিক্ষার্থী লেখাপড়া করছে। এদের মধ্যে ১৩৩৩ জন ৯ম শ্রেণীতে এবং ৯২৫ জন ১০ম শ্রেণীতে অধ্যয়নরত আছে। টিভিআইগুলোতে গড় শিক্ষার্থী ভর্তির সংখ্যা ১৩৩ জন, যার প্রায় ৮০% ছেলে এবং ২০% মেয়ে।

### সারণি-৫.৫ বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীগণের তথ্য

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম	২০১৬						মোট
		৯ম শ্রেণীতে ভর্তির সংখ্যা			১০ম শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা			
		ছাত্র	ছাত্রী	মোট	ছাত্র	ছাত্রী	মোট	
১.	টিভিআই, মানিকগঞ্জ	১০৭	৩৫	১৪২	৮২	১৩	৯৫	২৩৭
২.	টিভিআই, টাংগাইল	১৩৪	২৫	১৫৯	১১২	১১	১২৩	২৮২
৩.	টিভিআই, কিশোরগঞ্জ	৮৩	৪৪	১২৭	৭৩	২৬	৯৯	২২৬
৪.	টিভিআই, ফরিদপুর	১১৩	২৯	১৪২	৭৭	১৭	৯৪	২৩৬
৫.	টিভিআই, নোয়াখালী	১০৯	২৬	১৩৫	৬৯	১৯	৮৮	২২৩
৬.	টিভিআই, কক্সবাজার	১১৭	৪৩	১৬০	৮৯	২৬	১১৫	২৭৫
৭.	টিভিআই, সিরাজগঞ্জ	১৪০	১৩	১৫৩	৯৭	২	৯৯	২৫২
৮.	টিভিআই, গাইবান্ধা	৯৭	২১	১১৮	৮১	১৬	৯৭	২১৫
৯.	টিভিআই, নওগাঁ	৭২	১৪	৮৬	৪৭	১০	৫৭	১৪০
১০.	টিভিআই, চাঁপাইনবাবগঞ্জ	৯৪	২০	১১৪	৪৬	১২	৫৮	১৭২
	<b>মোট</b>	<b>১০৬৬</b>	<b>২৭০</b>	<b>১৩৩৬</b>	<b>৭৭৩</b>	<b>১৫২</b>	<b>৯২৫</b>	<b>২২৫৮</b>

দেশের বিদ্যমান সামাজিক দৃষ্টিকোণ ও ব্যবসায়িক কৃষ্টি (যদিও তা ক্রমাগত নারী উন্নয়নের স্বপক্ষে এগুচ্ছে) এর প্রেক্ষিতে সঙ্গত কারণেই কারিগরি শিক্ষায় নারীর সংখ্যা তুলনামূলক কম। Banbeis-Educational Database অনুযায়ী ২০১৪ সনে মাধ্যমিক পর্যায়ের সাধারণ শিক্ষায় মেয়েদের enrolment এর হার প্রায় ৩৪% সেখানে সরকারি ভোকেশনাল শিক্ষায় এই হার মাত্র ১৬.৩৭%। বিবেচ্য টিভিআইগুলোতে enrolment এর এই হার ২০% (প্রায়)। এখানে ছাত্রী ভর্তি ও পাশের সংখ্যাগত পরিমাণ সময়ের সাথে বৃদ্ধি পেলেও শতভাগ হারে এর প্রবৃদ্ধি কিঞ্চিৎ নিম্নমুখী। শিক্ষক-প্রশিক্ষক ও ছাত্রীদের সাথে আলাপচারিতায় মনে হয়েছে যে এর প্রধান কারণগুলো নিম্নরূপঃ

- টিভিআইগুলোতে ভর্তির সময়সীমা ১৮ বছর পর্যন্ত থাকে এবং দেখা যায় মেয়েরা একটু বেশি বয়সে ভর্তি হয়। অধিকাংশের পরিবার দরিদ্র হওয়ার কারণে মেয়েদের বিয়ে হয়ে যায়;
- ভোকেশনাল শিক্ষায় মেয়েদের অংশগ্রহণকে সমাজ এখনও ততটা গুরুত্ব দেয় না;
- হোস্টেল সুবিধা না থাকায় দূরবর্তী অঞ্চলের ইচ্ছুক মেয়েরাও ভর্তি হয় না;

- ছাত্রীদের ভর্তির জন্য বিশেষ উৎসাহ বা প্রেরণা (Motivation) দেয়া হয় না ; এবং
- অভিভাবকগণও এ ব্যাপারে ততটা সচেতন নন।

### ৫.২.৩ বর্তমান শিক্ষার্থীদের দৃষ্টিকোণ থেকে টিভিআইগুলোর অবস্থা

পাঠ্যসূচি অনুযায়ী শিক্ষকের পর্যাপ্ততা সম্পর্কে ৮৪% শিক্ষার্থীগণের মত হল, বিষয় ভিত্তিক বিজ্ঞান শিক্ষকের অভাব রয়েছে। কেননা একই শিক্ষক গণিত, রসায়ণ ও পদার্থ বিজ্ঞান পড়াচ্ছেন। শিক্ষার্থীগণের ৬০% জানিয়েছেন যে, মিল ট্রেনিং এর পরিমাণ খুবই কম; যেহেতু ল্যাবে প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাব আছে আর অন্যদিকে উৎপাদনের বাস্তব পরিবেশের প্রত্যক্ষ জ্ঞানের প্রয়োজন আছে তাই মিল ট্রেনিং এর সংখ্যা বছরে কমপক্ষে ৩টি (৬ দিন করে মোট ১৮) করে খুবই প্রয়োজন বলে তারা মনে করে। আইসিটি ভিত্তিক শিক্ষার ব্যবস্থা (যেমন অনলাইনে বই/জার্নাল পড়া, ক্লাসের রুটিন ও বিষয় বস্তু আগেই জেনে নেয়া, পেশাগত বিষয়ের খবরাখবর জানা, অনলাইনে লেকচার সিট পাওয়া ইত্যাদি) নেই। প্রায় শতভাগ শিক্ষার্থী চায় এ ধরনের শিক্ষা ব্যবস্থা প্রবর্তন হোক।

শিক্ষার্থীগণ জানিয়েছে যে প্রতিটি টিভিআইতে একটি বা দুটি কম্পিউটার কোন রকমে চললেও ওগুলো অতি পুরাতন, ধীরগতি সম্পন্ন এবং নূতন কোন Application Software (Word 2003-2010) ইত্যাদি ব্যবহার করা যায় না। ব্রডব্যান্ড বা ওয়াইফাই না থাকায় কি ভাবে সার্চ ইঞ্জিনের সাহায্যে ব্রাউস করতে হয় বা ই-মেইল আদানপ্রদান করতে হয় তা তারা জানে না।

শিক্ষার্থীগণ লাইব্রেরীতে বইপত্রের বা জার্নালের ব্যাপারে তেমন সচেতন মনে হয়নি এবং তাদের সিংহভাগ (৬৭%) জানিয়েছে যে বইপত্রের পরিমাণ যথেষ্ট তবে কোন জার্নাল নেই।

উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী জানিয়েছে যে বস্ত্র বা পোশাক শিল্পে চাকুরি পাওয়ার জন্যই তারা এখানে ভর্তি হয়েছে, কিন্তু তার চেয়েও বেশী সংখ্যক (৬৪%) জানিয়েছে যে তারা টেক্সটাইল/গার্মেন্টস শিল্পের বিষয়ে আরও উচ্চ শিক্ষায় অংশ নেয়ার আশা রাখে। মাত্র ১২% শিক্ষার্থী জানিয়েছে যে, তারা স্ব-উদ্যোগে বস্ত্রখাত সংশ্লিষ্ট ব্যবসা যেমন (১লাইনের ছোট গার্মেন্টস, টেইলারিং হাউজ, সুতার ব্যবসা, রং-এর ব্যবসা, স্পেসয়ার পার্টস তৈরীর জন্য ছোট ওয়ার্কসপ) ইত্যাদি করতে চায়। কিছু সংখ্যক (৮%) তাদের অন্য যে কোন বিষয়ে উচ্চ শিক্ষা লাভ করার ইচ্ছা আছে আর ১৬% জানিয়েছে যে, এ ব্যাপারে তারা এখনি কিছু চিন্তা ভাবনা করছে না।

দুই-তৃতীয়াংশেরও বেশী (৭১%) শিক্ষার্থীরা মনে করে স্কুলে খেলাধুলার সুযোগ থাকা উচিত এবং সে অনুযায়ী স্কুল মাঠ প্রস্তুত করা প্রয়োজন। দূরবর্তী অঞ্চলের শিক্ষার্থীরা জানিয়েছে হোস্টেল সুবিধা দরকার, আর প্রায় ৩৮% শিক্ষার্থীগণ সাংস্কৃতিক কর্মকান্ড, বিতর্ক প্রতিযোগিতা ইত্যাদি কর্মসূচি বেশি করে পরিচালনার কথা উল্লেখ করেছে।

### ৫.২.৪ শিক্ষক-প্রশিক্ষক সমাচার

#### শিক্ষক-প্রশিক্ষকের পরিমাণ

প্রকল্পের ডিপিপি অনুযায়ী অনুমোদিত জনবলের সংখ্যা মোট ১৫২ জন। সমীক্ষা চলাকালে বাস্তবে এই সংখ্যা ছিল ১৫১ জন। এর মধ্যে ১২০ জন শিক্ষা-প্রশিক্ষকের সাথে সরাসরি সংশ্লিষ্ট; বাকী ৩১ জন বিভিন্ন সেবা প্রদানে নিয়োজিত। প্রকল্পের জনবল-ছাত্রের অনুপাত ১:২.৮৫ (যা প্রকল্পস্তোর কালে ১: ১৭.২ হওয়ার কথা)।

অনুমোদিত শিক্ষক-ছাত্রের অনুপাত ১:১৬.৪ (যা প্রকল্পত্বের কালে ১:২২ হওয়ার কথা)। BANBEIS এর তথ্য অনুসারে এই অনুপাত সরকারি খাতের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুপাতের চেয়ে কম নয়।

#### সারণি-৫.৬ টিভিআইএর জনবল সম্পর্কিত তথ্য

ক্রঃ নং	পদবী	টিভিআই প্রতি সংখ্যা	মোট সংখ্যা (১০টি টিভিআই)	বাস্তব সংখ্যা (১০টি টিভিআই)
১.	প্রকল্প পরিচালক	-	১ জন	-*
২.	সুপার	১ জন	১০ জন	১০ জন
৩.	ইন্সট্রাকটর	১ জন	১০ জন	১০ জন
৪.	জুনিয়র ইন্সট্রাকটর	১ জন	১০ জন	১০ জন
৫.	সহকারী শিক্ষক (ভাষা)	২ জন	২০ জন	২০ জন
৬.	সহকারী শিক্ষক (গণিত, রসায়ন, পদার্থ)	১ জন	১০ জন	১০ জন
৭.	টেইলর মাস্টার	১ জন	১০ জন	১০ জন
৮.	ইউডিএ কাম একাউন্টেন্ট	১ জন	১০ জন	১০ জন
৯.	এলডিএ	১ জন	১০ জন	১০ জন
১০.	মেকানিক	১ জন	১০ জন	১০ জন
১১.	টেকনিক্যাল এসিসটেন্ট	২ জন	২০ জন	২০ জন
১২.	ল্যাব এসিসটেন্ট	১ জন	১০ জন	১০ জন
১৩.	এম,এল,এস, এস	১ জন	১০ জন	১০ জন
১৪.	নৈশ গ্রহরী	১ জন	১০ জন	১০ জন
১৫.	ড্রাইভার	-	১ জন	-
	<b>মোট</b>	<b>১৫ জন</b>	<b>১৫২ জন</b>	<b>১৫১ জন</b>

\*জুন ২০১৪ সনে প্রকল্পটি সমাপ্ত হয়, ফলে বর্তমানে প্রকল্প পরিচালকের পদটি আর নেই।

পরিসংখ্যানিক দৃষ্টিকোণে উপর বর্ণিত জনবল/শিক্ষক এবং শিক্ষার্থীর অনুপাত প্রচলিত উদাহরণের তুলনায় যথেষ্ট হলেও কাঠামোগত কিছুটা দুর্বলতা রয়েছে। উদাহরণস্বরূপ, উল্লেখ করা যায় যে, বিজ্ঞান শিক্ষক মাত্র ১ জন, যাকে ৯ম ও ১০ম উভয় শ্রেণীর জন্য গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান সহ ৩টি বিষয়ে একাই তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষা প্রদান করতে হয়। শিক্ষার গুণগতমান ঠিক রাখার জন্য গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে আলাদা শিক্ষক থাকা উচিত – শিক্ষকগণের এই যুক্তি যথার্থ বলে সমীক্ষাদলের নিকট প্রতীয়মান হয়।

#### শিক্ষার পরিবেশ ও গুণগত মান

সকল সুপার (১০ জন) ও শিক্ষক-প্রশিক্ষকগণ (২০ জন)-এর মতে শিক্ষা প্রশিক্ষণ কাজের নৈমিত্তিক অংশটি মোটামুটি কারিগরি শিক্ষা বোর্ডের নিয়ম অনুসারে চলছে। শিক্ষার্থী হাজিরা ভাল এবং লেখা পড়ায় তাদের মনোযোগ কমবেশী আছে। শিক্ষা সূচি অনুযায়ী ক্লাস পরিচালনায় এমনিতে তেমন বড় কোন অসুবিধা নেই। তবে ৫৭% উত্তরদাতা জানান যে, ব্যবহারিক ক্লাস পরিচালনা তাদের নানা কারণে সীমিত রাখতে হয়; যন্ত্র বেসীক্ষণ চালানো যায়না কেননা কাঁচা মালের দারুণ অভাব। প্রকল্প শেষের পর তারা কাঁচামালের যোগান পায় না। প্রায় ৫০% শিক্ষকের মতে নূতন ও আধুনিক যন্ত্রপাতি যা বর্তমান মিল-কারখানায় ব্যবহৃত হয় তার কিছু নমুনা যন্ত্রপাতি প্রয়োজন। উত্তরদাতাগণের ৮৬% মনে করেন লাইব্রেরীতে আরও প্রাসঙ্গিক বইপত্র ও জার্নাল রাখার প্রয়োজন রয়েছে।

প্রায় সকল সুপার ও শিক্ষক-প্রশিক্ষকগণ মনে করেন পুরানো ও প্রায় অচল বর্তমান কম্পিউটারগুলো পরিবর্তন করে প্রতিটি টিভিআইতে কমপক্ষে ১০ টি করে নূতন কম্পিউটার ব্রডব্যান্ড (যেখানে সম্ভব) সংযোগসহ ওয়াইফাই সুবিধা দেয়া প্রয়োজন। পরামর্শকগণ লক্ষ্য করেছেন যে, নিম্নমানের বস্ত্র প্রশিক্ষণ কেন্দ্রেও টিভিআইগুলো থেকে কম্পিউটারের সংখ্যা বেশি এবং ওগুলো আধুনিক। অর্ধেকের বেশী উত্তরদাতা মনে করেন অধিকহারে মিল ট্রেনিং (বছরে অন্তত ৪ টি ৫ দিন করে মোট ২০ দিন) হওয়া উচিত। বাজেট সংকট বা অর্থ বরাদ্দের স্বল্পতাই মিল ট্রেনিংএ বড় অন্তরায় বলে তারা মনে করেন।

টিভিআইগুলোর বর্তমান শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে সুপার ও শিক্ষকগণের সঙ্গে একত্রে আলোচনাকালে তাঁদের প্রায় সকলেই জানান সবকিছু সন্তোষজনক ভাবে চলছে। তবে পৃথকভাবে জিজ্ঞাসার সময় শিক্ষকগণের ৬০% (কোন সুপার নয়) জানায় টিভিআইগুলোতে নিয়ম শৃঙ্খলার বেশ অভাব রয়েছে; যেমন, ছুটি না নিয়ে বাড়ি বা অন্যত্র চলে যাওয়া, ক্লাসে সময়মত হাজির না হওয়া, ল্যাব ক্লাসের সময় সংক্ষিপ্ত করা ইত্যাদির প্রবণতা রয়েছে। বস্ত্র পরিদপ্তর এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক সঠিকভাবে পরিবীক্ষণ করা হলে অনিয়মগুলো সংশোধন করা যাবে এবং তাতে শিক্ষা কার্যক্রমের গুণগত উন্নয়ন হবে। বিষয় ভিত্তিক শিক্ষকের স্বল্পতা সম্পর্কে জিজ্ঞাসা করলে তাঁরা বিজ্ঞান শিক্ষকের প্রকট স্বল্পতার কথা জানান। ভাষা শিক্ষক কন্মের কথাও অনেকে উল্লেখ করেন। একই শিক্ষক বিজ্ঞান, গণিত, রসায়ণ ও পদার্থ বিজ্ঞান পড়াচ্ছেন যা শিক্ষার গুণগত মান রক্ষার জন্য মোটেই সহায়ক নয়।

#### সারণি-৫.৭: শিক্ষা প্রশিক্ষণের উপর সুপার-শিক্ষকগণের মতামত

ক্রঃনং	বিষয়	উত্তরদাতাগণ (শতভাগ হার)
১/	শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রম মোটামুটি ভাল চলছে	১০০%
২/	নানাবিধ বিশৃঙ্খলা আছে	৪০%
৩/	কাঁচামালের অভাবে ব্যবহারিক ক্লাস ভাল চলছেনা	৬৭%
৪/	উন্নত ও আধুনিক যন্ত্রের প্রয়োজন	৫৩%
৫/	লাইব্রেরীতে অধিক প্রাসঙ্গিক বই ও জার্নাল প্রয়োজন	৮৬%
৬/	কম্পিউটার পরিবর্তন সহ ব্রডব্যান্ড ও ওয়াই-ফাই ইন্টারনেট সংযোগ প্রয়োজন	১০০%
৭/	অধিক হারে মিল ট্রেনিং প্রয়োজন।	৬০%

পাশকৃত শিক্ষার্থীগণ শিক্ষা পরবর্তিকালে কে কোথায় কি চাকুরি করছে বা কিরূপ আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত আছে সে ব্যাপারে টিভিআই কর্তৃক পদ্ধতিগত ফলো আপ দূরে থাক, নিজ উদ্যোগে এ বিষয়ে জানার আগ্রহ গুটি কয়েক সুপার ও শিক্ষক (১৫%) বাদে অন্য কারও মধ্যে পরিলক্ষিত হয়নি। এ ব্যাপারে বস্ত্র পরিদপ্তরও কোন উদ্যোগ গ্রহণ করেনি বা টিভিআইগুলোকেও কোন নির্দেশনা প্রদান করেনি।

পাশকৃত শিক্ষার্থী যদি স্ব-উদ্যোগে আত্ম-কর্মসংস্থানমূলক ব্যবসা (বস্ত্রখাত সংশ্লিষ্ট) চালু করতে চায় সে ব্যাপারে সুপার/শিক্ষকগণের উপদেশ দেয়ার মত জ্ঞান সীমিত বলে তাদের সিংহভাগ (৮৬%) স্বীকার করেন। এ ব্যাপারে বস্ত্র পরিদপ্তর থেকেও কোন পদক্ষেপ নেয়া হয়নি। বস্ত্র পরিদপ্তর টিভিআইগুলোর জন্য ভবিষ্যতে একজন Enterprise Development Expert নিয়োগ দিতে পারে অথবা ঐ ধরনের প্রশিক্ষক দ্বারা টিভিআইগুলোর সুপার/শিক্ষকগণকে প্রশিক্ষণ বা পরামর্শ প্রদানের ব্যবস্থা করতে পারে।

পেশাগত চাহিদার বিপরীতে পরিচালিত কোর্সগুলো বেশ কার্যকর বলে ৮০% সুপার ও শিক্ষক মতামত প্রদান করেছেন। তবে চাকুরি ক্ষেত্রে তাদের সংখ্যা কেন কম এবং ডিপ্লোমাতে ভর্তির সংখ্যাও উল্লেখযোগ্য হারে বেশী না হওয়ার কারণ তারা যুক্তিসঙ্গতভাবে ব্যাখ্যা করতে পারেননি। তবে প্রায় অর্ধেক (৪৮%) শিক্ষক মনে করেন মিলকাখানায় ফ্লোর লেভেল এর শ্রমিক হিসেবে যোগ দেয়ার চেয়ে নির্বাহী হিসেবে যোগ দেয়ার ইচ্ছে তাদের প্রবল। শ্রমিকের চাকুরিতে তাদের অনীহা আছে এবং সে জন্য তারা উচ্চ শিক্ষায় আগ্রহী। শিক্ষকগণের এই বক্তব্যে অবশ্য শিক্ষার্থীগণের সুর প্রতিফলিত।

৮ম শ্রেণীর শিক্ষার্থীগণকে ও তাদের অভিভাবকগণকে টিভিআইএর শিক্ষার প্রতি আকৃষ্ট বা উদ্বুদ্ধ করার জন্য কোন কার্যকরী পদক্ষেপ টিভিআইগুলো নিয়েছে বলে প্রতীয়মান হয়নি। এ ব্যাপারে কোন সু-পরামর্শও তাদের থেকে আসেনি। বরং স্থানীয় পর্যায়ের এফজিডি আলোচনায় পরামর্শগুলো বেশ স্পষ্টভাবেই এসেছে। টিভিআইগুলোর কার্যক্রম আরও ফলপ্রসূ করার জন্য মিল ট্রেনিং এর উপর জোর দেয়া ছাড়াও শিক্ষক-প্রশিক্ষকবৃন্দ আইটি সুযোগ সুবিধার পরিসর বিস্তার, শিক্ষকগণের প্রণোদনা বৃদ্ধি, অধিক যন্ত্রপাতি সংস্থাপন এবং ল্যাবের কাঁচামাল সরবরাহ বৃদ্ধির পরামর্শ দিয়েছেন। এছাড়াও তাঁদের মতে টিভিআইগুলোর শিক্ষা প্রশিক্ষণের ক্ষেত্রে সকল বেসিক ট্রেড (যেমন স্পিনিং, উইভিং, নিটিং, ডাইং ও ডেস মেকিং) গুলোকে অর্ন্তভুক্ত করে শিক্ষা মডেল/কারিকুলাম প্রণয়ন করা যেতে পারে এবং বস্ত্র পরিদপ্তরের অধীনস্থ ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহে ৩০% এর পরিবর্তে কমপক্ষে ৫০% কোটা সংরক্ষণ করা যেতে পারে।

### শিক্ষক-প্রশিক্ষকগণের অসুবিধা

চাকুরিতে নিজেদের সুবিধা-অসুবিধার ক্ষেত্রে প্রায় সকল উত্তরদাতা শিক্ষক/প্রশিক্ষক ও সুপারগণ জানিয়েছেন যে, প্রকল্প সমাপ্ত হয়ে যাওয়ার পর তারা মন্ত্রণালয়ের থোক বরাদ্দ থেকে অনিয়মিত ভাবে বেতন পাচ্ছেন; কখনও বা ৩ থেকে ৪ মাস পরে বেতন পাচ্ছেন। এতে তাঁরা নিদারুণ অর্থ কষ্টে জীবন যাপন করছেন। রাজস্বখাতে না যাওয়ার কারণে তাদের বেতন বৃদ্ধিসহ ও পদোন্নতি না হওয়ায় তারা ক্রমাগত হতাশ হচ্ছেন। তাছাড়া তাদের বাসস্থান সুবিধা না থাকায় প্রায়ই তাঁরা উপজেলা অঞ্চলে পরিবার নিয়ে থাকার মত উপযুক্ত বাসস্থান যোগাড় করতে পারেন না। ফলে পরিবার থেকে বিভিন্ন সময়ে তাদের বিচ্ছিন্ন থাকতে হয়। সুপার ও শিক্ষকগণের জন্য টিভিআই সংলগ্ন আবাসস্থল রাখার জন্য তাঁরা অনুরোধ জানিয়েছেন।

এখানে একটি বিষয় প্রণিধানযোগ্য যে, এ সকল প্রতিষ্ঠানে কর্মরত কারিগরি শিক্ষক-প্রশিক্ষকগণ উচ্চ বেতনে বস্ত্রশিল্পের বিভিন্ন মিল-কারখানায় চাকুরির জন্য উপযুক্ত। সম্ভবত শিক্ষকতার পেশাকে প্রাধান্য দেয়ায় তাঁরা এখনো এখানে চাকুরি করছেন। তবে এরূপ বেতন কাঠামো ও পরিস্থিতির প্রেক্ষিতে তাঁরা তাঁদের পেশাগত পছন্দের প্রতি অনুরক্ত নাও থাকতে পারেন। শিক্ষার গুণগতমান বজায় রাখার স্বার্থে উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞ শিক্ষক-প্রশিক্ষকদের যৌক্তিক পর্যায়ে বেতন-ভাতাদি বৃদ্ধি ও আনুসঙ্গিক সুবিধা প্রদানের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের জোরালো বিবেচনায় আনা প্রয়োজন।

### প্রশিক্ষণ চাহিদা

প্রায় সকল শিক্ষক-প্রশিক্ষকগণ একমত যে, যেহেতু প্রশিক্ষণ চাহিদা উৎপাদনের ধারা অনুযায়ী পরিবর্তনশীল, তাদের প্রশিক্ষণ চাহিদাও একটি চলমান বিষয়। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে বস্ত্র পরিদপ্তর যে কয়টি

প্রশিক্ষণ দিয়েছিল তা চাহিদার তুলনায় অত্যন্ত অপ্রতুল। তাঁরা যে প্রশিক্ষণ চাহিদার কথা জানান সেগুলোকে আমাদের মতে নিম্নে উল্লেখিত বিষয় ভিত্তিতে বিভাজন করা যায়:

- আধুনিক মিল কারখানার বর্তমান উৎপাদন প্রক্রিয়া, ব্যবস্থাপনা ও গুণগত মান নিয়ন্ত্রণের উপর ধারণা লাভ;
- সার্বিক উৎপাদনশীলতা ও Efficiency বৃদ্ধির জন্য শ্রম ব্যবস্থাপনার পদ্ধতিগত বিষয়, হিসেব নিকেশ ও কায়দাকানুন;
- বস্ত্র ও পোশাক শিল্পের সরবরাহ ও মূল্য সংক্রান্ত (Supply and Value Chain) বিষয়;
- শ্রম ও উৎপাদন প্রক্রিয়ার ক্ষেত্রে আধুনিক Compliance এর বিষয়, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা;
- অগ্নি নির্বাপন ও অগ্নিরোধক কায়দা ও ব্যবস্থাপনা;
- পরিবেশ দূষণের কারণ ও দূষণ রোধ পদ্ধতি ও ব্যবস্থাপনা (বর্জ্য নিয়ন্ত্রণ সহ);
- শিক্ষা ও প্রশিক্ষণে আইটির প্রায়োগিক বিষয়;
- দুর্ঘটনার কারণ ও কার্যকরী প্রতিরোধ ব্যবস্থা;
- শিক্ষার্থীর মনস্তত্ত্ব বিশ্লেষণ ও কার্যকরী পাঠদান পদ্ধতি উদ্ভাবন;
- শিক্ষার্থীগণের SWOT বিশ্লেষণ ও সে অনুযায়ী পাঠদান পরিকল্পনা প্রণয়ন;
- শিক্ষার্থীর মানসিক সামর্থ, শিক্ষার্থীর উদ্ভাবনী শক্তি বিকাশের (Efficacy) বৃদ্ধির উপায় ও প্রয়োগ পদ্ধতি;
- শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধির উপায় ও পদ্ধতি;
- পদ্ধতিগত উপায়;
- শিক্ষার্থীগণকে ক্রমাগত ভাবে নৈতিক প্রেৰণা (Moral motivation) প্রদানের সমন্বিত উপায় (Integrated Approach);
- পাশকৃত শিক্ষার্থীগণের চাকুরি বাজার বিশ্লেষণ;
- পাশকৃত শিক্ষার্থীগণকে দ্রুত চাকুরি অর্জনে সহায়তার কায়দা কানুন সহ প্রস্তুতি টিপস;
- পাশ করে দ্রুত চাকুরি সন্ধান ও চাকুরিতে যোগদানের জন্য শিক্ষার্থীগণকে প্রেৰণা প্রদান;
- পাশকৃত চাকুরিরত শিক্ষার্থীগণের সঙ্গে যোগাযোগ স্থাপন করে তাদের অভিজ্ঞতা বর্তমান শিক্ষার্থীগণের মাঝে বিতরণের (Dissemination) কার্যকরী উপায়;
- পাশকৃত কর্মরত শিক্ষার্থীগণকে অধিকতর দক্ষ করে গড়ে তোলার জন্য সম্ভাব্য করণীয় বিষয়াবলী;
- শিক্ষা ও প্রশিক্ষণ গবেষণা পদ্ধতি ও প্রতিবেদন প্রণয়ন;
- কার্যকরী যোগাযোগ পদ্ধতি;
- শিক্ষক/প্রশিক্ষকের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ;
- মূল্যায়ন পদ্ধতি, কায়দাকানুন ও অবিরাম উন্নয়ন;
- শিক্ষক/প্রশিক্ষকের নীতিবোধ ও আদর্শ (Moral and Ethics)।

বস্ত্র পরিদপ্তর শিক্ষক-প্রশিক্ষকগণের প্রশিক্ষণ চাহিদা যথাযথ নিরূপণ পূর্বক একটি কার্যকরী প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করে নিয়মিত প্রশিক্ষণ শুরু করে দিতে পারে।

#### **৫.২.৫ Chain of Education প্রতিষ্ঠায় সুপার ও শিক্ষকগণের আগ্রহ**

বর্তমান শিক্ষার্থী ভর্তির উর্ধ্বমুখী প্রবণতার কারণে টিভিআইগুলোর অবকাঠামো নিয়ে দ্বিতীয় সিস্টে চালু করা যেতে পারে এমন মতামত রেখেছে সর্বাগ্রে টিভিআই সিরাজগঞ্জের সুপার ও শিক্ষকগণ; তদুপ টাঙ্গাইল ও মানিকগঞ্জের টিভিআই এর সুপার এবং শিক্ষকগণও অনুরূপ ধারণা সমর্থন করেন। তবে সবকয়টি টিভিআই এর সুপার এবং শিক্ষকগণ Chain of Education প্রতিষ্ঠার লক্ষ্যে নিজ প্রতিষ্ঠানে HSC ভোকেশনাল বা ডিপ্লোমা ইন টেক্সটাইল কোর্স খোলার ব্যাপারে দারুণ আগ্রহ প্রকাশ করেন। তাদের মতে টেক্সটাইলে উচ্চ শিক্ষার আশা থাকে বেশীর ভাগ শিক্ষার্থীর মনে। কিন্তু বস্ত্র পরিদপ্তরের ডিপ্লোমা কোর্সে তাদের জন্য সর্বমোট ১০০টি সিট বরাদ্দ রয়েছে, অন্য দিকে গুণগত ভাবে নিম্নমানের বেসরকারি ডিপ্লোমাতে কোর্স-ফী বেশী হওয়ায় এই শিক্ষার্থীগণের বড় একটি অংশ (যার সঠিক হার তাঁদের জানা নেই) উচ্চ শিক্ষার আশায় অন্য কোন বিষয়ে ডিপ্লোমা কোর্সে অথবা আবার সাধারণ কলেজে ভর্তি হচ্ছে।

## অধ্যায়-৬

### এফজিডি ও কেস-স্টাডি

#### ৬.১ দশ (১০) টি টিভিআই এলাকায় এফজিডির ফলাফল পর্যালোচনা

সমীক্ষা পদ্ধতির অংশ হিসেবে ১০টি টিভিআই এলাকায় একটি করে এফজিডি-র আয়োজন করা হয়েছিল। এতে অংশ নেয় স্থানীয় পর্যায়ের সরকারের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, অভিভাবক, এনজিও কর্মী, বণিক সমিতির মুখপাত্র, হাই স্কুল শিক্ষক, সাংবাদিক, সাধারণ শিক্ষায় শিক্ষিত বেকার যুবক, প্রমুখ। উপস্থাপকগণের উত্থাপিত বিষয়ে এফজিডিতে উপস্থিত সকলে টিভিআইগুলোর ব্যাপারে খোলামেলা আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।



স্থানীয় পর্যায়ে এফজিডি আলোচনা, সিরাজগঞ্জ



স্থানীয় পর্যায়ে এফজিডি আলোচনা, কিশোরগঞ্জ

এফজিডিসমূহে আলোচনার চুম্বক বিষয় নিয়ে উল্লেখ করা হল:

- উপস্থিত শতভাগই মনে করেন বর্তমান ও ভবিষ্যত উন্নয়নের প্রেক্ষাপটে সাধারণ শিক্ষার চেয়ে কারিগরি শিক্ষা অধিক গুরুত্বপূর্ণ;
- আলোচকগণের প্রায় ৬১% এ মর্মে একমত যে, টিভিআইগুলো থেকে উত্তীর্ণ শিক্ষার্থীগণের একটি ক্ষুদ্রাংশ তাৎক্ষণিক ভাবে কর্মে নিয়োজিত হচ্ছেন। বাকী বৃহৎ অংশ অপেক্ষাকৃত উচ্চ শিক্ষা যেমন ডিপ্লোমা ও পরবর্তিতে বিএসসি টেক্সটাইল টেকনোলজী কোর্স অধ্যয়ন বা সমাপ্ত করে অনেকেই এলাকা ও এলাকার বাহিরে চাকুরি করছেন বা করবেন এবং তাদের কিছু সংখ্যক স্বউদ্যোগে পোশাক ও বস্ত্রখাত সংশ্লিষ্ট ব্যবসা শুরু করেছেন। আবার একটি অংশ এলাকায় টেক্সটাইলে উচ্চতর শিক্ষার সুযোগ না থাকায় কলেজে এইচএসসি-তে ভর্তি হচ্ছেন।
- স্থানীয় পর্যায়ের বস্ত্র শিল্পের প্রতিনিধিগণ (বিশেষ করে সিরাজগঞ্জ ও মানিকগঞ্জ) ও তাঁত শিল্পের প্রতিনিধিগণ (সিরাজগঞ্জ ও টাংগাইলে) জানিয়েছেন যে, টিভিআইগুলোর কারণে এখন তাঁরা আধুনিক প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবলের সরবরাহ পাচ্ছেন। ফলে তাঁদের ব্যবসা ও এলাকার উন্নয়ন দুটোই গতিপ্রাপ্ত হচ্ছে।
- আলোচকগণের প্রায় ৫০% মনে করেন স্থানীয় পর্যায়ে বেকারত্ব কমা ছাড়াও তাঁদের অর্জিত আয়ে নিজের ও পরিবারের দারিদ্র্য হ্রাস পাচ্ছে; এলাকার অর্থ সঞ্চালনের ফলে স্থানীয় ব্যবসা বাণিজ্যে একধরনের ইতিবাচক প্রভাব পরোক্ষ ভাবে হলেও অনুভূত হচ্ছে।

- প্রায় অর্ধেক আলোচক (৪৭%) মনে করেন, প্রথমদিকে উন্নত ভৌত কাঠামো ও যন্ত্রপাতির অভাবের কারণে স্থানীয় অভিভাবকগণের মধ্যে তেমন আগ্রহ না থাকলেও বিগত ২-৩ বছর যাবৎ ব্যাপকহারে শিক্ষার্থীগণ টিভিআইগুলো পরিচালিত শিক্ষার দিকে ঝুঁকিয়েছে। বর্তমানে ভর্তি ইচ্ছুকদের পরিমাণ (দুই-একটি টিভিআই ব্যতিরেকে) ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।
- প্রায় শতভাগ আলোচক মনে করেন যে, কারিগরি শিক্ষার ব্যাপারে অভিভাবকগণ ক্রমেই বেশি সচেতন হয়ে উঠছেন।
- দশটির মধ্যে ৮টি এফজিডি আলোচনায় উপস্থিত সাধারণ শিক্ষায় শিক্ষিত বেকার যুবকগণ সকলেই স্বীকার করেন যে, কারিগরি ডিগ্রী থাকলে তাদের আজ বেকার থাকতে হত না, তারা সকলেই টিভিআই এর ভূমিকা ইতিবাচক মনে করেন।
- প্রায় সবকটি এফজিডি আলোচনায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণ জানান যে, পাশকৃত শিক্ষার্থীগণ যদি এলাকায় স্বউদ্যোগে বস্ত্রখাত সংশ্লিষ্ট ক্ষুদ্র শিল্প স্থাপন বা ব্যবসা করতে চান তাহলে এনজিওগুলো ঋণ দেয়ার ব্যবস্থা করবে। আশা ও ব্যাকের প্রতিনিধিগণ জানিয়েছেন যে, তাঁদের প্রতিষ্ঠান তিন থেকে দশ লক্ষ টাকা পর্যন্ত অর্থঋণ ছাড়াও ব্যবসা চালু ও বিপণনে পরামর্শ প্রদান করবে। স্থানীয় বণিক সমিতিও ব্যবসা সংক্রান্ত প্রক্রিয়া সম্পন্নের জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান করবে।
- বর্তমান টিভিআইগুলোতে ২য় সিস্টেম চালু করার জন্য সিরাজগঞ্জ ও টাঙ্গাইলের ৮০% আলোচকগণ অনুরোধ জানিয়েছেন। অন্য দিকে প্রায় সবগুলো এফজিডিতে ৬০% এর বেশি আলোচকগণ বর্তমান টিভিআইগুলোকে কিছু অতিরিক্ত যন্ত্রপাতি ও জনবল দ্বারা শক্তিশালী করে ২য় সিস্টেমে এইচএসসি টেক্সটাইল ভোকেশনাল অথবা টেক্সটাইল ডিপ্লোমা কোর্স শুরুর পরামর্শ প্রদান করেন।
- দেশের বস্ত্র ও পোশাক শিল্পের ক্রমউন্নতির ধারা অব্যাহত থাকবে আশা করে প্রায় ৭০% আলোচকগণ মনে করেন প্রতিটি জেলাতে বটেই, আরও পশ্চাদপদ অঞ্চলে এরূপ টিভিআই স্থাপন করা প্রয়োজন, কেননা কারিগরি শিক্ষার বিস্তার ছাড়াও গ্রামীণ অঞ্চলের সঙ্গে শিল্পাঞ্চলের যোগাযোগ ও আদান-প্রদান বৃদ্ধির ফলে উন্নয়ন আরও বিস্তৃত হবে।
- আলোচকগণ মনে করেন যে, সুদৃশ্য ইমারত, উন্নত যন্ত্র উপকরণ সমৃদ্ধ ল্যাব ও প্রশিক্ষিত শিক্ষকের সমন্বয়ে কেবল মাত্র সরকারই পারে স্বল্প খরচে উন্নত শিক্ষা-প্রশিক্ষণ প্রদান করতে। দেশের সর্বত্র এ ধরনের প্রতিষ্ঠান একই কায়দায় গড়ে তোলার পক্ষে তাঁরা মত দেন। তাঁরা শিক্ষক-প্রশিক্ষকগণের যথাযথ বেতন ও সম্মানের উপর জোর দেন।

উপরোক্ত আলোচনায় প্রতিফলিত হয় অভিভাবক ও স্থানীয় সরকার ও এলিটগণের নিকট টিভিআইগুলোর গুরুত্ব বাড়ছে। এলাকার আর্থ-সামাজিক পরিবর্তনে এগুলো কিছুটা হলেও ভূমিকা রাখছে। এফজিডিতে উপস্থিত আলোচকগণের (৭০%) মতে ৬৪টি জেলাতেই একটি করে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করা প্রয়োজন।

## ৬.২ স্থানীয় পর্যায়ে অনুষ্ঠিত ওয়ার্কশপের ফলাফল পর্যালোচনা

সমীক্ষার TOR অনুযায়ী ১০টি ভোকেশনাল ইনস্টিটিউট হতে একটি স্থান নির্বাচন করে সেখানে স্থানীয় পর্যায়ে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়েছিল। উদ্দেশ্য ছিল আইএমইডি'র কর্মকর্তাগণের উপস্থিতিতে বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারগণের সাথে টিভিআই সংক্রান্ত বিষয়ভিত্তিক আলোচনা ও মতবিনিময় এবং এই ব্যাপারে অংশগ্রহণকারীগণের কোন প্রশ্ন থাকলে তাতে সরকারের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করা।

মানিকগঞ্জ টিভিআই প্রাঙ্গণে এই ওয়ার্কশপ আয়োজন করা হয়েছিল। ওয়ার্কশপের প্রধান অতিথি ছিলেন আইএমইডি এর পরিচালক (যুগ্ম-সচিব), জনাব আল মামুন এবং বিশেষ অতিথি ছিলেন মানিকগঞ্জ সদর উপজেলার চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান (আতা), উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ শাহাদত খন্দকার, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর উপ-পরিচালক জনাব মোঃ মোশারফ হোসেন ও সহকারী পরিচালক বেগম সুলতানা সালেহা সুমী। উপস্থিত ছিলেন স্থানীয় শিক্ষা কর্মকর্তা, এনজিও এর প্রতিনিধি, শিক্ষার্থীগণের অভিভাবক, নারী প্রতিনিধি, স্থানীয় বণিক সমিতির প্রতিনিধি, সাধারণ শিক্ষায় শিক্ষিত যুবকবৃন্দ, টিভিআই হতে পাশকৃত শিক্ষার্থী, বর্তমান শিক্ষার্থী ও টিভিআই এর শিক্ষক-প্রশিক্ষকগণ। ওয়ার্কশপটির মুক্ত আলোচনা পর্বে সভাপতিত্ব করেন মানিকগঞ্জ টিভিআই এর সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আমিনুল হক। অনুষ্ঠানটি পরিচালনা করেন পরামর্শক প্রতিষ্ঠানের কর্মকর্তা ও সমীক্ষা দলের সদস্য রাফিয়া হায়দারী এবং মডারেটর হিসেবে ওয়ার্কশপের আলোচনা পর্ব পরিচালনা করেন সমীক্ষা দলের টিম লিডার ডঃ মোঃ আলী নেছার খাঁন।



স্থানীয় কর্মশালা, স্থান:- মানিকগঞ্জ টিভিআই, আয়োজনে আইএমইডি ও এসএ কনসাল্ট ইন্টারন্যাশনাল লি:

ওয়ার্কশপ শুরুর প্রারম্ভিক বক্তৃতায় আইএমইডি'র উপ-পরিচালক জনাব মোঃ মোশারফ হোসেন প্রকল্পের পরিচিতি ও সমীক্ষার উদ্দেশ্য ও অদ্যাবধি সমাপ্ত কাজের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন। অতঃপর বিশেষ অতিথিগণও প্রকল্পের উপর আলোকপাত করেন এবং নিজ নিজ দৃষ্টিভঙ্গি ব্যাখ্যাসহ আলোচনা করেন।

প্রধান অতিথি জনাব আল মামুনের বক্তব্যের পরপরই বিষয় ভিত্তিক মুক্ত আলোচনা শুরু হয়। টিভিআই এর বিভিন্ন স্টেকহোল্ডার ও স্থানীয় এলিটগণ এই আলোচনায় স্বতঃস্ফূর্ত ভাবে অংশ নেন। আলোচনার ফলাফল সংক্ষিপ্তভাবে নিম্নরূপঃ

- টিভিআইগুলো এলাকার সুবিধাবঞ্চিত সহ সকল পরিবারের সন্তানের জন্য কারিগরি শিক্ষার সুযোগ করে দিয়েছে – এ বিষয়ে সবাই একমত পোষণ করেছেন।

- সাধারণ শিক্ষার তুলনায় এসএসসি টেক্সটাইল ভোকেশনাল শিক্ষাটি অধিক কার্যকরী একটি কোর্স কেননা এখান থেকে একজন শিক্ষার্থী একই সঙ্গে এসএসসি পাশ করে একটি কারিগরি ডিগ্রী লাভ করেছে। ফলে তার জন্য তাৎক্ষণিক কর্মে যোগ দেয়া এবং উচ্চ শিক্ষা গ্রহণের পথ একই সঙ্গে অব্যাহত থাকছে যা অন্য সাধারণ এসএসসি'র জন্য সম্ভব নয় – এ বিষয়টিতে কেউ দ্বিমত পোষণ করেননি।
- স্থানীয় এলিটগণের মতে টিভিআইগুলো নিজেদের সেভাবে ব্র্যান্ডিং করতে পারেনি। এর কারণ টিভিআই কর্তৃপক্ষ স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার, স্থানীয় পর্যায়ের এক্সিভিভিস্ট ও অন্যান্য এলিটদের নিয়ে সেভাবে প্রচারণা চালায়নি বা অভিভাবকগণের মধ্যে সেভাবে সচেতনতা সৃষ্টি করতে পারেন নাই। এ ব্যাপারে ওয়ার্কশপে উপস্থিত উপজেলা চেয়ারম্যান এবং ইউএনও টিভিআই কর্তৃপক্ষকে স্থানীয় পর্যায়ে সেমিনারসহ উদ্বুদ্ধকরণ সম্পর্কিত কিছু উপায় তাৎক্ষণিক মৌখিকভাবে বলে বিস্তারিত পরিকল্পনার জন্য তাঁদের সঙ্গে আনুষ্ঠানিক যোগাযোগ স্থাপনের অনুরোধ জানান। এসকল উপায়ের মধ্যে উপজেলার অধীনস্থ ইউনিয়ন ও গ্রাম পর্যায়ের স্থানীয় সরকার প্রতিনিধি, অভিভাবক ও এলিটগণের সমন্বয়ে সচেতনতা মূলক/ উদ্বুদ্ধকরণ কর্মসূচী আয়োজনের বিষয় উল্লেখ করেন।
- টিভিআইগুলো থেকে পাশ করে অল্পসংখ্যক শিক্ষার্থী কর্মক্ষেত্রে যোগ দিয়েছে। এমন দুজন পাশকৃত শিক্ষার্থীরা জানিয়েছে তারা পাশ করেই ৮,৫০০ টাকার উপর বেতন পেয়েছে এবং তাদের জানামতে ২-৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন অনেকেই এখন আর শ্রমিক নয় সুপারভাইজর থেকে ছোট প্রতিষ্ঠানের সেকশন বা বিভাগে ব্যবস্থাপক এমনকি কেউ বা ছোট শিল্পের মহাব্যবস্থাপকও হয়েছেন।
- স্থানীয় পর্যায়ের বস্ত্র শিল্পের একজন মহাব্যবস্থাপক জানান, যদিও টিভিআই-টি থেকে কিছু দক্ষ জনবলের সরবরাহ সরবরাহ পাওয়া যাচ্ছে, তবে যথেষ্ট প্রচার না থাকায় এলাকার শিল্প-কারখানাগুলো উত্তীর্ণ এই শিক্ষার্থীগণকে সেভাবে কাজে লাগাতে পারছে না।
- টিভিআইগুলো থেকে পাশ করে স্থানীয় ও দূরবর্তী এলাকার মিল কারখানায় চাকুরিতে যেন আরো অধিক হারে যোগ দিতে পারে, সে জন্য স্থানীয়ভাবে “জব ফেয়ার” এর আয়োজনের জন্য জেলা প্রশাসকের পক্ষ থেকে ইউএনও আগ্রহ প্রকাশ করেছেন। সে জন্য টিভিআই এর সুপারকে পাশকৃত শিক্ষার্থীদের কর্মসংস্থানসহ বর্তমান শিক্ষার্থীদের সার্বিক অবস্থা সম্পর্কে দ্রুত একটি ডাটাবেইস প্রণয়নের জন্য পরামর্শ প্রদান করেন।
- উপস্থিত শিক্ষার্থীগণ জানালেন যে, অধিকাংশ শিক্ষার্থীর ইচ্ছা যে তারা উচ্চ শিক্ষা সমাপ্ত করে বড় বেতনের চাকুরি গ্রহণ করবে। কিন্তু বস্ত্র পরিদপ্তর পরিচালিত টেক্সটাইল ডিপ্লোমা কোর্সে সংরক্ষিত আসন সীমিত, আবার নিম্নমানের বেসরকারি ডিপ্লোমাও ব্যয় বহুল হওয়ায় অনেক শিক্ষার্থী এলাকার কলেজে সাধারণ কোর্সে ভর্তি হচ্ছেন। অনেকেই অন্য পেশাগত কোর্সে যেমন পলিটেকনিক ইনস্টিটিউট, নার্স ট্রেনিং কোর্স ইত্যাদিতে ভর্তি হচ্ছেন।
- কর্মশালায় উপস্থিত সাধারণ শিক্ষায় শিক্ষিত যুবকেরা জানান, এরূপ কারিগরি শিক্ষা থাকলে তাঁদের বেকার থাকতে হত না।

- একটি এনজিওর স্থানীয় প্রতিনিধি জানান যদি পাশকৃত শিক্ষার্থী কেউ স্ব-উদ্যোগে বস্ত্রখাত সংশ্লিষ্ট ক্ষুদ্র ব্যবসা শুরু করতে চান, সেক্ষেত্রে এনজিও ১ লক্ষ টাকা পর্যন্ত পুঁজি (কোন ইকুইটি/ মর্টগেজ ছাড়া) ঋণ হিসেবে পাওয়ার ব্যবস্থা করে দিবে।
- বর্তমান শিক্ষার্থী, পাশকৃত শিক্ষার্থী, টিভিআই শিক্ষক মন্ডলী, অভিভাবকসহ স্থানীয় এলিট সবাই একযোগে বর্তমান ভৌত কাঠামো ও অন্যান্য সুবিধাদি ব্যবহার করে এবং কিছু অতিরিক্ত যন্ত্রপাতি ও লোকবল যোগ করে টিভিআইগুলোতে দ্বিতীয় সিমফটে এইচএসসি ভোকেশনাল বা ডিপ্লোমা কোর্স চালু করার পক্ষে মত পোষণ করেন।
- টিভিআইগুলোর ক্রমাগত চাহিদা বাড়বে বৈ কমবে না এমন মত পোষণ করে উপস্থিত সকলেই একমত হন যে, প্রতিটি জেলায় একটি করে এবং সম্ভব হলে উপজেলা পর্যায়ে একটি করে টিভিআই স্থাপন করা যেতে পারে।
- প্রকল্পের সুপার, শিক্ষক ও অন্যান্য কর্মচারীগণ বর্তমানে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের থোক বরাদ্দ থেকে ৩-৭ মাস অন্তর বেতন পাচ্ছেন বলে তারা অর্থ কষ্টে আছেন। চাকুরিতে যোগদানের পর থেকে অদ্যাবধি তাদের বেতন বৃদ্ধি ও পদনোতি বন্ধ রয়েছে। এ কারণে তাদের মধ্যে হতাশার সঞ্চার হওয়াই স্বাভাবিক। এই সংকটের সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত তৎপর হওয়ার জন্য কর্মশালায় অংশগ্রহণকারী সকলে অনুরোধ জানান।
- ওয়ার্কশপের সকল অংশগ্রহণকারী প্রকল্পগুলোকে অবিলম্বে রাজস্বখাতে স্থানান্তরের জন্য বিজ্ঞ সরকারকে অনুরোধ জানান এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অতিদ্রুত প্রক্রিয়া শুরুর জন্য নিবেদন জানান।

#### ৬.৩ বস্ত্রখাত সংশ্লিষ্ট সমিতি/ এ্যাসোসিয়েশন (বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ) ও বিটিএমসি-এর সাথে মত বিনিময়

বস্ত্র ও তৈরী পোশাকখাত সংশ্লিষ্ট প্রধান এ্যাসোসিয়েশনসমূহ ও বিটিএমসি-এর প্রতিনিধিগণের সাথে মত বিনিময়ের ফলশ্রুতিতে নিম্নোক্ত ধারণা/ সিদ্ধান্তে উপনীত হওয়া গেলঃ

- টিভি আইগুলোর কার্যক্রম বিষয়ে এ্যাসোসিয়েশনগুলো তেমন অবগত নয়।
- যদিও অধিকাংশ মিল কারখানায় নিজস্ব প্রশিক্ষণ বিভাগে নিয়োগের প্রশিক্ষণ ব্যবস্থা আছে, তথাপি এ্যাসোসিয়েশনগুলো মনে করে টিভিআই থেকে পাশকৃত শিক্ষার্থীগণ এক ধরনের অতিরিক্ত উপযুক্ততা রাখে, কারণ তারা এসএসসি পাশ এবং পেশা সংশ্লিষ্ট বিষয়ে তাদের তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান থাকারাই স্বাভাবিক। তবে বিষয়টি নিয়োগকর্তাগণের নিকট প্রমাণ সাপেক্ষ। এক্ষেত্রে পাশকৃত শিক্ষার্থীগণ যাদের প্রডাক্ট, তাদের বিপণন কৌশল অত্যন্ত গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ কৌশলগুলো হতে পারেঃ
  - বস্ত্র পরিদপ্তর কর্তৃক টিভিআই শিক্ষার্থীদের নিয়ে জব-ফেয়ার এর আয়োজন করে এ্যাসোসিয়েশনগুলোর সহযোগিতায় শিল্প মালিকগণকে আমন্ত্রণ জানানো;

- বস্ত্র পরিদপ্তর কর্তৃপক্ষ/টিভিআই সুপারগণ নিয়মিত পত্র যোগাযোগের মাধ্যমে মিল-কারখানার নিয়োগকর্তাগণকে পাশকৃত শিক্ষার্থীদের চাকুরির বিষয়ে অনুরোধ জানাতে পারেন;
- পাশকৃত শিক্ষার্থীগণ যারা অপেক্ষাকৃত দীর্ঘ সময় বস্ত্রখাতে নিয়োগপ্রাপ্ত আছেন, তাদেরকে উদ্বুদ্ধ করতে হবে যেন তারা নতুন শিক্ষার্থীদের চাকুরি সংস্থানে সহযোগিতা প্রদান করেন।

➤ এসএসসি ভোকেশনাল থেকে পাশকৃত শিক্ষার্থীদের অধিকাংশের বয়স ১৮ বছরের কম বিধায় তারা জাতীয় পরিচয়পত্র পায় না ও ভবিষ্যতে স্বনামে কোন মোবাইল আইডি পেতে অসুবিধা হবে। চাকুরি পেতে এই দু'টি আইডি অতি প্রয়োজনীয়। বিষয়টি কিভাবে নিষ্পত্তি করা যায় তা বস্ত্র পরিদপ্তর যেন ভেবে দেখে।

পক্ষান্তরে বিটিএমসি-এর প্রতিনিধিগণ জানান যে, বস্ত্র পরিদপ্তর পরিচালিত টিভিআইগুলো সম্পর্কে তাঁরা অবগত আছেন এবং এই প্রতিষ্ঠানগুলোর শিক্ষা ব্যবস্থা যথেষ্ট মানসম্পন্ন বলে তাঁরা মনে করেন। বিটিএমসি-এর অধীনস্থ কতিপয় ফ্যাক্টরীতে টিভিআই থেকে পাশকৃত কিছু শিক্ষার্থী কর্মরত আছে বলে তাঁরা জানান। এই প্রতিষ্ঠানগুলো সম্পর্কে প্রাইভেট সেক্টরের মালিকগণকে অবহিত করার ব্যাপারে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বস্ত্র পরিদপ্তর সচেতনতা মূলক কার্যক্রম গ্রহণের পদক্ষেপ নিতে পারে বলে তাঁরা মত প্রকাশ করেন। যুগোপযোগী কারিকুলাম, শিল্প কারখানার বর্তমান চাহিদার সাথে সঙ্গতি রেখে সিলেবাস প্রণয়ন, আইসিটি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন, ডিপ্লোমা শিক্ষা চালু ইত্যাদি পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এ সকল প্রতিষ্ঠান অধিক কার্যকরী ভূমিকা পালন করতে পারবে বলে তাঁরা মনে করেন।

#### ৬.৪ বেসরকারি ডিপ্লোমা/প্রশিক্ষণ সেন্টার এর উপর কেস-স্টাডি

সরকারি খাতে পরিচালিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি বেসরকারি খাতে অনেক শিক্ষা প্রতিষ্ঠান যত্রতত্র গড়ে উঠেছে যেখানে অন্যান্য বিষয় ছাড়াও টেক্সটাইল বিষয়ে ট্রেনিং সার্টিফিকেট/ ডিপ্লোমা ডিগ্রী দেয়া হয়। এ সকল প্রতিষ্ঠানের অনেকগুলো কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদন নিয়েই পরিচালিত হচ্ছে। ঢাকার কিছু অঞ্চলে ২/৩টি ভবনের একটি ফ্লোর অথবা ফ্লোরের কিছু অংশ ভাড়া নিয়ে এ সকল প্রতিষ্ঠান তাদের কার্যক্রম চালাচ্ছে। জেলা এমনকি কতিপয় উপজেলা পর্যায়েও ইদানিং এ ধরনের প্রতিষ্ঠান গড়ে উঠছে। বস্ত্র পরিদপ্তরের তথ্য অনুযায়ী ফার্মগেইটে এ ধরনের প্রায় ২০টি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে যাদের অধিকাংশই সাইনবোর্ড সর্বস্ব। সমীক্ষা দল ফার্মগেইটে অবস্থিত একটি প্রাইভেট ডিপ্লোমা প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। এছাড়া সিরাজগঞ্জ তালগাছি এলাকায় বস্ত্র পরিদপ্তরের প্রকল্পাধীন টিভিআই এর অতি সন্নিকটে (১ মাইলেরও কম দূরত্বে) একটি বেসরকারি ডিপ্লোমা ইনস্টিটিউট পরিচালিত হচ্ছে। সমীক্ষা দল এই ইনস্টিটিউটটিও সরেজমিনে পরিদর্শন করেছেন। উভয় ক্ষেত্রে দেখা গেছে যে, ব্যক্তিখাতে পরিচালিত ডিপ্লোমা প্রদানকারী এ ইনস্টিটিউটগুলো অপেক্ষা সরকারিখাতে পরিচালিত টিভিআইগুলো (এসএসসি ভোকেশনাল সার্টিফিকেট) সংখ্যাগত ও গুণগত উভয় বিচারেই যথেষ্ট উত্তম।

নিম্নে উপর বর্ণিত ইনস্টিটিউটগুলোর সার্বিক অবস্থার একটি তুলনামূলক চিত্র দেয়া হলঃ

সারণি-৬.১: টিভিআই ও বেসরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানের তুলনামূলক অবস্থা

ক্রঃ নং	বিষয়	টিভিআই (সরকারি)	ডিপ্লোমা প্রতিষ্ঠান (প্রাইভেট)-১	ডিপ্লোমা প্রতিষ্ঠান (প্রাইভেট)-২						
১	নাম	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	শাহজাদপুর ইনস্টিটিউট ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি						
২	প্রতিষ্ঠান কোড	২৫০৮৭	২৫১৭৪	-						
৩	প্রতিষ্ঠানের ধরণ	এসএসসি (ভোক.), টেক্সটাইল।	ডিপ্লোমা	ডিপ্লোমা						
৪	অবস্থান	তালগাছী বাজার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।	মাকোড়কোলা, শাহজাদপুর, সিরাজগঞ্জ।	ক্যাম্পাস ১: অর্কিড প্লাজা-২ (৫ম তলা) ক্যাম্পাস ২: আর এইচ হোম সেন্টার (৬ষ্ঠ ও ৯ম তলা); গ্রীণ রোড, ফার্মগেইট, ঢাকা।						
৫	জমির পরিমাণ	১২৫ শতাংশ।	১৫ শতাংশ।	নিজস্ব জমি নাই						
৬	ল্যাবের সংখ্যা	৭টি	৭টি	৬টি						
৭	শিক্ষক কর্মচারী সংখ্যা	১৫ জন	১২ জন	১৩ জন						
৮	ছাত্র/ছাত্রী সংখ্যা	২৬০ জন	৪১ জন	১৪৯						
৯	প্রতিষ্ঠাকাল	২০০৬	২০১২	২০০৩						
১০	ভবনের ধরণ	৪ তলা ফাউন্ডেশন, ২ তলা বিশিষ্ট অত্যাধুনিক ভবন।	টিনসেড পাকা ভবন।	বাণিজ্যিক ভবনের ফ্লোর ভাড়া নিয়ে কার্যক্রম চলছে						
১১	ট্রেনিং ল্যাবে মেশিনারী সংক্রান্ত তথ্যঃ									
	ডাইং ল্যাবঃ	মেশিনের নাম	সংখ্যা	সচল	মেশিনের নাম	সংখ্যা	সচল	মেশিনের নাম	সংখ্যা	সচল
		উইঞ্জ ডাইং মেশিন	১ টি	১ টি	স্যাম্পল ডাইং মেশিন	১ টি	১ টি	স্যাম্পল ডাইং মেশিন	১ টি	১ টি
		ওয়াশিং মেশিন	১ টি	১ টি	--	--	--	অটোমেটিক ল্যাব ড্রয়ার	১ টি	১ টি
		মিনি জিগার মেশিন	১ টি	১ টি	--	--	--	হাইড্রোস্ট্রাক্টার	১ টি	১ টি
		-	-	-	-	-	-	প্যাডিং মেশিন	১ টি	১ টি
	ড্রেস মেকিং ল্যাবঃ / গার্মেন্টস ল্যাবঃ	সাধারণ সেলাই মেশিন হস্ত চালিত (মেশিন টুলস সহ)	০৩ টি	০৩ টি	২ নিডল সেলাই মেশিন	১ টি				
		সাধারণ সেলাই মেশিন পা চালিত (মেশিন টুলস সহ)	০৩ টি	০৩ টি	চেইন স্ট্রিচ মেশিন	১ টি	১ টি	সুইং মেশিন	১ টি	১ টি
		ওভার লক মেশিন (মেশিন টুলস সহ)	৪ টি	৪ টি	জিগজ্যাগ ফ্যাশন মেশিন	১ টি	--	ওভার লক মেশিন (মেশিন টুলস সহ)	২ টি	২ টি
		সিঙ্গেল নিডল লকস্ট্রিচ মেশিন (মেশিন টুলস সহ)	৩ টি	৩ টি	লকস্ট্রিচ মেশিন	১ টি	১ টি	সিঙ্গেল নিডল লকস্ট্রিচ মেশিন (মেশিন টুলস সহ)	১ টি	১ টি
		এক্সপ্রেশন মেশিন (মেশিন টুলস সহ)	৩ টি	৩ টি	স্ট্রেইট নাইফ কাটিং মেশিন	১ টি	১ টি			
		ইলেক্ট্রিক আয়রণ মেশিন	১ টি	১ টি	--					
		বাটন হোল মেশিন	১ টি	১ টি	--					
		বাটন এ্যাটাচিং	১ টি	১ টি	--			বাটন এ্যাটাচিং	১ টি	১ টি
		কাটিং মেশিন	১ টি	১ টি	--			কাটার	১ টি	১ টি
	উইভিং ল্যাবঃ	পাওয়ার লুম	১ টি	১ টি	হ্যান্ড লুম	১ টি	--	ডবিসহ র্যাপিয়ার লুম	১ টি	১ টি
		চিত্তরঞ্জন তাঁত	১ টি	১ টি	পাওয়ারলুম	১ টি	--	ফ্রেম তাঁত	১ টি	১ টি
		ফ্রেম তাঁত	১ টি	১ টি						
		ওয়ার্পিং ড্রাম	১ টি	১ টি	--					
		র্যাপরিল	১ টি	১ টি	--			র্যাপরিল	১ টি	১ টি
		টুইস্ট টেস্টার	১ টি	১ টি	--			টুইস্ট টেস্টার	১ টি	১ টি
		ডিজিটাল ব্যালেন্স	১ টি	১ টি	--					
	নিটিং ল্যাবঃ	ফ্লাডবেড হ্যান্ড	২ টি	২ টি	--			মাফলার নিটিং মেশিন	১ টি	১ টি

		নিটিং মেশিন							
		ডায়াল লিংকিং মেশিন	১ টি	১ টি	--				
	পদার্থ বিজ্ঞান ল্যাবঃ	প্রয়োজনীয় আধুনিক সরঞ্জামাদী ও কাঁচামাল বিদ্যমান			ল্যাব নাই			প্রয়োজনীয় আধুনিক সরঞ্জামাদী ও কাঁচামাল বিদ্যমান	
	রসায়ন বিজ্ঞান ল্যাবঃ	প্রয়োজনীয় আধুনিক সরঞ্জামাদী ও কাঁচামাল বিদ্যমান			ল্যাব নাই			প্রয়োজনীয় আধুনিক সরঞ্জামাদী ও কাঁচামাল বিদ্যমান	
	টেস্টিং ল্যাব	-	-	--	-	-	-	লী স্ট্রেস টেস্টার	১টি
		-	-	-	-	-	-	কাউন্ট টেস্টার	১টি
১২	কম্পিউটার ল্যাব	কম্পিউটার	৪টি	৪টি	কম্পিউটার	৫টি	২টি	কম্পিউটার	৪০টি

ঢাকা শহরের ২টি সাইনবোর্ডধারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানে (একটি ফার্মগেট এলাকার অনতিদূরে, অন্যটি রামপুরা এলাকায়) গিয়ে দেখা গেছে যে, ট্রেড লাইসেন্স ছাড়া কোন প্রকার সরকারি অনুমোদন তাঁদের নেই। যন্ত্রপাতি বলতে গুটিকয়েক সেলাই মেশিন আছে। এ সকল প্রতিষ্ঠানের কর্তৃপক্ষগণ তথ্য দিতে অনিচ্ছুক। তবে গোপনীয়তা রক্ষার শর্তে রাজি হয়ে প্রতিষ্ঠানের কর্ণধারগণ জানান যে, তারা কয়েক বন্ধু (প্রত্যেকেই গার্মেন্টসে পিএম বা প্রডাকসন ম্যানেজার হিসেবে কর্মরত আছেন) প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। উদ্দেশ্য নিজ নিজ ও পরিচিত অন্যান্য গার্মেন্টসে শ্রমিক ও সুপারভাইজার সরবরাহ করে দুদিক থেকে কমিশন লাভ করা। বিভিন্ন গার্মেন্টসে কর্মরত ব্যক্তিবর্গ এখানে প্রশিক্ষক হিসেবে কাজ করেন। দুটো প্রতিষ্ঠানেই মার্চেন্টাইজিং কোর্স চালু আছে। বাইং হাউজে বা গার্মেন্টসে মার্চেন্টাইজারের চাকুরি অর্জনের লক্ষ্য নিয়ে শিক্ষিত যুবকেরা এখানে ভর্তি হন। বিভিন্ন বাইং হাউজ বা গার্মেন্টস থেকে প্রশিক্ষক আনা হয় যারা এখান থেকে সনদ প্রাপ্তদেরকে চাকুরি পেতেও সাহায্য করেন। এ ধরনের প্রতিষ্ঠানগুলো বাস্তবে শিক্ষা ব্যবস্থার গুণগতমানের অবনয়ন ঘটাবে।

#### ৬.৫ শিক্ষার গুণগত মান রক্ষার উপায়

মানসম্পন্ন শিক্ষাকে রক্ষা করার জন্য শক্তিশালী শিক্ষা প্রতিষ্ঠান (যেমন BUTEX) এর নেতৃত্বে এরূপ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জন্য একটি কার্যকরী Compliance আরোপ করা যেতে পারে। Compliance এর নীতিমালা প্রণয়নে ও পরিবীক্ষণে একটি কমিটি গঠন করা যেতে পারে যেখানে BUET ও BUTEX থেকে একজন করে সিনিয়র শিক্ষক, বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমসি এর প্রতিনিধিগণ, ITET- এর সভাপতি, একজন পরামর্শক, ইত্যাদিসহ বস্তু ও পাট মন্ত্রণালয়ের সচিবকে সভাপতি হিসেবে রাখা যেতে পারে। এরূপ কমিটির সুপারিশকৃত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সার্টিফিকেট-ই কেবল কমিটি কর্তৃক Accreditation পায় যা সংশ্লিষ্ট সমিতি ও তাদের সদস্যগণের নিকট গ্রহণযোগ্যতা পাবে।

## অধ্যায়-৭

### প্রকল্পের SWOT বিশ্লেষণ

৭.০ সমীক্ষার মাঠ পর্যায়ের তথ্য, টিভিআই সুপার ও শিক্ষকগণের সাথে নিবিড় আলোচনা, এফজিডি এবং বস্ত্রখাতের স্টেকহোল্ডারগণের সাথে আলাপচারিতায় প্রাপ্ত তথ্যের মাধ্যমে টিভিআইগুলোর সবল ও দুর্বল দিক, সম্ভাবনা ও ঝুঁকিসমূহ নির্ণয় করা হয়েছে।

#### ৭.১ প্রকল্পের সবল দিকসমূহ (Strengths)

- বস্ত্র ও তৈরী পোশাক শিল্পের ক্রমবর্ধমান সম্প্রসারণের ফলে দক্ষ জনবলের চাকুরির জন্য একটি তৈরী বাজার আছে
- চমৎকার ভৌত-কাঠামো ও যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাব সুবিধাসহ লেখাপড়ার ব্যবস্থা
- বস্ত্র শিল্প সংক্রান্ত কারিগরি শিক্ষা লাভে আগ্রহী শিক্ষার্থীদের (বিশেষ করে নিম্নবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত পরিবারের সন্তানদের) বিনা বেতনে অধ্যয়নের ব্যবস্থা
- যোগ্যতা সম্পন্ন শিক্ষক-প্রশিক্ষক আছেন।

#### ৭.২ প্রকল্পের দুর্বল দিকসমূহ (Weaknesses)

- বস্ত্রখাতের চাকুরিদাতাগণ এ সকল প্রতিষ্ঠান সম্পর্কে তেমন অবহিত নন
- অধিকাংশ টিভিআইএর কাছাকাছি মিল কারখানা না থাকায় পর্যাপ্ত সংখ্যক মিল ট্রেনিং দেয়া যায় না
- ল্যাবের যন্ত্রপাতিগুলোর অধিকাংশই অনেক পুরানো; আধুনিক মিলগুলোতে এগুলোর ব্যবহার নেই বললেই চলে
- শিক্ষক/প্রশিক্ষকের প্রশিক্ষণ অপরিাপ্ত
- বিজ্ঞান শিক্ষকের অপ্রতুলতা।

#### ৭.৩ প্রকল্পের সম্ভাবনাসমূহ (Opportunities)

- বস্ত্রখাত সংশ্লিষ্ট কর্মকান্ড ও পেশাগত চাহিদার উৎকর্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে এ ধরনের প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা আরও বৃদ্ধি পাবে বিধায় এরূপ আরও প্রকল্প গ্রহণের প্রয়োজন পড়বে সেক্ষেত্রে এ প্রকল্পের অভিজ্ঞতা কাজে লাগবে।
- এরূপ প্রকল্প থেকে উল্লেখযোগ্য পরিমাণ শিক্ষার্থী কারিগরি বিষয়ে উচ্চ শিক্ষার আশা রাখে, ফলে কারিগরি বিষয়ে উচ্চ শিক্ষা বিস্তার-এর সুযোগ আরো বেড়ে যাচ্ছে।
- বস্ত্র পরিদপ্তর অধীনস্থ ডিপ্লোমা কোর্সে আসন সীমিত। কিন্তু শিক্ষা নীতিতে কারিগরি শিক্ষার দ্বার উন্মুক্ত রাখার কথা বলা হয়েছে। এমতাবস্থায় টিভিআইগুলোর বর্তমান অবকাঠামো ব্যবহার করেই ২য় সিস্টে এসএসসি ভোকেশনাল, এইচএসসি ভোকেশনাল বা ডিপ্লোমা কোর্স চালু করা যায়; এর ফলে স্বল্প ব্যয়, ভূমির অপচয় না করে অতি কম সময়ের মধ্যে capacity বৃদ্ধি বা Chain of Education সৃষ্টি সম্ভব।

#### ৭.৪ প্রকল্পের ঝুঁকিসমূহ (Threats)

- রাজস্বখাতে স্থানান্তরিত না হওয়ায় টিভিআইগুলো শিক্ষক-প্রশিক্ষক সংকটে পড়তে পারে
- মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বাৎসরিক বরাদ্দ না থাকার কারণে স্থাপনাগুলো ঝুঁকির সম্মুখীন হতে পারে
- কোন কারণে বস্ত্র/পোশাক শিল্পে বিপর্যয় দেখা দিলে।

## অধ্যায়-৮

### প্রকল্পের সার্বিক প্রভাব মূল্যায়ন

#### ৮.১ দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু

অধ্যায় ৫-এ দেখা যায় যে, প্রকল্পগুলোতে ২০০৮ থেকে শিক্ষার্থীরা এসএসসি ভোকেশনাল পরীক্ষায় সফলতার সাথে উত্তীর্ণ হয়ে আসছে। পাশকৃতদের পরিমাণও বৃদ্ধি পাচ্ছে যার গড় ক্রমযোজিত হার বছরে ২৭.৭৪%; এই বৃদ্ধির হার রাজস্বখাতে পরিচালিত ৩০টি টিভিআই এর চেয়ে অনেক আকর্ষণীয় (সারণি ৫.৪ দ্রঃ)। টিভিআইগুলো নিজস্ব জমিতে অবস্থিত এবং দৃঢ় ও সুদৃশ্য ভৌত নির্মাণ কাঠামো সহ সকল সুবিধাদিসহ এলাকার উন্নয়ন সাম্য প্রদান করছে। একাডেমিক ভবনগুলোতে প্রয়োজনীয় তত্ত্বীয় ও ব্যবহারিক শ্রেণীকক্ষ ছাড়াও লাইব্রেরী, শিক্ষক ও কর্মচারীগণের জন্য কক্ষ, টয়লেটসহ সামনে খোলা মাঠ রয়েছে যা একটি প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানের ছায়া বহন করে।

প্রতিটি টিভিআই তে কারিগরি বোর্ডের শর্তানুসারে ভাষা ও বিজ্ঞান (গণিত, পদার্থ বিদ্যা ও রসায়ন) ছাড়াও ৪টি করে টেক্সটাইল ট্রেড যেমন, (১) উইভিং, (২) নিটিং, (৩) ডাইং-প্রিন্টিং ও (৪) ড্রেস মেকিং এর উপর তত্ত্বীয় ও ব্যবহারিক প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ট্রেড ল্যাবগুলোতে প্রয়োজনীয় যন্ত্রপাতি আছে এবং গুটিকয়েক বাদে সেগুলো যথাযথভাবে সচল আছে। টিভিআইগুলোতে গড়ে জনবল-শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত যথাক্রমে ১:২.৮৫ এবং ১:১৬.৩৬ (অনুচ্ছেদ ৫.২.৪ দ্রঃ) যা প্রচলিত একই ধরনের সরকারি প্রতিষ্ঠানের তুলনায় বেশি। পরিদর্শনকালে শিক্ষার্থী, শিক্ষকের সংখ্যা, ক্লাস পরিচালনা ও কারিগরি বোর্ডের নির্দেশনা প্রতিপালন করার প্রমাণ পাওয়া গেছে। অতএব দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু হয়েছে।

#### ৮.২ বস্ত্র বা তৈরী পোশাক শিল্পে দক্ষ জনবলের যোগানে প্রকল্পের ভূমিকা

স্লোর লেভেল-এর 'দক্ষ জনবল' বলতে ডিপিপি পর্যালোচনা এবং প্রকল্প পরিচালকসহ অন্যান্যদের সাথে আলাপ করে যা অনুভূত হয় তা হচ্ছে মূলত দক্ষ 'মেশিন অপারেটর', যারা বস্ত্রখাত সংশ্লিষ্ট প্রাথমিক বস্ত্র শিল্প (Primary Textile Industry) ও পোশাক শিল্পে কাজ করা ছাড়াও বস্ত্রখাত সংশ্লিষ্ট ক্ষুদ্র ব্যবসায় আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে পারবেন। দক্ষতার ৩টি পর্যায় আছেঃ ১) তত্ত্বীয় জ্ঞান, ২) ব্যবহারিক জ্ঞান ও ৩) অভিজ্ঞতা। কোন শিল্পের কাজে পূর্ণমাত্রায় দক্ষতা অর্জন করতে গেলে সেই শিল্পে কিছুকাল সংশ্লিষ্ট প্রক্রিয়া ও যন্ত্রপাতির সান্নিধ্যে কাজ করতে হয়। এ ক্ষেত্রে তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান 'ক্যাটালিষ্ট' হিসেবে দ্রুত দক্ষতা অর্জন করতে সহায়তা করে।

প্রকল্প অধীন টিভিআইগুলো তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান প্রদান করে আসছে যা দ্রুত দক্ষতা অর্জনে অতিসহায়ক। তুলনামূলকভাবে সাধারণ এসএসসি বা তার থেকে নিম্ন শ্রেণীর লেখাপড়া জানা অপারেটর বা স্লোর পর্যায়ের অন্যান্য ওয়ার্ক ফোর্সের তুলনায় তারা যে দ্রুত দক্ষতা অর্জন করতে পারে- এ বিশ্বাস বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমসি -র প্রতিনিধিগণের এফজিডি আলোচনায় স্বীকৃত হয়েছে। আর সমীক্ষার আওতায় পাশকৃত যে সকল শিক্ষার্থীগণ বস্ত্রখাতে কর্মক্ষেত্রে নিয়োজিত আছেন, তাদের অনেকেই দক্ষ অপারেটরের থেকে অনেক উঁচু পদে চাকুরি করছে (সারণি ৫.২ দ্রঃ)। বস্ত্রখাত সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের কর্ণধার/ মালিক হয়ে আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছে এমন পাশকৃত শিক্ষার্থী বিচ্ছিন্নভাবে হলেও বর্তমান সমীক্ষায় সনাক্ত করা গেছে। সুতরাং নিঃসন্দেহে ১০টি টিভিআই সম্ভাবনাময় (Potential) দক্ষ জনবল তৈরী করছে যারা বস্ত্র/

পোশাক শিল্পে নিয়োজিত হওয়া মাত্র নিজ নিজ পেশায় তুলনামূলক দ্রুত গতিতে বিশেষ কোন কাজে দক্ষতা অর্জন করতে পারবে।

### ৮.৩ গ্রামীণ ও স্বল্পমোত অঞ্চলের যুবশক্তির আয় বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচনে প্রকল্পের ভূমিকা

টিভিআইগুলো উপজেলা অধীনস্থ গ্রামীণ এলাকায় অবস্থিত। শিক্ষার্থীগণের অধিকাংশ টিভিআইগুলোর নিকটবর্তী (৩ মাইলের মধ্যে) এবং কিছু অংশ দূরবর্তী (ক্ষেত্র বিশেষে ভিন্ন উপজেলা ও জেলা) অঞ্চল থেকে এখানে ভর্তি হয়। সমীক্ষায় দেখা যে তাদের ৩২.৪% নিম্নমধ্যবিত্ত ও নিম্নবিত্ত আয়ের পরিবারের সন্তান। টিভিআইগুলো এরূপ স্থানে না থাকলে এ শিক্ষার্থীগণের সিংহভাগই অর্থনৈতিক কারণে কারিগরি শিক্ষার সুযোগতো পেতইনা; এমনকি সাধারণ এসএসসি লেভেলে লেখা পড়ার সুযোগও অনেকের জন্য সীমিত হয়ে যেত। সুতরাং দেখা যাচ্ছে টিভিআইগুলো গ্রামীণ ও স্বল্পমোত অঞ্চলের যুবশক্তিকে জীবিকা অর্জনের পথ তৈরী করে দিচ্ছে। শিক্ষা, বিশেষ করে কারিগরি শিক্ষা প্রাপ্ত একজন ছেলে বা মেয়ে খুব কমই বেকার থাকে, এ বিশ্বাস এফজিডিতে অংশগ্রহণকারীগণ উল্লেখ করেছেন।

দেখা যাচ্ছে যে, অধিকাংশ (৫২%) পাশকৃত শিক্ষার্থী পুনরায় টেক্সটাইল ও অন্যান্য কারিগরি এবং সাধারণ শিক্ষায় আবার ভর্তি হচ্ছে। এক ধরনের উচ্চাকাঙ্খা ‘pull factor’ হিসেবে ভূমিকা পালন করছে। তারা অনেকেই বুঝতে পারছে যে, উচ্চ শিক্ষা নিলে তারা আরও ভালো বেতনের চাকুরি করতে পারবে। সমীক্ষায় দেখা গেছে পাশকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা কর্মরত আছে তাদের ৬১% মিলকারখানায় চাকুরিরত এবং বিচ্ছিন্নভাবে হলেও কিছু সংখ্যক (১৪%) বস্ত্রখাত সংশ্লিষ্ট ব্যবসা বা আত্মকর্মসংস্থানে নিয়োজিত (সারণি ৫.১ দ্রঃ)। আবার যারা অন্য পেশায় আছে তারাও চাকুরিতে বা ব্যবসায় সংশ্লিষ্ট আছে। তারা সকলেই আয় করছে এবং এই আয়ে তারা নিজেদের ভরণপোষণ ছাড়াও পরিবারকে সাহায্য করছে। মাঠ পর্যায়ের সমীক্ষায় দেখা গেছে ৭০% উপার্জনরত উত্তরদাতা জানিয়েছেন যে, তাঁরা পরিবারকে আর্থিকভাবে সাহায্য করে ফলে দরিদ্র পরিবারের দারিদ্র্য হ্রাস পাচ্ছে, আর তুলনামূলক স্বচ্ছল পরিবার আর্থিক দিক দিয়ে পূর্বের চেয়ে ভালো অবস্থায় যাচ্ছে এবং তাঁদের সামাজিক মর্যাদা বেড়ে যাচ্ছে।

### ৮.৪ স্থানীয় পর্যায়ে আর্থ-সামাজিক উন্নয়নে ও ব্যবসা প্রসারে প্রকল্পের ভূমিকা

পাশকৃত শিক্ষার্থীরা এলাকা বা এলাকা বহির্ভূত যেখানেই জীবিকা অর্জন করছে, তারা শেষ পর্যন্ত আয়ের একটি বড় অংশ নিজ এলাকায় প্রেরণ করছে বা ব্যয় করছে, যা এলাকার ব্যবসা-বাণিজ্যে পরোক্ষ ভূমিকা রাখছে। এর ফলে এলাকার অর্থ সঞ্চালন বৃদ্ধি পাচ্ছে এবং তার ফলশ্রুতিতে ব্যবসা (দোকান, বাজার ইত্যাদি), পরিবহণ ও ব্যাংকের লেনদেন বৃদ্ধি পাচ্ছে যা এলাকার অর্থনৈতিক উন্নয়নে বড় ভূমিকা রাখছে। এলাকায় শিক্ষিত ও জীবিকা অর্জনকারী যুবশক্তির বিকাশ হচ্ছে এবং তার প্রভাবে এলাকার সামাজিক ও কৃষ্টির উন্নয়ন ঘটছে। এই সহ-সম্পর্কটি (Correlation) সমীক্ষার সংখ্যাগত উপাত্ত দ্বারা প্রমাণ সম্ভব না হলেও স্থানীয় পর্যায়ে যে তা অনুভূত (Perceived) হচ্ছে তা এফজিডি-র পর্যবেক্ষণে যথার্থ ভাবেই পরিলক্ষিত হয়েছে।

## ৮.৫ জাতীয় পর্যায়ে বস্ত্রশিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যর গুণগতমান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্পের ভূমিকা।

WTO এর 'International Trade Statistics 2015' অনুযায়ী ২০১৪ (জানুয়ারী-ডিসেম্বর) সালে বস্ত্র ও তৈরী পোশাক শিল্পের বিশ্ব ব্যাপি রপ্তানির পরিমাণ ৭৯৭ বিলিয়ন মার্কিন ডলার (তৈরী পোশাক ৪৮৩ বিলিয়ন এবং বস্ত্র ৩১৪ বিলিয়ন)। ২০১১ থেকে ২০২৫ সনের মধ্যবর্তী সময়ে বছরে গড় ক্রমযোজিত বৃদ্ধির হার ৫% ধরলে ২০২১ সনে পোশাক ও বস্ত্রের রপ্তানি বাণিজ্যের পরিমাণ দাঁড়াবে প্রায় ১.১২১ ট্রিলিয়ন (যার মধ্যে পোশাক ৬৮০ বিলিয়ন ও বস্ত্র ৪৪২ বিলিয়ন মার্কিন ডলারের সমমানের)। EPB এর পরিসংখ্যান অনুযায়ী ২০১৪-১৫ অর্থ বছরে বাংলাদেশের তৈরী পোশাক রপ্তানির পরিমাণ ছিল প্রায় ২৫.৪৯১ বিলিয়ন মার্কিন ডলারের সমান। এ পোশাক শিল্পের কাপড়ের যোগান দেয়ার বস্ত্র শিল্প সরাসরিভাবে আরও প্রায় ১.১১৭ বিলিয়ন ডলারের বস্ত্র সামগ্রী (হোম টেক্সটাইল, টেরি টাওয়েল, নিট ও ওভেন ফেব্রিক্স এবং বিভিন্ন আঁশ ও আঁশজাত দ্রব্য) রপ্তানি করেছে।

EPB এর ঐতিহাসিক তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ২০০১-০২ থেকে ২০১৪-১৫ অর্থ বছর সময়সীমায় বাংলাদেশের পোশাক শিল্পের রপ্তানির ক্রমযোজিত বৃদ্ধির হার ১৪.২২% যা অব্যাহত থাকলে ২০২১ সালে এ রপ্তানি আয় দাঁড়াতে পারে ৫৬.৬ বিলিয়ন ডলারে। দেশের ব্যবসায়ী মহল ও বর্তমান সরকার ২০২১ সালে পোশাক শিল্পের রপ্তানি আয় ৫০ বিলিয়ন অর্জিতব্য বলে মনে করেন এবং উভয়ে সে লক্ষ্যে কাজ করে চলেছে। তবে এ অর্জনের জন্য বাংলাদেশের সক্ষমতা বিবেচনায় আনলে দেখা যায় যে, কমপ্ল্যাক্স বাস্তবায়নের কারণে ETP বা বর্জ্য পরিশোধনের খরচ যোগ হওয়ায় পানির মূল্য বেড়ে যাচ্ছে ক্রমাগত এবং বেড়ে চলেছে বেতন। এ পরিস্থিতির মোকাবেলার উপায় হল উৎপাদনশীলতা বৃদ্ধি, ওয়েস্টেজ বা বর্জ্য কমানো এবং পণ্যর গুণগত মান বৃদ্ধি, ডিজাইন উন্নয়ন, লিড টাইম হ্রাস ইত্যাদির সাহায্যে মূল্য সংযোজন বৃদ্ধি। উল্লিখিত বিষয়গুলোর সবগুলোই দক্ষতার সাথে সম্পর্কিত। বিশেষ করে কারিগরি ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা অর্জন প্রয়োজন। নিঃসন্দেহে এই দক্ষতার স্তর আছে এবং স্তরগুলো একাডেমিক শিক্ষাগত স্তরের সঙ্গে সম্পর্কিত। উঁচু স্তরের জন্য যেমন উচ্চ শিক্ষার প্রয়োজন তেমনি মধ্য ও নিম্ন স্তরের দক্ষতা ডিপ্লোমা ও ভোকেশনাল শিক্ষা-প্রশিক্ষণের সঙ্গে সম্পর্কিত।

এসএসসি পর্যায়ের টেক্সটাইল ভোকেশনাল পাশ করার পর উঁচু আকাঙ্ক্ষার কারণে পাশকৃত শিক্ষার্থীরা পুনরায় উচ্চশিক্ষায় যাচ্ছে। কিন্তু উৎপাদনের প্রযুক্তিগত উন্নয়নের কারণে ফ্লোর লেভেলের জনবলের দক্ষতার পর্যায়ও বৃদ্ধি পাওয়ার ফলে দক্ষ অপারেটর ও মাইক্রোলেভেল ব্যবস্থাপনায় জড়িত (যেমন, সুপারভাইজার, কোয়ালিটি কন্ট্রোলার, ফিটার, ফিনিসার) প্রভৃতি পদের বেতনও বৃদ্ধি পেয়ে চলেছে। বস্ত্রখাতের স্টেকহোল্ডার এসোসিয়েশন (বিটিএমএ, বিজিএমইএ, বিকেএমইএ) ও বিটিএমসি এর প্রতিনিধিগণ জানিয়েছেন, তাদের সদস্য মিল ফ্যাক্টরীতে জনবলের প্রশিক্ষণ ব্যবস্থা থাকলেও তাঁরা যুক্তিসঙ্গত কারণে বিশ্বাস করেন যে, টিভিআইগুলো থেকে পাশকৃতরা তুলনামূলক দ্রুততার সাথে আশানুরূপ দক্ষতা অর্জন করতে সক্ষম হবে। ফলে জাতীয় পর্যায়ে বস্ত্রশিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যর গুণগতমান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্প অধীন টিভিআই পাশকৃতগণের ভূমিকা বর্তমানে অপরিমেয় থাকলেও ভবিষ্যতে তাদের অধিক সংখ্যকের ব্যাপকতর ভূমিকা সহজেই স্পষ্টতর হবে।

## ৮.৬ স্থায়ীভাবে দশটি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন

প্রকল্প অধীন টিভিআইগুলো বর্তমানে নিজস্ব সুদৃশ্য ভবনে ল্যাব সুবিধা ও প্রশিক্ষিত প্রশিক্ষকের সমন্বয়ে কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম অনুসরণ করে চালু আছে। বিবেচ্য টিভিআইগুলোর গড় পরীক্ষার্থী এবং গড় পাশকৃত শিক্ষার্থী (Delivery Rate) রাজস্বখাতে পরিচালিত টিভিআইগুলো (যেগুলোর ২১টি এখনও ভাড়া বাড়িতে চলছে) এর চেয়ে ভাল। এ ১০টি টিভিআই এর গড় পাশের ক্রমযোজিত বৃদ্ধির হার ২৭.৭৪%।


পাশের এ হার অব্যাহত থাকলে (বর্তমানে ভর্তির হার যথেষ্ট আশাব্যঞ্জক; ৯ম শ্রেণীতে ভর্তি হয়েছে ১৩৩৩ জন) ২০১৬ থেকে ২০২১ সনের মধ্যে এই ১০টি টিভিআই মোট ১২,৫৬৮ জন শিক্ষার্থীকে কর্মবাজারের দক্ষ জনবলের উপযুক্ত করে গড়ে তুলতে পারবে। রাজস্বখাতের অধীনে পরিচালিত ৩০টি টিভিআই এর ২১ টি ভাড়া বাড়ির ও ৯টি নিজস্ব ভবনের গড় পাশের পরিমাণ বৃদ্ধির ক্রমযোজিত হার যথাক্রমে ৪.২% ও ৮.৩%। ভিত্তি বছর ২০১৪-১৫ এবং উপর বর্ণিত ক্রমযোজিত বৃদ্ধির হার ধরে ২০২০-২১ সন পর্যন্ত তিন ধরনের টিভিআই-এর জন্য যে অভিক্ষেপ নির্ণয় করা যায়, তা নিম্নের সারণিতে দেখান হল।

### সারণি- ৮.১: বস্ত্র পরিদপ্তরের অধীন ৪০টি টিভি আই-গুলো হতে ফ্লোর লেভেল- এর জন্য এসএসসি পাশ জনবলের সরবরাহের অভিক্ষেপ (Projection)

বিষয়	২০১৫ (ভিত্তি বছর)	২০১৬	২০১৭	২০১৮	২০১৯	২০২০	২০২১
প্রকল্পের ১০ টি টিভিআই	৮১৬	১,০৪২	১,৩৩২	১,৭০১	২,১৭৩	২,৭৭৫	৩,৫৪৫
রাজস্ব খাতের ভাড়া বাড়ির ২১ টি টিভিআই	১,০৭৬	১,১২১	১,১৬৮	১,২১৭	১,২৬৮	১,৩২২	১,৩৭৭
রাজস্ব খাতের নিজস্ব ভবনের ৯ টি টিভিআই	৭৭০	৮৩৪	৯০৩	৯৭৮	১,০৫৯	১,১৪৭	১,২৪২
রাজস্ব খাতের ৩০টি টিভিআই	১,৮৪৬	১,৯৫৫	২,০৭১	২,১৯৫	২,৩২৮	২,৪৬৯	২,৬২০
মোট ৪০ টি টিভিআই	২,৬৬২	২,৯৯৭	৩,৪০৩	৩,৮৯৬	৪,৫০০	৫,২৪৪	৬,১৬৫

তবে এই অভিক্ষেপের জন্য শর্ত থাকে যে, ১০ টি টিভিআই কর্তৃক এই বৃদ্ধি সঙ্কুলানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বস্ত্র পরিদপ্তর সক্ষম হবে। কেননা এই ১০ টি টিভিআই-এর সরবরাহ ক্ষমতা ডিপিপি অনুসারে বছরে মাত্র ১২০০ জন, যা বাকী ৩০ টির ক্ষেত্রে ৩৬০০ জন।

### চিত্র-৮.১: বস্ত্র পরিদপ্তরের তিন ধরনের টিভিআই- থেকে বছর ভিত্তিক এসএসসি পাশ জনবলের অভিক্ষেপ



বাংলাদেশ কারিগরি বোর্ডের প্রতিবেদন অনুযায়ী ২০১৫ সন অবধি দেশে ২১১৯ টি এসএসসি পর্যায়ের ভোকেশনাল ইনস্টিটিউট ছিল (৪ টি টেক্সটাইল ট্রেডসহ মোট ৩১টি ট্রেড প্রশিক্ষণ সুবিধা সহ); বস্ত্র পরিদপ্তরের ৪০ টি টিভিআইও এর অন্তর্ভুক্ত। বর্তমানে দেশে বেসরকারি খাতে একক বা Standalone টিভিআই না থাকলেও ১৭১৩টি এসএসসি পর্যায়ের ভোকেশনাল ইনস্টিটিউট আছে যার অনেকগুলোতেই ১ থেকে সর্বোচ্চ ৪টি পর্যন্ত টেক্সটাইল ট্রেড চালু আছে। ২০০৮ হতে ২০১৫ সন পর্যন্ত এ প্রতিষ্ঠানগুলো থেকে টেক্সটাইল ট্রেড সহ পাশকৃত শিক্ষার্থীর সংখ্যা ৯,০৫৭ থেকে বেড়ে দাড়িয়েছে ১২,৭৭৬, অর্থাৎ পাশের ক্রমযোজিত বৃদ্ধির হার ৫.০৪%।

**সারণি- ৮.২: বেসরকারি খাতের ভোকেশনাল ইনস্টিটিউটগুলো হতে ফ্লোর লেভেল- এর জন্য এসএসসি পাশ জনবলের সরবরাহের অভিক্ষেপ (Projection)**

বিষয়/বছর	২০০৮	২০০৯	২০১০	২০১১	২০১২	২০১৩	২০১৪	২০১৫
এসএসসি ভোকেশনাল ইনস্টিটিউট (সংখ্যা)	৭৯২	৮৪৫	৮৪০	১,৩১৬	১,৪২২	১,৫৫৩	১,৬৪৬	১,৭১৩
টেক্সটাইল ট্রেডসহ পাশের সংখ্যা (জন)	৯,০৫৭	৯,৩০৯	১০,৪৯৪	১০,৫৫৬	১১,৫৯৮	১০,২৬৫	১১,৮৭৫	১২,৭৭৬

সূত্রঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

বস্ত্র পরিদপ্তরের ৪০টি টিভিআই বাদে বাকী ৩৬৬ টি সরকারি এসএসসি লেভেল-এর ভোকেশনাল ইনস্টিটিউট রয়েছে- যার কোন কোনটি থেকে এবং এসএসসি সমমানের প্রশিক্ষণ কেন্দ্র থেকে ২০১৫ সনে প্রায় ৫,৮৯৭ জন পাশ করছে (টেক্সটাইল ট্রেডসহ) এবং বিগত ৭ বছরে তাদের পাশের ক্রমযোজিত বৃদ্ধির হার ১১.৬৫%।

**সারণি- ৮.৩: সরকারি ও বেসরকারি এসএসসি ভোকেশনাল ইনস্টিটিউট ও টিভিআই হতে ফ্লোর লেভেল- এর জন্য এসএসসি (টেক্সটাইল ট্রেডসহ) পাশ ও সমপর্যায়ের সনদপ্রাপ্ত জনবলের অভিক্ষেপ (Projection)**


বিষয়/বছর	ভিত্তি বছর ২০১৫	২০১৬	২০১৭	২০১৮	২০১৯	২০২০	২০২১
বস্ত্র পরিদপ্তরের ৪০টি টিভিআই	২,৬৬২	২,৯৯৭	৩,৪০৩	৩,৮৯৬	৪,৫০০	৫,২৪৪	৬,১৬৫
বেসরকারি এসএসসি ভোকেশনাল ইনস্টিটিউট	১২,৭৭৬	১৩,৪২০	১৪,০৯৬	১৪,৮০৭	১৫,৫৫৩	১৬,৩৩৭	১৭,১৬০
সরকারি এসএসসি ভোকেশনাল ইনস্টিটিউট	৫,৮৯৭	৬,৯১৮	৭,৯৫১	৮,৯৪৭	৯,৯২৭	১০,৭৪৯	১১,৪২৫
মোট সরবরাহ	২১,৩৩৫	২৩,৩৩৫	২৫,৪৫০	২৭,৬৫০	২৯,৯৮০	৩২,৩৩০	৩৪,৭৫০

**সারণি- ৮.৪ ফ্লোর লেভেল- এ এসএসসি পাশ জনবলের ভবিষ্যত চাহিদার বিপরীতে মোট সরবরাহ ও গ্যাপ (সংখ্যা জনে)**

বিষয়	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১
ফ্লোর লেভেল-এ এসএসসি টেক্সটাইল পাশ জনবলের চাহিদা	১১১,৫৯৯	১২৫,৯৩৬	১৪১,২২৫	১৫৪,২৯২	১৮৬,৫৭০	১৮৩,১৩৭	১৯৮,৪৬৬
মোট সরবরাহ	২১,৩৩৫	২৩,৩৩৫	২৫,৪৫০	২৭,৬৫০	২৯,৯৮০	৩২,৩৩০	৩৪,৭৫০
গ্যাপ	৯০,২৬৪	১০২,৬০১	১১৫,৭৭৫	১২৬,৬৪২	১৫৬,৫৯০	১৫০,৮০৭	১৬৩,৭১৬

সূত্রঃ বস্ত্র পরিদপ্তরের ওয়েবসাইট

চিত্র-৮.২: এসএসসি পর্যায়ে দক্ষ জনবলের চাহিদা, সরবরাহ ও গ্যাপের বার-চিত্র



বিদ্যমান জনবলের চাহিদা-সরবরাহ প্রভেদ এর পরিস্থিতিতে ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটকে স্থায়ীভাবে প্রতিষ্ঠা করাই যুক্তিযুক্ত এবং এ জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে। উপরের অভিক্ষেপ হতে এটা সহজেই অনুমেয় যে, প্রতিটি জেলায় ১টি করে টিভিআই স্থাপনের পাশাপাশি শিল্পঘন এলাকায় একাধিক টিভিআই স্থাপনের সুযোগ রয়েছে। বস্ত্র পরিদপ্তরের কর্মকর্তাগণের সাথে আলোচনায় জানা যায় যে, একই জেলায় বিশেষ করে শিল্পঘন এলাকার নিকটবর্তী স্থানে একাধিক টিভিআই স্থাপনের পরিকল্পনা রয়েছে। উদাহরণস্বরূপ, বস্ত্র পরিদপ্তর সিরাজগঞ্জে আরও একটি টিভিআই স্থাপনের পরিকল্পনা হাতে নিয়েছে।

## অধ্যায়-৯

### ফলাফল আলোচনা

৯.০ অধ্যায় -৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ -এর প্রধান বিষয়গুলো নিয়ে নিম্নে সমীক্ষার গুরুত্বপূর্ণ ফলাফল আলোচনা ক্রমানুসারে সংক্ষিপ্তভাবে পরিবেশিত হলঃ

#### ৯.১ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতার ফল ও কারণ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” প্রকল্পটি ২০০৬ সালে শুরু হয়ে ২০০৮ সনে সমাপ্ত হওয়ার কথা ছিল। কিন্তু ৩ বার ডিপিপি সংশোধন করার কারণে প্রকল্পটি শেষ হয় ২০১৪ সালে। তৃতীয় সংশোধনী অনুযায়ী সমাপ্ত হওয়ায় মূল ডিপিপি'র তুলনায় Cost Overrun হয়েছে ১৮৪% আর টাইম ওভার রান হয়েছে প্রায় ৬ বছর যে কারণে সরকারকে অতিরিক্ত ৪৫.১২ কোটি টাকা ব্যয় করতে হয়েছে। ত্রুটিপূর্ণ ডিপিপি; মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের সমন্বয়হীনতা; প্রকল্প পরিচালকগণের প্রকল্প স্থানে নিয়মিত অবস্থানের মাধ্যমে কর্মকান্ড তত্ত্বাবধান না করা এবং প্রকল্প ব্যবস্থাপনায় পদ্ধতিগত প্রক্রিয়া অনুসরণ না করাই বিলম্বের মূল কারণ।

#### ৯.২ ভাড়া বাড়িতে টিভিআইএর কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য অর্জন ব্যাহত করেছিল

প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ড বিশেষ করে ভূমি অধিগ্রহণ ও নির্মাণ কাজ দীর্ঘায়িত হওয়ার কারণে ২০০৬ থেকে ২০১৪ পর্যন্ত বিভিন্ন টিভিআইগুলো ভাড়া বাড়িতে কার্যক্রম চালিয়েছিল। এ ধরনের কার্যক্রম সরকারের প্রচলিত প্রাতিষ্ঠানিক ধরনের সাথে অমিল থাকায় আস্থার সংকট হয়েছিল। যে কারণে শুরুর দিকে শিক্ষার্থী ভর্তি ও পাশের পরিমাণ কম ছিল। ২০০৬-২০০৮ মেয়াদে প্রকল্প বাস্তবায়ন হলে যেখানে ২০১৫ পর্যন্ত সর্বোচ্চ ৮৪০০ জন স্ট্রোল লেভেল এর দক্ষ জনবল তৈরি করা যেত, সেখানে প্রলম্বিত বাস্তবায়নের ফলে মাত্র ঐ সময় সীমায় কেবল ৩৭১০ জন তৈরি সম্ভব হয়েছে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় যন্ত্রপাতি ভাড়া বাড়িতে স্থাপনের সুযোগ না থাকায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদানে সমস্যা হয়েছে। ফলে শিক্ষা ও প্রশিক্ষণের গুণগতমান যথাযথ ছিল না।

#### ৯.৩ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নের চিত্র

**ভূমি অধিগ্রহণঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের জন্য মোট অধিগ্রহীত জমির পরিমাণ সঠিক আছে। সমীক্ষায় দেখা যায় যে, ভূমির বাস্তব ব্যয় মূল্য হয়েছে ৩৮৮.৮০ লক্ষ টাকা যা মূল ডিপিপিতে বর্ণিত মূল্য অপেক্ষা ৫৫.৫২% বেশি (Cost over run ৫৫.৫২%); ভূমি অধিগ্রহণে জটিলতাজনিত বিলম্বই এর মূল কারণ। প্রকল্পের প্রাক-সম্ভাব্যতা যাচাই হলে ভূমি অধিগ্রহণ জনিত জটিলতা পূর্বেই উদঘাটিত হত।

**ভৌত স্থাপনাসমূহ নির্মাণঃ** লে-আউট প্ল্যান ও এলিভিশন (বস্ত্র পরিদপ্তর হতে সংগৃহীত) অনুযায়ী টিভিআইগুলোর ভৌত স্থাপনাসমূহ সঠিক আছে। তবে নির্মাণ কাজে cost over run হয়েছে ২৩৬.৯১%। প্রকল্পের মাঝখানে স্থাপনায় পরিবর্তন ও বিলম্ব নকশা প্রাপ্তি, ডিপিপি সংশোধন ইত্যাদি time over run এর কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। তবে দীর্ঘ সময় ক্ষেপণ হলেও নির্মাণজনিত ব্যয় অস্বাভাবিক বৃদ্ধির কারণ অতি সুস্পষ্ট নয়।

**প্রধান যন্ত্রপাতি ক্রয় ও সংস্থাপনঃ** পরিদর্শন কালে দেখা যায় যে, টেক্সটাইল ল্যাবের বিভিন্ন সেকশন (যেমন উইভিং, নিটিং, ডাইং ও ডেসমেকিং) এর যন্ত্রের প্রকার ও পরিমাণ, বিচ্ছিন্ন কতিপয় উদাহরণ বাদে, ডিপ্পি'র বর্ণনা মোতাবেক ঠিক আছে। মেশিনগুলো সংশ্লিষ্ট ল্যাবসমূহে সঠিক ভাবে সংস্থাপিত আছে।

চালানের সাথে বর্ণিত বা সংযুক্ত স্পেসিফিকেশনের সাথে সংস্থাপিত মেশিনগুলোর মোটামুটি মিল রয়েছে। তবে ঐ স্পেসিফিকেশনগুলো অনেক ক্ষেত্রে বেশ খোলা বা যথেষ্ট সুনির্দিষ্ট না (Open and not enough specified) থাকার কারণে সরবরাহ সুবিধার পরিসীমা (Choice of Supply) অধিকতর বিস্তৃত ছিল। ফলে চাহিত আইটেমের বিপরীতে একই ধরনের ভিন্ন কিছু দিলে পরে তা গ্রহণের ক্ষেত্রে দ্বিমত করার সুযোগ সীমিত হয়ে যায়, যা এক্ষেত্রে হয়েছে বলে প্রতীয়মান হয়। পরিদর্শন কালে ৯৯% যন্ত্রপাতি কমবেশি সচল অবস্থায় পাওয়া গেছে এবং ১% যন্ত্র বিকল অবস্থায় দেখা গেছে।

কম্পিউটার সেকশনের যন্ত্রপাতির পরিমাণ, ডিপ্পির বর্ণনার ও চালানের সাথে সংযুক্ত স্পেসিফিকেশনের সাথে দৃশ্যমান মিল থাকলেও এগুলোর প্রায় ৫০% এখন বিকল। আর সচলগুলো বর্তমানে ব্যবহৃত Application Software এর জন্য Compatible না। এগুলোর দ্রুত পরিবর্তন এবং পরিমাণ বৃদ্ধি প্রয়োজন। ফিজিক্স ও কেমিস্ট্রি ল্যাবে ব্যবহৃত যন্ত্রপাতি (ব্যালাস ও গ্লাসওয়ারগুলো) অন্য সাধারণ উচ্চ বিদ্যালয়ের মানের এবং এগুলো দিয়ে কাজ চালানো সম্ভব।

বইপত্র, আসবাব ও জনবল সংগ্রহের পরিমাণগত দিক ঠিক আছে।

#### **৯.৪ ক্রয় ও সেবা সংগ্রহে পিপিআর-২০০৮ এর প্রয়োগ**

বস্ত্র পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত “ক্রয় কার্যক্রমের তথ্য” পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, বর্ণিত যন্ত্রপাতি ও মালামাল ক্রয়ের ক্ষেত্রে কতিপয় ত্রুটি বিচ্যুতি থাকলেও মোটের উপর পিপিআর ২০০৮ এর নিয়মাবলী অনুসরণ করা হয়েছে। ত্রুটি-বিচ্যুতিগুলো, যেমনঃ চূড়ান্ত টেন্ডার আহ্বানের পূর্বে Pre-qualification documents বা Request for EOI না করা; চূড়ান্ত ক্রয় সম্পাদনের পর মালামাল বুঝে নেয়া সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন না করা (যদিও চালান পত্র অনুযায়ী মালামাল বুঝে নেয়া হয়েছে); একই প্রতিষ্ঠান হতে খন্ড খন্ড ভাউচারের মাধ্যমে মালামাল ক্রয় করা (এ ক্ষেত্রে একটি অডিট আপত্তি রয়েছে); বিক্রেতার স্বাক্ষর ব্যতীত মালামাল ক্রয়, তা মূল্য যতই কম/বেশি হোক না কেন (এ ক্ষেত্রে একটি অডিট আপত্তি রয়েছে); ক্রয় সংক্রান্ত প্রস্তুতিমূলক কাজ থেকে শুরু করে মালামাল বুঝে পাওয়া ও মূল্য পরিশোধ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিলসমূহ অনুযায়ী হুক যথাযথ প্রস্তুত না করা; ও পিপিআর-২০০৮ এর তফসিল ৮ (খ) –এর ক্রম/নির্দেশনা অনুযায়ী রেকর্ড ও নথি সংরক্ষণ না করা; ইত্যাদি। পরামর্শকদের খারণা যে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট জনবলের পিপিআর সংক্রান্ত প্রশিক্ষণ থাকলে এ ধরনের ত্রুটি বিচ্যুতি এড়ানো সম্ভব হত।

#### **৯.৫ প্রকল্পের কার্যকলাপ সংক্রান্ত বর্তমান অবস্থা**

বিবেচ্য প্রকল্পের ১০টি টিভিআই নিজস্ব জমিতে নির্মিত একাডেমিক ভবনে নিয়মিত শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষার জন্য পৃথক শ্রেণীকক্ষ ছাড়াও লাইব্রেরী, শিক্ষক ও কর্মচারীগণের জন্য কক্ষ, টয়লেটসহ সামনে খোলা মাঠ রয়েছে। বস্ত্র পরিদপ্তরের তত্ত্বাবধানে ও কারিগরি বোর্ডের নির্দেশনা

অনুসারে ক্লাস এবং বছর-বছর ভর্তি ও পরীক্ষা চলছে। শিক্ষক-শিক্ষার্থীগণের হাজিরা স্বাভাবিক, ক্লাসের পরিমাণ, শৃংখলা, শিক্ষার্থীগণের সফলতা ইত্যাদি বিবেচনায় প্রতিষ্ঠানগুলোর কার্যকলাপ মোটের উপর সন্তোষজনক (বিস্তারিত অধ্যায় ৫.২ দ্রষ্টব্য)।

### ৯.৬ টিভিআই হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণের বর্তমান পেশা ও অবস্থা

২০০৮ থেকে ২০১৫ সাল পর্যন্ত টিভিআই কোর্স সফলতার সঙ্গে সমাপ্ত করেছেন এরূপ সর্বমোট ৪১০ জন শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হয়, তাদের ৭৮% ছিল পুরুষ আর মাত্র ২২% ছিল নারী। পাশকৃত এই শিক্ষার্থীরা মোটামুটি নিম্নমধ্যবিত্ত ও নিম্নবিত্ত আয়ের (মাসিক গড় আয় ১১,৬৭১ টাকা) পরিবার থেকে এসে টিভিআইতে শিক্ষা লাভের সুযোগ পেয়েছিল।

উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫২% এসএসসি ভোকেশনাল পাশ করে উচ্চ শিক্ষায় অংশ নেয়। তাদের এক-চতুর্থাংশ (২৫%) উচ্চ বেতনের চাকুরির জন্য পুনরায় এইচএসসি ভোকেশনাল/ডিপ্লোমা শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানে ভর্তি হয় যার মধ্যে বস্ত্র পরিদপ্তরের শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও নিম্নমানের বেসরকারি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। চাকুরিতে প্রয়োজনীয় টেক্সটাইলে উচ্চতর কারিগরি শিক্ষায় ভর্তি হতে না পেরে তাদের অনেকে পুনরায় নিজ এলাকার সাধারণ ও অন্যান্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে, যেমন এইচএসসি (১৩%), অনার্স/ডিগ্রী (৬%), ডিপ্লোমা ইন সিভিল (৩%) এবং ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল (২%)।

উত্তীর্ণ শিক্ষার্থীগণের মাত্র ১৫% বর্তমানে বস্ত্রখাতের বিভিন্ন উপখাতে চাকুরিতে নিয়োজিত এবং ৬% নিজ উদ্যোগে বা পিতা-মাতার প্রতিষ্ঠিত বস্ত্রখাত সংশ্লিষ্ট ব্যবসা/আত্মকর্মসংস্থানে নিয়োজিত। যারা চাকুরিতে নিয়োজিত তাঁদের সর্বাধিক সংখ্যক (৩২%) বস্ত্র খাতের বিভিন্ন মিল ফ্যাক্টরীতে কর্মরত আছেন; তৈরী পোশাক শিল্পে জড়িত আছেন ২৯% এবং ২৫% অন্যান্য উপখাতে (যেমন হ্যান্ডলুম, বায়িং হাউস, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) কর্মরত আছেন। পাশকৃত শিক্ষার্থীরা যারা বস্ত্রখাত সংশ্লিষ্ট পেশায় নিয়োজিত আছেন তাঁদের অনেকেই দক্ষ শ্রমিকের চেয়ে অনেক উচ্চ পদেও কাজ করছেন যেমন, কোয়ালিটি কন্ট্রোলার/ ইন্সপেক্টর (২০.৬%), সহকারি মান নিয়ন্ত্রণ কর্মকর্তা (১৭.৫%), উৎপাদন ও সমপর্যায়ের কর্মকর্তা (৭.৯%) ইত্যাদি।

টিভিআই থেকে পাশ করে যারা চাকুরিতে আছেন তাদের বর্তমান গড় মাসিক বেতন ১২,০৪৮ টাকা; সর্বনিম্ন বেতন ৫,৬০০ টাকা এবং সর্বোচ্চ বেতন ২৫,০০০ টাকা। এখানে উল্লেখ্য যারা টাকা বা আশেপাশের এলাকায় মিল কারখানায় চাকুরিরত তাদের সর্বনিম্ন মাসিক বেতন ৯,৭০০ টাকার কম নয়; কিন্তু গ্রামীণ এলাকায় (যেমন তালগাছি-সিরাজগঞ্জ, কালিহাতি, চাঁপাইনবাবগঞ্জে এই বেতন মাসে ৫,৬০০ পর্যন্ত দেখা গেছে। সাধারণত সদ্য পাশকৃত ও অল্প অভিজ্ঞতা সম্পন্ন টিভিআই পাশকৃত শিক্ষার্থীগণ এরূপ কম বেতন পাচ্ছেন। প্রায় ৪৮% এর বর্তমান মাসিক আয় ১০,০০০ টাকা বা তার নিচে। টিভিআই থেকে পাশ করে যারা চাকুরিতে আছেন তাদের ৪৮% এর বর্তমান মাসিক আয় গড়ে প্রায় ১০,০০০ টাকা। যারা অপেক্ষাকৃত অভিজ্ঞ (চাকুরির বয়স ২ বছরের বেশী) তাদের (২৭%) মাসিক আয় ১২,৫০০ টাকা পর্যন্ত। চাকুরিতে নিয়োজিতদের মধ্যে ১৩% এর মাসিক আয় ১২,৫০০ থেকে ১৫,০০০ টাকা। প্রায় ১২% -এর অধিকাংশের আয় ১৫,০০০ থেকে ২৫,০০০ টাকা এবং বিচ্ছিন্ন ক্ষেত্রে আরও বেশি, যাদের অধিকাংশই ৫-৭ বছর আগে টিভিআই কোর্স সমাপ্ত করেছে।

উপার্জনকারী উত্তরদাতাগণের ১৯% জানিয়েছেন বর্তমান আয়ে তাঁরা বেশ সন্তুষ্ট। ৫২% জানিয়েছেন তাঁদের শিক্ষাগত যোগ্যতা অনুসারে এই আয় সন্তোষজনক এবং ২৯% জানিয়েছেন তাঁরা উপার্জিত আয়ে সন্তুষ্ট নন।

তবে উপার্জনকারী উত্তরদাতাগণের উল্লেখযোগ্য অংশ (৭২.৬%) জানিয়েছেন কর্মসংস্থানের ফলে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে।

### ৯.৭ বর্তমান শিক্ষার্থীগণের অবস্থা

জন্মলগ্ন থেকে অদ্যাবধি বিবেচ্য প্রকল্পের টিভিআইগুলোর পরিষ্কারার্থী সংখ্যা ও উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। ২০০৮ সনে টিভিআই প্রতি গড় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ছিল ১৫ জন, যা ২০১৫ সনে হয়েছে ৮২ জন। এক্ষেত্রে পাশকৃত শিক্ষার্থীদের ক্রমযোজিত বাৎসরিক হার ২৭.৭৪%। পক্ষান্তরে ২০০৬ সনে রাজস্বখাতভুক্ত টিভিআই প্রতি গড় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ছিল ৩৭ জন, যা ২০১৫ সনে হয়েছে ৬২ জন। এক্ষেত্রে পাশকৃত শিক্ষার্থীদের ক্রমযোজিত বাৎসরিক হার দাঁড়ায় ৫.৭২%। ২০০৬ থেকে ২০১৫ সনে রাজস্বখাত অধীন নিজস্ব ভবনে পরিচালিত ৯টি টিভিআই-এর প্রতিটিতে গড় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা যেখানে ৪২ থেকে ৮৬ এ দাঁড়িয়েছে (CAGR ৮.২৯%) সেখানে ভাড়া বাড়ির ২১টির প্রতিটিতে একই সময় ঐ সংখ্যা ৩৫ থেকে বেড়ে মাত্র ৫১ জন হয়েছে (CAGR ৪.২%)। এ থেকে প্রমাণিত হয় যে, নিজস্ব ভবন টিভিআইগুলো পরিচালনায় একটি কার্যকর চলক বা ফ্যাক্টর। প্রাচীর ঘেরা সুদৃশ্য ভবন, প্রশস্ত শ্রেণী কক্ষ, নতুন যন্ত্রপাতিসহ আধুনিক ল্যাব, খোলা মাঠ ইত্যাদি সম্বলিত প্রতিষ্ঠানগুলো সহজেই এলাকার অধিবাসীদের দৃষ্টি আকর্ষণ ও আস্থা অর্জন করে। ফলে এলাকার অধিবাসীগণ তাঁদের সন্তানদের এ সকল প্রতিষ্ঠানে ভর্তি করার জন্য আগ্রহী হন।

বর্তমানে ১০টি টিভিআই এ ২২৫৮ জন শিক্ষার্থী লেখাপড়া করছে। এদের মধ্যে ১৩৩৩ জন ৯ম শ্রেণীতে এবং ৯২৫ জন ১০ম শ্রেণীতে অধ্যয়নরত আছে। টিভিআইগুলোতে গড় শিক্ষার্থী ভর্তির সংখ্যা ১৩৩ জন, যার প্রায় ৮০% ছেলে এবং ২০% মেয়ে। বর্তমানে টিভিআই প্রতি ১২০ জন করে মোট ১২০০ জন পর্যন্ত ভর্তি নেয়া যেতে পারে। সে হিসেবে বর্তমানে ভর্তির ক্ষেত্রে Capacity Utilization হার ১১১% অন্যদিকে উত্তীর্ণ শিক্ষার্থী সরবরাহ হওয়ার কথা ১২০০ সেক্ষেত্রে যদিও ২০১৫ সালে উত্তীর্ণ হয়েছিল ৮১৬ (Achievement Rate ৭৩.৮৩%)। যেহেতু ক্রমযোজিত উত্তীর্ণের হার ২৭.৪% এবং বর্তমানে শিক্ষার্থী ভর্তির হার অনেক বেশি; তাই প্রতি বছরে ১২০০ বা ততোধিক শিক্ষার্থী উত্তীর্ণ হওয়ার সময় খুব নিকটে।

### ৯.৮ শিক্ষক-প্রশিক্ষকগণের বক্তব্য ও অবস্থার পর্যালোচনা

প্রায় ৫০% শিক্ষকের মতে প্রশিক্ষণের জন্য নূতন ও আধুনিক যন্ত্রপাতি যা বর্তমান মিল-কারখানায় ব্যবহৃত হয় সংযোজন করা প্রয়োজন। উত্তরদাতাগণের ৮৬% মনে করেন লাইব্রেরীতে আরও প্রাসঙ্গিক বইপত্র ও জার্নাল রাখার প্রয়োজন রয়েছে। সকল সুপার ও শিক্ষক-প্রশিক্ষকগণ মনে করেন পুরানো ও প্রায় অচল বর্তমান কম্পিউটারগুলো পরিবর্তন করে প্রতিটি টিভিআইতে কমপক্ষে ১০ টি করে নূতন কম্পিউটার ব্রডব্যান্ড (যেখানে সম্ভব) সংযোগসহ ওয়াইফাই সুবিধা দেয়া প্রয়োজন। পরামর্শকগণ লক্ষ্য করেছেন যে, নিম্ন মানের বস্ত্র প্রশিক্ষণ কেন্দ্রেও টিভিআইগুলো থেকে কম্পিউটারের সংখ্যা বেশি এবং ওগুলো আধুনিক। অর্ধেকের বেশী উত্তরদাতা মনে করেন অধিকহারে মিল ট্রেনিং (বছরে অন্তত ৪ টি ৫ দিন করে মোট ২০ দিন) হওয়া উচিত। বাজেট সংকট বা অর্থ বরাদ্দের স্বল্পতাই মিল ট্রেনিংএ বড় অন্তরায় বলে তাঁরা মনে করেন।

প্রকল্পের ডিপিপি অনুযায়ী অনুমোদিত ১৫২ জনবলের বিপরীতে বাস্তবে এই সংখ্যা ছিল ১৫১ জন, যার মধ্যে ১২০ জন শিক্ষা-প্রশিক্ষণের সাথে সরাসরি সংশ্লিষ্ট; বাকী ৩১ জন বিভিন্ন সেবা প্রদানে নিয়োজিত। চাকুরিতে

নিজেদের সুবিধা-অসুবিধার ক্ষেত্রে প্রায় সকল উত্তরদাতা শিক্ষক/প্রশিক্ষক ও সুপারগণ জানিয়েছেন যে, প্রকল্প সমাপ্ত হয়ে যাওয়ার পর তাঁরা মন্ত্রণালয়ের থেকে বরাদ্দ থেকে অনিয়মিত ভাবে বেতন পাচ্ছেন; কখনও বা ৩ থেকে ৪ মাস পরে বেতন পাচ্ছেন। এতে তাঁরা নিদারুণ অর্থ কষ্টে জীবন যাপন করছেন। এখানে একটি বিষয় প্রণিধানযোগ্য যে, এ সকল প্রতিষ্ঠানে কর্মরত কারিগরি শিক্ষক-প্রশিক্ষকগণ উচ্চ বেতনে বস্ত্রশিল্পের বিভিন্ন মিল-কারখানায় চাকুরির জন্য উপযুক্ত। সম্ভবত শিক্ষকতার পেশাকে প্রাধান্য দেয়ায় তাঁরা এখনো এখানে চাকুরি করছেন। তবে এরূপ বেতন কাঠামো ও পরিস্থিতির প্রেক্ষিতে তাঁরা তাঁদের পেশাগত পছন্দের প্রতি অনুরক্ত নাও থাকতে পারেন।

প্রায় সকল শিক্ষক-প্রশিক্ষকগণ একমত যে, যেহেতু প্রশিক্ষণ চাহিদা উৎপাদনের ধারা অনুযায়ী পরিবর্তনশীল, তাঁদের প্রশিক্ষণ চাহিদাও একটি চলমান বিষয়। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে বস্ত্র পরিদপ্তর যে কয়টি প্রশিক্ষণ দিয়েছিল তা চাহিদার তুলনায় অত্যন্ত অপ্রতুল। তাঁরা কতিপয় বিষয়ে তাঁদের প্রশিক্ষণ চাহিদার কথা জানান।

বর্তমান শিক্ষার্থী ভর্তির উর্দ্ধমুখী প্রবণতার কারণে টিভিআইগুলোর অবকাঠামো নিয়ে দ্বিতীয় সিস্ট চালু করা যেতে পারে এমন মতামত রেখেছেন কিছু সুপার ও শিক্ষকগণ; তবে সবকয়টি টিভিআই এর সুপার এবং শিক্ষকগণ Chain of Education প্রতিষ্ঠার লক্ষ্যে নিজ প্রতিষ্ঠানে এইচএসসি ভোকেশনাল বা ডিপ্লোমা ইন টেক্সটাইল কোর্স খোলার ব্যাপারে দারুণ আগ্রহ প্রকাশ করেন।

### ৯.৯. ১০ টি এফজিডি ও স্থানীয় পর্যায়ে ওয়ার্কশপের ফলাফল আলোচনা

আলোচনাগুলো থেকে প্রতীয়মান হয় যে টিভিআইগুলো এলাকার সুবিধাবঞ্চিতসহ সকল পরিবারের সন্তানের জন্য কারিগরি শিক্ষার সুযোগ করে দিয়েছে। সাধারণ শিক্ষার তুলনায় এসএসসি টেক্সটাইল ভোকেশনাল শিক্ষাটি অধিক কার্যকরী একটি কোর্স কেননা এখান থেকে একজন শিক্ষার্থী একই সঙ্গে এসএসসি পাশ করে একটি কারিগরি ডিগ্রীও লাভ করছে; ফলে তার জন্য তাৎক্ষণিক কর্মে যোগ দেয়া এবং উচ্চ শিক্ষা গ্রহণের পথ একই সঙ্গে অব্যাহত থাকছে যা অন্য সাধারণ এসএসসি-র জন্য সম্ভব নয়। কর্মশালায় উপস্থিত সাধারণ শিক্ষায় শিক্ষিত যুবকেরা জানান, এরূপ কারিগরি শিক্ষা থাকলে তাঁদের বেকার থাকতে হত না।

আলোচকগণ জানান উত্তীর্ণ শিক্ষার্থীগণ তাৎক্ষণিক ভাবে বা আরো লেখাপড়া করে চাকুরিতে যোগ দিচ্ছেন বা কর্মে নিয়োজিত হচ্ছেন। এতে স্থানীয় পর্যায়ে বেকারত্ব কমা ছাড়াও তাদের অর্জিত আয়ে নিজের ও পরিবারের দারিদ্র্য হ্রাস পাচ্ছে; এলাকার অর্থ সঞ্চালনের ফলে স্থানীয় ব্যবসা বাণিজ্যে একধরনের ইতিবাচক প্রভাব পরোক্ষভাবে হলেও অনুভূত হচ্ছে।

আলোচকগণ টিভিআই-এর শিক্ষায় অধিক হারে শিক্ষার্থী, বিশেষ করে মেয়ে শিক্ষার্থী আকৃষ্ট করার জন্য টিভিআই কর্তৃপক্ষকে স্থানীয় সরকার, প্রশাসন ও এলিটগণের সহযোগিতায় ব্যাপক উদ্বুদ্ধকরণ প্রচারণা ও প্রেষণা কার্যক্রম চালানোর পরামর্শ দেন।

বর্তমান শিক্ষার্থী, পাশকৃত শিক্ষার্থী, টিভিআই শিক্ষক মন্ডলী, অভিভাবকসহ স্থানীয় এলিট সবাই একযোগে বর্তমান ভৌত কাঠামো ও অন্যান্য সুবিধাদি ব্যবহার করে এবং কিছু অতিরিক্ত যন্ত্রপাতি ও লোকবল যোগ করে টিভিআইগুলোতে দ্বিতীয় সিস্টে এইচএসসি ভোকেশনাল বা ডিপ্লোমা কোর্স চালু করার পক্ষে মত পোষণ করেন। টিভিআইগুলোর ক্রমাগত চাহিদা বাড়বে বৈ কমবে না এমন মত পোষণ করে উপস্থিত সকলেই

একমত হন যে, প্রতিটি জেলায় একটি করে এবং সম্ভব হলে উপজেলা পর্যায়ে একটি করে টিভিআই স্থাপন করা যেতে পারে। ওয়ার্কশপের সকল অংশগ্রহণকারী প্রকল্পগুলোকে অবিলম্বে রাজস্বখাতে স্থানান্তরের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অতিদ্রুত প্রক্রিয়া শুরুর জন্য অনুরোধ জানান।

### ৯.১০ বস্ত্রখাত সংশ্লিষ্ট সমিতি/ এ্যাসোসিয়েশন (বিটিএমএ, বিজিএমইএ,বিকেএমইএ) ও বিটিএমসি এর পরামর্শ ও সহযোগিতা

বিটিএমসি বাদে এ্যাসোসিয়েশনগুলো টিভিআইগুলোর কার্যক্রম বিষয়ে তেমন অবগত নয়। তবে এ্যাসোসিয়েশনগুলো মনে করে টিভিআই থেকে পাশকৃত শিক্ষার্থীগণের তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান থাকায় তাদের দক্ষ হবার কথা। তবে বিষয়টি নিয়োগকর্তাগণের নিকট প্রমাণ সাপেক্ষ। এক্ষেত্রে পাশকৃত শিক্ষার্থীগণের চাকুরির জন্য কৌশলগত বিপণন চালানোর লক্ষ্যে বস্ত্র পরিদপ্তর কর্তৃক জব-ফেয়ার এর আয়োজন করে এ্যাসোসিয়েশন এর সহযোগিতায় শিল্প মালিকগণকে আমন্ত্রণ জানানো সহ যোগাযোগ বৃদ্ধির পরামর্শ দেয়া হয়। যুগোপযোগী কারিকুলাম, শিল্প কারখানার বর্তমান চাহিদার সাথে সঙ্গতি রেখে সিলেবাস প্রণয়ন, আইসিটি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন, ডিপ্লোমা শিক্ষা চালু ইত্যাদি পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এ সকল প্রতিষ্ঠান অধিক কার্যকরী ভূমিকা পালন করতে পারবে বলে তাঁরা মনে করেন।

### ৯.১১ সরকারিখাতে পরিচালিত টিভিআইগুলোর তুলনামূলক উপযুক্ততা (কেস-স্টাডি এর ফলাফল)

সরকারি খাতে পরিচালিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি বেসরকারি খাতে অনেক শিক্ষা প্রতিষ্ঠান যত্রতত্র গড়ে উঠেছে যেখানে অন্যান্য বিষয় ছাড়াও টেক্সটাইল বিষয়ে ট্রেনিং / ডিপ্লোমা ডিগ্রী দেয়া হয়। সমীক্ষা দল ফার্মগেইটে অবস্থিত একটি ও সিরাজগঞ্জ তালগাছি এলাকায় টিভিআই সন্নিহিতে একটি বেসরকারি ডিপ্লোমা ইনস্টিটিউট এবং ঢাকা শহরের ২টি গার্মেন্টস প্রশিক্ষণ প্রতিষ্ঠানে (ডিপ্লোমা ইনস্টিটিউট নয়) সরেজমিনে পরিদর্শন করেছেন। ব্যক্তিখাতে পরিচালিত ডিপ্লোমা প্রদানকারী এ ইনস্টিটিউটগুলো অপেক্ষা সরকারিখাতে পরিচালিত টিভিআইগুলো (এসএসসি ভোকেশনাল সার্টিফিকেট) সংখ্যাগত ও গুণগত উভয় বিচারেই যথেষ্ট উত্তম। গার্মেন্টস প্রশিক্ষণ প্রতিষ্ঠান ২টির অবস্থা আরো করুণ।

### ৯.১২ দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালুর অবস্থা

রাজস্বখাতে পরিচালিত ৩০টি টিভিআই এর চেয়ে তুলনামূলক বিচারে এ ১০টি টিভিআই-এর সাফল্য চিত্র অনেক আকর্ষণীয় (অনুচ্ছেদ ৫.২.১ দ্রষ্টব্য)। যেখানে রাজস্বখাতের টিভিআইগুলো বেশির ভাগ ভাড়া বাড়িতে চলছে, এ ১০টি টিভিআই নিজস্ব জমিতে অবস্থিত এবং দৃঢ় ও সুদৃশ্য ভৌত নির্মাণ কাঠামো সহ সকল সুবিধাদিসহ এলাকার উন্নয়ন সাক্ষ্য প্রদান করছে। একাডেমিক ভবনগুলোতে প্রয়োজনীয় তত্ত্বীয় ও ব্যবহারিক শ্রেণীকক্ষ ছাড়াও লাইব্রেরী, শিক্ষক ও কর্মচারীগণের জন্য কক্ষ, টয়লেটসহ সামনে খোলা মাঠ রয়েছে যা একটি প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানের ছায়া বহন করে। পরিদর্শনকালে শিক্ষার্থী, শিক্ষকের সংখ্যা, ক্লাস পরিচালনা ও কারিগরি বোর্ডের নির্দেশনা প্রতিপালন করার প্রমাণ পাওয়া গেছে। অতএব দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু হয়েছে।

### ৯.১৩ বস্ত্র বা তৈরী পোশাক শিল্পে দক্ষ জনবলের যোগানে প্রকল্পের ভূমিকা

বিটিএমএ, বিকেএমইএ, বিজিএমইএ ও বিটিএমসি-র প্রতিনিধিগণ এফজিডি আলোচনায় স্বীকার করেছেন প্রকল্প অধীন টিভিআইগুলো যে তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান প্রদান করে তা দ্রুত দক্ষতা অর্জনে অতিসহায়ক। সমীক্ষার আওতায় পাশকৃত যে সকল শিক্ষার্থীগণ বস্ত্রখাতে কর্মক্ষেত্রে নিয়োজিত আছেন, তাদের অনেকেই দক্ষ অপারেটরের থেকে অনেক উঁচু পদে চাকুরি করছে (সারণি ৫.২ দ্রঃ)। বস্ত্রখাত সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের কর্ণধার/ মালিক হয়ে আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছে এমন পাশকৃত শিক্ষার্থী বর্তমান সমীক্ষায় সনাক্ত করা গেছে। সুতরাং নিঃসন্দেহে ১০টি টিভিআই সম্ভাবনাময় (Potential) দক্ষ জনবল তৈরী করে বস্ত্র/ পোশাক শিল্প খাতে সরবরাহ করছে।

### ৯.১৪ গ্রামীণ ও স্বল্পমোত অঞ্চলের যুবশক্তির আয় বৃদ্ধি, দারিদ্র্য বিমোচনে ও আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্পের ভূমিকা

পাশকৃত শিক্ষার্থীগণের একাংশ সরাসরি চাকুরিতে যোগ দিচ্ছে, অন্য অংশ পুনরায় টেক্সটাইল ও অন্যান্য কারিগরি বিষয়ে উচ্চ শিক্ষা সমাপ্ত করে শেষ পর্যন্ত চাকুরিতে বা ব্যবসায় সংশ্লিষ্ট আছে। তারা নিজেদের ভরণপোষণ ছাড়াও পরিবারকে সাহায্য করছে। তারা শেষ পর্যন্ত আয়ের একটি বড় অংশ নিজ এলাকায় প্রেরণ করছে বা ব্যয় করছে, যা এলাকার ব্যবসা-বাণিজ্যে পরোক্ষ ভূমিকা রাখছে। এলাকায় শিক্ষিত ও জীবিকা অর্জনকারী যুবশক্তির বিকাশ হচ্ছে এবং তার প্রভাবে এলাকার সামাজিক ও কৃষ্টির উন্নয়ন ঘটছে। এই সহ-সম্পর্কটি (Correlation) সমীক্ষার সংখ্যাগত উপাত্ত দ্বারা প্রমাণ সম্ভব না হলেও স্থানীয় পর্যায়ে যে তা অনুভূত (Perceived) হচ্ছে তা এফজিডি-র পর্যবেক্ষণে যথার্থ ভাবেই পরিলক্ষিত হয়েছে।

### ৯.১৫ জাতীয় পর্যায়ে বস্ত্রশিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যের গুণগতমান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্পের ভূমিকা

পোশাক শিল্পে ২০০১-০২ থেকে ২০১৪-১৫ অর্থ বছর পর্যন্ত বাংলাদেশের ক্রমযোজিত বৃদ্ধির হার ১৪.২২%। এ ধারা অব্যাহত থাকলে ২০২১ সালে পোশাক শিল্পের রপ্তানি আয় দাঁড়াতে পারে ৫০ বিলিয়ন মার্কিন ডলারে। তবে গ্যাসের সংকট, বেতন ও অন্যান্য খরচ বৃদ্ধির কারণে এক ধরনের চ্যালেঞ্জ অনুভূত হচ্ছে। সংশ্লিষ্ট অতিরিক্ত ব্যয়কে বিকল্প পথে সহনীয় পর্যায়ে রাখার উপায় হল উৎপাদনশীলতা বৃদ্ধি, ওয়েস্টেজ বা বর্জ্য কমানো, পণ্যের গুণগত মান বৃদ্ধি, ডিজাইন উন্নয়ন, লিড টাইম হ্রাস ইত্যাদির সাহায্যে পণ্যে অতিরিক্ত মূল্য সংযোজন। উল্লিখিত বিষয়গুলোর সবগুলোই দক্ষতার সাথে সম্পর্কিত। উৎপাদনের প্রযুক্তিগত উন্নয়নের কারণে ফ্লোর লেভেলের জনবলের দক্ষতার পর্যায়ও বৃদ্ধি পেয়েছে। ফলে দক্ষ অপারেটর ও মাইক্রোলেভেল ব্যবস্থাপনায় জড়িত (যেমন, সুপারভাইজার, কোয়ালিটি কন্ট্রোলার, ফিটার, ফিনিসার) জনবলকে এখন প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা বিষয়ক অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয় যা তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান ব্যতিরেকে সম্ভব না। টিভিআইগুলো থেকে পাশকৃতরা তুলনামূলক দ্রুততার সাথে আশানুরূপ দক্ষতা অর্জন করতে সক্ষম হবে। ফলে ভবিষ্যতে উচ্চ বেতনের কারণে আরও অধিক হারে টিভিআই পাশকৃতরা বস্ত্র ও পোশাক শিল্পে যোগ দিবেন বলে বিশেষজ্ঞগণ মনে করেন। ফলে জাতীয় পর্যায়ে বস্ত্রশিল্পের উৎপাদন ও উৎপাদিত দ্রব্যের গুণগতমান, রপ্তানি আয়, ইত্যাদি বৃদ্ধিতে প্রকল্পের টিভিআই পাশকৃতরা ভূমিকা রাখতে পারবে।

### ৯.১৬ SWOT বিশ্লেষণে প্রকল্পের সম্ভাবনা

বস্ত্র পরিদপ্তর অধীনস্থ ডিপ্লোমা কোর্সে আসন সীমিত। কিন্তু শিক্ষা নীতিতে কারিগরি শিক্ষার দ্বার উন্মুক্ত রাখার কথা বলা হয়েছে। SWOT বিশ্লেষণে দেখা যাচ্ছে প্রকল্পের অন্যান্য সম্ভাবনার মধ্যে অন্যতম হল টিভিআইগুলোর বর্তমান অবকাঠামো ব্যবহার করেই ২য় সিক্টে এসএসসি ভোকেশনাল, এইচএসসি ভোকেশনাল বা ডিপ্লোমা কোর্স চালু করা যায়; এর ফলে স্বল্প ব্যয়, ভূমির অপচয় না করে অতি কম সময়ের মধ্যে capacity বৃদ্ধি বা Chain of Education সৃষ্টি সম্ভব।

তবে অনেকেরই অভিমত এই যে, ২য় সিক্টে এসএসসি ভোকেশনাল চালু করাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে কেননা বস্ত্র পরিদপ্তরের সমীক্ষা অনুযায়ী দেশের বর্তমান এসএসসি পাশ দক্ষ জনবলের চাহিদা বেড়েই চলেছে; বিপরীতে সরবরাহ অত্যন্ত কম। এই সরবরাহ বৃদ্ধি করতে হলে এসএসসি টেক্সটাইল ভোকেশনালের সংখ্যা বাড়াতে হবে। নিম্নে ফ্লোর লেভেল- এ এসএসসি পাশ জনবলের ভবিষ্যত চাহিদার বিপরীতে মোট সরবরাহ ও গ্যাপের চিত্র দেখানো হল।

(সংখ্যা জনে)

বিষয়	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১
ফ্লোর লেভেল-এ এসএসসি টেক্সটাইল পাশ জনবলের চাহিদা	১১১,৫৯৯	১২৫,৯৩৬	১৪১,২২৫	১৫৪,২৯২	১৮৬,৫৭০	১৮৩,১৩৭	১৯৮,৪৬৬
মোট সরবরাহ	২১,৩৩৫	২৩,৩৩৫	২৫,৪৫০	২৭,৬৫০	২৯,৯৮০	৩২,৩৩০	৩৪৭৫০
গ্যাপ	৯০,২৬৪	১০২,৬০১	১১৫,৭৭৫	১২৬,৬৪২	১৫৬,৫৯০	১৫০,৮০৭	১৬৩,৭১৬

সূত্রঃ বস্ত্র পরিদপ্তরের ওয়েব সাইট

### ৯.১৭ টিভিআইগুলোর টেকসই/স্থায়ীত্বের জন্য করণীয় বিষয়

সুপার- প্রশিক্ষকগণ, বস্ত্রখাত সংশ্লিষ্ট এসোসিয়েশনসমূহ, বিশেষজ্ঞগণ, এফজিডি আলোচক সকলেই একমত যে বস্ত্র ও পোশাক শিল্পের চলমান উন্নয়ন ধারার সাথে প্রতিষ্ঠানগুলোকে তাল মিলিয়ে চলতে হলে যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন ও নির্দিষ্ট সময় অন্তর সেগুলো রিভিউ করা, পেশাগত চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে যন্ত্রপাতির সংযোজন, প্রয়োজনীয় বইপত্র/জার্নালের সংখ্যা বৃদ্ধি, আইটি বিষয়ক দক্ষতা উন্নয়ন ও শিক্ষার্থীগণের জন্য আধুনিক মিলে ইন্টারশীপের ব্যবস্থা, প্রশিক্ষকগণের প্রশিক্ষণ-ইত্যাদি বিষয়ে গুরুত্ব প্রদান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ল্যাব-যন্ত্রপাতিঃ প্রকল্পের জন্য বিভিন্ন প্রকারের যন্ত্রপাতির প্রয়োজন, তবে এগুলোর উচ্চ মূল্যের কথা বিবেচনায় রেখে নিম্ন লিখিত কিছু অতি প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন করার প্রয়োজন আছে বলে মনে হয়।

শ্রেণি	যন্ত্রপাতি
উইভিং	Air-jet Loom-৫টি or Rapier Loom-৫টি কাছাকাছি ২টি প্রতিষ্ঠানের একটিতে Air-jet Loom অন্যটিতে Rapier Loom; Dobby/jacquard-১০ সেট
নিটিং	Circular knitting machine-১০ টি
ডাইং	Mini Yarn dyeing machine (for package yarn)- ১০ সেট; Lab Drying machine)- ১০ সেট, Squeezing machine- ১০ সেট, Digital Colour Kitchen-১০ সেট, Mini boiler-১০ সেট (Dyeing machine, Dryers ও ইন্ত্রিতে বাষ্প সরবরাহের জন্য)
সকল শ্রেণির জন্য	Electronic moisture meter- ১০ টি, End-pic yarn counting glass-20 টি, tacometer-১০ টি, Colour fastness measuring unit (Light box, colour matching cabinet, grey scale)-১০ সেট, Microscope of Medium enlargement (1000 time magnification)-১০টি

যন্ত্র-পাতি সংযোজন ব্যয়বহল হলে সে ক্ষেত্রে জোনাল বা আঞ্চলিক (সুবিধাজনক স্থানে অবস্থিত টিভিআইগুলোতে) ল্যাব স্থাপনের মাধ্যমে ব্যয় কমানোর ব্যবস্থা নেয়া যেতে পারে।

**আইটি/ডিজিটাল বিষয়ঃ** প্রতিটি টিভিআইতে কমপক্ষে ১০ টি করে নূতন কম্পিউটার ব্রডব্যান্ড (যেখানে সম্ভব) সংযোগসহ ওয়াইফাই সুবিধা দেয়া প্রয়োজন। এছাড়া শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শিক্ষাদানের ব্যবস্থা করলে শিক্ষা-প্রশিক্ষণ আরও কার্যকরী হবে বলে পরামর্শকদল মনে করেন।

**শিক্ষক প্রসংগঃ** প্রতিটি টিভিআইতে বিজ্ঞান শিক্ষক মাত্র ১ জন করে নিয়োজিত আছেন, যাঁকে ৯ম ও ১০ম উভয় শ্রেণীর জন্য গণিত, রসায়ণ ও পদার্থ বিজ্ঞান সহ ৩টি বিষয়ে একাই তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষা প্রদান করতে হয়। শিক্ষার গুণগতমান ঠিক রাখার জন্য গণিত, রসায়ণ ও পদার্থ বিজ্ঞান বিষয়ে আলাদা শিক্ষক নিয়োগ না দিলে এ সকল বিষয়ে শিক্ষার গুণগতমানের অবনয়ন ঘটতে পারে। টিভিআইগুলোর শিক্ষক-প্রশিক্ষকগণকে দ্রুত রাজস্বখাতের আওতায় নিয়ে নিয়মিত বেতন-ভাতা প্রাপ্তি নিশ্চিত করা না হলে প্রতিষ্ঠানগুলো অচিরেই শিক্ষক স্বল্পতার সম্মুখীন হতে পারে। এ কথা প্রণিধানযোগ্য যে, সুপার-প্রশিক্ষকগণ টেক্সটাইল প্রকৌশলী বিধায় তাঁদের চাকুরি বাজার বেশ ভাল এবং সংশ্লিষ্ট পদের বেতন-ভাতা গুরুত্বের সাথে বিবেচনা করে যৌক্তিকীকরণ করাই সমীচীন।

**বই-পত্র/জার্নালঃ** টিভিআইগুলোর লাইব্রেরীকে সমৃদ্ধ ও কার্যকরী করার জন্য বস্ত্র প্রযুক্তি ও শিল্প ব্যবস্থাপনা বিষয়ক উন্নতমানের বেশকিছু বইপত্র (যা বিশেষজ্ঞ মতামত ও বাজার জরীপের মাধ্যমে নির্বাচন করা সম্ভব) এর প্রয়োজন আছে বলে মনে হয়। নিম্নলিখিত জার্নালগুলো লাইব্রেরীগুলোতে নিয়মিত রাখা হলে শিক্ষার্থী ও শিক্ষক উভয়ই উপকৃত হবেন।

(ক) Textile World (International publication)

(খ) International Textile Bulletin (International publication)

(গ) Textile Today (Local publication)

(ঘ) Cotton Bangladesh (Local publication)

বর্তমানে উন্নত বিশ্বে ও কতিপয় উন্নয়নশীল দেশে ‘Industry-academia Linkage’ কর্মসূচি শিক্ষাকে আরো অধিক মাত্রায় প্রায়োগিক ও কার্যকরী করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখছে। এটি শিল্প কারখানা ও শিক্ষা প্রতিষ্ঠান উভয়ের মধ্যে সম-লাভজনক ব্যবস্থা যাতে উভয়পক্ষই একে অপরের দ্বারা উপকৃত হয়। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায়, এটা শুরু হতে পারে নিকটবর্তী মিল-কারখানার এক বা একাধিক কর্মকর্তাকে টিভিআইতে সম্মানীসহ বক্তৃতার জন্য আমন্ত্রণ জানিয়ে সুসম্পর্ক তৈরি করে ঐ মিলে শিক্ষার্থীগণের প্রশিক্ষণ বা ব্যবহারিক ক্লাসের সুযোগ নেয়ার মাধ্যমে। এ ছাড়াও গবেষণা ও বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলা যায়। এ বিষয়ে সুস্পষ্ট ধারণা লাভ করে টিভিআইগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে বস্ত্র পরিদপ্তর ‘Industry-academia Linkage’ প্রতিষ্ঠার পথ সুগম করতে পারে।

**চাকুরি বাজারের সাথে সংযোগ স্থাপনঃ** পাশকৃতরা নিয়মিত চাকুরি পেলেই শিক্ষার্থী ভর্তি অব্যাহত থাকবে বা বৃদ্ধি পাবে এবং তাতে প্রকল্পের উদ্দেশ্য সাধিত হবে। পাশকৃত শিক্ষার্থীগণের চাকুরি সংস্থান নিশ্চিত করার জন্য প্রশিক্ষক ও বস্ত্র পরিদপ্তরকে নিয়মিত চাকুরি বাজার বিশ্লেষণ সহ Career counselling প্রদান ছাড়াও বস্ত্র পরিদপ্তরে একটি “Job Assistance” সেল খুলে পাশকৃত শিক্ষার্থীগণের চাকুরি অর্জনে সহযোগিতা করার উপায় বের করতে হবেঃ যেমন, বস্ত্রখাত সংশ্লিষ্ট সমিতিগুলোর সঙ্গে নিবিড় যোগাযোগ সহ প্রতিবছর শিল্পঘন এলাকায় সমিতিগুলোর সহায়তায় “Job fair” আয়োজন করা, চাকুরির বাজারে সংযোগ স্থাপনের কাজ করার জন্য বিভিন্ন বস্ত্র মেলাতে বস্ত্র পরিদপ্তরের একটি ষ্টল খোলা, ইত্যাদি।

## অধ্যায় - ১০ সুপারিশমালা

### সুপারিশমালা

#### ক) প্রকল্পের প্রভাব মূল্যায়ন সংক্রান্ত সুপারিশমালাঃ

- বাংলাদেশের ৬৪ টি জেলাতেই একটি করে টিভিআই প্রতিষ্ঠার লক্ষ্যে আরোও এ জাতীয় প্রকল্প গ্রহণ করা যেতে পারে। তবে প্রয়োজনীয় সমীক্ষা বা বিশ্লেষণ সাপেক্ষে প্রকল্পের স্থান নির্ধারণ ও অগ্রাধিকার প্রদান বাঞ্ছনীয়।
- যে সকল স্থানে চাহিদা বেশি (বিশেষ করে শিল্পঘন এলাকার সন্নিকটে) সে সকল এলাকায়/জেলায় একাধিক টিভিআই স্থাপন করা যেতে পারে।
- প্রশিক্ষণের গুণগতমান অক্ষুণ্ণ রাখার স্বার্থে ও আস্থা সংকট এড়ানোর জন্য ভবিষ্যতে ভাড়া বাড়ির পরিবর্তে নিজস্ব ভবনে টিভিআই এর কার্যক্রম চালানো যেতে পারে।
- বর্তমানে রাজস্বখাতের অধীনে ভাড়া বাড়িতে পরিচালিত ২১টি টিভিআইকেও পর্যায়ক্রমে নিজস্ব ভবনে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- টিভিআইগুলোর বিজ্ঞান বিষয়ক শিক্ষকের সংখ্যা কম; গণিত, রসায়ন ও পদার্থ বিদ্যা পাঠদানের ক্ষেত্রে বর্তমানের ১জন শিক্ষকের পরিবর্তে ৩ জন শিক্ষক দ্বারা পাঠ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।
- টিভিআইগুলোর প্রতি যাতে মেধাবী ও বিশেষায়িত শিক্ষক-প্রশিক্ষণ আকৃষ্ট থাকেন ও সার্বিক বিষয় বিবেচনা করে তাঁদের (বিশেষ করে যারা গ্রাম বা তুলনামূলক পশ্চাৎপদ অঞ্চলের টিভিআইগুলোতে নিয়োজিত) ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা যেতে পারে।
- শিক্ষক-প্রশিক্ষকগণের পেশাগত উৎকর্ষতার জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- Career counselling প্রদান ছাড়াও বস্ত্র পরিদপ্তরে একটি “Job Assistance” সেল খুলে পাশকৃত শিক্ষার্থীগণের চাকুরি অর্জনে সহযোগিতা ছাড়াও প্রতিবছর শিল্পঘন এলাকায় বস্ত্রখাত সংশ্লিষ্ট সমিতিগুলোর সহায়তায় “Job fair” আয়োজন করা যেতে পারে।
- চাকুরির বাজারে সংযোগ স্থাপনের বিষয়টিকে বিশেষ গুরুত্ব প্রদান করে নানাবিধ কৌশলগত পদক্ষেপ গ্রহণ করা উচিত; যেমন-বিভিন্ন বস্ত্র মেলাতে বস্ত্র পরিদপ্তরের একটি ষ্টল রাখা সহ চাকুরিদাতাগণের সঙ্গে সংলাপ ও যোগাযোগ বৃদ্ধি সহ নানামুখী তৎপরতা চালানো।
- টিভিআইগুলোকে টেকসই করার জন্য যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন ও নির্দিষ্ট সময় অন্তর সেগুলো হালনাগাদ করা, শিক্ষার্থীগণের জন্য আধুনিক মিলে ইন্টারশীপের ব্যবস্থা ও আইটি বিষয়ক দক্ষতা উন্নয়ন-ইত্যাদি বিষয়ে গুরুত্ব প্রদান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।
- নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীগণের ড্রেড স্পেশালাইজড না করে সাধারণিকরণ (Generalised) করার বিষয়টি পরীক্ষা করে দেখা যেতে পারে।

- পেশাগত চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে কতিপয় অতি প্রয়োজনীয় যন্ত্রপাতি টিভিআইতে সংযোজন, নূতন কম্পিউটার প্রদান ও প্রয়োজনীয় বইপত্র/জার্নালের সংখ্যা বৃদ্ধি করে আধুনিক লাইব্রেরী প্রতিষ্ঠা করা প্রয়োজন (বিস্তারিত অনুচ্ছেদ ৯.১৬ দ্রষ্টব্য)। যন্ত্রপাতি সংযোজন ব্যয়বহুল হলে সে ক্ষেত্রে জোনাল বা আঞ্চলিক ল্যাব (সুবিধাজনক স্থানে অবস্থিত টিভিআইগুলোতে) স্থাপনের মাধ্যমে ব্যয় কমানোর ব্যবস্থা নেয়া যেতে পারে।
- টিভিআইগুলোতে মেয়ে শিক্ষার্থীসহ মোট শিক্ষার্থী বৃদ্ধির জন্য স্থানীয় প্রশাসন, শিক্ষা অফিস ও গণ্যমান্যদের সহযোগিতায় অভিভাবকগণকে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। তদুপ প্রত্যন্ত অঞ্চলের মেধাবী শিক্ষার্থীগণকে টিভিআইগুলোতে ভর্তির জন্য উদ্বুদ্ধ করা সহ বাদ পড়া শিক্ষার্থীগণ যেন লেখাপড়ায় ফিরে আসতে পারে সে ব্যাপারে প্রচেষ্টা চালাতে হবে।
- শিক্ষার মান সমৃদ্ধ রাখা এবং শিক্ষক-প্রশিক্ষকগণকে হতাশামুক্ত রাখার স্বার্থে টিভিআইগুলোকে রাজস্বখাতের আওতায় নেয়া ও শিক্ষক-প্রশিক্ষকগণকে চাকুরিতে স্থায়ী/সমন্বয় করার সুযোগ প্রদানের প্রক্রিয়া বিধি মোতাবেক ত্বরান্বিত করা যেতে পারে।

#### খ) ডিপিপি প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সুপারিশসমূহঃ

- ভবিষ্যতে বস্ত্র পরিদপ্তর কর্তৃক প্রকল্প নেয়ার পূর্বে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইসহ প্রাক বাস্তবায়ন SWOT বিশ্লেষণ সমীচীন। যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের সঙ্গে জড়িত থাকবেন তাদের CPM, Risk analysis & Mitigation approach, Monitoring ইত্যাদিসহ সংশ্লিষ্ট প্রকল্পের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।
- প্রকল্প বাস্তবায়নের সময় শুধু IMED-এর মনিটরিং এর উপর নির্ভরশীল না হয়ে স্বতঃপ্রণোদিত হয়ে নিজস্ব উদ্যোগে পরিবীক্ষণসহ বাস্তবায়নের গুণগত ও সংখ্যাগত বিষয় নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়নে বস্ত্র পরিদপ্তর, মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের মধ্যে যথাযথ সমন্বয়ের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের সঙ্গে জড়িত থাকবেন প্রকল্প সমাপ্ত না হওয়া পর্যন্ত তাঁদেরকে সংশ্লিষ্ট কর্মস্থলে বহাল রাখা নিশ্চিত করতে হবে। যোগ্যতা সম্পন্ন একজন বিষয় ভিত্তিক বিশেষজ্ঞকে উপ-প্রকল্প পরিচালক বা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হিসেবে পদায়ন বা নিয়োগ প্রদান করা যেতে পারে যিনি প্রকল্প পরিচালকের অবর্তমানেও প্রকল্পের কাজ এগিয়ে নিয়ে যেতে পারবেন।
- যন্ত্রপাতি ক্রয়ের জন্য ভবিষ্যতে স্পেসিফিকেশনগুলোকে অধিকতর বর্ণনাময় ও যথেষ্ট সুনির্দিষ্ট হতে হবে; প্রণীত স্পেসিফিকেশনগুলোর উপর ব্যবহারকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষক/সুপারের মতামত নেয়া যেতে পারে।

#### গ) পিপিআর সংক্রান্ত সুপারিশসমূহঃ

- যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে ভবিষ্যতে অবশ্যই পিপিআর যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- ক্রয় সংক্রান্ত সকল তথ্য/রেকর্ড (পিপিআর ২০০৮এ বর্ণিত তফসিল ৮-এর অংশ-খ মোতাবেক) একক স্থানে এমনভাবে সংরক্ষিত রাখা প্রয়োজন যেন ক্রয় বা সংগ্রহের ক্ষেত্রে পিপিআর কি মাত্রায় অনুসরণ করা হয়েছে তা সহজেই সুস্পষ্ট হয়।
- ক্রয় বা সংগ্রহের ক্ষেত্রে পিপিআর যেন পূর্ণ মাত্রায় অনুসরিত হয় এজন্য প্রকল্পের সুপারগণ ও বস্ত্র পরিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পিপিআর (সর্বশেষ সংস্করণ) বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।
- সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট স্পেসিফিকেশন, নকশা ইত্যাদি সহ ত্রুটিমুক্ত প্রকল্প পরিকল্পনা, প্রশিক্ষিত প্রকল্প টিম, প্রকল্পের ক্ষুদ্রাংশের সময়ভিত্তিক কর্ম পরিকল্পনা, বাস্তবায়নের যাবতীয় দলিলাদি সংরক্ষণ, ঘন ঘন মূল্যায়নসহ প্রতিবন্ধকতা দূরিকরণের পরামর্শ ও তা বাস্তবায়ন-ইত্যাদি বিষয় সম্বলিত নিরবিচ্ছিন্ন Chain of Documents প্রণয়নের ব্যবস্থা করা যেতে পারে। এ ধরনের Chain of Documents একক স্থানে সংরক্ষণের মাধ্যমে বস্ত্র পরিদপ্তরের জবাবদিহিতা নিশ্চিত করা যেতে পারে। প্রয়োজনে একটি ইলেক্ট্রনিক ডাটা ব্যাংক স্থাপন করে তথ্য সংগ্রহের ব্যবস্থা ও তাতে বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আইএমইডি'র Online Access বা প্রবেশাধিকার দেয়া যেতে পারে।

#### ঘ) অন্যান্য সুপারিশসমূহঃ

- যে সকল এলাকায় ভর্তি ইচ্ছুক বেশি সেখানে অবকাঠামোটি অক্ষুণ্ণ রেখে কেবল মাত্র শিক্ষকের সংখ্যা বাড়িয়ে ২য় সিফট চালু করে এসএসসি ভোকেশনাল পর্যায়ের ধারণ ক্ষমতা বৃদ্ধি করা যেতে পারে।
- আবার অবকাঠামোটি ব্যবহার করে যৌক্তিক পর্যায়ে শিক্ষক ও যন্ত্রপাতির সমন্বয়ে টিভিআইগুলোতে ২য় সিফটে এইচএসসি পর্যায়ের টেক্সটাইল ভোকেশনাল অথবা ডিপ্লোমা ইন টেক্সটাইল কোর্সও চালু করা যেতে পারে।
- টিভিআইগুলোর শিক্ষা প্রশিক্ষণের ক্ষেত্রে সকল বেসিক ট্রেড (যেমন স্পিনিং, উইভিং, নিটিং, ডাইং ও ডেস মেকিং) গুলোকে অর্ন্তভুক্ত করে শিক্ষা মডেল/কারিকুলাম প্রণয়ন করা যেতে পারে।
- বস্ত্র পরিদপ্তরের অধীনস্থ ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহে ৩০% এর পরিবর্তে কমপক্ষে ৫০% কোটা সংরক্ষণ করা যেতে পারে।
- যত্রতত্র বস্ত্র বিষয়ক নিম্নমানের শিক্ষা থেকে মানসম্পন্ন শিক্ষাকে রক্ষা করার জন্য শক্তিশালী শিক্ষা প্রতিষ্ঠান (যেমন BUTEX) এর নেতৃত্বে এরূপ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জন্য একটি কার্যকরী Compliance আরোপ করা যেতে পারে। (বিস্তারিত অনুচ্ছেদ ৬.৫ দ্রঃ)।
- শিক্ষা-প্রশিক্ষণকে আরো অধিক মাত্রায় প্রায়োগিক ও কার্যকরী করার উদ্দেশ্যে শিল্প কারখানা ও টিভিআই উভয়ের মধ্যে সম-লাভজনক ভিত্তিতে 'Industry-academia Linkage' প্রতিষ্ঠার জন্য বস্ত্র পরিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

## অধ্যায় - ১১ উপসংহার

### উপসংহার

'১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন' শীর্ষক সমাপ্ত প্রকল্পের বাস্তবায়ন পর্যালোচনা করলে দেখা যায় যে, ডিপিপি প্রণয়নে ত্রুটি, তথ্যগত অপরিপূর্ণতা, প্রকল্প বাস্তবায়নের মাঝে প্রকল্পের কাজের পূর্ব-অনির্ধারিত হ্রাস/বৃদ্ধি ও স্থান পরিবর্তন সহ নানা কারণে প্রকল্পের বিশাল Time Overrun ও Cost Overrun হয়েছে। তবে এ প্রকল্পের ত্রুটি-বিচ্যুতি ও দুর্বলতা থেকে নেয়া শিক্ষাগুলো ও লব্ধ অভিজ্ঞতা আগামীতে অনুরূপ প্রকল্প প্রণয়নে ও বাস্তবায়নে সঠিকভাবে প্রয়োগ করলে তা সময় ও অর্থের সাশ্রয় ঘটিয়ে জাতিকে সুন্দর ও কার্যকরী প্রতিষ্ঠান উপহার দিতে পারবে বলে পরামর্শক দল মনে করে।

প্রকল্প অধীন টিভিআইগুলো লক্ষ্যমাত্রা অর্জনের পথে এগিয়ে যাচ্ছে। এমতাবস্থায় সুপারিশগুলো বাস্তবায়িত হলে বস্ত্র ও পোশাক শিল্পে দক্ষ জনবল সরবরাহের পাশাপাশি গ্রামীণ অঞ্চলের যুবশক্তির বেকারত্ব ও দারিদ্র্য হ্রাসসহ আর্থ-সামাজিক ক্ষেত্রে টিভিআইগুলো অধিকতর ইতিবাচক ভূমিকা রাখতে পারবে বলে আশা করা যায়। বিদ্যমান প্রেক্ষাপটে সরকার ৬৪ টি জেলার প্রতিটিতে একটি করে টিভিআই প্রতিষ্ঠার লক্ষ্যে আরো প্রকল্প গ্রহণ করলে তা বস্ত্রখাত তথা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে। তবে বাস্তব সুযোগ ও যৌক্তিকতা সাপেক্ষে কোন কোন জেলায় একাধিক টিভিআই প্রতিষ্ঠার প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

বস্ত্র ও পোশাক শিল্পের চাহিদা সরবরাহের বিশাল গ্যাপ এর কথা বিবেচনায় রেখে আরও জনবল তৈরীর জন্য প্রয়োজনীয় সংখ্যক টিভিআই স্থাপন করা যেতে পারে। এরূপ টিভিআই থেকে পাশকৃত শিক্ষার্থীগণ দেশের চাহিদা মিটানোর পাশাপাশি বিদেশেও কর্মরত হয়ে দেশের জন্য রেমিটেন্স বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা  
প্রশ্নমালা ১ -পাশকৃত শিক্ষার্থীদের জন্য (প্রকল্পের উপকারভোগী)

আমরা পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পক্ষ থেকে মাঠ পর্যায়ে “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার তথ্য সংগ্রহের উদ্দেশ্যে এসেছি। আপনারা জানেন যে, টেক্সটাইল এবং গার্মেন্টসের Floor level এর জন্য দক্ষ কারিগরি জনবল তৈরীর নিমিত্ত বস্ত্র পরিদপ্তর ১০টি উপজেলায় টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করেছে। কর্ম সংস্থান ও দারিদ্র্য বিমোচনে এ সকল ইনস্টিটিউটের ভূমিকা, শিক্ষক/প্রশিক্ষকদের দক্ষতা, শিক্ষার গুণগতমান, সবল ও দুর্বল দিক, সুযোগ ও সম্ভাবনা ইত্যাদি বিষয়ে আপনারা সুচিন্তিত মতামত এ প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষায় বিশেষ ভূমিকা রাখবে। এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্ত কাম্য। উল্লেখ্য যে, আপনার মতামত শুধুমাত্র সমীক্ষার কাজে ব্যবহৃত হবে এবং আপনার দেয়া তথ্য সম্পূর্ণ গোপন রাখা হবে।

(ক) সাধারণ তথ্যঃ

- ১। উত্তরদাতার নামঃ .....
- ২। লিঙ্গঃ (১) পুরুষ  (২) মহিলা
- ৩। ঠিকানাঃ  
(১) গ্রাম/মহল্লা/ওয়ার্ড ..... (২) উপজেলাঃ ..... (৩) জেলাঃ .....
- ৪। মোবাইল নং .....
- ৫। (১) পিতার পেশা ..... (২) মাতার পেশা .....
- ৬। পিতা-মাতার / অভিভাবকের আয় (মাসিক) .....
- ৭। শিক্ষাগত যোগ্যতাঃ  
(১) এসএসসি ভোকেশনাল  (২) এইচএসসি ভোকেশনাল   
(৩) বিএসসি ইন টেক্সটাইল  (৪) অন্যান্য (উল্লেখ করুন) .....
- ৮। কোন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট থেকে পাশ করেছেন?  
.....
- ৯। কোন সালে পাশ করেছেন? .....

১০। আপনার ট্রেড কি ছিল?

(১) উইভিং  (২) নিটিং  (৩) ডাইং-প্রিন্টিং  (৪) ডেস মেকিং

(খ) চাকুরি/কর্মসংস্থান ও দক্ষতা সংক্রান্ত তথ্যঃ

১। বর্তমানে টেক্সটাইল বা গার্মেন্টস সংশ্লিষ্ট পেশা/ব্যবসায় জড়িত আছেন কি না?

(১) হ্যাঁ  (২) না

১ নং প্রশ্নের উত্তর হ্যাঁ হলে ২-৬ নং প্রশ্ন প্রযোজ্য হবে এবং উত্তর না হলে ৭-৮ নং প্রশ্ন প্রযোজ্য হবে

২। কি পেশায় আছেন ?

[১] টেক্সটাইল মিল	[২] গার্মেন্টস	[৩] অন্যান্য
(১) স্পিনিং	(১) নিট গার্মেন্টস	(১) হ্যান্ডলুম
(২) বড় উইভিং	(২) ওভেন গার্মেন্টস	(২) হোসিয়ারী
(৩) স্পেশালাইজড টেক্সটাইল	(৩) সোয়েটার ফ্যাক্টরী	(৩) এমব্রয়ডারী
(৪) হোম টেক্সটাইল	(৪) কম্পোজিট নিট গার্মেন্টস	(৪) ন্যারো ফেব্রিক
(৫) টেরি টাওয়েল	(৫) কম্পোজিট ওভেন গার্মেন্টস	(৫) বাইং হাউজ
(৬) ডেনিম		(৬) শিক্ষকতা
(৭) নিটিং		(৭) অন্যান্য (উল্লেখ করুন)
(৮) নিট ডাইং-প্রিন্টিং-ফিনিশিং		
(৯) ওভেন ডাইং-প্রিন্টিং-ফিনিশিং		
(১০) ৩ বা ৪ খাপ বিশিষ্ট কম্পোজিট মিলস		

৩। কোন পদে নিয়োজিত আছেন ?

(১) সহকারি উৎপাদন কর্মকর্তা  (২) সহকারি মান নিয়ন্ত্রণ কর্মকর্তা  (৩) ফোরম্যান

(৪) সুপারভাইজার  (৫) সহকারি সুপারভাইজার  (৬) কোয়ালিটি কন্ট্রোলার/ইন্সপেক্টর

(৭) ল্যাব এ্যাসিস্টেন্ট  (৮) হেড ফিটার  (৯) মেকানিক  (১০) অপারেটর

(১১) শিক্ষকতায় জড়িত থাকলে পদের নাম উল্লেখ করুন .....

(১২) অন্যান্য (নির্দিষ্ট করুন).....

৪। ভোকেশনাল ইনস্টিটিউট এর শিক্ষা/প্রশিক্ষণ/সার্টিফিকেট চাকুরি লাভে/ব্যবসা সংগঠনে কতটুকু সহায়ক ছিল?

(১) পরিপূর্ণ সহায়ক ছিল  (২) কিছুটা সহায়ক ছিল  (৩) সহায়ক ছিল না

৫। কার্যক্ষেত্রে ভোকেশনাল ইনস্টিটিউট এর শিক্ষা কেমন অবদান রাখছে?

(১) ভালো অবদান রাখছে  (২) কিছুটা অবদান রাখছে  (৩) কোন অবদান রাখছে না

৬। ভোকেশনাল ইনস্টিটিউটের শিক্ষা/প্রশিক্ষণ লাভের কারণে আপনি কি সম পদবিধারীগণের (যারা অনুরূপ কোর্স করেনি) তুলনায় অধিকতর দক্ষতা প্রদর্শন করতে পারছেন?  
(১)হ্যাঁ  (২)না   
(১ নং প্রশ্নের উত্তর না হলে ৭-৮ নং প্রশ্ন প্রযোজ্য)

৭। কি পেশায় আছেন উল্লেখ করুন .....

৮। টেক্সটাইল ভোকেশনাল কোর্সে অংশ নেয়া স্বত্বেও সংশ্লিষ্ট পেশা/ব্যবসায় নেই কেন?

(গ) দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক বিষয়ের তথ্য

১। বর্তমানে আপনার মাসিক আয় কত? .....

২। উক্ত আয়ে আপনি সন্তুষ্ট কি না? (১) বেশ সন্তুষ্ট  (২) মোটামুটি সন্তুষ্ট

৩। কর্মসংস্থানের ফলে আপনার বা পরিবারের দারিদ্র্য হ্রাস বা আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হয়েছে কিনা?

(১) উল্লেখযোগ্য মাত্রায় হয়েছে

(২) কিছুটা হয়েছে

(৩) তেমন কিছু হয়নি

(ঘ) শিক্ষা / প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ

১। টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের শিক্ষা কারিকুলাম/পাঠ্যসূচীর সাথে পেশাগত ব্যবহারিক বিষয়ের সামঞ্জস্য কেমন ছিল?

(১) যথেষ্ট সামঞ্জস্যপূর্ণ  (২) আংশিক সামঞ্জস্যপূর্ণ  (৩) সামঞ্জস্যপূর্ণ নয়

২। পাঠ্যসূচি অনুযায়ী পর্যাপ্ত শিক্ষক/প্রশিক্ষক ছিল কিনা? (১) হ্যাঁ  (২) না

৩। শিক্ষক/প্রশিক্ষকগণ যথেষ্ট প্রশিক্ষণপ্রাপ্ত ছিলেন কি না? (১) হ্যাঁ  (২) না

৪। [১] প্র্যাক্টিক্যাল ক্লাস নিয়মিত হত কি না? (১) হ্যাঁ  (২) না

[২] সপ্তাহে কয়টি প্র্যাক্টিক্যাল ক্লাস হত? .....

৫। মিল ট্রেনিং পেয়েছিলেন কি না? (১) হ্যাঁ  (২) না

৬। [১] আইসিটি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা ছিল কিনা? (১)ছিল  (২)ছিল না

[২] পর্যাপ্ত কম্পিউটার ছিল কিনা? (১)ছিল  (২)ছিল না

[৩] ইন্টারনেট সংযোগ /WiFi ছিল কিনা? (১)ছিল  (২)ছিল না

৭। [১] লাইব্রেরি ছিল কি না? (১) ছিল  (২)ছিল না

[২] টেক্সটাইল বিষয়ে পর্যাপ্ত বই/জার্নাল লাইব্রেরীতে ছিল কি না? (১) ছিল  (২) ছিল না

[৩] না থাকলে কি কি বইপত্র/জার্নালের প্রয়োজন ছিল?

(ঙ) মূল্যায়ন সম্পর্কিত অন্যান্য তথ্য

১। টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট এর সবল দিকগুলো কি? (উত্তর একাধিক হতে পারে)

- (১) এখান থেকে পাশ করে সহজে চাকুরি পাওয়া যায়
- (২) দক্ষ শিক্ষক/প্রশিক্ষক আছে
- (৩) শিল্প কারখানার চাহিদার সাথে সঙ্গতি রেখে শিক্ষা/প্রশিক্ষণ প্রদান
- (৪) যুগোপযোগী কারিকুলামের ব্যবহার
- (৫) যুগোপযোগী যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাব সুবিধা
- (৬) টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটটি সঠিক স্থানে স্থাপিত (ব্যাখ্যা করুন)

.....

...

- (৭) অন্যান্য (উল্লেখ করুন)

২। ভোকেশনাল ইনস্টিটিউট এর দুর্বল দিকগুলো কি? (উত্তর একাধিক হতে পারে)

- (১) এখান থেকে পাশ করে সহজে চাকুরি পাওয়া যায় না
- (২) দক্ষ শিক্ষক/প্রশিক্ষক এর অপ্রতুলতা
- (৩) শিল্প কারখানার চাহিদার সাথে সঙ্গতি রেখে শিক্ষা/প্রশিক্ষণ প্রদান করা হয় না
- (৪) কারিকুলাম আধুনিক নয়
- (৫) যুগোপযোগী যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাব সুবিধা নেই
- (৬) টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটটি সঠিক স্থানে স্থাপিত নয় (ব্যাখ্যা করুন)

.....

- (৭) অন্যান্য (উল্লেখ করুন)

৩। টিভিআইগুলোর জন্য কি কি ঝুঁকি রয়েছে?

৪। টিভিআইগুলোর সুযোগ ও সম্ভাবনা কি আছে?

৫। ভোকেশনাল ইনস্টিটিউটগুলোকে আরো কার্যকর করার জন্য কি কি ব্যবস্থা নেয়া যেতে পারে? (উত্তর একাধিক হতে পারে)

- (১) কারিকুলাম উন্নয়ন/পরিবর্তন
- (২) যন্ত্রপাতির আধুনিকায়ন/পরিবর্তন
- (৩) আইসিটি ভিত্তিক শিক্ষা জোরদারকরণ
- (৪) উপযুক্ত শিক্ষক/প্রশিক্ষক নিয়োগ
- (৫) প্রশাসনিক ব্যবস্থাপনার উন্নয়ন /পরিবর্তন
- (৬) অন্যান্য (উল্লেখ করুন) .....

৬। অনুরূপ আরো টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করা হলে কি ধরনের উন্নয়ন হবে বলে আপনি মনে করেন? (উত্তর একাধিক হতে পারে)

- (১) দারিদ্র্য বিমোচন হবে
- (২) টেক্সটাইল ও গার্মেন্টস শিল্পের জন্য দক্ষ জনবল তৈরী হবে
- (৩) আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে
- (৪) পণ্যর উৎপাদন ও গুনগত মান বৃদ্ধি পাবে
- (৫) রপ্তানির পরিমাণ বাড়বে
- (৬) অন্যান্য (উল্লেখ করুন)

সুপারভাইজারের নাম ও স্বাক্ষরঃ  
মোবাইল নম্বরঃ  
তারিখঃ

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষরঃ  
মোবাইল নম্বরঃ  
তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা  
প্রশ্নমালা ২- বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য

আমরা পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পক্ষ থেকে মাঠ পর্যায়ে “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার তথ্য সংগ্রহের উদ্দেশ্যে এসেছি। আপনারা জানেন যে, টেক্সটাইল এবং গার্মেন্টসের Floor level এর জন্য দক্ষ কারিগরি জনবল তৈরীর নিমিত্ত বঙ্গ পরিদপ্তর ১০টি উপজেলায় টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করেছে। কর্ম সংস্থান ও দারিদ্র্য বিমোচনে এ সকল ইনস্টিটিউটের ভূমিকা, শিক্ষক/প্রশিক্ষকদের দক্ষতা, শিক্ষার গুণগতমান, সবল ও দুর্বল দিক, সুযোগ ও সম্ভাবনা ইত্যাদি বিষয়ে আপনার সুচিন্তিত মতামত এ প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষায় বিশেষ ভূমিকা রাখবে। এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্ত কাম্য। উল্লেখ্য যে, আপনার মতামত শুধুমাত্র সমীক্ষার কাজে ব্যবহৃত হবে এবং আপনার দেয়া তথ্য সম্পূর্ণ গোপন রাখা হবে।

(ক) সাধারণ তথ্যঃ

- ১। টিভিআই এর নামঃ .....
- ২। উত্তরদাতার নামঃ .....
- ৩। লিঙ্গঃ (১)পুরুষ  (২)মহিলা
- ৪। ঠিকানাঃ  
(১) গ্রাম/মহল্লা/ওয়ার্ডঃ ..... (২) উপজেলাঃ ..... (৩) জেলাঃ .....
- ৫। মোবাইল নং .....
- ৬। অধ্যয়নরত শ্রেণীঃ (১) ৯ম শ্রেণী  (২) ১০ম শ্রেণী
- ৭। অধ্যয়নরত ট্রেডঃ (১) উইভিং  (২) নীটিং  (৩) ডাইং-প্রিন্টিং  (৪) ডেস মেকিং
- ৮। (১) পিতার পেশা ..... (২) মাতার পেশা .....
- ৯। পিতা-মাতার/ অভিভাবকের মাসিক আয়ঃ ..... টাকা

(খ) শিক্ষা/প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ

- ১। এই ভোকেশনাল কোর্সে ভর্তি হওয়ার জন্য কে উৎসাহ দিয়েছে এবং তাঁর পেশা কি?
- ২। এই ভোকেশনাল কোর্সে ভর্তি হওয়ার কারণ কি? (সংশ্লিষ্ট স্থানে টিক চিহ্ন দিন)
  - (১) মিল কারখানায় চাকুরি পাওয়ার জন্য
  - (২) নিজে টেক্সটাইলের ব্যবসা করার জন্য
  - (৩) নিজেকে দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলার জন্য
  - (৪) সামাজিক মর্যাদা বৃদ্ধির জন্য
  - (৫) অন্যান্য (উল্লেখ করুন)

- ৩। পাঠ্যসূচি অনুযায়ী পর্যাপ্ত শিক্ষক আছে কিনা? (১) হ্যাঁ  (২) না
- ৪। শিক্ষক/প্রশিক্ষকগণকে যথেষ্ট প্রশিক্ষণপ্রাপ্ত বলে মনে হয় কি না? (১) হ্যাঁ  (২) না
- ৫। ক্লাসে শিক্ষাদানের ক্ষেত্রে শিক্ষক/প্রশিক্ষকগণের পূর্ব প্রস্তুতি কেমন ?  
(১) ভাল  (২) মোটামুটি  (৩) ভাল নয়
- ৬। (১) প্র্যাক্টিক্যাল ক্লাস নিয়মিত হয় কি না? (১) হ্যাঁ  (২) না   
(২) সপ্তাহে কয়টি প্র্যাক্টিক্যাল ক্লাস হয়? .....
- ৭। মিল ট্রেনিং পাচ্ছেন কি না? (১) হ্যাঁ  (২) না
- ৮। (১) আইসিটি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা আছে কিনা? (১) হ্যাঁ  (২) না   
(২) পর্যাপ্ত কম্পিউটার আছে কিনা? (১) হ্যাঁ  (২) না   
(৩) ইন্টারনেট আছে কিনা? (১) হ্যাঁ  (২)না
- ৯। (১) লাইব্রেরি আছে কি না? (১) হ্যাঁ  (২)না   
(২) টেক্সটাইল বিষয়ে পর্যাপ্ত বই আছে কি না? (১) হ্যাঁ  (২)না   
(৩) না থাকলে কি কি বইপত্র/জার্নালের প্রয়োজন?.....
- ১০। ভোকেশনাল ইনস্টিটিউটগুলোকে আরো কার্যকর করার জন্য কি কি ব্যবস্থা নেয়া যেতে পারে?  
(১) কারিকুলাম উন্নয়ন/পরিবর্তন   
(২) যন্ত্রপাতির আধুনিকায়ন/পরিবর্তন   
(৩) আইসিটি ভিত্তিক শিক্ষা জোরদারকরণ   
(৪) উপযুক্ত শিক্ষক/প্রশিক্ষক নিয়োগ   
(৫) প্রশাসনিক ব্যবস্থাপনার উন্নয়ন /পরিবর্তন   
(৬) অন্যান্য (উল্লেখ করুন) .....
- ১১। [১] এই প্রতিষ্ঠান থেকে পাশ করে কি করবেন?  
(১) বস্ত্র/পোশাক শিল্পে চাকুরি  (২) বস্ত্র/পোশাক শিল্প সংশ্লিষ্ট ব্যবসা/আত্মকর্মসংস্থান   
(৩) অন্য যে কোন চাকুরি বা ব্যবসা  (৪) বস্ত্র/পোশাক শিল্প সংশ্লিষ্ট উচ্চতর শিক্ষা   
(৫) অন্য বিষয়ে উচ্চতর শিক্ষা  (৬) অন্যান্য (উল্লেখ করুন)
- [২] উত্তর ১ বা ২ না হলে কারণ বর্ণনা করুন।

সুপারভাইজারের নাম ও স্বাক্ষরঃ  
মোবাইল নম্বরঃ  
তারিখঃ

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষরঃ  
মোবাইল নম্বরঃ  
তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

"১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা

ক্রয় সংক্রান্ত চেকলিস্ট-১

পিপিআর-২০০৮ অনুযায়ী মালামাল/সেবা ক্রয় সংক্রান্ত তথ্যাবলী

১	মন্ত্রণালয়/বিভাগ	
২	বাস্তবায়নকারী সংস্থা	
৩	টিভিআই-এর নাম	
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম (ক্রমিক অনুসারে)	
৫	দরপত্র বা প্রস্তাব প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	
৬	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর-২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	
৭	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/আর্ন্তজাতিক)	
৮	দরপত্র বিক্রয় শুরুর তারিখ	
৯	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	
১০	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	
১১	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	
১২	দরপত্র খোলার তারিখ ও সময়	
১৩	দরপত্র জামানত যথাযথভাবে জমা হয়েছিল কি না?	
১৪	সিএস তৈরির তারিখ	
১৫	সিএস-এ কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর আছে কিনা?	
১৬	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	
১৭	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	

১৮	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	
১৯	ক্রয় অনুমোদনের ক্ষেত্রে পরিদপ্তরের জন্য প্রযোজ্য নিয়ম অনুসরণ করা হয়েছিল কিনা?	
২০	কার্যবিবরণী অনুমোদনের তারিখ	
২১	(Notification of Award) প্রদানের তারিখ	
২২	মোট চুক্তি মূল্য	
২৩	চুক্তি স্বাক্ষরের তারিখ	
২৪	কার্যাদেশ প্রদানের তারিখ	
২৫	কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ	
২৬	সময় বৃদ্ধি থাকলে, কতদিন বৃদ্ধি এবং কারণ	
২৭	কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	
২৮	ক্রয়কৃত মালামাল ক্রমিক অনুসারে সরবরাহকালে নিয়ম মারফিক ইনভেন্টরী প্রক্রিয়া সম্পন্ন হয়েছিল কিনা?	
২৯	না হয়ে থাকলে কেন?	
৩০	দরপত্রের উল্লেখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে ক্রয়/সংগ্রহ করা হয়েছিল কিনা?	
৩১	হয়ে থাকলে কেন?	
৩২	সরবরাহকৃত মালামালের ওয়ারেন্টি ছিল কি?	
৩৩	থাকলে কত দিন?	
৩৪	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছিল কিনা?	
৩৫	হয়ে থাকলে কারণ উল্লেখ করুন।	
৩৬	ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কি না?	
৩৭	ক্রয় প্রক্রিয়া-উত্তর পূর্ণরীক্ষণ করা হয়েছে কি না?	

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর  
মোবাইল নম্বর:  
তারিখ:

তথ্য প্রদানকারীর নাম:  
স্বাক্ষর সীল ও তারিখ:  
মোবাইল নম্বর:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা  
ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন সংক্রান্ত চেকলিষ্ট  
চেকলিষ্ট-২

১।	মন্ত্রণালয়/বিভাগ	
২।	বাস্তবায়নকারী সংস্থা	
৩।	টিভিআই এর নাম	
৪।	ভূমির পরিমাণ	
৫।	ভূমির মূল্য (প্রতি ডেসিমেল)	
৬।	রেজিস্ট্রি হয়েছে কি না?	
৭।	নাম জারী (মিউটেশন) হয়েছে কি না?	
৮।	সীমানা চিহ্নিতকরণ হয়েছে কি না?	
৯।	দাগ খতিয়ান, DS/CS, SA, RS মোতাবেক ঠিক আছে কি না?	
১০।	ভূমি সংক্রান্ত সব দলিল (বায়ী দলিল সহ) সংগৃহীত হয়েছে কি না?	
১১।	ভূমির পূর্ণাঙ্গ দখল বুঝে নেয়া হয়েছে কি না?	
১২।	ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কোন আনুষ্ঠানিকতা বাকি আছে কি না?	
১৩।	ভূমি সংক্রান্ত কোন মামলা চলমান আছে কি না?	
১৪।	প্রতিষ্ঠান কর্তৃক কোন মামলা করার প্রয়োজন আছে কি না?	
১৫।	ভূমি উন্নয়নের খরচ	
১৬।	ভূমি উন্নয়ন পদ্ধতি	
১৭।	ভূমি উন্নয়নে নিয়োজিত ঠিকাদার পিপিআর অনুসারে নিযুক্ত করা হয়েছিল কি না?	
১৮।	ভূমি উন্নয়নের দুর্বলতা ও তার কারণ	
১৯।	ভূমি উন্নয়নের অভিনবত্ব ও নূতনত্ব কিছু থাকলে তার উল্লেখ	

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষরঃ  
মোবাইল নম্বরঃ  
তারিখঃ

তথ্য প্রদানকারীর নাম ও স্বাক্ষরঃ  
সীল ও তারিখঃ  
মোবাইল নম্বরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা  
পর্যবেক্ষণ চেকলিষ্ট-৩

- ১। টিভিআই এর নামঃ
- ২। প্রকল্প গ্রহণের বছরঃ
- ৩। টিভিআই এর কার্যক্রম শুরুর বছরঃ
- ৪। ভূমি ও ভৌত কাঠামো নির্মাণঃ

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন		মন্তব্য (ত্রুটি, বিচ্ছাদিত ও গুণগত বিষয়)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	নির্মাণের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন	নির্মিত আইটেমের পরিমাণ ও স্পেসিফিকেশন	
১।	প্রশাসনিক ও একাডেমিক ভবন							
২।	সীমানা প্রাচীর							
৩।	গেইট							
৪।	অভ্যন্তরীণ রাস্তা							
৫।	বহিষ্ণ ও অভ্যন্তরীণ পানি সরবরাহ ও স্যানিটেশন							
৬।	নর্দমা / ড্রেন							

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন		মন্তব্য (ত্রুটি, বিচ্ছাতি ও গুণগত বিষয়)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	নির্মাণের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন	নির্মিত আইটেমের পরিমাণ ও স্পেসিফিকেশন	
৭।	বিদ্যুতায়ন (বহিঃস্থ ও অভ্যন্তরীণ)							
৮।	জলাধার (বৃষ্টির পানি সংগ্রহ)							
৯।	সৌর বিদ্যুত প্লান্ট							
১০।	বৃক্ষায়ণ							
১১।	কন্সট্রাক্সি							

৫। যন্ত্রপাতিঃ

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন		মন্তব্য (সঠিক সংস্থাপন, বর্তমান অবস্থা ও উপযোগিতা বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন	সংগৃহীত আইটেমের পরিমাণ ও স্পেসিফিকেশন	
১।	উইভিং সেকশন							
১.১	পাওয়ার লুম							
১.২	সেমি অটোম্যাটিক লুম							
১.৩	ফ্রেম লুম							
১.৪	ওয়ার্পিং ড্রাম							
১.৫	ব্যালাস							
১.৬	চরকা							
১.৭	স্পয়ার পার্টস সহ টুল বক্স							
২।	ডাইং-প্রিন্টিং সেকশন							
২.১	জীগার মেশিন							

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন		মন্তব্য (সঠিক সংস্থাপন, বর্তমান অবস্থা ও উপযোগিতা বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন	সংগৃহীত আইটেমের পরিমাণ ও স্পেসিফিকেশন	
২.২	উইঞ্চ ডাইং মেশিন							
২.৩	বাটিক ও ব্লক প্রিন্টিং এর যন্ত্রপাতি							
৩।	<b>নিটিং সেকশন</b>							
৩.১	ফ্লাট নিটিং মেশিন							
৩.২	ডায়াল লিংকিং							
৪।	<b>গার্মেন্টস সেকশন</b>							
৪.১	প্যাডেল সুইং মেশিন							
৪.২	এম্ব্রয়ডারী সুইং মেশিন							
৪.৩	হ্যান্ড সুইং মেশিন							
৪.৪	ওয়ান নীডল লক স্টিচ সুইং মেশিন							
৪.৫	বাটন হোল মেশিন							
৪.৬	বাটন স্টিচ মেশিন							
৪.৭	ওভারলক মেশিন							
৪.৮	ইলেক্ট্রিক আয়রণ							
৪.৯	কাটিং মেশিন							
৫।	<b>কম্পিউটার ও বিজ্ঞান সেকশন</b>							
৫.১	কম্পিউটার							
৫.২	ডট প্রিন্টার							
৫.৩	ডুপ্লিকেটিং মেশিন							
৫.৪	ফটোকপি মেশিন							
৫.৫	লেজার প্রিন্টার							
৫.৬	ল্যাপটপ							

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন		মন্তব্য (সঠিক সংস্থাপন, বর্তমান অবস্থা ও উপযোগিতা বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ ও নমুনা স্পেসিফিকেশন	সংগৃহীত আইটেমের পরিমাণ ও স্পেসিফিকেশন	
৫.৭	ফিজিক্স ও কেমিস্ট্রি সেকশনের মেশিন							
৫.৮	আইপিএস ও এসি সহ অন্যান্য অফিস ইকুইপমেন্ট							

৬। আসবাবঃ

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ		মন্তব্য (উপযোগিতা ও গুণগত বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ	সংগৃহীত আইটেমের পরিমাণ	
১।	পূর্ণাঙ্গ সেক্রেটারিয়েট টেবিল							
২।	হাফ সেক্রেটারিয়েট টেবিল							
৩।	সাধারণ টেবিল							
৪।	রিভল্ভিং চেয়ার							
৫।	লো ব্যাক কুশন চেয়ার							
৬।	লো ব্যাক কাঠের চেয়ার							
৭।	কম্পিউটার টেবিল							
৮।	কম্পিউটার প্রিন্টার টেবিল							
৯।	কম্পিউটার হুইল চেয়ার							
১০।	স্টিল আলমিরা							
১১।	ফাইল কেবিনেট							
১২।	কাঠের বুক সেলফ							
১৩।	হাই বেঞ্চ ও লো বেঞ্চ							
১৪।	শোকেস							

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ		মন্তব্য (উপযোগিতা ও গুণগত বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ	সংগৃহীত আইটেমের পরিমাণ	
১৫।	প্রিন্টিং টেবিল							
১৬।	কাটিং টেবিল							
১৭।	অন্যান্য আসবাব (নোটস বোর্ড, নাম বোর্ড, ঘড়ি, টুলস, লেটার বক্স ইত্যাদি)							
১৮।	রসায়ন সেকশনের জন্য ব্যবহারিক টেবিল							
১৯।	পদার্থ বিদ্যা সেকশনের জন্য ব্যবহারিক টেবিল							
২০।	গ্রন্থাগার টেবিল							
২১।	হাতল ছাড়া সাধারণ চেয়ার							
২২।	কাঠের বুক সেলফ							
২৩।	ওয়াল বোর্ড							
	<b>প্রকল্প পরিচালকের দপ্তরের সাজসজ্জা ও যন্ত্রপাতি ক্রয়</b>							
২৪।	পূর্ণাঙ্গ সেক্রেটারিয়েট টেবিল							
২৫।	হাফ সেক্রেটারিয়েট টেবিল							
২৬।	হাতলসহ কুশন চেয়ার							
২৭।	হাতলসহ কুশন চেয়ার (রিভল্ভিং)							
২৮।	অফিস ডেকোরেশন							
২৮.১	কনফারেন্স টেবিল							
২৮.২	কনফারেন্স চেয়ার							
২৮.৩	ফাইল কেবিনেট							
২৮.৪	অফিস আলমিরা							
২৮.৫	কম্পিউটার টেবিল							
২৮.৬	কম্পিউটার চেয়ার							

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ		মন্তব্য (উপযোগিতা ও গুণগত বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ	সংগৃহীত আইটেমের পরিমাণ	
২৮.৭	রেফ্রিজারেটর							
২৮.৮	কার্পেট, ভাটিক্যাল ব্লাইন্ড স্ক্রীণ ইত্যাদি							
২৮.৯	অফিস যন্ত্রপাতি ক্রয় (ফ্যাক্স, কম্পিউটার, লেজার প্রিন্টার, টেলিভিশন, এসি, সোফা সেট ইত্যাদি)							

৭। বইপত্রঃ

ক্রঃ নং	বিবরণ	ক্রয়/সংগ্রহের সময়		প্রকল্প উপকরণের ব্যয়/মূল্য		প্রকল্প উপকরণের পরিমাণ		মন্তব্য (উপযোগিতা ও গুণগত বিষয়ে)
		অনুমোদিত সময়সীমা	বাস্তব সংগ্রহ তারিখ	অনুমোদিত ব্যয়	ক্রয়/সংগ্রহের বাস্তব ব্যয়/মূল্য	অনুমোদিত পরিমাণ	সংগৃহীত আইটেমের পরিমাণ	

সামগ্রিক মন্তব্যঃ

পরিদর্শনের তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা

**চেকলিস্ট ৪: কনসালটেন্ট মিটিং/ নিবিড় আলোচনা**

ভোকেশনাল সুপার, শিক্ষক ও প্রশিক্ষকের জন্য

- ১। টিভিআইয়ের নামঃ
- ২। উত্তরদাতার নাম ও পদবিঃ
- ৩। টিভিআইগুলোর বর্তমান শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে আপনার খোলামেলা মতামত ব্যক্ত করুন।
- ৪। এখান থেকে পাশ করে শিক্ষার্থীগণ কোথায় এবং কি পদে নিয়োজিত আছে, সে ব্যাপারে আপনি বা টিভিআই কর্তৃপক্ষ কতটুকু অবহিত? এ বিষয়ে কোন Follow-up হয় কিনা? চাকুরির সন্ধান বা কর্মসংস্থানের জন্য কাউন্সিলিং প্রদান করা হয় কিনা?
- ৫। পাশকৃত শিক্ষার্থীদের নিজ এলাকায় বস্ত্র / পোশাক শিল্প সংক্রান্ত ব্যবসা বা আত্মকর্মসংস্থানের জন্য কি ধরনের সহযোগিতা প্রদান করা যেতে পারে?
- ৬। পেশাগত চাহিদার বিপরীতে বর্তমানে পরিচালিত কোর্সগুলো কেমন কার্যকর?
- ৭। টিভিআইগুলোর সবল দিকগুলো কি কি?
- ৮। টিভিআইগুলোর দুর্বল দিকগুলো কি?
- ৯। ইন্সটিটিউট পরিচালনার ক্ষেত্রে কি কি বাধা/বিপত্তি বা ঝুঁকি রয়েছে?
- ১০। টিভিআইগুলোতে বিষয়ভিত্তিক শিক্ষক/প্রশিক্ষক যথেষ্ট পরিমাণে আছেন কিনা? না থাকলে কারণ বর্ণনা করুন।
- ১১। এ প্রতিষ্ঠানে আপনার চাকুরির সুবিধা / অসুবিধা ও সম্ভাবনাগুলো কি কি?
- ১২। টিভিআইগুলোর বর্তমান অবকাঠামো নিয়ে আর কি কি করার সুযোগ বা সম্ভাবনা রয়েছে (বিশেষ করে চাহিদা ভিত্তিক পুনঃপ্রশিক্ষণ / Chain of Education প্রতিষ্ঠার জন্য)?
- ১৩। টিভিআই এর প্রশিক্ষকদের জন্য কি প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে? এ যাবৎ কতগুলো প্রশিক্ষণ পেয়েছেন এবং কি কি বিষয়ে? ঐ প্রশিক্ষণগুলো সম্পর্কে মতামত ব্যক্ত করুন।
- ১৪। কোন কোন বিষয়ে আপনাদের প্রশিক্ষণ চাহিদা রয়েছে এবং কিভাবে এই প্রশিক্ষণ দেয়া যেতে পারে? ঐ প্রশিক্ষণগুলো দেয়া হলে প্রতিষ্ঠানের কি ধরনের উপকার হবে?
- ১৫। ৮ম শ্রেণীর সাধারণ শিক্ষার্থীদেরকে টেক্সটাইল ভোকেশনাল বিষয়ে অধ্যয়নের জন্য কিভাবে আকৃষ্ট করা যায়? এ ব্যাপারে অভিভাবকদেরকে কিভাবে উদ্বুদ্ধ করা যেতে পারে?
- ১৬। টিভিআই এর কার্যক্রম আরো ফলপ্রসূ করার জন্য কি কি পদক্ষেপ নেয়া যেতে পারে?
- ১৭। এ ধরনের আরো ভোকেশনাল ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হলে কি কি উন্নয়নের সুযোগ রয়েছে?

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা  
চেকলিস্ট ৫:

বন্দ্র ও পাট মন্ত্রণালয় এবং বন্দ্র পরিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য

- ১। উত্তরদাতার নামঃ
- ২। মন্ত্রণালয়/ সংস্থার নামঃ
- ৩। পদবিঃ
- ৪। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে আপনার ভূমিকা ও অভিজ্ঞতা বর্ণনা করুন।
- ৫। প্রকল্প শুরুর পূর্বে ভোকেশনাল প্রশিক্ষণ কিভাবে দেওয়া হতো এবং বর্তমানে কিভাবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে?
- ৬। প্রকল্প বাস্তবায়নের সময় হতে কোন কোন টিভিআই নিজস্ব ভবনে কার্যক্রম পরিচালনা করে আসছে?
- ৭। তদুপ কোন কোন টিভিআই ভাড়া বাড়িতে কার্যক্রম শুরু করে এবং কবে থেকে তারা নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়?
- ৮। ভাড়া বাড়িতে টিভিআই পরিচালনার ক্ষেত্রে সুবিধা/ অসুবিধাগুলো সম্পর্কে মন্তব্য করুন।
- ৯। প্রকল্পটি কতবার এবং কি কারণে সংশোধন করা হয়েছিল?
- ১০। প্রকল্প সংশোধনের কারণে কোন কোন খাতে প্রাক্কলিত এবং প্রকৃত ব্যয়ের হ্রাস-বৃদ্ধি ঘটেছিল?
- ১১। এ হ্রাস-বৃদ্ধির কারণ কি?
- ১২। প্রকল্প বার বার সংশোধনের পিছনে প্রধানত কোন কোন কারণগুলোকে দায়ী মনে করেন?
- ১৩। এ প্রকল্পের সাথে জড়িত কর্মকর্তাগণের ডিপিপি প্রণয়ন, পিপিআর ২০০৮, প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত প্রশিক্ষণ ছিল কি না? ইতপূর্বে প্রকল্প বাস্তবায়নে তাঁদের পূর্ব অভিজ্ঞতা ছিল কি না?
- ১৪। প্রকল্পের মালামাল, ইকুইপমেন্ট, জনবল ও সেবা সংগ্রহে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা? এ সংক্রান্ত ডকুমেন্টের কপি আছে কিনা?
- ১৫। ডিপিপি প্রস্তুতির পূর্বে প্রকল্পের সম্ভাব্যতা নিয়ে কোন সমীক্ষা করা হয়েছিল কি না এবং তাতে Sensitivity Analysis এবং Cause-Effect Analysis ছিল কি না?

- ১৬। প্রকল্পের সময় ও কর্মকাল্ডের গুণগতমান নিয়ন্ত্রণের উদ্দেশে নিজস্ব উদ্যোগে পরীক্ষণ ও মধ্য-মেয়াদী মূল্যায়ন করা হত কি না? এর কোন Matrix/Checklist/Data Instrument আছে কি না?
- ১৭। প্রকল্প বাস্তবায়নের জন্য কোন Project Team গঠন করা হয়েছিল কি না?
- ১৮। প্রকল্প বাস্তবায়নের সবল দিকগুলো সম্পর্কে আপনার মতামত ব্যক্ত করুন।
- ১৯। প্রকল্প বাস্তবায়নের দুর্বল দিকগুলো কি ছিল বলে মনে হয়?
- ২০। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বাধা/বিপত্তি সম্পর্কে আপনার মন্তব্য কি?
- ২১। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে কি কি কৌশলগত ভুল ছিল এবং এগুলো এড়িয়ে যাবার উপায় কি?
- ২২। এই প্রকল্পের কি কি ইতিবাচক ও নেতিবাচক প্রভাব আপনার দৃষ্টিগোচর বা অনুভূত হয়েছে?
- ২৩। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে এমন কোন সুযোগ ছিল কিনা যা সঠিকভাবে ব্যবহার করা হলে প্রকল্প আরো কার্যকর ভূমিকা রাখতে পারত?
- ২৪। ভবিষ্যতে এ ধরনের আরো প্রকল্প গ্রহণের পরিকল্পনা আছে কিনা? থাকলে বিবেচ্য প্রকল্পের সাথে তাদের সাদৃশ্য ও পার্থক্য কি কি?
- ২৫। আজকাল ঢাকার যত্রতত্র Textile Education Centre বা Training Centre দেখা যায়। এ সকল প্রতিষ্ঠানের গুণগত মান সম্পর্কে আপনার মন্তব্য ব্যক্ত করুন। যত্রতত্র নিম্নমানসম্পন্ন প্রতিষ্ঠান গড়ে ওঠা বন্ধ করার ব্যাপারে আপনার পরামর্শ কি?

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পরিকল্পনা মন্ত্রণালয়

## বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা

চেকলিষ্ট ৬:

বস্ত্র খাতের শিল্প ও ব্যবসার মালিক / সংশ্লিষ্ট সমিতির প্রতিনিধিগণের জন্য

- ১। উত্তরদাতার নামঃ
- ২। প্রতিষ্ঠানের নামঃ
- ৩। পদবীঃ
- ৪। বস্ত্র ও গার্মেন্টস কারখানার ফ্লোর লেভেল পর্যায়ে দক্ষ জনবল সরবরাহের জন্য বস্ত্র পরিদপ্তর ৩০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট পরিচালনা করে আসছে এবং সম্প্রতি আরো ১০টি জেলায় ১০টি পৃথক টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন করেছে। এ ব্যাপারে আপনি কতটুকু অবগত আছেন?
- ৫। নতুন স্থাপিত ১০টি টিভিআই থেকে পাশকৃত কোন কর্মী আপনার প্রতিষ্ঠানে আছে কি না? থাকলে তারা কোন পদবিতে কি কাজ করছেন এবং বেতন কেমন পাচ্ছেন?
- ৬। টিভিআইগুলো থেকে পাশকৃত শিক্ষার্থীদের যোগ্যতা ও দক্ষতা সম্পর্কে আপনার মতামত ব্যক্ত করুন।
- ৭। ভোকেশনাল উত্তীর্ণ এই শিক্ষার্থীরা বস্ত্রখাতে যোগদানের আগে ও পরে পণ্যের উৎপাদন, গুণগতমান ও রপ্তানির ক্ষেত্রে কোনরূপ পরিবর্তন হয়েছে কি না? হয়ে থাকলে এতে তারা কি ধরনের ভূমিকা রেখেছে?
- ৮। বর্তমানে বস্ত্র ও তৈরী পোশাক শিল্পে বিভিন্ন পর্যায়ের (Floor level ও Executive level) দক্ষ জনবলের চাহিদা সম্পর্কে আপনার/আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ৯। ফ্লোর লেভেল পর্যায়ে দক্ষ জনবল সরবরাহের জন্য অধিকতর ইতিবাচক ভূমিকা পালনে টিভিআইগুলোর করণীয় কি?
- ১০। আপনি কি মনে করেন, এরূপ আরো টিভিআই স্থাপনের মাধ্যমে দেশের বস্ত্র/গার্মেন্টস শিল্প উপকৃত হবে?
- ১১। বস্ত্র ও তৈরী পোশাক শিল্পের বিভিন্ন পর্যায়ের দক্ষ জনবল সরবরাহের জন্য সরকার টিভিআইসমূহ স্থাপন করেছে। অতএব বস্ত্র শিল্প ও টিভিআই গুলোর মধ্যে কিরূপ সংযোগ (Industry-Academia Linkage) স্থাপন করা যায়, যার ফলে টিভিআইগুলো বস্ত্র খাতের জন্য যথোপযুক্ত / চাহিদা ভিত্তিক দক্ষ জনবল সরবরাহ করতে পারে?
- ১২। আজকাল ঢাকার যত্রতত্র Textile Education Centre বা Training Centre দেখা যায়। এ সকল প্রতিষ্ঠানের গুণগত মান সম্পর্কে আপনার মন্তব্য ব্যক্ত করুন। যত্রতত্র নিম্নমানসম্পন্ন প্রতিষ্ঠান গড়ে ওঠা বন্ধ করার ব্যাপারে আপনার পরামর্শ কি?

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা  
চেকলিষ্ট -৭  
Focus Group Discussion (FGD)

- FGD সভার তারিখঃ
  - সভা অনুষ্ঠানের স্থানঃ..... গ্রাম/মহল্লা/ওয়ার্ডঃ.....  
উপজেলাঃ..... জেলাঃ.....
  - FGD সভায় আলোচনার বিষয়ঃ
- ১। অত্র উপজেলার টিভিআই স্থানীয় যুবশক্তির কর্মসংস্থানে কি ভূমিকা রেখেছে?
  - ২। টিভিআই স্থাপনে স্থানীয় পর্যায়ে যুবশক্তির বা তাদের পরিবারের দারিদ্র্য হ্রাস পেয়েছে কি না?
  - ৩। অত্র অঞ্চলের টিভিআই স্থানীয় বস্ত্র খাতের উৎপাদনে ও ব্যবসা-বাণিজ্য প্রসারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কি ভূমিকা রেখেছে?
  - ৪। টিভিআইতে যারা শিক্ষা/প্রশিক্ষণ গ্রহণ করেছে তাদের মত প্রায় একই আর্থ-সামাজিক অবস্থা সম্পন্ন অন্যান্য পরিবারগুলো নিজ সন্তানদেরকে কেন টিভিআইতে ভর্তি করছেন না?
  - ৫। সমীক্ষাতে লক্ষ্য করা গেছে যে, টিভিআইতে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা কম। এর কারণ কি এবং তাদের সংখ্যা কিভাবে বাড়ানো যায়- এ ব্যাপারে আপনাদের মতামত বলুন।
  - ৬। বিশেষ দক্ষতা দিতে পারে না এমন সাধারণ শিক্ষা একজন শিক্ষার্থীর কর্মসংস্থানে বা দেশের উন্নয়নে তেমন কোন ভূমিকা রাখছে না। তার পরিবর্তে কারিগরি শিক্ষা যেমন টেক্সটাইল বিষয়ক ভোকেশনাল বা আরো উচ্চতর শিক্ষা গ্রহণে এলাকার স্কুল শিক্ষার্থীদেরকে উদ্বুদ্ধ করতে আপনারা কি ভূমিকা রাখতে পারেন? এ ব্যাপারে সরকারের প্রতি আপনাদের পরামর্শ কি?
  - ৭। টিভিআই থেকে পাশকৃত একজন শিক্ষার্থী যদি অত্র এলাকায় বস্ত্র/পোশাক শিল্প সংশ্লিষ্ট আত্মকর্মসংস্থানমূলক কোন ব্যবসা শুরু করতে চায়, তাতে এলাকা থেকে সে কি ধরনের সহযোগিতা পেতে পারে?
  - ৮। এ ধরনের আরো টিভিআই প্রতিষ্ঠার প্রয়োজন আছে কি না?
  - ৯। টিভিআইগুলো অধিক কার্যকর করার জন্য আর কি কি করা যেতে পারে?
  - ১০। টিভিআইগুলো সম্পর্কে আরো কোন মতামত বা মন্তব্য থাকলে বলুন।



## এসএ কনসাল্ট ইন্টারন্যাশনাল লিমিটেড

রোকেয়া প্যালেস (এপার্টমেন্ট - ৩এ), বাসা-৬, ব্লক-এফ, রোড-৮, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২।

ফোনঃ ০১৭১২০৫৬৩২৮, ০১৫৫৮৮৩৩৯২১

ই-মেইলঃ [saconsultil@gmail.com](mailto:saconsultil@gmail.com)